#### কার্যাবলীর বিন্যাস ও দিনের কার্যসূচী

##### (ক) কার্যাবলীর বিন্যাস

২৭। সরকারী কার্যক্রম সম্পাদনের জন্য নির্দিষ্ট দিনগুলিতে ঐরূপ কার্যাবলী অগ্রাধিকার পাইবে এবং সভার নেতার সহিত পরামর্শক্রমে অধ্যক্ষ যেরূপ স্থির করিবেন তদনুযায়ী প্রধান সচিব ঐ কার্যাবলীর পর্যায়ক্রম নির্দিষ্ট করিবেন :

সরকারী কার্যাবলীর  
বিন্যাস।

তবে শর্ত থাকে যে, কোন নির্দিষ্ট দিনে সম্পাদনের জন্য কার্যাবলী যে ক্রমানুসারে বিন্যস্ত করা হয়, অধ্যক্ষের বিবেচনায় উপযুক্ত মনে না হইলে তাহা ঐ দিনে পরিবর্তন করা হইবে না।

২৮। সভার প্রতি শুক্রবারের বৈঠকের শেষ আড়াই ঘণ্টা বেসরকারী কার্যনির্বাহের জন্য নির্দিষ্ট থাকিবে :

বেসরকারী কার্যের  
জন্য সময়  
নির্ধারণ।

তবে শর্ত থাকে যে, ভিন্ন ভিন্ন ধরনের কার্যনির্বাহের জন্য অধ্যক্ষ ভিন্ন ভিন্ন শুক্রবার ধার্য করিতে পারিবেন এবং কোন বিশেষ শুক্রবারের জন্য কোনরূপ নির্দিষ্ট ধরনের কার্য ঐ শুক্রবারের কার্যক্রমে অগ্রাধিকার পাইবে :

২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

## RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Provided further that the Speaker may, in consultation with the Leader of the House, allot any day other than a Friday for the transaction of private members' business:

Provided further that if there is no sitting of the House on a Friday, the Speaker may direct that two and a half hours on any other day in the week may be allotted for private members' business.

Precedence of  
private  
members'  
Bills.

**29.** (1) On a day allotted for the disposal of private members' Bills, such Bills shall have relative precedence in the following order, namely:—

- (a) Bills in respect of which the motion is that leave be granted to introduce the Bill;
- (b) Bills returned by the Governor with a message under Article 200 or Article 201 of the Constitution;
- (c) Bills in respect of which a motion has been carried that the Bill be taken into consideration;
- (d) Bills in respect of which the report of a Select Committee has been presented;
- (e) Bills which have been circulated for the purpose of eliciting opinion thereon;
- (f) Bills introduced and in respect of which no further motion has been made or carried; and
- (g) Other Bills.

(2) The relative precedence of Bills falling under the same clause of sub-rule (1) shall be determined by ballot to be held in accordance with the orders made by the Speaker and on such day and in such manner as the Speaker may direct:

Provided that the motion in respect of Bills falling under clause (a) of sub-rule (1) shall be entered in the list of business in the order in which notices of such motions have been received in point of time:

Provided further that Bills falling under clause (h) of sub-rule (1) which are classified by the Committee on Private Members' Bills and Resolutions as category A shall have precedence over Bills classified as category B, and that the relative precedence of Bills falling under each of these categories shall be determined by ballot separately:

Provided further that where the Committee on Private Members' Bills and Resolutions has classified the Bills falling under clause (h) of sub-rule (1) as category A and number thereof is twenty or more, ballot of category B Bills may not be held:

Provided further that where the Committee has not classified the Bills falling under clause (h) of sub-rule (1) as category A and category B, the order in which such Bills shall be put down in the list of business shall be determined by ballot in accordance with such directions as the Speaker may give.

(3) The Speaker may, by special order to be announced in the House, make such variation in the relative precedences of Bills set out in sub-rule (1) as he may consider necessary or convenient.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

তবে আরও শর্ত থাকে যে, সভার নেতার সহিত পরামর্শক্রমে অধ্যক্ষ শুক্রবার ব্যতীত অন্য যে-কোন দিন বেসরকারী কার্যনির্বাহের জন্য নির্দিষ্ট করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, কোন শুক্রবারে সভার বৈঠক অনুষ্ঠিত না হইলে বেসরকারী কার্যনির্বাহের জন্য অধ্যক্ষ সপ্তাহের অন্য কোন দিনের আড়াই ঘণ্টা ধার্য করার নির্দেশ দিতে পারিবেন।

২৯। (১) বেসরকারী বিধেয়কের নিষ্পত্তির জন্য নির্ধারিত দিনে উক্ত বেসরকারী বিধেয়কসমূহের

- অনুক্রম।
- (ক) যে সকল বিধেয়ক সম্পর্কে প্রস্তাব করা হইয়াছে যে বিধেয়কটি উত্থাপনের জন্য অনুমতি দেওয়া হউক;
  - (খ) সংবিধানের ২০০ বা ২০১ অনুচ্ছেদ অনুসারে রাজ্যপাল বার্তাসহ যে সকল বিধেয়ক ফেরত দেন;
  - (গ) যে সকল বিধেয়ক সম্পর্কে প্রস্তাব গৃহীত হইয়াছে যে বিধেয়কটি বিবেচনার জন্য গ্রহণ করা হউক;
  - (ঘ) যে সকল বিধেয়ক সম্পর্কে সিলেক্ট কমিটির প্রতিবেদন পেশ করা হইয়াছে;
  - (ঙ) যে সকল বিধেয়ক জনমত যাচাইয়ের উদ্দেশ্যে প্রচারিত হইয়াছে;
  - (চ) যে সকল বিধেয়ক উত্থাপিত হইয়াছে কিন্তু যেগুলি সম্পর্কে আর কোন প্রস্তাব করা হয় নাই বা গৃহীত হয় নাই; এবং
  - (ছ) অন্যান্য বিধেয়ক।

(২) উপরোক্ত (১) উপনিয়মের অন্তর্গত একই খণ্ডে যে সকল বিধেয়ক পড়ে তাহাদের আপেক্ষিক অগ্রাধিকার ব্যালটের দ্বারা নির্ধারিত হইবে এবং এইরূপ নির্ধারণ অধ্যক্ষপ্রদত্ত আদেশ অনুযায়ী অনুষ্ঠিত হইবে; কবে ও কীভাবে ব্যালট হইবে তাহা অধ্যক্ষের নির্দেশানুসারে হইবে :

তবে শর্ত থাকে যে, উপরোক্ত (১) উপনিয়মের (ক) খণ্ডে যে সকল বিধেয়ক পড়ে সেই সকল বিধেয়ক সংক্রান্ত প্রস্তাব তৎসম্পর্কে নোটিশ প্রাপ্তির সময়ের ক্রমানুসারে কার্যসূচীতে সন্নিবেশিত হইবে :

তবে আরও শর্ত থাকে যে, (১) উপনিয়মের (চ) খণ্ডে যে বিধেয়কগুলি পড়ে সেগুলির মধ্যে বেসরকারী সদস্যদের বিধেয়ক ও সঙ্কল্প বিষয়ক কমিটি কর্তৃক বর্গীকৃত ক শ্রেণীভুক্ত বিধেয়কগুলি খ শ্রেণীভুক্ত বিধেয়কগুলি অপেক্ষা অগ্রাধিকার পাইবে এবং প্রতি শ্রেণীর অন্তর্ভুক্ত বিধেয়কগুলির আপেক্ষিক অগ্রাধিকার পৃথক পৃথকভাবে ব্যালটের মাধ্যমে নির্ধারিত হইবে :

তবে আরও শর্ত থাকে যে, (১) উপনিয়মের (চ) খণ্ডের অন্তর্গত বিধেয়কগুলির মধ্যে বেসরকারী সদস্যদের বিধেয়ক ও সঙ্কল্প বিষয়ক কমিটি কর্তৃক বর্গীকৃত ক শ্রেণীভুক্ত বিধেয়কের সংখ্যা কুড়ি বা ততোধিক হইলে খ শ্রেণীভুক্ত বিধেয়কগুলির ব্যালট নাও হইতে পারে :

তবে আরও শর্ত থাকে যে, (১) উপনিয়মের (চ) খণ্ডের অন্তর্গত বিধেয়কগুলিকে যদি কমিটি ক ও খ শ্রেণীতে বর্গীকৃত না করেন সেক্ষেত্রে বিধেয়কগুলিকে কার্যসূচীর তালিকায় লিপিবদ্ধ করিবার ক্রম অধ্যক্ষের নির্দেশানুসারে ব্যালটের মাধ্যমে নির্ধারিত হইবে।

(৩) অধ্যক্ষ সভায় বিশেষ আদেশ ঘোষণার দ্বারা উপরোক্ত (১) উপনিয়ম অনুযায়ী সন্নিবেশিত বিধেয়কগুলির আপেক্ষিক অগ্রাধিকার প্রয়োজন অথবা সুবিধামত রদবদল করিতে পারেন।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Precedence of private members' resolutions.

**30.** A ballot of names of members desiring to move a resolution shall be held in accordance with orders made by the Speaker, on such day as the Speaker may direct.

Business outstanding at end of day.

**31.** Private members' business set down for the day allotted for that class of business and not disposed of on that day shall not be set down for any subsequent day, unless it has gained priority at the ballot held with reference to that day:

Provided that notwithstanding anything contained in rules 29 and 30 any such business which is under discussion at the end of that day shall be set down for the next day allotted to business of that class, and shall have precedence over all other business set down for that day.

<sup>1</sup>[Resumption of adjourned debate on Private Members' Bill or Resolution.

**32.** (1) When on a motion being carried, the debate on a Private Members' Bill or Resolution is adjourned to the next day allotted for Private Members' Business in the same or next session, it shall not be set down for further discussion unless it has gained priority at the ballot.

(2) When the debate on a Private Members' Bill or Resolution is adjourned *sine die*, the member in charge of the Bill or the mover of the Resolution, as the case may be, may, if he wishes to proceed with such Bill or Resolution on a subsequent day allotted for Private Members' Business, give notice for resumption of the adjourned debate and on receipt of such notice the relative precedence of such Bill or Resolution shall be determined by ballot.]

*(b) List of Business*

List of business.

**33.** (1) A list of business for the day shall be prepared by the Principal Secretary, and a copy thereof shall be made available for the use of every member.

(2) Save as otherwise provided in these rules, no business not included in the list of business for the day shall be transacted at any sitting without the permission of the Speaker.

(3) Save as otherwise provided in these rules, no business requiring notice shall be set down for a day earlier than the day after that on which the period of the notice necessary for that class of business expires.

(4) Unless the Speaker otherwise directs, not more than three resolutions (in addition to any resolution which is outstanding under the proviso to rule 31) shall be set down in the list of business for any day allotted for the disposal of private members' resolution.

*(For rules relating to Business Advisory Committee see Chapter XXV of these rules.)*

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৩০। সঙ্কল্প উত্থাপন করিতে ইচ্ছুক সদস্যদের নামের ব্যালট অধ্যক্ষের নিদর্শানুসারে অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত দিনে অনুষ্ঠিত হইবে।

বেসরকারী সঙ্কল্পের অনুগ্রহ।

৩১। বেসরকারী কার্যের জন্য নির্দিষ্ট কোন দিনে যদি এই ধরনের কোন কার্যের নিষ্পত্তি না হয় তাহা হইলে উহা পরবর্তী কোন দিনের কার্যসূচীতে অন্তর্ভুক্ত হইতে পারিবে না যদি তাহা সেই দিনের জন্য অনুষ্ঠিত ব্যালটে অগ্রাধিকার না পায় :

দিনের শেষে অসম্পূর্ণ কার্য।

তবে শর্ত থাকে যে, ২৯ ও ৩০ নিয়মে যাহাই থাকুক না কেন ঐরূপ কার্যের আলোচনাকালে দিনের বৈঠকের সমাপ্তি হইলে তাহা উক্ত ধরনের কার্যের জন্য ধার্য পরবর্তী দিনের কার্যসূচীতে অন্তর্ভুক্ত হইবে এবং তাহা ঐ দিনে সন্নিবেশিত অন্যান্য কার্যের মধ্যে অগ্রাধিকার পাইবে।

৩২। (১) যদি কোন বেসরকারী বিধেয়ক বা সঙ্কল্পের উপর বিতর্ক, সভায় গৃহীত প্রস্তাব অনুসারে একই বা পরবর্তী অধিবেশনে বেসরকারী কার্যের জন্য নির্দিষ্ট পরবর্তী দিন পর্যন্ত মূলতুবী থাকে তাহা হইলে উহা পুনরায় ব্যালটে অগ্রাধিকার ব্যতিরেকে উক্ত পরবর্তী দিনের কার্যসূচীর অন্তর্ভুক্ত হইবে না।

বেসরকারী বিধেয়ক বা সঙ্কল্পের উপর মূলতুবী বিতর্কের পুনরারম্ভ।

(২) যদি কোন বেসরকারী বিধেয়ক বা সঙ্কল্পের উপর বিতর্ক অনির্দিষ্টকালের জন্য মূলতুবী থাকে এবং বিধেয়কের ভারপ্রাপ্ত সদস্য অথবা সংকল্পের উত্থাপক, যেখানে যেরূপ প্রয়োজ্য, বেসরকারী কার্যের জন্য নির্দিষ্ট পরবর্তী দিনে ঐ বিধেয়ক বা সঙ্কল্পের আলোচনা অব্যাহত রাখিতে চাহেন তাহা হইলে তিনি মূলতুবী বিতর্ক পুনরারম্ভের জন্য নোটিশ দিবেন এবং ঐ নোটিশ প্রাপ্তির পর ঐ সঙ্কল্পের আপেক্ষিক অগ্রাধিকার ব্যালটের মাধ্যমে নির্ধারিত হইবে।]

### (খ) দিনের কার্যসূচী

৩৩। (১) প্রধান সচিব প্রতিদিনের একটি কার্যসূচী প্রস্তুত করিবেন এবং উহার একটি প্রতিলিপি প্রত্যেক সদস্যকে ব্যবহারের জন্য সরবরাহ করিবেন।

দিনের কার্যসূচী।

(২) এই নিয়মাবলীতে অন্যত্র অন্যরূপ বিধান না থাকিলে অধ্যক্ষের অনুমতি ব্যতিরেকে কোন দিনের কোন বৈঠকে নির্দিষ্ট কার্যসূচীর বহির্ভূত কোন কার্য সম্পাদন করা যাইবে না।

(৩) এই নিয়মাবলীতে অন্যত্র অন্যরূপ বিধান না থাকিলে যে কার্য সম্পাদনের জন্য নোটিশের প্রয়োজন তাহা ঐ শ্রেণীর কার্যের জন্য নোটিশের সময় অতিবাহিত হওয়ার দিনের পরবর্তী দিনটির পূর্বে দৈনন্দিন কার্যসূচীতে অন্তর্ভুক্ত করা যাইবে না।

(৪) অধ্যক্ষ অন্যরূপ নির্দেশ না দিলে বেসরকারী সদস্যদের সঙ্কল্প সিদ্ধান্ত গ্রহণের জন্য নির্দিষ্ট দিনের কার্যসূচীতে (উপরোক্ত ৩১ নিয়মের অনুবিধি অনুসারে অনিষ্পন্ন কোন সংকল্প ব্যতীত) তিনটির অধিক সঙ্কল্প অন্তর্ভুক্ত করা যাইবে না।

[ কার্য উপদেষ্টা কমিটি সম্পর্কীয় নিয়মাবলীর জন্য এই নিয়মাবলীর ২৫ অধ্যায় দ্রষ্টব্য। ]

২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।



CHAPTER VII

QUESTIONS AND SHORT NOTICE QUESTIONS

(A) *Questions*

Time for questions. **34.** Unless the Speaker otherwise directs, the first hour of every sitting shall be available for the asking and answering of questions.

Notice of questions. **35.** Unless the Speaker otherwise directs, not less than twelve clear days' notice of a question shall be given.

Form of notice of questions. **36.** (1) Notice of a question shall be given in writing to the Principal Secretary and shall specify—

- (a) the text of the question;
- (b) the official designation of the Minister to whom the question is addressed;
- (c) the date on which the question is proposed to be placed on the list of questions for answer; and
- (d) the order of preference, if any, for its being placed on the list of questions, where a member tables more than one notice of questions for the same day.

(2) Where a notice is signed by more than one member, it shall be deemed to have been given by the first signatory only.

Notice of admitted questions to Ministers. **37.** Unless the Speaker otherwise directs, no question shall be placed on the list of questions for answer until seven days have expired from the day when notice of such question was given by the Principal Secretary to the Minister to whom it was addressed.

Starred Questions. **38.** A member who desires an oral answer to his question shall distinguish it by an asterisk. If he does not distinguish it by an asterisk the question shall be printed on the list of questions for written answer.

Limit of number of starred questions. **39.** (1) Not more than two questions distinguished by asterisk by the same member shall be placed on the list of question for oral answer on any one day:

Provided that when a question is postponed or transfered from one list of questions for oral answer to another, more than two questions may stand in the name of one member.

(2) Unless the Speaker otherwise directs, where a member has given more than two notices of questions distinguished by an asterisk for same day, his questions for the list of questions for oral answer shall be selected in the order indicated by the member and if no such order is indicated, any of these questions shall be placed on the list of questions for oral answer in the order in which notices are received in point of time.

Rotational allotment of days for questions. **40.** The time available for answering questions shall be allotted on different days in rotation for the answering of questions relating to such Department or Departments of Government as the Speaker, may, from time to time, provide, and on each such day, unless the Speaker with the consent of the Minister concerned otherwise directs, only questions relating to the Department or Departments for which time has been allotted on that day shall be placed on the list of questions for oral answer.

অধ্যায় ৭

প্রশ্নাবলী ও স্বল্পকালীন নোটিশে প্রশ্নাবলী

(ক) প্রশ্নাবলী

৩৪। অধ্যক্ষ অন্যান্যরূপ নির্দেশ না দিলে প্রত্যেক বৈঠকের প্রথম ঘণ্টায় প্রশ্ন তোলা ও প্রশ্নকাল।  
উত্তরদানের সুযোগ থাকিবে।

৩৫। অধ্যক্ষ অন্যান্যরূপ নির্দেশ না দিলে কোন প্রশ্নের ক্ষেত্রে অন্যান্য পুরো বারো প্রশ্নের নোটিশ।  
দিনের নোটিশ দিতে হইবে।

৩৬। (১) প্রশ্নের নোটিশ লিখিতভাবে প্রধান সচিবের নিকট প্রেরণ করিতে হইবে প্রশ্নের নোটিশের  
এবং উহাতে নির্দিষ্ট থাকিবে— নিদর্শ।

(ক) প্রশ্নের বিষয়বস্তু;

(খ) যে মন্ত্রীর উদ্দেশ্যে প্রশ্ন তাঁহার সরকারী পদবী;

(গ) প্রশ্নটি উত্তরের জন্য প্রশ্নতালিকার অন্তর্ভুক্ত করিবার প্রস্তাবিত তারিখ; এবং

(ঘ) কোন সদস্য একই দিনের জন্য একাধিক প্রশ্নের নোটিশ প্রদান করিলে যে  
ক্রমানুসারে প্রশ্নতালিকায় সেগুলি লিপিবদ্ধ করা হইবে।

(২) কোন নোটিশে একাধিক সদস্য স্বাক্ষর করিলে তাহা কেবলমাত্র প্রথম  
স্বাক্ষরকারী কর্তৃক প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

৩৭। অধ্যক্ষ অন্যান্যরূপ নির্দেশ না দিলে, যে মন্ত্রীর উদ্দেশ্যে প্রশ্ন, প্রধান সচিব ঐ প্রশ্ন মন্ত্রীর উদ্দেশ্যে  
সম্পর্কে সেই মন্ত্রীকে নোটিশ দেওয়ার দিন হইতে সাত দিন অতিক্রান্ত না হওয়া পর্যন্ত অনুমোদিত প্রশ্নের  
উত্তরের নিমিত্ত প্রশ্নতালিকায় এরূপ প্রশ্ন রাখা হইবে না। নোটিশ।

৩৮। কোন সদস্য তাঁহার প্রশ্নের মৌখিক উত্তর চাহিলে তিনি তাহা তারকাচিহ্নিত তারকাচিহ্নিত প্রশ্ন।  
করিয়া বিশেষভাবে দেখাইয়া দিবেন। তারকাচিহ্নিত না করিলে ঐ প্রশ্ন লিখিত উত্তরের  
নিমিত্ত প্রশ্নতালিকায় মুদ্রিত হইবে।

৩৯। (১) মৌখিক উত্তরের জন্য দৈনন্দিন প্রশ্নতালিকায় কোন সদস্যের নামে তারকাচিহ্নিত  
দুই-এর অধিক প্রশ্ন থাকিবে না। প্রশ্নের সংখ্যাসীমা।

তবে শর্ত থাকে যে, প্রশ্ন স্থগিত থাকা অথবা মৌখিক উত্তরের জন্য এক প্রশ্নতালিকা  
হইতে অপর প্রশ্নতালিকায় প্রশ্ন স্থানান্তরের কারণে একজন সদস্যের নামে দুই-এর অধিক  
প্রশ্ন থাকিতে পারে।

(২) অধ্যক্ষ অন্যান্যরূপ নির্দেশ না দিলে কোন সদস্য একই দিনের জন্য দুই-এর  
অধিক তারকাচিহ্নিত প্রশ্নের নোটিশ প্রদান করিলে মৌখিক উত্তরের জন্য প্রশ্নাবলীর  
তালিকায় উক্ত প্রশ্নগুলি সদস্য কর্তৃক নির্দেশিত ক্রমানুসারে লিপিবদ্ধ করা হইবে এবং  
এইরূপ ক্রমনির্দেশ না থাকিলে নোটিশ প্রাপ্তির সময় অনুসারে প্রশ্নগুলি মৌখিক উত্তরের  
জন্য প্রশ্নতালিকায় সন্নিবেশিত হইবে।

৪০। সরকারী দপ্তর বা দপ্তরগুলির মধ্যে কবে কোন দপ্তর সংক্রান্ত প্রশ্ন পালাক্রমে প্রশ্নের জন্য দিনের  
উত্তরের জন্য নির্দিষ্ট হইবে তাহা অধ্যক্ষ সময়ে সময়ে স্থির করিয়া দিবেন। প্রশ্নোত্তরের আর্ভিত বণ্টন।  
সময়সূচী এইরূপে বিভিন্ন সরকারী দপ্তরগুলির মধ্যে বণ্টন করা হইবে। সংশ্লিষ্ট মন্ত্রীর  
সম্মতিক্রমে অধ্যক্ষ অন্যান্যরূপ কোন নির্দেশ না দিলে যে দিন যে দপ্তরের বা দপ্তরগুলির  
প্রশ্নোত্তর উক্ত নির্দিষ্ট তালিকায় থাকিবে সেই দিন শুধু সেই দপ্তর সংক্রান্ত প্রশ্ন মৌখিক  
উত্তরের নিমিত্ত প্রশ্নতালিকায় রাখা হইবে।

<sup>1</sup>[Unstarred questions.

**41.** (1) If a question is not distinguished by an asterisk or if a question placed on the list of questions for oral answer on any day is not called for answer within the time available for questions on that day, (or if called for answer the member, in whose name it stands, is absent); a written answer to such question shall be deemed to have been laid on the Table at the end of the Question Hour or as soon as the questions for oral answer have been disposed of, as the case may be, by the Minister to whom the question is addressed:

Provided that if a member, on being called by the Speaker, states that it is not his intention to ask the question standing in his name, the question shall be treated as having been withdrawn and no written answer thereto shall be deemed to have been laid on the Table.]

(2) If there is no Question Hour owing to the cancellation of a sitting or its adjournment without transacting any business, the answers to questions included in the lists of questions for oral as well as written answer shall be deemed to have been laid on the Table by the Ministers to whom such questions are addressed at the next sitting of the House after the Questions Hour and shall form part of the proceedings of that day.

(3) If the Question Hour on any day is dispensed with or, suspended to devote more time on any other business or for any other reason, the answers to questions included in the lists of questions for oral as well as written answer for that day shall be deemed to have been laid on the Table by the Ministers to whom such questions are addressed and shall form part of the proceedings of the day:

Provided that if the House does not continue with its sitting after dispensing with or suspending the Question Hour, the answers to questions included in the lists of questions for oral as well as written answer for that day shall be deemed to have been laid on the Table after Question Hour at the next sitting of the House and shall form part of the proceedings of that day:

Provided further that if the Question Hour is interrupted after having taken up the list of questions for oral answer and the list is partly disposed of and the sitting continues, answers to remaining questions in the list of questions for oral answer and answers to questions in the list of questions for written answer shall be deemed to have been laid on the Table after expiry of the Question Hour and shall form part of the proceedings of the day.

(4) Starred questions to which replies have been received but not answered in the House would be treated as unstarred ones and replies thereto would be circulated to the members.

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১৪১। (১) তারকাচিহ্নবিহীন কোন প্রশ্ন অথবা মৌখিক উত্তরের জন্য দৈনন্দিন অতারণিত প্রশ্ন। প্রশ্নতালিকার কোন প্রশ্ন যদি সেই দিনের প্রশ্নোত্তরের সময়ের মধ্যে উত্তরের জন্য ডাকা না হয় (অথবা উত্তরের জন্য ডাকা হইলেও যে সদস্যের নামে প্রশ্নটি রহিয়াছে তিনি যদি অনুপস্থিত থাকেন) তাহা হইলে প্রশ্নোত্তরের সময় শেষ হইবার পর অথবা মৌখিক উত্তরের জন্য প্রশ্ন শেষ হইবার সাথে সাথে, যেখানে যেরূপে প্রযোজ্য, সেই প্রশ্নের লিখিত উত্তর সংশ্লিষ্ট মন্ত্রী কর্তৃক টেবিলে উপস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে :

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ কর্তৃক আহৃত হইবার পর কোন সদস্য যদি জানান যে, তাঁহার নামে যে প্রশ্নটি রহিয়াছে তিনি সেই প্রশ্নটি করিতে ইচ্ছুক নন তাহা হইলে সেই প্রশ্নটি প্রত্যাহৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং প্রশ্নটির লিখিত উত্তর টেবিলে উপস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য করা হইবে না ॥

(২) বৈঠক বাতিল হইবার কারণে অথবা কোন কার্য সম্পাদিত হইবার পূর্বেই মূলতুবী হইবার কারণে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত না হইলে মৌখিক এবং লিখিত উত্তরের জন্য প্রশ্নতালিকায় অন্তর্ভুক্ত প্রশ্নগুলি যে সংশ্লিষ্ট মন্ত্রীদের উদ্দেশ্যে করা হইয়াছে তাহাদের দ্বারা উত্তরগুলি সভার পরবর্তী বৈঠকে প্রশ্নোত্তর পর্বের পরে টেবিলে উপস্থাপিত হইয়াছে বলিয়া ধরা হইবে এবং সেই দিনের কার্যবিবরণীর অংশ বলিয়া গণ্য হইবে।

(৩) অন্য কোন কার্যসূচীতে অতিরিক্ত সময় বরাদ্দ করিবার উদ্দেশ্যে অথবা অন্য কোন কারণে প্রশ্নোত্তর পর্ব বাতিল করা হইলে সেই দিনের মৌখিক এবং লিখিত উত্তরের জন্য প্রশ্নতালিকায় অন্তর্ভুক্ত প্রশ্নগুলি যাহাদের উদ্দেশ্যে করা হইয়াছে সেই মন্ত্রীগণ কর্তৃক উত্তরগুলি টেবিলে উপস্থাপিত হইয়াছে বলিয়া ধরা হইবে এবং সেই দিনের কার্যবিবরণীর অংশ বলিয়া গণ্য হইবে :

তবে শর্ত থাকে যে, প্রশ্নোত্তর পর্ব বাতিল করিবার পর সভার বৈঠক না চলিলে সেই দিনের মৌখিক ও লিখিত উত্তরের জন্য প্রশ্নতালিকায় অন্তর্ভুক্ত প্রশ্নগুলির উত্তর সভার পরবর্তী বৈঠকে প্রশ্নোত্তর পর্বের পরে টেবিলে উপস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং সেই দিনের কার্যবিবরণীর অংশ হইবে :

আরও শর্ত থাকে যে, মৌখিক প্রশ্নোত্তর শুরু হওয়ার পর যদি প্রশ্নোত্তর পর্ব বাধাপ্রাপ্ত হয় এবং প্রশ্নতালিকার কিছু প্রশ্নের উত্তর দেওয়া হয় এবং সভার বৈঠক চলিতে থাকে তাহা হইলে মৌখিক উত্তরের জন্য প্রশ্নতালিকার অবশিষ্ট প্রশ্নের উত্তর এবং লিখিত উত্তরের জন্য প্রশ্নতালিকার প্রশ্নগুলির উত্তর প্রশ্নোত্তর পর্বের পরে টেবিলে উপস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং সেই দিনের কার্যবিবরণীর অংশ হইবে।

(৪) যে সকল তারকাচিহ্নিত প্রশ্নের উত্তর পাওয়া গিয়াছে কিন্তু সভায় উত্তর প্রদান করা হয় নাই সেই সকল প্রশ্ন অতারণিত প্রশ্ন হিসাবে বিবেচিত হইবে এবং সেগুলির উত্তর সদস্যদের মধ্যে বিতরণ করা হইবে।

১২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

## RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Question to private members.

**42.** A question may be addressed to a private member provided the subject-matter of the question relates to some Bill, resolution or other matter connected with the business of the House for which that member is responsible, and the procedure in regard to such questions shall, as far as may be, be the same as that followed in the case of questions addressed to a Minister with such variations as the Speaker may consider necessary or convenient.

Conditions of admissibility of questions.

**43.** (1) Subject to the provisions of sub-rule (2), a question may be asked for the purpose of obtaining information within the cognizance of the Minister to whom it is addressed.

(2) The right to ask a question is governed by the following conditions, namely:—

- (i) it shall be clearly and precisely expressed and shall not be too general incapable of any specific answer or in the nature of a leading question;
- (ia) it shall not bring in any name or statement not strictly necessary to make the question intelligible;
- (ii) if it contains a statement the member shall make himself responsible for the accuracy of the statement;
- (iii) it shall not contain arguments, inferences, ironical expressions, imputations, epithets or defamatory statements;
- (iv) it shall not ask for an expression of opinion or the solution of an abstract legal question or of a hypothetical proposition;
- (v) it shall not ask as to the character or conduct of any person except in his official or public capacity;
- (vi) it shall not ordinarily exceed 150 words;
- (vii) it shall not relate to a matter which is not primarily the concern of the State Government;
- (viii) it shall not ask about proceedings in the Committee which have not been placed before the House by a report from the Committee;
- (ix) it shall not reflect on the character or conduct of any person whose conduct can only be challenged on a substantive motion;
- (x) it shall not make or imply a charge of a personal character;
- (xi) it shall not raise questions of policy too large to be dealt with within the limits of an answer to a question;
- (xii) it shall not repeat in substance questions already answered or to which an answer has been refused;
- (xiii) it shall not ask for information on trivial matters;
- (xiv) it shall not ordinarily ask for information on matters of past history;
- (xv) it shall not ask for information set forth in accessible documents or in ordinary works of reference;

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৪২। বেসরকারী সদস্যের উদ্দেশ্যেও প্রশ্ন করা চলিবে যদি সেই সদস্যের কোন বেসরকারী সদস্যের উদ্দেশ্যে বিধেয়ক বা সংকল্প বা সভার কার্যের সহিত জড়িত কোন বিষয় সম্পর্কে দায়িত্ব থাকে। এই প্রশ্ন সম্পর্কে কার্যবিধি কোন মন্ত্রীর উদ্দেশ্যে প্রশ্নের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতির যথাসম্ভব অনুরূপ হইবে। তবে অধ্যক্ষ প্রয়োজনবোধে বা সুবিধামত ইহার রদবদল করিতে পারিবেন। প্রশ্ন।

৪৩। (১) এই নিয়মের অন্তর্গত (২) উপনিয়মের বিধানসাপেক্ষে তথ্য সংগ্রহের জন্য যে মন্ত্রীর উদ্দেশ্যে প্রশ্ন তিনি অবহিত থাকেন এমন বিষয় সম্পর্কে প্রশ্ন করা যাইবে। প্রশ্ন অনুমোদনের শর্তাবলী।

(২) প্রশ্ন করিবার অধিকার নিম্নোক্ত শর্তাবলী দ্বারা নিয়ন্ত্রিত হইবে, যথা :

- (i) ইহা স্পষ্টভাবে এবং সংক্ষিপ্ত রূপে বিবৃত হইবে এবং এতটা বিস্তৃত বিষয় সম্পর্কিত হইবে না যাহার সুনির্দিষ্ট উত্তর সম্ভব নয়। প্রশ্নের ধরন এমন হইবে না যাহা উত্তরকে প্রভাবিত করিতে পারে।
- (i) প্রশ্ন বোধগম্য করিবার জন্য একান্ত প্রয়োজনীয় নহে এরূপ কোন নাম বা বিবৃতির অবতারণা করা যাইবে না;
- (ii) প্রশ্নে যদি কোন বিবৃতি থাকে তবে সংশ্লিষ্ট সদস্য নিজে উক্ত বিবৃতির নির্ভুলতার জন্য দায়ী হইবেন;
- (iii) ইহাতে কোন যুক্তিতর্ক, অনুমাননির্ভর সিদ্ধান্ত, শ্লেষাত্মক উক্তি, দোষারোপ, বিশেষণাত্মক বা মানহানিকর উক্তি থাকিবে না;
- (iv) ইহাতে কোন মতামত প্রকাশের দাবি করা, অথবা আইনের কোন তত্ত্বগত প্রশ্নের মীমাংসা বা কোন কল্পিত সমস্যার সমাধান চাওয়া যাইবে না;
- (v) সরকারী বা জনস্বার্থমূলক পদাধিকারের প্রশ্ন জড়িত না থাকিলে কোন ব্যক্তির চরিত্র বা আচরণ সম্পর্কে কিছু জিজ্ঞাসা করা চলিবে না;
- (vi) প্রশ্নে সাধারণত ১৫০টির বেশি শব্দ থাকিবে না;
- (vii) রাজ্য সরকার মুখ্যত সংশ্লিষ্ট নহেন এরূপ কোন বিষয় প্রসঙ্গে জিজ্ঞাসা করা চলিবে না;
- (viii) বিধানসভা কমিটির যে কার্যবিবরণী সভায় প্রতিবেদনরূপে সংস্থাপিত হয় নাই তৎসম্পর্কে কিছু জিজ্ঞাসা করা চলিবে না;
- (ix) যে সকল ব্যক্তির আচরণ সম্পর্কে অভিযোগ কেবলমাত্র মৌল প্রস্তাবের মাধ্যমেই করা যাইতে পারে, তাহাদের চরিত্র বা আচরণ সম্পর্কে কোন কটাক্ষ করা চলিবে না;
- (x) কাহারও ব্যক্তিগত চরিত্র সম্পর্কে প্রত্যক্ষভাবে বা ইঙ্গিতে অভিযোগ করা চলিবে না;
- (xi) প্রশ্নোত্তর পরিসরের মধ্যে আলোচনা করা সম্ভব নয় এমন কোন সুদীর্ঘ নীতিগত প্রসঙ্গ উত্থাপন করা যাইবে না;
- (xii) পূর্বে যে প্রশ্নের উত্তর দেওয়া হইয়াছে বা যে প্রশ্নের উত্তরদানে অস্বীকৃতি জ্ঞাপন করা হইয়াছে তাহার মর্মেণত পুনরাবৃত্তিও চলিবে না;
- (xiii) তুচ্ছ বিষয় সম্পর্কে তথ্য চাওয়া যাইবে না;
- (xiv) সাধারণত অতীত ইতিহাসের বিষয়বস্তু সম্পর্কিত তথ্য চাওয়া যাইবে না;
- (xv) সহজলভ্য দলিলপত্রে বা সাধারণ বই-পুস্তকে লভ্য তথ্য ইহাতে চাওয়া যাইবে না;

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

- (xvi) it shall not raise matters under the control of bodies or persons not primarily responsible to the State Government;
- (xvii) it shall not ask for information on a matter which is under adjudication by a court of law;
- <sup>1</sup>[(xviii) It shall not relate to a matter with which a Minister is not officially concerned;]
- (xviii) it shall not refer discourteously to a friendly foreign country;
- (xix) it shall not seek information about matters which are in their nature secret, such as composition of Cabinet Committees, Cabinet discussions, or advice given to the Governor in relation to any matter in respect of which there is a constitutional, statutory or conventional obligation not to disclose information;
- (xx) it shall not ordinarily ask for information on matters which are under consideration before an Assembly Committee; and
- (xxi) it shall not ordinarily ask about matters pending before any statutory tribunal or statutory authority performing any judicial or quasi-judicial functions or any commission or court of enquiry appointed to enquire into, or investigate any matter but may refer to matters concerned with procedure or subject or stage of enquiry, if it is not likely to prejudice the consideration of the matter by the tribunal or commission or court of enquiry.

Questions on matters of correspondence between Governments.

**44.** In matters which are or have been the subject of correspondence between the State Government and Government of India or the Government of any other State, no question shall be asked except as to matters of fact, and the answer shall be confined to a statement of fact.

Speaker to decide admissibility of questions.

**45.** The Speaker shall decide on the admissibility of a question with reference to the provisions of these rules and shall disallow any question <sup>2</sup>[or a part thereof], when, in his opinion, it is an abuse of the right of questioning, or is in contravention of those provisions.

Questions placed on list of questions at a later date.

**46.** Subject to the provisions of rule 40, the Speaker may direct that a question be placed on the list of questions for answer on a date later than that specified by a member in his notice, if he is of the opinion that a longer period is necessary to decide whether the question is or is not admissible.

---

<sup>1</sup> Inserted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

<sup>2</sup> Inserted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

- (xvi) রাজ্য সরকারের নিকট মুখ্যত দায়ী নহেন এরূপ সংস্থা বা ব্যক্তিবর্গের নিয়ন্ত্রণাধীন যে সমস্ত বিষয় রহিয়াছে তাহা উত্থাপন করা যাইবে না;
- (xvii) আদালতের বিচারাধীন কোন বিষয় সম্পর্কে তথ্য চাওয়া যাইবে না;
- ³[(xviiক) সরকারিভাবে যে কার্যের সহিত সংশ্লিষ্ট নহেন এরূপ কোন বিষয় প্রসঙ্গে মন্ত্রীকে জিজ্ঞাসা করা যাইবে না;]
- (xviii) বন্ধুভাবাপন্ন বৈদেশিক রাষ্ট্র সম্পর্কে অসৌজন্যমূলক উক্তি করা চলিবে না;
- (xix) গোপনীয় কোন বিষয়, যথা মন্ত্রিসভার কমিটি গঠন, মন্ত্রিসভার আলোচনা অথবা এমন কোন বিষয়ে রাজ্যপালকে প্রদত্ত পরামর্শ যাহা সাংবিধানিক, বিধিবদ্ধ বা প্রচলিত বাধ্যবাধকতায় প্রকাশ করা সম্ভব নহে, সে সম্পর্কে কোন তথ্য চাওয়া যাইবে না;
- (xx) বিধানসভার কোন কমিটিতে যে সকল বিষয় বিবেচনাধীন রহিয়াছে সেই সম্পর্কে সাধারণত কোন তথ্য চাওয়া যাইবে না; এবং
- (xxi) ইহাতে সাধারণত এমন কোন বিষয় জানিতে চাওয়া যাইবে না, যাহা বিচারবিভাগীয় বা আধা-বিচারবিভাগীয় দায়িত্বপালনকারী সংবিধিবদ্ধ কোন ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কিংবা কোন বিষয় অনুসন্ধান বা তদন্ত করার জন্য নিযুক্ত কোন কমিশন বা তদন্ত আদালতের সম্মুখে নিষ্পন্ন হওয়ার অপেক্ষায় রহিয়াছে, তবে উক্ত ট্রাইব্যুনাল বা কমিশন বা তদন্ত আদালতের বিচারাধীন বিষয়টির বিবেচনার উপর প্রভাব বিস্তারের সম্ভাবনা নাই, এমন পদ্ধতি বা বিষয়বস্তু বা তদন্তের স্তর সংক্রান্ত ব্যাপারে ইহাতে উল্লেখ করা যাইতে পারিবে।

৪৪। যে সমস্ত বিষয়ে রাজ্য সরকার ও ভারত সরকারের মধ্যে অথবা রাজ্য সরকার ও অন্য কোন রাজ্য সরকারের মধ্যে পত্রালাপ হইয়াছে বা চলিতেছে তৎসম্পর্কে নিছক ঘটনা ছাড়া অন্য কোন বিষয়ে প্রশ্ন করা চলিবে না এবং ইহার উত্তরও ঘটনার বিবৃতির মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

বিভিন্ন সরকারের মধ্যে পত্রালাপের বিষয়ের উপর প্রশ্ন।

৪৫। কোন প্রশ্ন অনুমোদনযোগ্য কি না তাহা অধ্যক্ষ এই নিয়মাবলীর বিধানমতে স্থির করিবেন এবং যে প্রশ্নে প্রশ্ন সংক্রান্ত অধিকারের অপব্যবহার অথবা এই বিধানাবলী লঙ্ঘন করা হইয়াছে বলিয়া তাঁহার মনে হইবে, ঐ প্রশ্ন ²[অথবা উহার কোন অংশবিশেষ] তিনি অগ্রাহ্য করিবেন।

অধ্যক্ষ কর্তৃক প্রশ্নের অনুমোদনযোগ্যতা বিচার।

৪৬। কোন প্রশ্ন অনুমোদনযোগ্য কি না সে সম্পর্কে আরও বেশি সময়ের প্রয়োজন আছে বলিয়া অধ্যক্ষের মনে হইলে তিনি পূর্বোক্ত ৪০ নিয়মের বিধান সাপেক্ষে সদস্য কর্তৃক নোটিশে নির্দিষ্ট দিনের পরবর্তী কোন তারিখে উক্ত প্রশ্ন উত্তরের নিমিত্ত প্রশ্ন-তালিকায় রাখা হউক বলিয়া নির্দেশ দিতে পারিবেন।

প্রশ্ন তালিকাভুক্তির দিনান্তর।

²২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী অন্তর্ভুক্ত।

²২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী অন্তর্ভুক্ত।



RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Speaker to decide if a question is to be treated as starred or unstarred.

**47.** If in the opinion of the Speaker any question put down for oral answer is of such a nature that a written reply would be more appropriate, the Speaker may direct that such question be placed on the list of questions for written answer:

Provided that the Speaker may, if he thinks fit, call upon the member who has given notice of a question for oral answer to state in brief his reasons for desiring an oral answer and, after considering the same, may direct that the question be included in the list of questions for written answer.

Limit of number of unstarred questions.

**48.** (1) Questions which have been admitted and not included in the list of questions for oral answer shall be included in the list of questions for written answer, in accordance with the orders of the Speaker.

(2) On any one day, the number of questions in the list of questions for written answer together with the number of questions in the list of questions for oral answer by the same member shall not exceed five:

Provided that these limits may be exceeded by the number of questions transferred or postponed from one list of questions for written answer to another.

Order in which questions shall be called.

**49.** Questions for oral answer shall be called, if the time made available for questions permits, in the order in which they stand on the list before any other business is entered upon at the sitting:

Provided that a question not reached for oral answer may be answered after the end of the Question Hour with the permission of the Speaker if the Minister represents to the Speaker that the question is one of special public interest to which he desires to give a reply.

Withdrawal or postponement of questions.

**50.** A member may, by notice given at any time before the sitting for which his question has been placed on the list, withdraw his question, or postpone it to a later day to be specified in the notice and on such later day the question shall, subject to the provisions of Rule 40, be placed on the list after all questions which have not been so postponed:

Provided that a postponed question shall not be placed on the list until two clear days have expired from the day when the notice of postponement has been received by the Principal Secretary.

Mode of asking questions.

**51.** (1) When the time for asking questions arrives, the Speaker shall call successively each member in whose name a question appears on the list of questions.

(2) The member so called shall rise in his place and, unless he states that it is not his intention to ask the question standing in his name, ask the question by reference to its number on the list of questions.

(3) If on a question being called it is not asked or the member in whose name it stands is absent, the Speaker may, at the request of any member, direct that the answer to it be given.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৪৭। মৌখিক উত্তরের জন্য প্রদত্ত কোন প্রশ্ন যদি এরূপ ধরনের হয় যে, অধ্যক্ষের মতে লিখিত উত্তরই তাহার ক্ষেত্রে যথাযথ তাহা হইলে তিনি এইরূপ প্রশ্ন লিখিত উত্তরের নিমিত্ত প্রশ্নতালিকায় রাখা হউক বলিয়া নির্দেশ দিতে পারিবেন :

কোন তারকাচিহ্নিত প্রশ্ন লিখিত উত্তরের জন্য বিবেচিত হইবে কি না তৎসম্পর্কে অধ্যক্ষের সিদ্ধান্ত।

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ মৌখিক উত্তরপ্রার্থী সদস্যকে সংক্ষেপে মৌখিক উত্তর চাহিবার হেতু বর্ণনা করিতে বলিতে পারেন এবং সদস্যের বক্তব্য বিবেচনার পর তিনি লিখিত উত্তরের নিমিত্ত প্রশ্নতালিকায় ঐ প্রশ্ন অন্তর্ভুক্ত করিবার নির্দেশ দিতে পারিবেন।

৪৮। (১) অনুমোদিত যে প্রশ্নগুলি মৌখিক উত্তরের প্রশ্নতালিকায় অন্তর্ভুক্ত হয় নাই সেই প্রশ্নগুলি অধ্যক্ষের নির্দেশ অনুসারে লিখিত উত্তরের প্রশ্নতালিকায় সন্নিবেশিত হইবে।

অতিরিক্ত প্রশ্নের সংখ্যাসীমা।

(২) কোন সদস্য কর্তৃক যে কোন একদিনে লিখিত উত্তরের জন্য প্রশ্নতালিকায় অন্তর্ভুক্ত প্রশ্নের সংখ্যা ঐ দিনের মৌখিক উত্তরের জন্য প্রশ্নতালিকায় অন্তর্ভুক্ত তাঁহার প্রশ্নসংখ্যাসহ পাঁচের অধিক হইবে না :

তবে শর্ত থাকে যে, লিখিত উত্তরের জন্য এক প্রশ্নতালিকা হইতে অপর তালিকায় প্রশ্ন স্থানান্তর অথবা প্রশ্ন স্থগিত থাকিবার কারণে এই সংখ্যাসীমা অতিক্রান্ত হইতে পারে।

৪৯। বৈঠকের অন্যান্য কার্য আরম্ভের পূর্বে প্রশ্নোত্তরের নির্দিষ্ট সময়ের মধ্যে মৌখিক উত্তরের নিমিত্ত প্রশ্নাবলী প্রশ্নতালিকায় যে ক্রমে সন্নিবেশিত সেই ক্রমানুসারে যতগুলি সম্ভব ডাকা হইবে :

প্রশ্নোত্তরের সময়ের মধ্যে প্রশ্নতালিকার ক্রম।

তবে শর্ত থাকে যে, যদি প্রশ্নোত্তরের সময়ের মধ্যে মৌখিক উত্তরের জন্য নির্দিষ্ট কোন প্রশ্ন ডাকা সম্ভব না হয় অথচ সংশ্লিষ্ট মন্ত্রী প্রশ্নটি বিশেষ জনস্বার্থ সম্পর্কিত বলিয়া তাহার উত্তর দিবার ইচ্ছা অধ্যক্ষের নিকট ব্যক্ত করেন তাহা হইলে অধ্যক্ষের অনুমতিক্রমে উক্ত মন্ত্রী প্রশ্নোত্তরের নির্দিষ্ট সময়ের শেষেও প্রশ্নটির উত্তর দিতে পারিবেন।

৫০। যেদিনের বৈঠকের জন্য কোন সদস্যের প্রশ্ন তালিকাভুক্ত করা হইয়াছে সেই দিনের বৈঠকের পূর্বে যে-কোন সময় তিনি নোটিশ দ্বারা তাঁহার প্রশ্ন প্রত্যাহার বা নোটিশে উল্লিখিত কোন পরবর্তী দিন পর্যন্ত স্থগিত রাখিতে পারিবেন এবং উক্ত পরবর্তী দিনে প্রশ্নটি পূর্বোক্ত ৪০ নিয়মের বিধানসাপেক্ষে অনুরূপভাবে স্থগিত রাখা হয় নাই এমন সকল প্রশ্নের শেষে তালিকাভুক্ত করা হইবে :

প্রশ্ন প্রত্যাহার বা স্থগিতকরণ।

তবে শর্ত থাকে যে, প্রধান সচিব কর্তৃক স্থগিত রাখার নোটিশ প্রাপ্তির দিন হইতে পুরো দুই দিন অতিবাহিত না হওয়া পর্যন্ত উক্ত প্রশ্ন তালিকাভুক্ত হইবে না।

৫১। (১) প্রশ্নোত্তরকালে প্রশ্নতালিকায় যেসকল সদস্যের নামে প্রশ্ন আছে অধ্যক্ষ পর পর তাঁহাদের প্রত্যেককে আহ্বান করিবেন।

প্রশ্ন জিজ্ঞাসা করিবার পদ্ধতি।

(২) এইরূপভাবে আহূত সদস্য তাঁহার আসন ছাড়িয়া উঠিয়া দাঁড়াইবেন এবং তিনি যদি না বলেন যে, তাঁহার নামে যে প্রশ্ন আছে সেই প্রশ্ন করিবার তাঁহার অভিপ্রায় নাই তবে তিনি তালিকাস্থ প্রশ্নের সংখ্যাটি উল্লেখ করিয়া প্রশ্ন করিবেন।

(৩) কোন প্রশ্ন ডাকা হইবার পরেও ঐ প্রশ্ন করা না হইলে কিংবা যে সদস্যের নামে প্রশ্নটি আছে তিনি অনুপস্থিত থাকিলে, অধ্যক্ষ অন্য যে-কোন সদস্যের অনুরোধে ঐ প্রশ্নের উত্তর দেওয়া হউক বলিয়া নির্দেশ দিতে পারিবেন।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Starred questions of absent members.

**52.** When all the questions for which oral answers are desired have been called, the Speaker may, if time permits, call again any question which has not been asked by reason of the absence of the member in whose name it stands, and may also permit a member to ask a question standing in the name of another member, if so authorised by him.

Supplementary Questions.

**53.** (1) The member in whose name a question is listed for oral answer or any other member, when called by the Speaker, may ask a supplementary question for the purpose of further elucidating any matter of fact regarding which an answer has been given:

Provided that on a question not more than five supplementaries <sup>1</sup>[of which not more than two from the member in whose name the Question is listed] shall be asked:

Provided further that if the Speaker is satisfied that there is sufficient reason, he may allow more than five supplementaries on a question.

<sup>2</sup>[(1A) A supplementary question shall be held out of order by the Speaker if, in his opinion:

- (i) it does not arise from the main question or its answer;
- (ii) instead of seeking information, it gives information;
- (iii) it involves more than one separate issues;
- (iv) it seeks confirmation or denial of an opinion; and
- (v) it infringes any of the rules regarding questions.]

(2) No discussion shall be permitted during the time for questions under rule 34 in respect of any question or of any answer given to a question.

**54.** [*Answers not to refer to proceedings in Council.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

Lapse of pending questions referred to members.

**55.** Where a reference is made to a member in connection with the notice of a question and no reply is received or a reply received from him is too late for the consideration of the Speaker and the placing of the question, if admitted, on the list of questions for an appropriate date, such notice shall be deemed to have lapsed.

Prohibition of advance publicity of answers.

**56.** Answers to questions which Ministers propose to give in the House shall not be released for publication until the answers have actually been given on the floor of the House or laid on the Table.

*(b) Short Notice Questions*

Short notice questions.

**57.** (1) A question relating to a matter of public importance may be asked with notice shorter than twelve clear days and if the Speaker is of opinion that the question is of an urgent character he may direct that an enquiry be made from the Minister concerned if he is in a position to reply and, if so, on what date.

<sup>1</sup> Inserted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

<sup>2</sup> Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৫২। যে সমস্ত প্রশ্নের মৌখিক উত্তর চাওয়া হইয়াছে সেগুলি সমস্ত ডাকা হইবার পর সময় সংকুলান হইলে অধ্যক্ষ সদস্যের অনুপস্থিতিজনিত কারণে প্রশ্ন করা হয় নাই এমন প্রশ্ন পুনরায় ডাকিতে পারেন এবং কোন সদস্য যদি অন্য কোন সদস্যের নামের প্রশ্ন জিজ্ঞাসা করিবার প্রাধিকার প্রাপ্ত হইয়া থাকেন, তাহা হইলে সেই সকল সদস্যকে উক্ত প্রশ্ন করিবার অনুমতি দিতে পারিবেন।

অনুপস্থিত সদস্যের তারকাচিহ্নিত প্রশ্ন।

৫৩। (১) যে সদস্যের নামে কোন একটি প্রশ্ন মৌখিক উত্তরের জন্য তালিকাভুক্ত হইয়াছে তিনি অথবা অপর কোন সদস্য অধ্যক্ষের আহ্বানক্রমে প্রশ্নটির প্রদত্ত উত্তরের তথ্যগত বিষয়কে আরও বিশদ করিবার উদ্দেশ্যে সম্পূরক প্রশ্ন করিতে পারেন :

সম্পূরক প্রশ্ন।

তবে শর্ত থাকে যে, একটি প্রশ্নের উপর পাঁচটির অধিক সম্পূরক প্রশ্ন<sup>১</sup> [তাহার মধ্যে যে সদস্যের নামে প্রশ্ন তালিকাভুক্ত আছে সেই সদস্যের দুইটির অধিক সম্পূরক প্রশ্ন] করা যাইবে না :

আরও শর্ত থাকে যে, অধ্যক্ষ পাঁচটির অধিক সম্পূরক প্রশ্ন করিবার অনুমতি প্রদান করিতে পারেন যদি তিনি মনে করেন যে এইরূপ প্রশ্ন করিবার যথেষ্ট কারণ আছে।

<sup>১</sup>[(১ক) অধ্যক্ষ কোন সম্পূরক প্রশ্ন নিয়ম বহির্ভূত হইয়াছে বলিয়া গণ্য করিবেন যদি তাঁহার মতে :

- (i) ইহা মূল প্রশ্ন অথবা তাহার উত্তরের সহিত সম্পর্কিত নহে;
- (ii) ইহা তথ্য চাহিবার পরিবর্তে তথ্য প্রদান করে;
- (iii) ইহা একাধিক বিষয়ের সহিত সম্পর্কযুক্ত;
- (iv) ইহা কোন মতকে সমর্থন অথবা অস্বীকৃতি জ্ঞাপনের জন্য উত্থাপিত হইয়াছে; এবং
- (v) ইহা প্রশ্ন সংক্রান্ত নিয়মাবলীর কোন নিয়ম লঙ্ঘন করে।]

(২) ৩৪ নিয়মানুযায়ী প্রশ্নোত্তরকালে কোন প্রশ্ন বা তাহার উত্তর সম্পর্কে কোনরূপ আলোচনার অনুমতি দেওয়া হইবে না।

৫৪। [২৯শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]

৫৫। কোন প্রশ্নের নোটিশ সম্পর্কিত বিষয়ে প্রশ্নকর্তার নিকট সংবাদ প্রেরণ করা হইলে যদি সেই সদস্যের নিকট হইতে কোন উত্তর পাওয়া না যায় অথবা যখন উত্তর পাওয়া যায় তখন তাহা অধ্যক্ষের বিবেচনার পক্ষে এবং অনুমোদিত হইলে প্রশ্নটি প্রশ্ন-তালিকায় উপযুক্ত দিনে সন্নিবেশিত করার পক্ষে অত্যন্ত বিলম্বিত বলিয়া বিবেচিত হয় তাহা হইলে ঐ নোটিশের মেয়াদ অতিক্রান্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

প্রশ্নকর্তা সদস্যের নিকট প্রেরিত অনিষ্পন্ন প্রশ্নের মেয়াদ অতিক্রান্ত।

৫৬। মন্ত্রিগণ প্রশ্ন সম্পর্কে যে উত্তর সভায় প্রদান করিতে চাহেন তাহা প্রকৃতপক্ষে সভাকক্ষে যতক্ষণ দেওয়া না হয় ততক্ষণ তাহা প্রকাশ করা যাইবে না।

পূর্বাঙ্কে উত্তর প্রকাশে নিষেধাজ্ঞা।

### (খ) স্বল্পকালীন নোটিশে প্রশ্নাবলী

৫৭। (১) জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে কোন প্রশ্ন পুরো বারো দিন অপেক্ষা কম সময়ের নোটিশে করা যাইবে এবং অধ্যক্ষ যদি মনে করেন যে প্রশ্নটি জরুরী ধরনের তাহা হইলে সংশ্লিষ্ট মন্ত্রী উত্তর দিতে সক্ষম কি না এবং যদি সক্ষম হন তবে কোন তারিখে তাঁহার পক্ষে উত্তর দেওয়া সম্ভব তাহা তিনি মন্ত্রীর নিকট অনুসন্ধান করিয়া জানিবার নির্দেশ দিবেন।

স্বল্পকালীন নোটিশে প্রশ্নাবলী।

<sup>১</sup>২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী অর্ন্তভুক্ত।

<sup>২</sup>২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

## RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

(2) If the Minister concerned agrees to reply, such question shall be answered on a day to be indicated by him and shall be called immediately after the questions which have appeared on the list of questions for oral answer have been disposed of.

(3) If the Minister is unable to answer the question at short notice and the Speaker is of opinion that the question is of sufficient public importance to be orally answered in the House, he may direct that the question be placed as the first question on the list of questions for the day on which it would be due for answer under Rule 35:

Provided that not more than one such question shall be accorded first priority on the list of questions for any one day.

(4) Where two or more members give short notice questions on the same subject and one of the questions is accepted for answer at short notice, the names of the other members shall be bracketed with the name of the member whose question has been accepted for answer:

Provided that the Speaker may direct that all the notices be consolidated into a single notice, if in his opinion it is desirable to have a single self-contained question covering all the important points raised by members, and the Minister shall then give his reply to the consolidated question:

Provided further that in the case of consolidated question the names of all the members concerned may be bracketed and shown against the question in the order of priority of their notice.

(5) Where a member desires an oral answer to a question at a shorter notice, he shall briefly state the reasons for asking the question with short notice. Where no reasons have been assigned in the notice of the question, the question shall be returned to the member.

<sup>1</sup>[(6) The member who has given notice of the question shall be in his seat to ask the question by reference to its number on the list of questions when called by the Speaker and the Minister concerned shall give a reply immediately:

Provided that when a question is shown in the names of more than one member, the Speaker shall call the name of the first member or, in his absence, any other name.]

(7) In other respects, the procedure for short notice questions shall be the same as for ordinary questions for oral answer, with such modifications as the Speaker may consider necessary or convenient.

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(২) সংশ্লিষ্ট মন্ত্রী উত্তর দিতে স্বীকৃত হইলে, তিনি যে তারিখ নির্দিষ্ট করিবেন সেই তারিখে ঐরূপ প্রশ্নের উত্তর দিবেন এবং মৌখিক উত্তরের নিমিত্ত প্রশ্নতালিকায় সন্নিবেশিত প্রশ্নাবলীর উত্তর শেষ হইবার অব্যবহিত পরেই ঐরূপ প্রশ্নগুলি ডাকা হইবে।

(৩) মন্ত্রী যদি স্বল্পকালীন নোটিশে উত্তর দিতে অপারগ হন এবং অধ্যক্ষ যদি মনে করেন যে জনস্বার্থে সভায় মৌখিক উত্তর দেওয়ার মত প্রশ্নটির যথেষ্ট গুরুত্ব আছে তবে তিনি, পূর্বোক্ত ৩৫ নিয়ম মারফিক যেদিন উত্তর দেওয়ার কথা সেই দিনের প্রশ্নতালিকায় ঐ প্রশ্ন সর্বপ্রথম প্রশ্ন হিসাবে অন্তর্ভুক্ত করার নির্দেশ দিতে পারেন :

তবে শর্ত থাকে যে, কোন নির্দিষ্ট দিনের প্রশ্নতালিকায় ঐরূপ একটির বেশি প্রশ্নকে সর্বাধিক অগ্রাধিকার দেওয়া যাইবে না।

(৪) যদি দুই বা ততোধিক সদস্য একই বিষয়ের উপর স্বল্পকালীন নোটিশের প্রশ্ন দেন এবং তন্মধ্যে একটি প্রশ্ন উত্তরের জন্য গৃহীত হয় তাহা হইলে যে যে সদস্যের প্রশ্ন উত্তরের নিমিত্ত গৃহীত হইয়াছে সেই সেই সদস্যের নামও একই বন্ধনীর মধ্যে রাখিতে হইবে :

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ যদি মনে করেন বিভিন্ন সদস্য কর্তৃক জিজ্ঞাসিত প্রশ্ন-সমূহের গুরুত্বপূর্ণ উপাদানগুলি একত্র করিয়া একটি স্বয়ংসম্পূর্ণ প্রশ্ন হওয়া বাঞ্ছনীয় তাহা হইলে তিনি ঐরূপ নোটিশসমূহকে একটি নোটিশে একীকৃত করিবার নির্দেশ দিতে পারিবেন এবং অতঃপর মন্ত্রী ঐরূপ একীকৃত প্রশ্নের উত্তর দিবেন :

তবে আরও শর্ত থাকে যে, এইরূপ একীকৃত প্রশ্নের পাশে সংশ্লিষ্ট সকল সদস্যের নাম তাঁহাদের নোটিশের তারিখের ক্রমানুসারে একই বন্ধনীর মধ্যে দেখানো হইবে।

(৫) কোন সদস্য স্বল্পকালীন নোটিশে প্রশ্নের উত্তর পাইতে আগ্রহী হইলে তিনি স্বল্পকালীন নোটিশে প্রশ্ন করিবার কারণ সংক্ষেপে বিবৃত করিবেন। প্রশ্নের নোটিশে কোন কারণের উল্লেখ না থাকিলে প্রশ্নটি ঐ সদস্যের নিকট ফেরত পাঠানো হইবে।

১[(৬) অধ্যক্ষ আহ্বান করিবার সময় প্রশ্নের নোটিশদাতা প্রশ্নতালিকায় ক্রম অনুযায়ী প্রশ্নটি করিবার জন্য তাঁহার আসনে উপস্থিত থাকিবেন এবং সংশ্লিষ্ট মন্ত্রী অবিলম্বে উহার উত্তর দিবেন :

তবে শর্ত থাকে যে, কোন প্রশ্ন একাধিক সদস্যের নামে থাকিলে অধ্যক্ষ প্রথম সদস্যের নাম বা তাঁহার অনুপস্থিতিতে অন্য যে কোন সদস্যের নাম ডাকিবেন।]

(৭) মৌখিক উত্তরের জন্য সাধারণ প্রশ্ন সম্পর্কে অন্যান্য বিষয়ে যে পদ্ধতি অনুসৃত হয় স্বল্পকালীন নোটিশে প্রশ্নের ক্ষেত্রেও সেই পদ্ধতি অনুসৃত হইবে। অবশ্য অধ্যক্ষ প্রয়োজনবোধে বা সুবিধামত এই পদ্ধতির পরিবর্তন করিতে পারিবেন।

<sup>১</sup>২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

CHAPTER VIII

HALF-AN-HOUR DISCUSSION

Discussion on a matter of public importance arising out of answer to a question.

**58.** (1) The Speaker may allot half-an-hour on one sitting in a week, for raising discussion on a matter of sufficient public importance which has been the subject of a recent question, oral or written, and the answer to which needs elucidation on a matter of fact.

(2) A member wishing to raise a matter shall give notice in writing to the Principal Secretary three days in advance of the day on which the matter is desired to be raised, and shall shortly specify the point or points that he wishes to raise:

Provided that the notice shall be accompanied by an explanatory note stating the reasons for raising discussion on the matter in question:

Provided further that if a notice is signed by more than one member it shall be deemed to have been given by the first signatory only:

Provided further that the Speaker may with the consent of the Minister concerned waive the requirement concerning the period of notice.

(3) The Speaker shall decide whether the matter is of sufficient public importance to be put down for discussion, and may not admit a notice which, in his opinion, seeks to revise the policy of Government.

(4) If more than two notices have been received and admitted by the Speaker, the Principal Secretary shall hold a ballot with a view to draw two notices and the notices shall be put down in the order in which they were received in point of time:

Provided that if any matter put down for discussion on a particular day is not disposed of on that day it shall not be set down for any other day, unless the member so desires, in which case it shall be included in the ballot for the next available day.

(5) There shall be no formal motion before the House nor voting. The member who has given notice may make a short statement and the members who have previously intimated to the Speaker may ask a question for the purpose of further elucidating any matter of fact. Thereafter, the Minister shall reply shortly:

Provided that not more than four members who have previously intimated to the Speaker may be permitted to ask a question each for the purpose of further elucidating any matter of fact.

অধ্যায় ৮

অর্ধঘণ্টাব্যাপী আলোচনা

৫৮। (১) যে বিষয় সম্পর্কে সম্প্রতি মৌখিক বা লিখিত প্রশ্ন করা হইয়াছে এবং যাহার উত্তরদানে তথ্যগত বিষয়ের বিশদ ব্যাখ্যা আবশ্যিক, জনসাধারণের পক্ষে যথেষ্ট গুরুত্বপূর্ণ সেরূপ কোন বিষয়ে আলোচনা চালাইবার জন্য, অধ্যক্ষ সপ্তাহে একটি বৈঠকে আধ-ঘণ্টাকাল নির্দিষ্ট করিয়া দিতে পারেন।

প্রশ্নের উত্তর-উদ্ধৃত জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোচনা।

(২) কোন সদস্য কোন বিষয় উত্থাপন করিবার ইচ্ছা করিলে, তিনি যেদিন উহা উত্থাপন করিতে চাহেন সেই দিনের তিন দিন পূর্বে প্রধান সচিবের নিকট লিখিত নোটিশ প্রদান করিবেন এবং তাহাতে যে নির্দিষ্ট বিষয় বা বিষয়সমূহ উত্থাপন করিতে চাহেন তাহা সংক্ষেপে উল্লেখ করিবেন :

তবে শর্ত থাকে যে, উল্লিখিত বিষয় সম্পর্কে আলোচনা করিবার কারণসমূহ বিবৃত করিয়া একটি ব্যাখ্যামূলক টিকা নোটিশের সহিত দিতে হইবে :

আরও শর্ত থাকে যে, কোন নোটিশে একাধিক সদস্যের স্বাক্ষর থাকিলে নোটিশটি কেবলমাত্র প্রথম স্বাক্ষরকারী কর্তৃক প্রদত্ত বলিয়া গণ্য হইবে :

তবে আরও শর্ত থাকে যে, অধ্যক্ষ সংশ্লিষ্ট মন্ত্রীর সম্মতি লইয়া নোটিশের কাল সম্পর্কে প্রয়োজনীয় শর্ত তুলিয়া দিতে পারিবেন।

(৩) আলোচনা করিতে দিবার পক্ষে বিষয়টির সার্বজনিক গুরুত্ব যথেষ্ট আছে কি না তাহা অধ্যক্ষ স্থির করিবেন এবং কোন নোটিশ সরকারের নীতি সংশোধনের উদ্দেশ্যে প্রদান করা হইয়াছে এরূপ মনে হইলে ঐ নোটিশ তিনি অগ্রাহ্য করিতে পারিবেন।

(৪) দুইটির বেশি নোটিশ পাওয়া গেলে এবং অধ্যক্ষ কর্তৃক তাহা গ্রাহ্য হইলে, প্রধান সচিব দুইটি নোটিশ তুলিয়া লইবার জন্য একটি ব্যালটের ব্যবস্থা করিবেন এবং নোটিশগুলি যে যে সময়ে পাওয়া গিয়াছে সেই সময়ানুসারে পর পর রাখা হইবে :

তবে শর্ত থাকে যে, কোন বিশেষ দিনে আলোচনার জন্য যে বিষয় রাখা হয় তাহা যদি ঐদিন সম্পন্ন না হয় তবে সংশ্লিষ্ট সদস্য ইচ্ছাপ্রকাশ না করিলে, ঐ বিষয়টি অন্য কোন দিন আলোচনার জন্য রাখা হইবে না, কিন্তু ঐরূপ ইচ্ছা প্রকাশ করা হইলে, পরবর্তী যে দিন পাওয়া যাইবে সেই দিনের জন্য উহা ব্যালটের অন্তর্ভুক্ত হইবে।

(৫) এই বিষয়ে সভার নিকট আনুষ্ঠানিকভাবে কোন প্রস্তাব করিতে হইবে না বা ভোট লওয়া হইবে না। নোটিশ প্রদানকারী সদস্য একটি সংক্ষিপ্ত বিবৃতি দিতে পারিবেন। যে সকল সদস্যরা অধ্যক্ষকে পূর্বেই অবহিত করিয়াছেন তাঁহারা প্রকৃত তথ্যগত বিষয়ের আরও বিশদ ব্যাখ্যার উদ্দেশ্যে প্রশ্ন করিতে পারিবেন। তাহার পর সংশ্লিষ্ট মন্ত্রী সংক্ষেপে উত্তর প্রদান করিবেন :

তবে শর্ত থাকে যে, অনধিক চার জন সদস্য, যাঁহারা পূর্বেই অধ্যক্ষকে এই বিষয়ে অবহিত করিয়াছেন, প্রকৃত তথ্যগত বিষয়ের আরও বিশদ ব্যাখ্যার উদ্দেশ্যে তাঁহাদের প্রত্যেককে একটি করিয়া প্রশ্ন করিবার অনুমতি দেওয়া যাইতে পারে।



**Explanation.**—A member wishing to ask a question shall make such request in writing before the commencement of the sitting at which the discussion is to take place. If such requests are received from more than four members, a ballot shall be held to determine the names of first four members who may be permitted to ask a question each.

## CHAPTER IX

### MOTION FOR ADJOURNMENT ON A MATTER OF PUBLIC IMPORTANCE

Speaker's consent necessary to make motion.

**59.** Subject to the provisions of these rules, a motion for an adjournment of the business of the House for the purpose of discussing a definite matter of urgent public importance may be made with the consent of the Speaker.

<sup>1</sup>[Method of giving notice.

**60.** (1) A member desiring to ask for leave to move a motion for the adjournment of the business of the Assembly for the purpose of discussing a definite matter of urgent public importance shall give notice to the Principal Secretary at least one hour before the commencement of the sitting on the day on which he desires to ask for such leave, and copies thereof shall be endorsed to:-

- (i) the Speaker; and
- (ii) the Minister of Parliamentary Affairs:

Provided that the notices received after the stipulated hour, shall be deemed to have been received for the next sitting of the House:

Provided further that no member shall give more than one such notice for any one sitting.

Explanation:- Where a notice is signed by more than one member, it shall be deemed to have been given by the first signatory or in his absence any other signatory may move the motion.]

(2) The Principal Secretary shall inform the members as early as possible whether the Speaker has given his consent or not.

Restrictions on right to make motion.

**61.** The right to move the adjournment of the House for the purpose of discussing a definite matter of urgent public importance shall be subject to the following restrictions, namely:-

- (i) not more than one such motion shall be made at the same sitting;
- (ii) not more than one matter shall be discussed on the same motion;
- (iii) the motion shall be restricted to a specific matter of recent occurrence;
- (iv) the motion shall not raise a question of privilege;
- (v) the motion shall not revive discussion on a matter which has been discussed in the same session;

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

ব্যাখ্যা—যে বৈঠকে বিষয়টি আলোচিত হইবে তাহা শুরু হইবার পূর্বে প্রশ্ন করিতে আগ্রহী সদস্য লিখিতভাবে এই বিষয়ে অনুরোধ জানাইবেন। যদি একরূপ অনুরোধ চার জনের অধিক সদস্যের নিকট হইতে পাওয়া যায় তাহা হইলে প্রথম চার জন সদস্য, যাঁহারা প্রত্যেকে একটি করিয়া প্রশ্ন করিবার অনুমতি পাইবেন, তাহাদের নাম নির্ধারণের জন্য একটি ব্যালট অনুষ্ঠিত হইবে।

## অধ্যায় ৯

### জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ বিষয় আলোচনার জন্য মূলতুবী প্রস্তাব

৫৯। এই নিয়মাবলীর বিধানাধীনে জনসাধারণের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্দিষ্ট কোন বিষয় আলোচনার উদ্দেশ্যে অধ্যক্ষের সম্মতি লইয়া সভার কার্য মূলতুবী রাখিবার জন্য প্রস্তাব উত্থাপন করা যাইবে।

প্রস্তাব উত্থাপনের জন্য অধ্যক্ষের সম্মতির প্রয়োজনীয়তা।

৬০। (১) জনসাধারণের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্দিষ্ট কোন বিষয় আলোচনার উদ্দেশ্যে সভার কাজ মূলতুবী রাখিবার জন্য কোন প্রস্তাব উত্থাপনের অনুমতি চাহিতে ইচ্ছুক কোন সদস্য, যে দিন তিনি ঐরূপ অনুমতি চাহিবার ইচ্ছা করিবেন, সেদিন বৈঠক আরম্ভ হইবার অন্তত একঘণ্টা পূর্বে প্রধান সচিবের নিকট নোটিশ দিবেন এবং তাহার প্রতিলিপি

নোটিশ প্রদানের প্রণালী।

(i) অধ্যক্ষ; এবং

(ii) পরিষদীয় বিষয়ক মন্ত্রীর নিকট দিবেন :

তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় উল্লিখিত হইবার পর প্রাপ্ত নোটিশ পরের দিনের সভার বৈঠকের জন্য গণ্য করা হইবে :

তবে আরও শর্ত থাকে যে, কোন একটি বৈঠকের জন্য কোন সদস্য একাধিক একরূপ কোন নোটিশ দিতে পারিবেন না।

ব্যাখ্যা—নোটিশে একাধিক সদস্যের স্বাক্ষর থাকিলে উহা প্রথম স্বাক্ষরকারী কর্তৃক প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে অথবা তাঁহার অনুপস্থিতিতে অপর কোনও স্বাক্ষরকারী প্রস্তাবটি উত্থাপন করিতে পারিবেন।

(২) অধ্যক্ষ তাঁহার সম্মতি দিয়াছেন কি না তৎসম্পর্কে প্রধান সচিব উক্ত সদস্যকে যতশীঘ্র সম্ভব জানাইবেন।

৬১। জনসাধারণের পক্ষে নিশ্চিতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্দিষ্ট কোন বিষয় আলোচনা করিবার উদ্দেশ্যে সভার কার্য মূলতুবী রাখিবার প্রস্তাব উত্থাপনের অধিকার নিম্নলিখিত বাধানিষেধের অধীনে হইবে, যথা :—

প্রস্তাব উত্থাপনের অধিকারের উপর বাধানিষেধ।

(i) একই অধিবেশনে ঐরূপ একটির বেশি প্রস্তাব করা চলিবে না;

(ii) একই প্রস্তাবের উপর একটির বেশি বিষয় আলোচিত হইবে না;

(iii) সাম্প্রতিক ঘটনা সংক্রান্ত নির্দিষ্ট বিষয়েই প্রস্তাবটি সীমাবদ্ধ থাকিবে;

(iv) প্রস্তাবের দ্বারা বিশেষাধিকার সংক্রান্ত কোন প্রশ্ন তোলা চলিবে না;

(v) যে বিষয়ের আলোচনা হইয়া গিয়াছে একই অধিবেশনে প্রস্তাব দ্বারা ঐ বিষয়ের পুনরালোচনার সূত্রপাত করা চলিবে না;

২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

- (vi) the motion shall not anticipate a matter, which has been previously appointed for consideration. In determining whether a discussion is out of order on the ground on anticipation, regard shall be had by the Speaker to the probability of the matter anticipated being brought before the House within a reasonable time;
- (vii) the motion shall not deal with any matter which is under adjudication by a court of law;
- (viii) the motion shall not raise any question which under the Constitution or these rules can only be raised on a distinct motion by a notice given in writing to the Principal Secretary; and
- (ix) the motion shall not relate to a matter which is not primarily the concern of the State Government.

Motion for discussion on matters before tribunals, commissions, etc.

**62.** No motion which seeks to raise discussion on a matter pending before any statutory tribunal or statutory authority performing any judicial or quasi-judicial functions or any commission or court of enquiry appointed to enquire into, or investigate any matter, shall ordinarily be permitted to be moved:

Provided that the Speaker may in his discretion allow such matter being raised in the House as is concerned with the procedure or subject or stage of enquiry if the Speaker is satisfied that it is not likely to prejudice the consideration of such matter by the statutory tribunal, statutory authority, commission or court of enquiry.

Mode of asking for leave to move adjournment motion.

**63.** (1) The Speaker, if he gives consent under rule 59 and holds that the matter proposed to be discussed is in order, shall, after the questions and before the list of business is entered upon, call the member concerned who shall rise in his place and ask for leave to move the adjournment of the House:

Provided that where the Speaker has refused his consent under rule 59 he may, if he thinks it necessary, read the notice of motion and state the reasons for refusing consent:

Provided further that the Speaker may instead of reading the notice himself, allow the member concerned to read the text of the motion but when more than one notice of such motion on a particular matter is received from members on a particular day the text of only one such motion, as the Speaker may select, may be allowed to be so read and further that when any portion of the text contains words, phrases or expressions which are argumentative, unparliamentary, ironical, controversial, irrelevant, verbose, or otherwise inappropriate, the Speaker may amend the text in his discretion and the member concerned may be allowed to read the text of the motion so amended:

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

- (vi) যে বিষয় বিবেচনা করা হইবে বলিয়া পূর্বে নির্ধারিত হইয়াছে, প্রস্তাবে সেই বিষয়ের আলোচনা পূর্ব হইতে সূচিত হইবে না। পূর্বসূচিত হওয়ার কারণে কোন আলোচনা নিয়মবহির্ভূত কি না তাহা নির্ধারণ করিবার সময় অধ্যক্ষকে দেখিতে হইবে যে পূর্বসূচিত বিষয়টি সভার সম্মুখে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে উপস্থাপিত করার সম্ভাবনা আছে কি না;
- (vii) কোন বিচারালয়ের সম্মুখে বিবেচনাধীন রহিয়াছে এরূপ কোন বিষয় আলোচনা করা যাইবে না;
- (viii) প্রস্তাবে এমন কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না যাহা সংবিধান বা এই নিয়মাবলীর মতে প্রধান সচিবের নিকট লিখিতভাবে নোটিশ প্রদান করিয়া কেবল স্বতন্ত্র প্রস্তাবের আকারে উত্থাপন করিতে পারা যাইবে; এবং
- (ix) রাজ্য সরকার মুখ্যত সংশ্লিষ্ট নহেন এরূপ কোন বিষয় সম্পর্কে প্রস্তাব করা চলিবে না।

৬২। কোন বিষয় অনুসন্ধান বা তদন্ত করার জন্য কোন বিচারবিভাগীয় বা আধা-ট্রাইব্যুনাল বা বিচারবিভাগীয় দায়িত্বপালনকারী সংবিধিবদ্ধ কোন ট্রাইব্যুনাল, বা কোন কমিশনের সম্মুখে নিষ্পত্তির অপেক্ষায় আছে এরূপ কোন বিষয় সম্পর্কিত প্রস্তাবের সাধারণত অনুমতি দেওয়া হইবে না :

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ যদি মনে করেন যে, বিষয়টি সংবিধিবদ্ধ ট্রাইব্যুনাল, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ, কমিশন বা তদন্ত আদালত কর্তৃক বিবেচনার পক্ষে হানিকর হইবে না তবে তিনি স্ববিবেকানুসারে তদন্তের প্রণালী, বিষয় বা পর্যায় সম্পর্কিত বিষয় সভায় উপস্থাপিত করিবার অনুমতি দিতে পারিবেন।

ট্রাইব্যুনাল বা কমিশনের বিবেচনাধীন বিষয়ের উপর আলোচনার প্রস্তাব।

৬৩। (১) ৫৯ নিয়মমতে অধ্যক্ষ যদি সম্মতি দেন এবং যে বিষয় আলোচনার জন্য প্রস্তাব করা হইয়াছে তাহা যথাযথ বলিয়া মনে করেন তবে তিনি প্রশ্নোত্তরের পর এবং দিনের তালিকাভুক্ত কাজ আরম্ভ করিবার পূর্বে সংশ্লিষ্ট সদস্যকে ডাকিবেন। ঐ সদস্য নিজ আসনে উঠিয়া দাঁড়াইবেন এবং সভার কাজ মূলতুবী রাখার প্রস্তাব উত্থাপনের অনুমতি চাইবেন :

মূলতুবী প্রস্তাব উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনার রীতি।

তবে শর্ত থাকে যে, ৫৯ নিয়মমতে অধ্যক্ষ যদি অস্বীকৃত হন, সেক্ষেত্রে প্রয়োজন মনে করিলে তিনি প্রস্তাবের নোটিশটি সভায় পাঠ এবং উহাতে তাঁহার সম্মতি প্রদানে অস্বীকৃতির কারণ বিবৃত করিতে পারেন :

তবে আরও শর্ত থাকে যে, অধ্যক্ষ নিজে নোটিশটি পাঠ না করিয়া সংশ্লিষ্ট সদস্যকে প্রস্তাবের বয়ান পাঠ করিবার অনুমতি দিতে পারেন; কিন্তু যদি কোন নির্দিষ্ট দিনে একই বিষয়ের উপর একাধিক প্রস্তাবের নোটিশ আসে তাহা হইলে অধ্যক্ষ তন্মধ্যে একটিমাত্র প্রস্তাব সভায় পাঠের অনুমতির জন্য বাছিয়া লইতে পারেন কিন্তু যদি কোন প্রস্তাবের বয়ানের কোন অংশে যুক্তিতর্কমূলক, সংসদীয় রীতিবহির্ভূত, শ্লেষাত্মক, বিতর্কিত, অপ্রাসঙ্গিক, বাগাড়ম্বরপূর্ণ অথবা অন্যথা অসঙ্গত কোন শব্দ, শব্দগুচ্ছ থাকে তাহা হইলে অধ্যক্ষ তাঁহার বিবেচনানুযায়ী উক্ত প্রস্তাবের বয়ান সংশোধন করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট সদস্যকে সংশোধিত আকারে প্রস্তাবটির বয়ান পাঠ করার অনুমতি দিতে পারেন :

## RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Provided further that the Speaker may not allow any such text of a motion to be read if it is not in order.

(2) If objection to leave being granted is taken, the Speaker shall request those members who are in favour of leave being granted to rise in their places, and if not less than thirty members rise accordingly, the Speaker shall intimate that leave is granted. If less than thirty members rise, the Speaker shall inform the member that he has not the leave of the House.

Time for taking up motion.

**64.** If no objection is taken to the motion for adjournment or leave is granted by the House to move the motion, the Speaker shall intimate the hour at which the motion will be taken.

Limitation of time of discussion.

**65.** (1) The Speaker may, if he is satisfied that there has been adequate debate, put the question after two hours from the time of commencement of the debate.

(2) The Speaker shall prescribe a time limit for speeches.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

তবে আরও শর্ত থাকে যে, অধ্যক্ষ কোন প্রস্তাবের বয়ান নিয়মবহির্ভূত মনে করিলে উহা পাঠের অনুমতি নাও দিতে পারেন।

(২) যদি অনুমতি প্রদান সম্পর্কে আপত্তি গৃহীত হয় তবে অধ্যক্ষ, যে সকল সদস্য অনুমতি প্রদানের পক্ষে তাঁহাদিগকে তাঁহাদের স্থানে দাঁড়াইবার জন্য অনুরোধ করিবেন এবং তদনুযায়ী যদি অন্যান্য ত্রিশ জন সদস্য উঠিয়া দাঁড়ান তবে অধ্যক্ষ, অনুমতি প্রদান করা হইয়াছে বলিয়া জানাইবেন। ত্রিশ জনের কম সদস্য উঠিয়া দাঁড়াইলে অধ্যক্ষ, সংশ্লিষ্ট সদস্যকে জানাইবেন যে তিনি সভার অনুমতি পান নাই।

৬৪। যদি মূলতুবীর জন্য প্রস্তাব সম্পর্কে কোন আপত্তি গৃহীত না হয় কিংবা প্রস্তাব প্রস্তাব আলোচনার্থ উত্থাপনের জন্য সভার অনুমতি পাওয়া যায় তবে অধ্যক্ষ, যে সময়ে ঐ প্রস্তাব গ্রহণের জন্য সময়। আলোচনার্থ গ্রহণ করা হইবে, সেই সময়টি জানাইয়া দিবেন।

৬৫। (১) বিষয়টির উপর পর্যাণ্ড আলোচনা হইয়াছে বলিয়া অধ্যক্ষ সন্তুষ্ট হইলে আলোচনার বিতর্ক শুরুর সময় হইতে দুই ঘণ্টা অতিক্রান্ত হইলে বিষয়টি মতামত গ্রহণের জন্য সময়সীমা। তুলিতে পারিবেন।

(২) অধ্যক্ষ বক্তৃতার জন্য সময়সীমা নির্দিষ্ট করিয়া দিবেন।

CHAPTER X

LEGISLATION

I. BILLS

*(a) Introduction and Publication of Bills*

Publication of Bills before introduction.

**66.** The Governor may order the publication of any Bill (together with the Statement of Objects and Reasons and the financial memorandum, if any, accompanying it) in the Gazette, although no motion has been made for leave to introduce the Bill. In that case it shall not be necessary to move for leave to introduce the Bill, and, if the Bill is afterwards introduced, it shall not be necessary to publish it again.

Notice of motion for leave to introduce private members' Bills.

**67.** (1) Any member, other than a Minister, desiring to move for leave to introduce a Bill, shall give notice of his intention, and shall, together with the notice, submit a copy of the Bill and an explanatory Statement of Objects and Reasons which shall not contain arguments.

(2) If notice is given of a motion to introduce a Bill which under the Constitution cannot be introduced without the previous sanction of the President or recommendation of the Governor and unless such previous sanction or recommendation has been intimated, the Speaker shall, as soon as may be after the receipt of the notice, refer the Bill to the Governor for obtaining the sanction of the President or for his recommendation, as the case may be, and the notice shall not be valid unless the Governor has indicated that the previous sanction or recommendation required has been granted.

(3) The period of notice of a motion for leave to introduce a Bill under this rule shall be fourteen days unless the Speaker allows the motion to be made at shorter notice.

(4) The Speaker may disallow a notice of a Bill in case the Bill does not comply with the requirement of sub-rule (2) of this rule, or rule 71.

Introduction of Bill dependent on another Bill pending before House.

**68.** A Bill, which is dependent wholly or partly upon another Bill pending before the House, may be introduced in the House in anticipation of the passing of the Bill on which it is dependent:

Provided that the second Bill shall be taken up for consideration and passing in the House only after the first Bill has been passed by the House and assented to by the Governor or the President as the case may be.

Notice of identical Bill.

**69.** When a Bill is pending before the House, notice of an identical Bill, whether received before or after the introduction of the pending Bill, shall be removed from, or not entered in, the list of pending notices, as the case may be, unless the Speaker otherwise directs.

## অধ্যায় ১০

### বিধি প্রণয়ন

#### I. বিধেয়ক (বিল)

##### (ক) বিধেয়কসমূহের উত্থাপন এবং প্রকাশন

৬৬। বিধেয়ক উত্থাপনের অনুমতির জন্য কোন প্রস্তাব করা না হইলেও রাজ্যপাল, যে-কোন বিধেয়ক (উদ্দেশ্য ও হেতুর বিবরণ এবং উহার সঙ্গে কোন আর্থিক স্মারকলিপি থাকিলে তৎসহ) গেজেটে প্রকাশিত করিবার জন্য আদেশ দিতে পারিবেন। ঐরূপ ক্ষেত্রে বিধেয়ক উত্থাপনের অনুমতির জন্য কোন প্রস্তাব উত্থাপন করা আবশ্যিক হইবে না এবং বিধেয়কটি পরে উত্থাপিত করা হইলে উহা পুনরায় প্রকাশিত করা আবশ্যিক হইবে না।

উত্থাপনের পূর্বে  
বিধেয়কের  
প্রকাশন।

৬৭। (১) মন্ত্রী ব্যতীত অন্য যে-কোন সদস্য বিধেয়ক উত্থাপনের অনুমতির জন্য প্রস্তাব করার অভিপ্রায় করিলে তিনি তাঁহার ঐরূপ অভিপ্রায় সম্পর্কে একটি নোটিশ দিবেন এবং উক্ত নোটিশের সহিত বিধেয়কের প্রতিলিপি এবং উহার উদ্দেশ্য ও হেতুর ব্যাখ্যামূলক বিবরণ পেশ করিবেন কিন্তু উক্ত বিবরণে কোন যুক্তিতর্ক থাকিতে পারিবে না।

বেসরকারী  
সদস্যদের বিধেয়ক  
উত্থাপনের  
অনুমতির জন্য  
প্রস্তাবের নোটিশ।

(২) সংবিধানমতে রাষ্ট্রপতির অনুমোদন বা রাজ্যপালের সুপারিশ পূর্বে না লইয়া উত্থাপিত করা যায় না এরূপ কোন বিধেয়ক উত্থাপনের প্রস্তাব সম্পর্কে যদি নোটিশ দেওয়া হয় এবং যদি ঐরূপ পূর্বানুমোদন বা সুপারিশ জ্ঞাপন না করা হইয়া থাকে তবে অধ্যক্ষ, নোটিশ পাইবার পর যতশীঘ্র সম্ভব, রাষ্ট্রপতির অনুমোদনলাভের জন্য কিংবা স্থলবিশেষে রাজ্যপালের সুপারিশের জন্য উক্ত বিধেয়কটি রাজ্যপালের নিকট প্রেরণ করিবেন এবং প্রয়োজনীয় পূর্বানুমোদন বা সুপারিশ মঞ্জুর করা হইয়াছে বলিয়া রাজ্যপাল না জানাইলে উক্ত নোটিশ সিদ্ধ হইবে না।

(৩) এই নিয়মমতে কোন বিধেয়ক উত্থাপনের অনুমতির জন্য প্রস্তাবের নোটিশ দিবার প্রয়োজনীয় সময় চৌদ্দ দিন হইবে, যদি না অধ্যক্ষ স্বল্পতর সময়ের নোটিশে ঐরূপ প্রস্তাব উত্থাপনের অনুমতি দেন।

(৪) যেক্ষেত্রে কোন বিধেয়কে, এই নিয়মের (২) উপনিয়মের কিংবা ৭১ নিয়মের শর্ত পালিত হয় না সেক্ষেত্রে অধ্যক্ষ ঐ বিধেয়ক সম্পর্কে নোটিশ নামঞ্জুর করিতে পারিবেন।

৬৮। কোন বিধেয়ক, সভাসমক্ষে অনিষ্পন্ন অবস্থায় থাকা অন্য কোন বিধেয়কের উপর পুরোপুরি বা আংশিকভাবে নির্ভরশীল হইলে, যে বিধেয়কটির উপর উহা নির্ভরশীল সেই বিধেয়কটি গৃহীত হইবে ইহা পূর্ব হইতে ধরিয়া লইয়া উক্ত বিধেয়ক সভায় উত্থাপিত করা যাইবে :

সভাসমক্ষে  
অনিষ্পন্ন অন্য  
কোন বিধেয়কের  
উপর নির্ভরশীল  
বিধেয়কের  
উত্থাপন।

তবে শর্ত থাকে যে, প্রথম বিধেয়কটি সভা কর্তৃক গৃহীত হওয়ার এবং রাজ্যপাল বা স্থলবিশেষে রাষ্ট্রপতির সম্মতি পাওয়ার পরই কেবল দ্বিতীয় বিধেয়কটি সভায় বিবেচিত ও গৃহীত হওয়ার জন্য লওয়া হইবে।

৬৯। কোন বিধেয়ক সভাসমক্ষে অনিষ্পন্ন অবস্থায় থাকিলে, উহার অনুরূপ অন্য কোন বিধেয়ক সম্পর্কিত নোটিশ, উহা অনিষ্পন্ন বিধেয়কটি উত্থাপিত হওয়ার পূর্বেই প্রদত্ত হউক বা পরেই প্রদত্ত হউক, অধ্যক্ষ অনুরূপ নির্দেশ না দিলে, অনিষ্পন্ন নোটিশের তালিকা হইতে বাদ দিতে হইবে কিংবা স্থলবিশেষে উক্ত তালিকাভুক্ত করা যাইবে না।

অনুরূপ বিধেয়কের  
নোটিশ।



RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Communication of sanction or recommendation.

**70.** The order of the President or the Governor granting or withholding the sanction or recommendation as the case may be, to the introduction or consideration of a Bill shall be communicated to the Principal Secretary by the Minister concerned in writing.

Financial memorandum and money clauses.

**71.** (1) A Bill involving expenditure shall be accompanied by a financial memorandum which shall invite particular attention to the clauses involving expenditure and shall also give an estimate of the recurring and non-recurring expenditure involved in case the Bill is passed into law.

(2) Clauses or provisions in Bills involving expenditure from public funds shall be printed in thick type or in italics:

Provided that where a clause in a Bill involving expenditure is not printed in thick type or in italics, the Speaker may permit the member in charge of the Bill to bring such clauses to the notice of the House.

Statement in connection with Ordinances.

**72.** (1) Whenever a Bill seeking to replace an Ordinance with or without modification is introduced in the House, there shall be placed before the House along with the Bill a statement explaining the circumstances which had necessitated immediate legislation by Ordinance.

(2) Whenever an Ordinance, which embodies wholly or partly or with modification the provisions of a Bill pending before the House, is promulgated a statement explaining the circumstances which had necessitated immediate legislation by Ordinance shall be laid on the Table at the commencement of the session following the promulgation of the Ordinance.

Procedure when introduction of Bill opposed.

**73.** (1) If a motion for leave to introduce a Bill is opposed, the Speaker, after permitting, if he thinks fit, a brief explanatory statement from the member who moves and from the member who opposes the motion, may, without further debate, put the question:

Provided that where a motion is opposed on the ground that the Bill initiates legislation outside the legislative competence of the House, the Speaker may permit a full discussion thereon:

Provided further that the Speaker shall forthwith put to vote the motion for the leave to introduce a Finance Bill or an Appropriation Bill.

(2) Notice to oppose introduction of a Bill shall be addressed to the Principal Secretary and given one hour before the commencement of the House on the day on which the motion for leave to introduce the Bill is included in the list of business.

(3) If such a motion be carried, the Principal Secretary read the title of the Bill and the Bill shall thereupon be deemed to be introduced in the Assembly.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৭০। কোন বিধেয়ক উত্থাপন বা বিবেচনা করা সম্পর্কে অনুমোদন বা স্থলবিশেষে সুপারিশ জ্ঞাপন করা বা বন্ধ রাখা বিষয়ে রাষ্ট্রপতি বা রাজ্যপালের আদেশ সংশ্লিষ্ট মন্ত্রী লিখিতভাবে প্রধান সচিবকে জানাইবেন।

অনুমোদনের বা সুপারিশের সংবাদজ্ঞাপন।

৭১। (১) ব্যয় সংক্রান্ত বিষয় জড়িত এরূপ কোন বিধেয়কের মধ্যে ব্যয় সংক্রান্ত বিষয়ে যে সকল খণ্ড (ক্লজ) থাকে সেগুলির প্রতি বিশেষ দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত বিধেয়কের সহিত একটি আর্থিক স্মারকলিপি দিতে হইবে এবং বিধেয়কটি বিধিরূপে গৃহীত হইলে যে সকল আবর্তক বা অনাবর্তক ব্যয় আবশ্যিক হইবে তাহার একটি আনুমানিক হিসাবও দিতে হইবে।

আর্থিক স্মারকলিপি এবং অর্থ সংক্রান্ত খণ্ড (ক্লজ)।

(২) বিধেয়কের মধ্যে সরকারী তহবিল হইতে ব্যয় করা আবশ্যিক হইবে এরূপ ব্যয় সংক্রান্ত যে সকল খণ্ড বা বিধান থাকে সেগুলি মোটা বা বাঁকা হরফে মুদ্রিত করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, কোন বিধেয়কের ব্যয় সংক্রান্ত খণ্ড মোটা বা বাঁকা হরফে মুদ্রিত না হইলে, অধ্যক্ষ বিধেয়কের ভারপ্রাপ্ত সদস্যকে ঐরূপ খণ্ডগুলি সভার দৃষ্টিগোচরে আনিবার অনুমতি দিতে পারিবেন।

৭২। (১) কোন অধ্যাদেশের স্থলবর্তীরূপে উহার সংপরিবর্তনসহ বা সংপরিবর্তন ছাড়া কোন বিধেয়ক যখন সভায় উত্থাপিত করা হয় তখন যে অবস্থায় ঐরূপ অধ্যাদেশ দ্বারা আশু বিধি প্রণয়নের প্রয়োজন হইয়াছিল তাহার একটি ব্যাখ্যামূলক বিবৃতি উক্ত বিধেয়কের সহিত জুড়িয়া দিয়া সভাসমক্ষে রাখিতে হইবে।

অধ্যাদেশ সম্পর্কিত বিবরণী।

(২) সভায় অনিষ্পন্ন অবস্থায় থাকা কোন বিধেয়কের বিধানাবলী পুরোপুরি বা আংশিকভাবে কিংবা সংশোধনসহ যে অধ্যাদেশে অন্তর্ভুক্ত করা হইয়াছে সেরূপ কোন অধ্যাদেশ যখন ঘোষণা করা হয় তখন যে অবস্থায় ঐরূপ অধ্যাদেশ দ্বারা আশু বিধি প্রণয়নের প্রয়োজন হইয়াছিল তাহার একটি ব্যাখ্যামূলক বিবৃতি, অধ্যাদেশটি ঘোষিত হওয়ার পর সভার যে অধিবেশন আরম্ভ হইবে, সেই সময়ে টেবিলে উপস্থাপিত করিতে হইবে।

৭৩। (১) বিধেয়ক উত্থাপনের অনুমতি লাভের জন্য কোন প্রস্তাবের যদি বিরোধিতা করা হয় তবে অধ্যক্ষ উচিত মনে করিলে, যে সদস্য প্রস্তাব উত্থাপন করেন এবং যে সদস্য প্রস্তাবের বিরোধিতা করেন, তাঁহাদিগকে সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক বিবৃতি দিতে অনুমতি দিবার পর, ঐ বিষয়ে আর কোন বিতর্ক চালাইতে না দিয়া বিষয়টি মতামত গ্রহণের জন্য তুলিতে পারিবেন :

বিধেয়ক উত্থাপনের বিরোধিতার পদ্ধতি।

তবে শর্ত থাকে যে, বিধেয়কটি সভার আইন প্রণয়নের ক্ষমতাবহির্ভূত এই যুক্তিতে বিরোধিতা হইলে অধ্যক্ষ পূর্ণাঙ্গ আলোচনার অনুমতি দিতে পারিবেন :

আরও শর্ত থাকে যে, অধ্যক্ষ অর্থ বিধেয়ক বা উপযোজন বিধেয়ক উত্থাপন করিবার অনুমতির জন্য প্রস্তাব অবিলম্বে মতামত গ্রহণের জন্য তুলিবেন।

(২) যে দিন বিধেয়ক উত্থাপন করিবার অনুমতির জন্য প্রস্তাব কার্যসূচীর তালিকায় অন্তর্ভুক্ত হইবে সেই দিন সভা শুরুর এক ঘণ্টা পূর্বে প্রধান সচিবকে সম্বোধন করিয়া বিধেয়ক উত্থাপনের বিরোধিতার প্রস্তাবের নোটিশ প্রদান করিতে হইবে।

(৩) এরূপ কোন প্রস্তাব গৃহীত হইলে, প্রধান সচিব বিধেয়কের নাম পাঠ করিবেন এবং অতঃপর উহা বিধানসভায় উত্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

Publication  
after  
introduction.

**74.** As soon as may be after a Bill has been introduced, the Bill, unless it has already been published, shall be published in the Gazette.

*(b) Motions after introduction of Bills*

Motions after  
introduction  
of Bills.

**75.** When a Bill is introduced, or on some subsequent occasion, the member in charge may make one of the following motions in regard to his Bill, namely:—

- (i) that it be taken into consideration; or
- (ii) that it be referred to a Select Committee of the House; or
- (iii) that it be circulated for the purpose of eliciting opinion thereon:

Provided that no such motion shall be made until after copies of the Bill have been made available for the use of members, and that any member may object to any such motion being made unless copies of the Bill have been so made available for five days before the day on which the motion is made and such objection shall prevail, unless the Speaker allows the motion to be made.

Discussion of  
principle of  
Bill.

**76.** (1) On the day on which any motion referred to in rule 75 is made, or on any subsequent day to which the discussion thereof is postponed, the principle of the Bill and its provisions may be discussed generally, but the details of the Bill shall not be discussed further than is necessary to explain its principles.

(2) At this stage no amendments to the Bill may be moved, but—

- (a) if the member in charge moves that the Bill be taken into consideration, any member may move as an amendment that the Bill be referred to a Select Committee of the House, or be circulated for the purpose of eliciting opinion thereon by a date to be specified in the motion;
- (b) if the member in charge moves that the Bill be referred to a Select Committee of the House, any member may move as an amendment that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by a date to be specified in the motion.

(3) Where a motion that a Bill be circulated for the purpose of eliciting opinion thereon is carried, and the Bill is circulated in accordance with that direction and opinions are received thereon, the member in charge, if he wishes to proceed with the Bill thereafter, shall move that the Bill be referred to a Select Committee of the House unless the Speaker allows a motion to be made that the Bill be taken into consideration:

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৭৪। বিধেয়ক ইতঃপূর্বে প্রকাশিত হইয়া না থাকিলে, উত্থাপিত হইবার পর যত শীঘ্র সম্ভব উহা গেজেটে প্রকাশিত করা হইবে।

উত্থাপনের পরে  
প্রকাশন।

### (খ) বিধেয়কসমূহ উত্থাপনের পর তৎসম্পর্কে প্রস্তাব

৭৫। বিধেয়ক উত্থাপিত করিবার সময় বা পরবর্তী কোন সময়ে ভারপ্রাপ্ত সদস্য তাঁহার বিধেয়ক সম্পর্কে নিম্নবর্ণিত যে-কোন একটি প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন, যথা :

বিধেয়ক উত্থাপনের  
পর তৎসম্পর্কে  
প্রস্তাব।

- (i) উহা বিবেচনার্থ গ্রহণ করা হউক; অথবা
- (ii) উহা সভার সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করা হউক; অথবা
- (iii) উহা মতামত সংগ্রহের জন্য প্রচার করা হউক :

তবে শর্ত থাকে যে, সদস্যগণ তাঁহাদের ব্যবহারের জন্য বিধেয়কের প্রতিলিপি যে পর্যন্ত না পাইবেন সে পর্যন্ত ঐরূপ কোন প্রস্তাব করা চলিবে না এবং যে দিন প্রস্তাব করা হয় তাহার পাঁচ দিন পূর্বে বিধেয়কের প্রতিলিপি না পাওয়া গেলে যে-কোন সদস্য ঐরূপ প্রস্তাব উত্থাপনের বিরুদ্ধে আপত্তি জানাইতে পারিবেন এবং অধ্যক্ষ প্রস্তাব উত্থাপনের অনুমতি না দিলে ঐ আপত্তি বহাল থাকিবে।

৭৬। (১) ৭৫ নিয়মে উল্লিখিত কোন প্রস্তাব যেদিন উত্থাপন করা হয় সেইদিন অথবা উহার আলোচনা পরবর্তী যদিনের জন্য মূলতুবী রাখা হয় সেইদিন, ঐ বিধেয়কের মূল নীতি এবং উহার বিধানাবলী সম্পর্কে সাধারণভাবে আলোচনা করা চলিবে কিন্তু বিধেয়কের খুঁটিনাটি বিষয় সম্পর্কে, উহার মূল নীতি ব্যাখ্যা করিবার জন্য যতটুকু আবশ্যিক তাহার বেশী আলোচনা করা চলিবে না।

বিধেয়কের নীতির  
আলোচনা।

(২) এই পর্যায়ে কোন সংশোধন প্রস্তাব করা চলিবে না, কিন্তু—

- (ক) ভারপ্রাপ্ত সদস্য বিধেয়কটি বিবেচনার্থ গ্রহণ করা হউক বলিয়া প্রস্তাব করিলে, যে-কোন সদস্য উহার সংশোধনরূপে প্রস্তাব করিতে পারিবেন যে, বিধেয়কটি সভার সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করা হউক কিংবা প্রস্তাবে বিনির্দিষ্ট তারিখের মধ্যে ঐ সম্পর্কে মতামত সংগ্রহের জন্য উহা প্রচার করা হউক;
- (খ) ভারপ্রাপ্ত সদস্য, বিধেয়কটি সভার সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করা হউক বলিয়া প্রস্তাব করিলে, যে-কোন সদস্য উহার সংশোধনরূপে প্রস্তাব করিতে পারিবেন যে, বিধেয়কটি প্রস্তাবে বিনির্দিষ্ট তারিখের মধ্যে ঐ সম্পর্কে মতামত সংগ্রহের জন্য উহা প্রচার করা হউক।

(৩) কোন বিধেয়ক সম্পর্কে মতামত সংগ্রহের জন্য উহা প্রচার করা হউক বলিয়া প্রস্তাব গৃহীত হইলে এবং সেই নির্দেশ অনুযায়ী বিধেয়কটি প্রচারিত হইলে ও ঐ সম্পর্কে মতামত পাওয়া গেলে, ভারপ্রাপ্ত সদস্য যদি অতঃপর বিধেয়কটি সম্পর্কে আলোচনা চালাইয়া যাইবার অভিপ্রায় প্রকাশ করেন তবে তিনি, বিধেয়কটি সভার সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করা হউক বলিয়া প্রস্তাব করিতে পারিবেন, যদি না অধ্যক্ষ উক্ত বিধেয়ক বিবেচনার্থ গ্রহণ করা হউক বলিয়া কোন প্রস্তাব উত্থাপনের অনুমতি দেন :

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Provided that if an amendment or a motion for appointment of a Select Committee has been moved under this rule, any member may move that the House give instructions to the Select Committee to which the Bill is proposed to be referred to make some particular or additional provision in the Bill and if necessary or convenient to consider and report on amendments which may be proposed to the original Act which the Bill seeks to amend.

Persons by whom motions in respect of Bills may be made.

**77.** No motion that a Bill be taken into consideration or be passed shall be made by any member other than the member in charge of the Bill and no motion that a Bill be referred to a Select Committee of the House, or be circulated for the purpose of eliciting opinion thereon shall be made by any member other than the member in charge except by way of amendment to a motion made by the member in charge:

Provided that if the member in charge of a Bill is unable, for reasons which the Speaker considers adequate, to move the next motion in regard to his Bill at any subsequent stage after introduction, he may authorise another member to move that particular motion with the approval of the Speaker.

**Explanation.**—Notwithstanding the provisions contained in the proviso the member who introduced the Bill shall continue to be the member in charge.

(For rules relating to Select Committees on Bills see Chapter XXV of these rules.)

*(c) Procedure after presentation of report of a Select Committee*

Motions that may be moved after presentation of report of Select Committee.

**78.** (1) After the presentation of the final report of a Select Committee of the House on a Bill, the member in charge may move—

- (a) that the Bill as reported by the Select Committee of the House, be taken into consideration;
- (b) that the Bill as reported by the Select Committee of the House, be recommitted to the same Select Committee or to a new Select Committee, either—
  - (i) without limitation, or
  - (ii) with respect to particular clauses or amendments only, or
  - (iii) with instructions to the Committee to make some particular or additional provision in the Bill; or
- (c) that the Bill as reported by the Select Committee of the House, be circulated or recirculated, as the case may be, for the purpose of eliciting opinion or further opinion thereon:

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

তবে শর্ত থাকে যে, কোন সংশোধন অথবা সিলেক্ট কমিটি নিয়োগের জন্য এই নিয়মমতে প্রস্তাব উত্থাপন করা হইলে, যে-কোন সদস্য এইরূপ প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন যে, বিধেয়কটি যে সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করা হইবে সেই কমিটিকে, বিধেয়কের মধ্যে কোন বিশেষ বা অতিরিক্ত বিধান যোগ করিবার জন্য এবং প্রয়োজনমত বা সুবিধামত বিধেয়কে বা মূল আইনে যে সংশোধন করিতে চাওয়া হয় সেই সংশোধনী প্রস্তাব বিবেচনা করার এবং ঐ সম্পর্কে প্রতিবেদন দেওয়ার জন্য সভা নির্দেশ দিতেছেন।

৭৭। বিধেয়কের ভারপ্রাপ্ত সদস্য ব্যতীত অন্য কোন সদস্য বিধেয়ক সম্পর্কে বিবেচনা করা হউক বা উহা গৃহীত হউক বলিয়া কোন প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন না এবং বিধেয়কটি সভার সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করা হউক বা তৎসম্পর্কে মতামত সংগ্রহের জন্য প্রচার করা হউক বলিয়া কোন প্রস্তাব, বিধেয়কের ভারপ্রাপ্ত সদস্য ভিন্ন অন্য কোন সদস্য উত্থাপন করিতে পারিবেন না, কিন্তু ভারপ্রাপ্ত সদস্য কর্তৃক উত্থাপিত প্রস্তাবের সংশোধন হিসাবে কোন প্রস্তাব, অন্য কোন সদস্য উত্থাপন করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, কোন বিধেয়কের ভারপ্রাপ্ত সদস্য অধ্যক্ষ পর্যাপ্ত বলিয়া মনে করেন সেরূপ কারণবশত বিধেয়ক উত্থাপনের পর যে-কোন পর্যায়ে, বিধেয়ক সম্পর্কিত পরবর্তী প্রস্তাব উত্থাপন করিতে অসমর্থ হইলে, অধ্যক্ষের অনুমোদনক্রমে তিনি ঐ বিশেষ প্রস্তাবটি উত্থাপন করিবার জন্য অন্য কোন সদস্যকে প্রাধিকার দিতে পারিবেন।

ব্যাখ্যা—অনুবিধিতে বিধান থাকা সত্ত্বেও যে সদস্য বিধেয়ক উত্থাপিত করেন তিনিই ভারপ্রাপ্ত সদস্যরূপে থাকিবেন।

(বিধেয়ক সম্পর্কে সিলেক্ট কমিটি সংক্রান্ত নিয়মাবলীর জন্য  
এই নিয়মাবলীর ২৫ অধ্যায় দ্রষ্টব্য।)

(গ) সিলেক্ট কমিটি কর্তৃক প্রতিবেদন পেশ করার পরবর্তী কার্যপ্রণালী

- ৭৮। (১) কোন বিধেয়ক সম্পর্কে, সভার সিলেক্ট কমিটি কর্তৃক চূড়ান্ত প্রতিবেদন পেশ করার পর ভারপ্রাপ্ত সদস্য এই মর্মে প্রস্তাব করিতে পারিবেন যে—
- (ক) সভার সিলেক্ট কমিটি কর্তৃক প্রতিবেদনসহ প্রেরিত বিধেয়কটি বিবেচনার্থ গ্রহণ করা হউক; অথবা
- (খ) সভার সিলেক্ট কমিটি কর্তৃক প্রতিবেদনসহ প্রেরিত বিধেয়কটি, পুনরায় একই সিলেক্ট কমিটি বা নূতন সিলেক্ট কমিটির নিকট,
- (i) নিয়ন্ত্রণ ব্যতিরেকে, অথবা
- (ii) কেবল কোন বিশেষ খণ্ড বা সংশোধন সম্পর্কে, অথবা
- (iii) কমিটিকে, বিধেয়কে কোন বিশেষ বা অতিরিক্ত বিধান যোগ করিবার নির্দেশসহ
- প্রেরণ করা হউক; অথবা
- (গ) সভার সিলেক্ট কমিটি কর্তৃক প্রতিবেদনসহ প্রেরিত বিধেয়কটি মতামত বা আরও মতামত সংগ্রহের উদ্দেশ্যে প্রচার করা হউক বা ক্ষেত্রবিশেষে, পুনরায় প্রচার করা হউক :

সিলেক্ট কমিটি কর্তৃক প্রতিবেদন পেশ করার পর যে সমস্ত প্রস্তাব উত্থাপন করা যাইতে পারে।

Provided that any member may object to any such motion being made if a copy of the report has not been made available for the use of members for five days before the day on which the motion is made and such objection shall prevail, unless the Speaker allows the motion to be made.

(2) If the member in charge moves that the Bill as reported by the Select Committee of the House, be taken into consideration, any member may move as an amendment that the Bill be recommitted or be circulated or recirculated for the purpose of eliciting opinion or further opinion thereon.

Scope of  
debate on  
report of  
Select  
Committee.

**79.** The debate on a motion that the Bill as reported by the Select Committee of the House, be taken into consideration shall be confined to consideration of the report of the Committee and the matters referred to in that report or any alternative suggestions consistent with the principle of the Bill.

*(d) Amendments to clauses, etc., and  
Consideration of Bills*

Notice of  
amendments.

**80.** (1) If notice of an amendment to a clause or schedule of the Bill has not been given <sup>1</sup>[one day] before the day on which the Bill is to be considered any member may object to the moving of the amendment, and such objection shall prevail, unless the Speaker allows the amendment to be moved:

Provided that, in the case of a Government Bill, an amendment, of which notice has been received from the member in charge, shall not lapse by reason of the fact that the member in charge has ceased to be a Minister or a member and such amendment shall be printed in the name of the new member in charge of the Bill.

(2) The Principal Secretary shall, if time permits, make available to the members from time to time lists of amendments of which notices have been received.

Conditions of  
admissibility  
of amend-  
ments.

**81.** The following conditions shall govern the admissibility of amendments to clauses or schedules of a Bill:—

- (i) An amendment shall be within the scope of the Bill and relevant to the subject matter of the clause to which it relates.
- (ii) An amendment shall not be inconsistent with any previous decision of the House on the same question.
- (iii) An amendment shall not be such as to make the clause which it proposes to amend unintelligible or ungrammatical.

---

<sup>1</sup> Substituted by Assembly Bulletin-Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

তবে শর্ত থাকে যে, যে তারিখে প্রস্তাব উত্থাপন করা হইবে সেই তারিখের পূর্বে সদস্যগণ যদি প্রতিবেদনের প্রতিলিপি পাঁচ দিনের জন্য ব্যবহারার্থে না পান তবে যে-কোন সদস্য ঐরূপ প্রস্তাব উত্থাপনের বিরুদ্ধে আপত্তি জানাইতে পারিবেন এবং ঐরূপ আপত্তি বহাল থাকিবে যদি না অধ্যক্ষ প্রস্তাবটি উত্থাপন করিবার অনুমতি প্রদান করেন।

(২) যদি ভারপ্রাপ্ত সদস্য সভার সিলেক্ট কমিটি কর্তৃক প্রতিবেদনসহ প্রেরিত বিধেয়কটি বিবেচনার্থ গ্রহণ করা হউক বলিয়া প্রস্তাব করেন তবে যে-কোন সদস্য, বিধেয়কটি পুনরায় সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করা হউক কিংবা ঐ সম্পর্কে মতামত বা আরও মতামত সংগ্রহের উদ্দেশ্যে উহা প্রচার করা হউক বা পুনরায় প্রচার করা হউক বলিয়া সংশোধনী প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন।

৭৯। সভার সিলেক্ট কমিটি কর্তৃক প্রতিবেদনসহ প্রেরিত বিধেয়কটি বিবেচনার্থ গ্রহণের প্রস্তাবের উপর যে বিতর্ক চলিবে তাহা, কমিটির প্রতিবেদন বিবেচনা করা এবং ঐ প্রতিবেদনে উল্লিখিত বিষয়ের মধ্যে অথবা বিধেয়কের মূল নীতির সহিত সামঞ্জস্যপূর্ণ হয় এরূপ কোন বিকল্প জনমত জ্ঞাপনের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

(ঘ) খণ্ড ইত্যাদি সম্পর্কে সংশোধন এবং বিধেয়কসমূহ বিবেচনা করা

৮০। (১) যেদিন বিধেয়কটি বিবেচনা করা হইবে তাহার <sup>১</sup>[এক দিন] পূর্বে বিধেয়কের কোন খণ্ডকরণ বা অনুসূচার সংশোধন সম্পর্কে নোটিশ না দেওয়া হইলে, যে-কোন সদস্য ঐরূপ সংশোধনী প্রস্তাব উত্থাপনের বিরুদ্ধে আপত্তি জানাইতে পারিবেন এবং অধ্যক্ষ সংশোধনী প্রস্তাব উত্থাপনের অনুমতি না দিলে ঐরূপ আপত্তি বহাল থাকিবে :

তবে শর্ত থাকে যে, কোন সরকারী বিধেয়কের ক্ষেত্রে, ভারপ্রাপ্ত সদস্যের নিকট হইতে যে সংশোধনী প্রস্তাব সম্পর্কে নোটিশ পাওয়া গিয়াছে সেই সংশোধনী প্রস্তাব কেবল এই কারণে বাতিল হইবে না যে, উক্ত ভারপ্রাপ্ত সদস্য আর মন্ত্রী বা সদস্য পদে অধিষ্ঠিত নহেন এবং ঐরূপ সংশোধনী প্রস্তাব বিধেয়কের নূতন ভারপ্রাপ্ত সদস্যের নামে মুদ্রিত হইবে।

(২) যে সকল সংশোধনী প্রস্তাব সম্পর্কে নোটিশ পাওয়া গিয়াছে সময় থাকিলে প্রধান সচিব, সেই সকল সংশোধনী প্রস্তাবের তালিকা মাঝে মাঝে সদস্যগণ যাহাতে পান তাহার ব্যবস্থা করিবেন।

৮১। কোন বিধেয়কের খণ্ড বা অনুসূচী সম্পর্কে কোন সংশোধনী প্রস্তাব গ্রাহ্য হওয়া নিম্নলিখিত শর্তাবলী দ্বারা নিয়ন্ত্রিত হইবে :—

- (i) সংশোধনী প্রস্তাব বিধেয়কের বিষয়-পরিধির মধ্যে এবং যে খণ্ড সম্পর্কে সংশোধন করা হইবে তাহার বিষয়বস্তুর সহিত সঙ্গতিপূর্ণ হইতে হইবে।
- (ii) কোন সংশোধন পূর্ববর্তী কোন সংশোধনের ফলে একই বিষয় সম্পর্কে সভা পূর্বেই যে সিদ্ধান্ত করিয়াছেন তাহার সহিত অসামঞ্জস্যপূর্ণ হইতে পারিবে না।
- (iii) কোন সংশোধন এমন হইতে পারিবে না যাহার ফলে, যে খণ্ডটি সংশোধনের প্রস্তাব করা হয় তাহা অবোধ্য বা ব্যাকরণবিরুদ্ধ হইয়া পড়ে।

সংশোধনী প্রস্তাব  
গ্রাহ্য হইবার  
শর্তাবলী।

<sup>১</sup> ২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।



RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

- (iv) If an amendment refers to, or is not intelligible without a subsequent amendment or schedule, notice of the subsequent amendment or schedule shall be given before the first amendment is moved, so as to make the series of amendments intelligible as a whole.
- (v) The Speaker shall determine the place at which an amendment shall be moved.
- (vi) The Speaker may refuse to propose an amendment which is, in his opinion, frivolous or meaningless.
- (vii) An amendment may be moved to an amendment which has already been proposed.

President's sanction or Governor's recommendation to amendment.

**82.** If notice is given of an amendment which under the Constitution cannot be moved without the previous sanction of the President or recommendation of the Governor and unless such previous sanction or recommendation has been intimated, the Speaker shall, as soon as may be after the receipt of the notice, refer the amendment to the Governor for obtaining the sanction of the President or for his recommendation, as the case may be, and the notice shall not be valid unless the Governor has indicated that the previous sanction or recommendation required has been granted:

Provided that no previous sanction or recommendation of the Governor shall be required, if an amendment seeks to—

- (a) abolish or reduce the limits of the tax proposed in the Bill or amendment, or
- (b) increase such tax up to the limits of an existing tax.

Communication of the order of President or Governor in respect of amendment.

**83.** The order of the President or the Governor granting or withholding the sanction or recommendation, as the case may be, to an amendment to a Bill shall be communicated to the Principal Secretary by the Minister concerned in writing.

Arrangement of amendments.

**84.** Amendments of which notice has been given shall, as far as practicable, be arranged in the list of amendments, issued from time to time, in the order in which they may be called. In arranging amendments raising the same question at the same point of a clause, precedence may be given to an amendment moved by the member in charge of the Bill. Subject as aforesaid, amendments may be arranged in the order in which notices thereof are received.

Order of amendments.

**85.** (1) Amendments shall ordinarily be considered in the order of the clauses of the Bill to which they respectively relate and in respect of any such clause a motion shall be deemed to have been made: "That this clause do stand part of the Bill".

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

- (iv) যদি কোন সংশোধনে পরবর্তী কোন সংশোধন বা অনুসূচী সম্পর্কে উল্লেখ করা হয় কিংবা ঐরূপ সংশোধন বা অনুসূচী ব্যতিরেকে উক্ত সংশোধন বোধগম্য না হয় তাহা হইলে, ধারাবাহিকভাবে সংশোধনসমূহ যাহাতে সামগ্রিকভাবে বোধগম্য হয় তদুদ্দেশ্যে প্রথমোক্ত সংশোধন উত্থাপন করিবার পূর্বে, ঐরূপ পরবর্তী সংশোধন বা অনুসূচী সম্পর্কে নোটিশ দিতে হইবে।
- (v) কোন স্থলে সংশোধনী প্রস্তাব উত্থাপিত হইবে তাহা অধ্যক্ষ নির্ধারণ করিয়া দিবেন।
- (vi) অধ্যক্ষ, কোন সংশোধনী প্রস্তাব অসার বা অর্থহীন [অবোধ্য বা ব্যাকরণ-বিরুদ্ধ] বলিয়া মনে করিলে, তাহা উত্থাপন করিতে দিতে অস্বীকার করিতে পারিবেন।
- (vii) ইতঃপূর্বে প্রস্তাবিত কোন সংশোধনের উপরও সংশোধনী প্রস্তাব উত্থাপন করা যাইবে।

৮২। যদি এমন কোন সংশোধনী প্রস্তাবের নোটিশ দেওয়া হয় যাহা সংবিধানমতে রাষ্ট্রপতির অনুমোদন বা রাজ্যপালের সুপারিশ পূর্বে না লইয়া উত্থাপন করিতে পারা যায় না এবং যদি ঐরূপ পূর্বানুমোদন বা সুপারিশ জ্ঞাপন করা না হয় তাহা হইলে অধ্যক্ষ, ঐরূপ নোটিশ পাওয়ার পর যত্নীয় সম্ভব, ঐরূপ সংশোধনী প্রস্তাব, রাষ্ট্রপতির অনুমোদন বা স্থলবিশেষে রাজ্যপালের সুপারিশলাভের জন্য রাজ্যপালের নিকট প্রেরণ করিবেন এবং ঐরূপ প্রয়োজনীয় পূর্বানুমোদন বা সুপারিশ প্রদান করা হইয়াছে বলিয়া রাজ্যপাল না জানাইলে উক্ত নোটিশ সিদ্ধ হইবে না :

সংশোধনী প্রস্তাব সম্পর্কে রাষ্ট্রপতির অনুমোদন বা রাজ্যপালের সুপারিশ।

তবে শর্ত থাকে যে, রাজ্যপালের পূর্বানুমোদন বা সুপারিশ প্রয়োজন হইবে না যদি সংশোধনীটি—

(ক) বিধেয়ক বা সংশোধনীতে প্রস্তাবিত করের সীমা হ্রাস বা বিলোপ করিবার প্রস্তাব করে, অথবা

(খ) বর্তমান করের সীমা পর্যন্ত কোন কর বৃদ্ধির প্রস্তাব করে।

৮৩। বিধেয়কের কোন সংশোধন সম্পর্কে অনুমোদন দান বা সুপারিশ স্থগিত রাখা সম্পর্কে রাষ্ট্রপতি বা ক্ষেত্রবিশেষে, রাজ্যপালের আদেশ সংশ্লিষ্ট মন্ত্রী লিখিতভাবে প্রধান সচিবকে জানাইয়া দিবেন।

সংশোধনী প্রস্তাব সম্পর্কে রাষ্ট্রপতির বা রাজ্যপালের আদেশ জ্ঞাপন।

৮৪। যেসব সংশোধন সম্পর্কে নোটিশ দেওয়া হইয়াছে সেই সংশোধনসমূহ, যে ক্রমে ডাকা হইবে সেই ক্রমানুসারে সময় সময় প্রচারিত সংশোধন তালিকায় যতদূর সম্ভব সাজাইতে হইবে। কোন খণ্ডের একই বিষয়ের উপর একই প্রশ্ন উত্থাপন করিয়া যে সকল সংশোধনী প্রস্তাব দেওয়া হয় সেগুলির বিন্যাসের বেলা বিধেয়কের ভারপ্রাপ্ত সদস্য কর্তৃক উত্থাপিত সংশোধনী প্রস্তাবকে অগ্রাধিকার দেওয়া যাইবে। পূর্বে যেরূপ বলা হইয়াছে তাহা বজায় রাখিয়া, সংশোধন সম্পর্কিত নোটিশগুলি যে ক্রমে পাওয়া গিয়াছে সেই ক্রমানুসারে সংশোধনগুলি বিন্যস্ত করিতে হইবে।

সংশোধনী প্রস্তাবের বিন্যাস।

৮৫। (১) সংশোধনসমূহ বিধেয়কের যে যে খণ্ডের সহিত সম্পর্কিত সাধারণত সেইসব খণ্ডের ক্রমানুসারে ঐগুলি পর পর বিবেচিত হইবে; এবং বিবেচিত হওয়ার পর ঐরূপ যে-কোন খণ্ড সম্পর্কে ঐরূপ প্রস্তাব করা হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে যে, “এই খণ্ডটি বিধেয়কের অংশ হউক”।

সংশোধনী প্রস্তাবের ক্রম।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

(2) The Speaker may, if he thinks fit, put as one question similar amendments to a clause:

Provided that if a member requests that any amendment be put separately, the Speaker shall put that amendment separately.

Mode of moving amendments.

**86.** When a motion that a Bill be taken into consideration has been carried, any member may, when called upon by the Speaker, move an amendment to the Bill of which he has previously given notice:

Provided that in order to save time and repetition of arguments, a single discussion may be allowed to cover a series of inter-dependent amendments.

Withdrawal of amendments.

**87.** An amendment moved may, by leave of the House, but not otherwise, be withdrawn on the request of the member moving it. If an amendment has been proposed to an amendment, the original amendment shall not be withdrawn until the amendment proposed to it has been disposed of.

Submission of Bill clause by clause.

**88.** Notwithstanding anything contained in these rules, the Speaker may, when a motion that a Bill be taken into consideration has been carried, submit the Bill, or any part of the Bill to the House clause by clause. The Speaker may call each clause separately, and, when the amendments relating to it have been dealt with, shall put the question: "That this clause (or, that this clause as amended, as the case may be) do stand part of the Bill".

Postponement of clause.

**89.** The Speaker may, if he thinks fit, postpone the consideration of a clause.

Consideration of schedule.

**90.** The consideration of the schedule or schedules, if any, shall follow the consideration of clauses. Schedules shall be put from the Chair, and may be amended, in the same manner as clauses, and the consideration of new schedules shall follow the consideration of the original schedules. The question shall then be put: "That this schedule (or, that this schedule as amended, as the case may be) do stand part of the Bill":

Provided that the Speaker may allow the schedule or schedules, if any, being considered before the clauses are disposed of or along with a clause or otherwise as he may think fit.

Voting on group of clauses and schedules.

**91.** The Speaker may, if he thinks fit, put as one question clauses and/or schedules, or clauses and/or schedules as amended, as the case may be, together to the vote of the House:

Provided that if a member requests that any clause or schedule, or any clause or schedule as amended, as the case may be, be put separately, the Speaker shall put that clause or schedule, or clause or schedule as amended, as the case may be, separately.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(২) অধ্যক্ষ, যদি উচিত মনে করেন তবে, কোন খণ্ড সম্পর্কে একই ধরনের সংশোধনী প্রস্তাবসমূহ একটি প্রশ্ন হিসাবে রাখিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, কোন সদস্য কোন একটি সংশোধনী প্রস্তাব পৃথকভাবে উত্থাপন করিবার জন্য অনুরোধ করিলে, অধ্যক্ষ উক্ত সংশোধনী প্রস্তাব পৃথকভাবে মতামত গ্রহণের জন্য তুলিবেন।

৮৬। কোন বিধেয়ক বিবেচনার্থ গ্রহণ করা হউক বলিয়া প্রস্তাব গৃহীত হইলে, কোন সদস্য, যিনি উক্ত বিধেয়ক সম্পর্কে সংশোধনী প্রস্তাবের নোটিশ পূর্বে দিয়াছেন, তিনি সেই সংশোধনী প্রস্তাব, অধ্যক্ষ যখন তাঁহাকে আহ্বান করিবেন তখন উত্থাপন করিতে পারিবেন :

সংশোধনী প্রস্তাব উত্থাপন করার পদ্ধতি।

তবে শর্ত থাকে যে, সময় বাঁচাইবার জন্য এবং যুক্তিতর্কের পুনরাবৃত্তি যাহাতে না হয় তাহার জন্য পরস্পর নির্ভরশীল শ্রেণীবদ্ধ সংশোধনসমূহ যাহাতে একবারের আলোচনাতেই সম্পন্ন হইতে পারে তাহার অনুমতি দেওয়া যাইবে।

৮৭। যে সংশোধনী প্রস্তাব উত্থাপন করা হইয়াছে তাহা, সভার অনুমতিক্রমে কিন্তু অন্য কোন প্রকারে নহে, উত্থাপনকারী সদস্যের অনুরোধে প্রত্যাহার করা যাইতে পারে, সংশোধনের উপর কোন সংশোধনী প্রস্তাব করা হইয়া থাকিলে, প্রস্তাবিত ঐ সংশোধন সম্পর্কে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত মূল সংশোধনী প্রস্তাবটি প্রত্যাহার করা চলিবে না।

সংশোধনী প্রস্তাব প্রত্যাহার।

৮৮। এই নিয়মাবলীতে যাহাই থাকুক না কেন, কোন বিধেয়ক বিবেচনার্থ গ্রহণ করার প্রস্তাব গৃহীত হওয়ার পর, অধ্যক্ষ একটির পর একটি খণ্ড ধরিয়া বিধেয়কটি বা উহার কোন অংশ সভায় পেশ করিতে পারিবেন। অধ্যক্ষ প্রত্যেক খণ্ড পৃথক পৃথকভাবে আলোচনার জন্য ডাকিতে পারিবেন এবং ঐ সম্পর্কিত সংশোধন-সমূহের আলোচনা শেষ হইবার পর মতামত গ্রহণের জন্য বিষয়টি এইভাবে রাখিবেন : “এই খণ্ডটি (কিংবা ক্ষেত্রবিশেষে, এই সংশোধিত খণ্ডটি) বিধেয়কের অংশ হউক”।

বিধেয়কের প্রতি খণ্ড পৃথক পৃথকভাবে পেশ।

৮৯। অধ্যক্ষ উচিত মনে করিলে কোন খণ্ড সম্পর্কে বিবেচনা স্থগিত রাখিতে পারিবেন।

খণ্ড সম্পর্কে বিবেচনা স্থগিত রাখা।

৯০। যদি কোন অনুসূচী বা অনুসূচীসমূহ থাকে, খণ্ডসমূহ বিবেচনার পর সেগুলি বিবেচনা করা হইবে। অধ্যক্ষ অনুসূচীসমূহ তুলিবেন এবং খণ্ডগুলি যে রীতিতে সংশোধন করা হয় অনুসূচীসমূহও সেই একই রীতিতে সংশোধিত হইবে এবং মূল অনুসূচীসমূহ বিবেচনা করার পর নূতন অনুসূচীসমূহ বিবেচনা করা হইবে। অতঃপর বিষয়টি এইভাবে উত্থাপন করা হইবে : “এই অনুসূচীটি (অথবা ক্ষেত্রবিশেষে এই সংশোধিত অনুসূচীটি) বিধেয়কের অংশ হউক” :

অনুসূচীর বিবেচনা।

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ কোন অনুসূচী বা অনুসূচীসমূহ, খণ্ডসমূহ গ্রহণের পূর্বে অথবা কোন খণ্ডসহ অথবা তিনি যেরূপ উচিত মনে করেন সেইভাবে আলোচনার জন্য অনুমতি দিতে পারেন।

৯১। অধ্যক্ষ উচিত মনে করিলে, খণ্ডসমূহ এবং/অথবা অনুসূচীসমূহ কিংবা স্থলবিশেষে সংশোধিত খণ্ডসমূহ এবং/অথবা অনুসূচীসমূহ একত্রে একটি প্রশ্ন হিসাবে সভায় ঐ সম্পর্কে ভোট লইতে পারিবেন :

খণ্ড ও অনুসূচীসমূহের উপর ভোট।

তবে শর্ত থাকে যে, যদি কোন সদস্য অনুরোধ করেন যে কোন খণ্ড বা অনুসূচী কিংবা স্থলবিশেষে সংশোধিত খণ্ড বা সংশোধিত অনুসূচী পৃথকভাবে ভোটে দেওয়া হউক তবে অধ্যক্ষ, উক্ত খণ্ড বা অনুসূচী কিংবা ক্ষেত্রবিশেষে সংশোধিত খণ্ড বা অনুসূচী পৃথকভাবে ভোটে দিবেন।

Clause one, Enacting Formula, Preamble and Title.

**91A.** Clause one, the Enacting Formula, the Preamble, if any, and the Title of the Bill shall stand postponed until the other clauses and schedules (including new clauses and new schedules) have been disposed of and the Speaker shall then put the question:

“That Clause one, or the Enacting Formula, or the Preamble or the Title (or, that Clause one, Enacting Formula, Preamble or Title as amended, as the case may be) do stand part of the Bill”.

*(e) Passing of Bills*

Passing of Bills.

**92.** (1) When a motion that a Bill be taken into consideration has been carried and no amendment of the Bill is made, the member in charge may at once move that the Bill be passed.

(2) Where a Bill has undergone amendments the motion that the Bill as settled in the House be passed shall not be moved on the same day on which the consideration of the Bill is concluded, unless the Speaker allows the motion to be made.

(3) To such a motion no amendment may be moved which is not either formal, verbal or consequential upon an amendment made after the Bill was taken into consideration.

Scope of debate.

**93.** The discussion on a motion that the Bill or the Bill as settled in the House, as the case may be, be passed shall be confined to the submission of arguments either in support of the Bill or for the rejection of the Bill. In making his speech a member shall not refer to the details of the Bill further than is necessary for the purpose of his arguments which shall be of a general character.

Correction of patent errors.

**94.** Where a Bill is passed by the House, the <sup>1</sup>[Speaker] shall have power to correct patent errors and make such other changes in the Bill as are consequential upon the amendments accepted by the House.

**95.** *[Transmission to Council of Bills passed by House.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**96.** *[Message regarding Bills other than Money Bills.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**97.** *[Rejection of Bill by Council and non-receipt of message from Council.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

---

<sup>1</sup> Substituted by Assembly Bulletin-Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৯১ক। যতক্ষণ না অন্যান্য খণ্ড এবং অনুসূচীসমূহ (নূতন খণ্ড এবং নূতন অনুসূচী-  
সহ) সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত হইতেছে ততক্ষণ পর্যন্ত বিধেয়কের খণ্ড এক, বিধিবদ্ধকরণ  
সূত্র, প্রস্তাবনা, যদি থাকে, এবং শিরোনাম সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ স্থগিত থাকিবে এবং  
তারপর অধ্যক্ষ বিষয়টি মতামত গ্রহণের জন্য উত্থাপন করিবেন এই মর্মে যে—

খণ্ড এক,  
বিধিবদ্ধকরণ সূত্র,  
প্রস্তাবনা এবং  
শিরোনাম।

“খণ্ড এক, বা বিধিবদ্ধকরণ সূত্র, বা প্রস্তাবনা বা শিরোনাম (অথবা ক্ষেত্রবিশেষে  
খণ্ড এক, বিধিবদ্ধকরণ সূত্র, প্রস্তাবনা বা শিরোনাম, যেরূপে সংশোধিত হইয়াছে  
সেইরূপেই) বিধেয়কের অংশ হউক।”

### (ঙ) বিধেয়ক গ্রহণ

৯২। (১) বিধেয়ক বিবেচনার জন্য গ্রহণ করা হউক বলিয়া কোন প্রস্তাব গৃহীত হইলে এবং বিধেয়ক সম্পর্কে কোন সংশোধনী প্রস্তাব না থাকিলে ভারপ্রাপ্ত সদস্য  
বিধেয়কটি গৃহীত হউক বলিয়া অবিলম্বে প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন।

বিধেয়ক গৃহীত  
হওয়া।

(২) কোন বিধেয়ক সংশোধন করার থাকিলে, সভায় যেরূপ স্থিরীকৃত হইয়াছে  
সেইরূপে ঐ বিধেয়ক গৃহীত হউক বলিয়া কোন প্রস্তাব, যেদিন বিধেয়ক সম্পর্কিত  
বিবেচনা সমাপ্ত হয় সেই একই দিনে যদি অধ্যক্ষ উত্থাপনের অনুমতি না দেন তবে  
উত্থাপন করা যাইবে না।

(৩) ঐ প্রস্তাবের উপর নিয়মমাফিক, বাচনিক বা বিধেয়ক বিবেচনার জন্য গ্রহণ  
করিবার পর উত্থাপিত কোন সংশোধনের পরিণামস্বরূপ নহে এরূপ কোন সংশোধনী  
প্রস্তাব উত্থাপন করা যাইবে না।

৯৩। বিধেয়কটি বা ক্ষেত্রবিশেষে, সভায় যেরূপে স্থিরীকৃত হইয়াছে সেইরূপে  
বিধেয়কটি গৃহীত হউক বলিয়া কোন প্রস্তাবের উপর যে আলোচনা চলিবে তাহা,  
বিধেয়কটি সমর্থন বা অগ্রাহ্য করার পক্ষে যুক্তিতর্ক পেশ করার মধ্যেই সীমাবদ্ধ থাকিবে।  
কোন সদস্য বক্তৃতা করিবার সময়, তাঁহার যুক্তিতর্কের জন্য যতটুকু প্রয়োজন তাহার  
বেশি, বিধেয়কের খুঁটিনাটি বিষয় সম্পর্কে উল্লেখ করিতে পারিবেন না এবং তাহাও  
সাধারণভাবে করিতে হইবে।

বিতর্কের  
বিষয়পরিধি।

৯৪। কোন বিধেয়ক সভায় গৃহীত হইবার পর ঐ বিধেয়কে স্পষ্টত প্রতীয়মান ভুল  
সংশোধন করিবার এবং সভায় গৃহীত সংশোধনসমূহের ফলস্বরূপ বিধেয়কে অন্য যেসব  
পরিবর্তন করা প্রয়োজন হয় তাহা করিবার ক্ষমতা<sup>১</sup> [অধ্যক্ষের] থাকিবে।

স্পষ্টত প্রতীয়মান  
ভুলের সংশোধন।

৯৫। হইতে ৯৭। [২৯শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয়  
খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]

<sup>১</sup> ২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের, ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

*(f) Bills other than Money Bills  
returned by the Council*

**98.** *[Bills returned with amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**99.** *[Notice of motion for consideration of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**100.** *[Procedure on consideration of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**101.** *[Disposal of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**102.** *[Transmission to Council of Bill for second time.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**103.** *[Rejection of Bill by Council and non-receipt of message from Council in respect of a Bill passed by House for the second time.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**104.** *[Bill transmitted to Council for second time and returned by Council after amendment.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

*(g) Money Bills returned by the Council*

**105.** *[Money Bill returned without recommendation.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**106.** *[Money Bill returned with recommendation.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**107.** *[Notice of motion for consideration of amendments recommended by Council.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**108.** *[Procedure on consideration of amendments recommended by Council.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**109.** *[Disposal of amendment recommended by Council.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৯৮। হইতে ১০৯। [২৯শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয়  
খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]



*(h) Adjournment of debate on and  
withdrawal and removal of Bills*

Adjournment  
of debate on  
Bill.

**110.** At any stage of a Bill which is under discussion in the House, a motion that the debate on the Bill be adjourned may be moved with the consent of the Speaker.

Withdrawal of  
Bill.

**111.** The member in charge of a Bill may at any stage of the Bill move for leave to withdraw the Bill on the ground that—

- (a) the legislative proposal contained in the Bill is to be dropped; or
- (b) the Bill is to be replaced subsequently by a new Bill which substantially alters the provisions contained therein; or
- (c) the Bill is to be replaced subsequently by another Bill which includes all or any of its provisions in addition to other provisions;

and if such leave is granted no further motion shall be made with reference to the Bill:

Provided that where a Bill is under consideration by a Select Committee of the House, notice of any motion for the withdrawal of the Bill shall automatically stand referred to the Committee and after the Committee has expressed its opinion in a report to the House, the motion shall be set down in the list of business.

Explanatory  
statement by  
Member who  
moves or  
opposes with-  
drawal  
motion.

**112.** If a motion for leave to withdraw a Bill is opposed, the Speaker may, if he thinks fit, permit the member who moves and the member who opposes the motion to make brief explanatory statements and may thereafter, without further debate, put the question.

Removal of  
Bill from  
Register of  
Bills.

**113.** (1) Where any of the following motions made by the member in charge under these rules in regard to a Bill is rejected by the House, no further motion shall be made with reference to the Bill and such Bill shall be removed from the Register of Bills pending in the House for the session:—

- (i) that leave be granted to introduce the Bill;
- (ii) that the Bill be referred to a Select Committee;
- (iii) that the Bill be taken into consideration;
- (iv) that the Bill as reported by Select Committee of the House be taken into consideration; and
- <sup>1</sup>(v) that the Bill or, that the Bill as amended, be passed.]

---

<sup>1</sup> Substituted by Assembly Bulletin-Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(জ) বিধেয়কের উপর বিতর্ক মূলতুবী রাখা এবং বিধেয়ক প্রত্যাহার ও অপসারণ

১১০। সভায় আলোচনাধীন বিধেয়কের যে-কোন পর্যায়ে, বিধেয়ক সম্পর্কে বিতর্ক বিধেয়কের উপর স্থগিত রাখা হউক বলিয়া কোন প্রস্তাব অধ্যক্ষের অনুমতিক্রমে উত্থাপন করা চলিবে। বিতর্ক মূলতুবী।

১১১। কোন বিধেয়কের ভারপ্রাপ্ত সদস্য ঐ বিধেয়কের যে-কোন পর্যায়ে, উহা এই বিধেয়ক প্রত্যাহার। কারণে প্রত্যাহার করিবার অনুমতি চাহিয়া প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন যে—

- (ক) বিধেয়কের অন্তর্গত বিধানিক প্রস্তাবটি বাদ দিতে হইবে; কিংবা
- (খ) এই বিধেয়কের স্থলে পরে নূতন একটি বিধেয়ক আনা হইবে যাহার দ্বারা প্রথমোক্ত বিধেয়কের বিধানাবলী বহুলাংশে পরিবর্তিত হইবে; অথবা
- (গ) এই বিধেয়কের স্থলে পরে এরূপ আর একটি বিধেয়ক আনা হইবে যে বিধেয়কে অন্যান্য বিধানাবলী ছাড়াও প্রথমোক্ত বিধেয়কের সমস্ত বা যে-কোন বিধান অন্তর্ভুক্ত থাকিবে;

এবং এরূপ অনুমতি দেওয়া হইলে, ঐ বিধেয়ক সম্পর্কে আর কোন প্রস্তাব উত্থাপন করা চলিবে না :

তবে শর্ত থাকে যে, কোন বিধেয়ক সভার সিলেক্ট কমিটির বিবেচনাধীন থাকিলে, ঐ বিধেয়ক প্রত্যাহারের জন্য যে-কোন প্রস্তাবের নোটিশ আপনা হইতেই কমিটির নিকট প্রেরিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং কমিটি তাহার মতামত সভার নিকট প্রেরিত প্রতিবেদনে ব্যক্ত করার পর ঐ প্রস্তাবটি কার্যতালিকায় অন্তর্ভুক্ত হইবে।

১১২। বিধেয়ক প্রত্যাহার করার অনুমতির জন্য কোন প্রস্তাবের বিরোধিতা করা হইলে অধ্যক্ষ, যদি উচিত মনে করেন তবে, যে সদস্য প্রস্তাব উত্থাপন করিবেন এবং যে সদস্য উহার বিরোধিতা করিবেন তাঁহাদের সংক্ষেপে ব্যাখ্যামূলক বিবৃতি দিবার অনুমতি দিতে পারিবেন এবং অতঃপর আর কোন বিতর্ক চলিতে না দিয়া মতামত গ্রহণের জন্য বিষয়টি তুলিবেন। প্রত্যাহার প্রস্তাব যে সদস্য উত্থাপন করিবেন অথবা বিরোধিতা করিবেন তাঁহাদের ব্যাখ্যামূলক বিবৃতি।

১১৩। (১) ভারপ্রাপ্ত সদস্য কর্তৃক এই নিয়মাবলীমতে কোন বিধেয়ক সম্পর্কে উত্থাপিত নিম্নোক্ত যে-কোন প্রস্তাব সভা বাতিল করিলে, ঐ বিধেয়ক সম্পর্কে আর কোন প্রস্তাব উত্থাপন করা চলিবে না এবং বিধেয়কটি ঐ অধিবেশনে সভার অপেক্ষমান বিধেয়কের রেজিস্টার বহি হইতে অপসারিত করা হইবে :—

- (i) বিধেয়কটি উত্থাপনের অনুমতি দেওয়া হউক;
- (ii) বিধেয়কটি সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করা হউক;
- (iii) বিধেয়কটি বিবেচনার জন্য গ্রহণ করা হউক;
- (iv) সভার সিলেক্ট কমিটি প্রতিবেদনসহ বিধেয়কটি যেরূপে প্রেরণ করিয়াছেন সেইরূপে বিধেয়কটি বিবেচনার জন্য গ্রহণ করা হউক; এবং
- †[(v) বিধেয়কটি বা, বিধেয়কটি যেরূপে সংশোধিত হইয়াছে, তাহা গৃহীত হউক।]

† ২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

(2) A Bill pending before the House shall also be removed from the Register of Bills pending in the House in case a Bill substantially identical is passed by the House or the Bill is withdrawn under rule 111.

**Explanation.**—A Bill pending before the House shall include—

- (i) a Bill introduced in the House which does not fall within the categories of Bills mentioned in this rule or rule 114; and
- (ii) a Bill returned by the Governor with a message under Article 200 or Article 201 of the Constitution.

Special provision for removal of private members' Bill from Register of Bills.

**114.** A private member's Bill pending before the House shall also be removed from the Register of Bills pending in the House in case—

- (a) the member in charge ceases to be a member of the House;
- (b) the member in charge is appointed a Minister.

## [II. BILLS ORIGINATING IN THE COUNCIL AND TRANSMITTED TO THE HOUSE.]

**115.** [*Laying of the Bill on the Table.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**116.** [*Notice.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**117.** [*Motion for consideration.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**118.** [*Discussion.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**119.** [*Reference to Select Committee.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**120.** [*Consideration and passing of Bills.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(২) যে ক্ষেত্রে বহুলাংশে অভিন্নরূপ কোন বিধেয়ক সভা কর্তৃক গৃহীত হয় বা ১১১ নিয়মমতে বিধেয়ক প্রত্যাহার করিয়া থাকিলে, সে ক্ষেত্রে সভার নিকট অনিষ্পন্ন অবস্থায় থাকা ঐরূপ বিধেয়ক, সভার নিষ্পত্তিসাপেক্ষ বিধেয়কের রেজিস্টার বহি হইতে অপসারিত হইবে।

ব্যাখ্যা—সভার নিকট অনিষ্পন্ন অবস্থায় থাকা বিধেয়ক বলিতে উহার মধ্যে পড়িবে—

- (i) এই নিয়মে কিংবা ১১৪ নিয়মে উল্লিখিত বিধেয়কের শ্রেণীতে পড়ে না সভায় উত্থাপিত ঐরূপ কোন বিধেয়ক।
- (ii) সংবিধানের ২০০ অথবা ২০১ অনুচ্ছেদমতে বার্তাসহ রাজ্যপাল কর্তৃক ফেরত পাঠানো কোন বিধেয়ক।

১১৪। সভার নিকট অনিষ্পন্ন অবস্থায় থাকা কোন বেসরকারী সদস্যের বিধেয়কও সভায় নিষ্পত্তিসাপেক্ষ বিধেয়কের রেজিস্টার বহি হইতে অপসারিত হইবে, যদি,—

- (ক) ভারপ্রাপ্ত সদস্য সভার আর সদস্য না থাকেন;
- (খ) ভারপ্রাপ্ত সদস্য মন্ত্রী নিযুক্ত হন।

বিধেয়কের  
রেজিস্টার বহি  
হইতে বেসরকারী  
সদস্যের  
বিধেয়কের  
অপসারণের  
বিশেষ বিধান।

১১৫। হইতে ১২০। [২৯শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]

## RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

**121.** *[Bill passed without amendment.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**122.** *[Bill passed with amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**123.** *[Procedure consequent on consideration of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**124.** *[Motion for consideration of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**125.** *[Procedure on consideration of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**126.** *[Disposal of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**127.** *[Disagreement between Houses.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**128.** *[Rejection of Bill.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

### III. AUTHENTICATION OF BILLS

Authentication  
of Bills.

**129.** (1) When a Bill is passed by the House, the Bill shall be signed in triplicate by the Speaker and presented to the Governor:

Provided that in the absence of the Speaker, the Deputy Speaker may, in case of urgency, authenticate the Bill on behalf of the Speaker.

(2) One copy of the Bill assented to by the Governor or by the President, as the case may be, shall be preserved for verification and record and shall not be allowed to pass out of the custody of the House without the permission of the Speaker.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১২১। হইতে ১২৮। [২৯শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]

### III. বিধেয়কসমূহের প্রমাণীকরণ

১২৯। (১) যখন কোন বিধেয়ক সভা কর্তৃক গৃহীত হয় তখন ঐ বিধেয়কের তিন কপি অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হইবে এবং রাজ্যপালের নিকট পেশ করা হইবে : বিধেয়কসমূহের প্রমাণীকরণ।

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষের অনুপস্থিতিতে জরুরী প্রয়োজনে উপাধ্যক্ষ অধ্যক্ষের পক্ষে ঐ বিধেয়ক প্রমাণীকৃত করিতে পারিবেন।

(২) রাজ্যপালের বা ক্ষেত্রবিশেষে রাষ্ট্রপতির সম্মতিপ্রাপ্ত বিধেয়কের একটি কপি সত্যাখ্যানের (verification) এবং নথি হিসাবে রাখার জন্য সংরক্ষিত থাকিবে এবং অধ্যক্ষের অনুমতি ছাড়া উহা সভার হেপাজতের বাহিরে লইয়া যাইতে দেওয়া হইবে না।

IV. RECONSIDERATION OF BILLS  
RETURNED BY THE GOVERNOR

Message of  
Governor.

**130.** (1) When a Bill passed by the House is returned to the House by the Governor with a message requesting that the House should reconsider the Bill or any specified provisions thereof or any such amendments as are recommended in his message, the Speaker shall read the message of the Governor in the House if in session, or if the House is not in session, direct that it may be published in the Bulletin for the information of the members.

(2) The Bill as passed by the House and returned by the Governor for reconsideration shall thereafter be laid on the Table.

Notice of  
motion for  
consideration  
of  
amendments.

**131.** At any time after the Bill has been so laid on the Table, any Minister in the case of a Government Bill, or, in any other case, any member may give notice of his intention to move that the amendments recommended by the Governor be taken into consideration.

Motion for  
consideration.

**132.** On the day on which the motion for consideration is set down in the list of business which shall, unless the Speaker otherwise directs, be not less than two days from the receipt of the notice, the member giving notice may move that the amendments be taken into consideration.

Scope of  
debate.

**133.** The debate on such a motion shall be confined to consideration of matters referred to in the message of the Governor or to any suggestion relevant to the subject matter of the amendments recommended by the Governor.

Consideration  
of  
amendments.

**134.** If the motion that the amendments recommended by the Governor be taken into consideration is carried, the Speaker shall put the amendments to the House in such manner as he thinks most convenient for their consideration.

Procedure on  
consideration  
of  
amendments.

**135.** An amendment relevant to the subject matter of an amendment recommended by the Governor may be moved, but no further amendment shall be moved to the Bill unless it is consequential upon, incidental or alternative to, an amendment recommended by the Governor.

Passing of  
Bill again.

**136.** When all the amendments have been disposed of, the member giving notice of the motion under Rule 131 may move that the Bill as originally passed by the House be passed again, or passed again as amended, as the case may be.

#### IV. রাজ্যপাল কর্তৃক ফেরত পাঠানো বিধেয়কসমূহ পুনর্বিবেচনা

১৩০। (১) রাজ্যপাল যদি সভা কর্তৃক গৃহীত কোন বিধেয়ক, বিধানসভার নিকট এই মর্মে অনুরোধ করিয়া বার্তাসহ ফেরত পাঠান যে, বিধেয়কটি বা উহার কোন নির্দিষ্ট বিধানাবলী কিংবা তাঁহার বার্তায় যে সব সংশোধনের সুপারিশ করেন সেই সংশোধনসমূহ সভায় পুনর্বিবেচনা করা উচিত তাহা হইলে অধ্যক্ষ সভার অধিবেশন চলিতে থাকিলে ঐ বার্তা সভায় পাঠ করিবেন কিংবা সভার অধিবেশন চলিতে না থাকিলে সদস্যগণের অবগতির জন্য উহা বুলেটিনে প্রকাশিত করা হউক বলিয়া নির্দেশ দিতে পারিবেন।

(২) সভা কর্তৃক গৃহীত এবং রাজ্যপাল কর্তৃক পুনর্বিবেচনার জন্য ফেরত পাঠানো বিধেয়কটি অতঃপর টেবিলে উপস্থাপিত করা হইবে।

১৩১। বিধেয়কটি টেবিলে ঐরূপে উপস্থাপিত হওয়ার পর যে-কোন সময়, সরকারী বিধেয়কের ক্ষেত্রে কোন মন্ত্রী কিংবা অন্য ক্ষেত্রে যে-কোন সদস্য, রাজ্যপালের সুপারিশযুক্ত সংশোধনসমূহ বিবেচনার জন্য গ্রহণ করা হউক বলিয়া তাঁহার প্রস্তাব উত্থাপনের অভিপ্রায় সম্পর্কে নোটিশ দিতে পারিবেন।

১৩২। বিবেচনার নিমিত্ত কোন প্রস্তাব যেদিনের কার্যতালিকায় অন্তর্ভুক্ত থাকে সেইদিন, অবশ্য অধ্যক্ষ অন্যরূপ নির্দেশ না দিলে নোটিশ পাওয়ার তারিখ হইতে অন্তত দুই দিন পরে হইবে, নোটিশ প্রদানকারী সদস্য সংশোধনসমূহ বিবেচনার জন্য গ্রহণ করা হউক বলিয়া প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন।

১৩৩। ঐরূপ প্রস্তাবের উপর যে বিতর্ক চলিবে তাহা, রাজ্যপালের বার্তায় উল্লিখিত বিষয়সমূহ বিবেচনা করা এবং তাঁহার সুপারিশ করা সংশোধনসমূহের বিষয়বস্তুর সহিত সঙ্গতিপূর্ণ অভিমত প্রকাশ করার মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

১৩৪। রাজ্যপালের সুপারিশ করা সংশোধনসমূহ বিবেচনার জন্য গ্রহণ করা হউক বলিয়া কোন প্রস্তাব গৃহীত হইলে, অধ্যক্ষ সংশোধনসমূহ বিবেচনার জন্য যে পদ্ধতি সর্বাপেক্ষা সুবিধাজনক বলিয়া মনে করেন সেই পদ্ধতিতে মতামত গ্রহণের জন্য সংশোধনসমূহ সভায় তুলিবেন।

১৩৫। রাজ্যপালের সুপারিশ করা সংশোধনসমূহের বিষয়বস্তুর সহিত সঙ্গতিপূর্ণ কোন সংশোধনী প্রস্তাব উত্থাপন করা চলিবে, কিন্তু রাজ্যপালের সুপারিশ করা সংশোধনের পরিণামস্বরূপ কিংবা প্রাসঙ্গিক বা বিকল্পরূপে না হইলে ঐ বিধেয়কের উপর সংশোধনের আর কোন প্রস্তাব উত্থাপন করা যাইবে না।

১৩৬। সংশোধনীসমূহ নিষ্পত্তি হওয়ার পর, ১৩১ নিয়মমতে প্রস্তাবের নোটিশ প্রদানকারী সদস্য, বিধেয়কটি প্রথমে যে আকারে সভা কর্তৃক গৃহীত হইয়াছিল সেই আকারে কিংবা ক্ষেত্রবিশেষে সংশোধিত আকারে উহা পুনরায় গৃহীত হউক বলিয়া প্রস্তাব করিতে পারিবেন।



Disagreement  
of House with  
message.

**137.** If the motion that the amendments recommended by the Governor be taken into consideration is not carried, the member giving notice of the motion under Rule 131 may at once move that the Bill as originally passed by the House be passed again without amendment.

**138.** *[Transmission to Council of Bill passed again—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**139.** *[Message from Council repassing of Bill again—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**140.** *[Bill returned by Council with amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**141.** *[Motion for consideration of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**142.** *[Procedure for consideration of amendments made by Council.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**143.** *[Disposal of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**144.** *[Disagreement between Houses.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**145.** *[Bill originating in Council and passed again by Council and transmitted to House.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**146.** *[Notice.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**147.** *[Procedure for consideration of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

**148.** *[Bill passed again without amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.]*

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১৩৭। রাজ্যপালের সুপারিশ করা সংশোধনসমূহ বিবেচনার জন্য গ্রহণ করা হউক বার্তা সম্পর্কে এই মর্মে প্রস্তাব গৃহীত না হইলে, ১৩১ নিয়মমতে প্রস্তাবের নোটিশ প্রদানকারী সদস্য সভার মতভেদ।  
বিধেয়কটি সভা কর্তৃক প্রথমে যে আকারে গৃহীত হইয়াছিল সেই আকারে সংশোধন ছাড়াই উহা পুনরায় গৃহীত হউক বলিয়া সঙ্গে সঙ্গে প্রস্তাব করিতে পারিবেন।

১৩৮। হইতে ১৪৮। [২৯শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]

**149.** [*Bill passed again with amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**150.** [*Procedure consequent on consideration of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**151.** [*Passing again of Bill after reconsideration by Council.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**152.** [*Procedure on consideration of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**153.** [*Disposal of amendments.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

**154.** [*Disagreement between Houses.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

Authentication  
of Bill passed  
again by  
House.

**155.** When a Bill is passed again by the House, the Bill shall be signed in triplicate by the Speaker and presented to the Governor in the following form:—

“The above Bill has been passed again by the West Bengal Legislature in pursuance of the proviso to Article 200 (or 201) of the Constitution of India.

Dated.....20.....

Speaker”:

Provided that in the absence of the Speaker, the Deputy Speaker may, in case of urgency, authenticate the Bill on behalf of the Speaker.

## CHAPTER XI

### PETITIONS

Scope of  
petitions.

**156.** Petitions may be presented or submitted to the House with the consent of the Speaker on—

- (i) a Bill which has been published in the Gazette or which has been introduced in the House;
- (ii) any matter connected with the business pending before the House; and

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১৫৫। কোন বিধেয়ক সভা কর্তৃক পুনরায় গৃহীত হইলে ঐ বিধেয়কের তিন কপি সভা কর্তৃক অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হইবে এবং নিম্নলিখিত নিদর্শে রাজ্যপালের নিকট পেশ করা পুনর্গৃহীত বিধেয়কের প্রমাণীকরণ। হইবে—

“উপরি-উক্ত বিধেয়কটি ভারতের সংবিধানের ২০০ (বা ২০১) অনুচ্ছেদের অনুবিধি অনুসরণক্রমে পশ্চিমবঙ্গ বিধানসভা কর্তৃক পুনরায় গৃহীত হইয়াছে।

তারিখ .....২০ । অধ্যক্ষ” :

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ অনুপস্থিত থাকিলে, উপাধ্যক্ষ জরুরী অবস্থায় অধ্যক্ষের পক্ষ হইতে ঐ বিধেয়ক প্রমাণীকৃত করিতে পারিবেন।

### অধ্যায় ১১

#### দরখাস্তসমূহ

১৫৬। নিম্নোক্ত বিষয়াবলী সম্পর্কে দরখাস্তসমূহ অধ্যক্ষের সম্মতিক্রমে সভায় দরখাস্তসমূহের বিষয়পরিধি। পেশ বা দাখিল করা যাইবে :—

- (i) যে বিধেয়ক গেজেট-এ প্রকাশিত হইয়াছে বা সভায় উপস্থাপিত হইয়াছে;
- (ii) সভায় নিষ্পত্তিসাপেক্ষ এমন কার্য সংক্রান্ত কোন বিষয়;

- (iii) any matter of general public interest provided that it is not one—
- (a) which is pending before a court of law having jurisdiction in any part of India or a court of enquiry or a statutory tribunal or authority or a quasi-judicial body, or a commission;
  - (b) which relates to a matter which is not within the cognizance of the State Government;
  - (c) which can be raised on a substantive motion or resolution; or
  - (d) for which remedy is available under the law, including rules, regulations, bye-laws made by the Central Government or by the State Government or an authority to whom power to make such rules, regulations, etc. is delegated.

Petitions dealing with financial matters.

**156A.** A petition, dealing with any of the matter specified in sub-clauses (a) to (f) of clause (1) of Article 199 of the Constitution or involving expenditure from the Consolidated Fund of the State, shall not be presented to the House unless recommended by the Governor.

General form of petition.

**157.** (1) The general form of petition set out in the *First Schedule*, with such variations as the circumstances of each case require, may be used, and, if used, shall be sufficient.

(2) Every petition shall be couched in respectful, decorous and temperate language.

(3) Every petition shall be either in Bengali or in English. If any petition in any other Indian language is made, it shall be accompanied by a translation either in Bengali or in English, and signed by the petitioner.

Authentication of petition.

**158.** (1) The full name and address of every signatory to a petition shall be set out therein and shall be authenticated by his signature, and if illiterate by his thumb impression.

(2) Where there is more than one signatory to a petition, at least one person shall sign, or, if illiterate, affix thumb impression, on the sheet on which the petition is inscribed. If signatures or thumb impressions are affixed to more than one sheet the prayer of the petition shall be repeated at the head of each sheet.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(iii) সাধারণ জনস্বার্থ সংশ্লিষ্ট কোন বিষয়, তবে শর্ত থাকে যে এমন কোন বিষয় হইবে না যাহা—

(ক) ভারতের যে-কোন অংশে ক্ষেত্রাধিকারসম্পন্ন কোন বিচারালয় বা কোন তদন্ত আদালত বা আইনানুসারে গঠিত যে-কোন ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের বা কোন আধা-বিচার-বিভাগীয় প্রতিষ্ঠানে বা কোন কমিশনের নিষ্পত্তিসাপেক্ষ অবস্থায় থাকা বিষয়;

(খ) রাজ্য সরকারের অধিকারভুক্ত নহে এমন কোন বিষয়;

(গ) স্বতন্ত্র প্রস্তাব বা সংকল্প হিসাবে উত্থাপনযোগ্য বিষয়; কিংবা

(ঘ) যাহা বা যাহার প্রতিকার কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকার কর্তৃক প্রণীত আইন বিধি, অথবা প্রনিয়মের মাধ্যমে এই বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃক প্রণীত বিধি, প্রনিয়ম ইত্যাদির মাধ্যমে পাওয়া যাইবে।

১৫৬ক। সংবিধানের ১৯৯ অনুচ্ছেদের (১) খণ্ডের (ক) হইতে (চ) পর্যন্ত উপখণ্ডে বিনির্দিষ্ট যে-কোন বিষয় সংক্রান্ত বা রাজ্যের একীকৃত তহবিল (Consolidated Fund) হইতে ব্যয় সংক্রান্ত দরখাস্ত রাজ্যপালের সুপারিশ ব্যতিরেকে সভায় পেশ করা যাইবে না।

আর্থিক বিষয়  
সংক্রান্ত  
দরখাস্তসমূহ।

১৫৭। (১) প্রথম অনুসূচীতে দরখাস্তের যে সাধারণ ফরম প্রদর্শিত আছে তাহা ভিন্ন ভিন্ন ক্ষেত্রে অবস্থানুযায়ী প্রয়োজনীয় পরিবর্তন সহকারে ব্যবহার করা যাইবে এবং ব্যবহৃত হইলে উহাই পর্যাপ্ত হইবে।

দরখাস্তের সাধারণ  
ফরম।

(২) প্রতিটি দরখাস্ত সন্দ্রমপূর্ণ, শোভন ও সংযত ভাষায় লিখিতে হইবে।

(৩) প্রতিটি দরখাস্ত বাংলা অথবা ইংরাজী ভাষায় হইবে। অন্য কোন ভারতীয় ভাষায় দরখাস্ত লেখা হইলে, বাংলা বা ইংরাজী ভাষায় উহার একটি অনুবাদ দরখাস্তটির সঙ্গে জুড়িয়া দিতে হইবে এবং দরখাস্তকারী উহাতে স্বাক্ষর করিবেন।

১৫৮। (১) দরখাস্তের প্রত্যেক স্বাক্ষরকারীর পুরো নাম ও ঠিকানা দরখাস্তে লিখিত থাকিবে এবং উহাতে দরখাস্তকারী নিজে স্বাক্ষর দিয়া এবং নিরক্ষর হইলে টিপসহি দিয়া ঐ নাম ও ঠিকানা প্রমাণীকৃত করিবেন।

দরখাস্তের  
প্রমাণীকরণ।

(২) যে ক্ষেত্রে দরখাস্তের একাধিক স্বাক্ষরকারী থাকিবেন, সেক্ষেত্রে অন্তত একজন ব্যক্তি যে কাগজখণ্ডে দরখাস্তটি লিখিত উহাতে স্বাক্ষর বা নিরক্ষর হইলে টিপসহি দিবেন। একাধিক কাগজখণ্ডে স্বাক্ষর বা টিপসহি দেওয়া হইলে, যে প্রার্থনা জানাইয়া দরখাস্ত করা হয় তাহা প্রতিটি কাগজখণ্ডের শীর্ষদেশে পুনরুল্লেখ করিতে হইবে।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Documents not to be attached.

**159.** Letters, affidavits or other documents shall not be attached to any petition.

Counter-signature.

**160.** (1) Every petition shall, if presented by a member, be countersigned by him. If a petition is made in any Indian language other than Bengali or English its translation in Bengali or English shall also be countersigned by the member presenting it.

(2) A member shall not present a petition from himself.

Petition to be addressed to House.

**161.** Every petition shall be addressed to the House and shall conclude with a prayer reciting the definite object of the petitioner in regard to the matter to which it relates.

Notice of presentation.

**162.** A member shall give advance intimation to the Principal Secretary of his intention to present a petition.

Presentation of petition.

**163.** A petition may be presented by a member or be forwarded to the Principal Secretary, who shall report it to the House. The report shall be made in the form set out in the *Second Schedule*. No debate shall be permitted on the presentation, or the making of such report.

Form of presentation.

**164.** A member presenting a petition shall confine himself to a statement in the following form:—

“Sir,

I beg to present a petition signed by.....petitioner(s) regarding.....”

And no debate shall be permitted on this statement.

Reference to Committee on Petitions.

**165.** Every petition shall, after presentation by a member or report by the Principal Secretary, as the case may be, stand referred to the Committee on Petitions.

[For rules relating to Committee on Petitions see Chapter XXV of these rules.]

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১৫৯। চিঠিপত্র, হলফনামা (এফিডেফিট) বা অন্যান্য দস্তাবেজ কোন দরখাস্তের সহিত জুড়িয়া দেওয়া চলিবে না।

দলিলদস্তাবেজ সংশ্লিষ্ট করার নিষেধ।

১৬০। (১) দরখাস্ত যদি কোন সদস্য পেশ করেন তবে ঐরূপ প্রতিটি দরখাস্তে ঐ সদস্যকে প্রতিস্বাক্ষর করিতে হইবে। বাংলা বা ইংরাজী ভাষা ছাড়া অন্য কোন ভারতীয় ভাষায় দরখাস্ত করা হইলে, যে সদস্য ঐ দরখাস্ত পেশ করিবেন তাঁহাকে উহার বাংলা বা ইংরাজী অনুবাদেও প্রতিস্বাক্ষর করিতে হইবে।

প্রতিস্বাক্ষর।

(২) কোন সদস্য তাঁহার নিজের তরফ হইতে দরখাস্ত পেশ করিতে পারিবেন না।

১৬১। প্রতিটি দরখাস্ত সভাকে উদ্দেশ্য করিয়া পেশ করিতে হইবে এবং যে বিষয়ের সহিত উহা সম্পর্কিত সে সম্বন্ধে দরখাস্তকারীর নির্দিষ্ট উদ্দেশ্য বিবৃত করিয়া একটি প্রার্থনা সহ দরখাস্ত পেশ করিতে হইবে।

দরখাস্ত সভাকে উদ্দেশ্য করিয়া পেশ।

১৬২। কোন সদস্য দরখাস্ত পেশ করা সম্পর্কে তাঁহার অভিপ্রায়ের কথা প্রধান সচিবকে অগ্রিম জানাইয়া দিবেন।

পেশ করার নোটিশ।

১৬৩। দরখাস্ত সদস্য নিজে পেশ করিতে পারিবেন কিংবা উহা প্রধান সচিবের নিকট প্রেরণ করিতে পারিবেন এবং প্রধান সচিব তৎসম্পর্কে সভায় রিপোর্ট দিবেন। ঐ রিপোর্ট দ্বিতীয় অনুসূচীতে প্রদর্শিত ফর্মে প্রস্তুত করিতে হইবে। ঐরূপ পেশ করা বা রিপোর্ট করার উপর কোন বিতর্কের অনুমতি দেওয়া হইবে না।

দরখাস্ত পেশ।

১৬৪। যে সদস্য দরখাস্ত পেশ করিবেন তিনি কেবলমাত্র নিম্নবর্ণিত ফর্মে বিবৃতি দিবেন :

পেশ করার নিদর্শ।

“মহাশয়,

আমি ..... সম্পর্কে .....

দরখাস্তকারী (কারিগণ) কর্তৃক স্বাক্ষরিত একটি দরখাস্ত পেশ করিতেছি।”

এবং এই বিবৃতির উপর কোন বিতর্কের অনুমতি দেওয়া হইবে না।

১৬৫। কোন সদস্য দরখাস্ত পেশ করিবার পর অথবা ক্ষেত্রবিশেষে প্রধান সচিব রিপোর্ট দিবার পর, ঐরূপ প্রতিটি দরখাস্ত, পিটিশান কমিটির নিকট প্রেরিত হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে।

পিটিশান কমিটির নিকট প্রেরণ।

[পিটিশান কমিটি সম্পর্কীয় নিয়মাবলীর জন্য এই নিয়মাবলীর

২৫ অধ্যায় দ্রষ্টব্য।]



CHAPTER XII

RESOLUTIONS

Notice of resolution.

**166.** A member other than a Minister who wishes to move a resolution on a day allotted for private members' resolutions, shall give a notice to that effect at least two days before the date of ballot. The names of all members from whom such notices are received shall be balloted and those members who secure the first three places in the ballot for the day allotted for private members' resolutions shall each be eligible to give notice of not more than three resolutions with the order of priority indicated therein within two days after the date of the ballot. Only one resolution of each of the three members shall for the purpose of sub-rule (4) of Rule 33 be entered in the List of Business.

**167.** [*Objection to resolutions on certain grounds.—Omitted by Assembly Bulletin—Part II, dated 30th March, 2005, paragraph 1165.*]

Form of resolution.

**168.** A resolution may be in the form of a declaration of opinion, or a recommendation, or may be in the form so as to record either approval or disapproval by the House of an act or policy of Government, or convey a message; or commend, urge or request an action; or call attention to a matter or situation for consideration by Government; or in such other form as the Speaker may consider appropriate.

Subject matter of resolution.

**169.** Subject to the provision of these rules, a member or a Minister may move a resolution relating to a matter of general public interest.

Conditions of admissibility of resolution.

**170.** In order that a resolution may be admissible, it shall satisfy the following conditions, namely:—

- (i) it shall be clearly and precisely expressed;
- (ii) it shall raise substantially one definite issue;
- (iii) it shall not contain arguments, inferences, ironical expressions, imputations or defamatory statements;
- (iv) it shall not refer to the conduct or character of persons except in their official or public capacity; and
- (v) it shall not relate to any matter which is under adjudication by a court of law.

## অধ্যায় ১২

### সঙ্কল্প (Resolutions)

১৬৬। বেসরকারী সদস্যদের সঙ্কল্পের জন্য নির্ধারিত দিনে মন্ত্রী ব্যতীত কোন সদস্য সংকল্প উত্থাপন করিলে তাঁহাকে ব্যালটের অন্তত দুই দিন পূর্বে সেই মর্মে নোটিশ দিতে হইবে। যে সমস্ত সদস্যের নিকট হইতে ঐরূপ নোটিশ পাওয়া গিয়াছে তাঁহাদের সকলের নাম ব্যালট করা হইবে এবং বেসরকারী সদস্যদের সংকল্পের জন্য নির্ধারিত দিনে যে সদস্যগণ ব্যালটে প্রথম তিনটি স্থান অধিকার করিয়াছেন তাঁহারা প্রত্যেকে ব্যালট গ্রহণের পর দুই দিনের মধ্যে ক্রম অগ্রাধিকারের উল্লেখসহ অনধিক তিনটি সঙ্কল্পের নোটিশ দিবার অধিকারী হইবেন। ৩৩ নিয়মের (৪) উপনিয়ম অনুযায়ী উক্ত তিনজন সদস্যের প্রত্যেকের কেবলমাত্র একটি করিয়া সঙ্কল্প দিনের কার্য তালিকায় অন্তর্ভুক্ত হইবে।

সঙ্কল্পের নোটিশ।

১৬৭। [৩০শে মার্চ ২০০৫ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ নং ১১৬৫ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]

১৬৮। কোন সঙ্কল্প, অভিমত বা সুপারিশ ব্যক্ত করার রূপে; অথবা এমন কোনরূপে যাহা দ্বারা সরকারের কোন কাজ বা নীতি সম্পর্কে সভার অনুমোদন বা অননুমোদন স্পষ্ট ব্যক্ত করা হয়, অথবা কোন বার্তা জ্ঞাপন করার, কোন কার্যের জন্য সুপারিশ, সনির্বন্ধ আবেদন বা অনুরোধ কিংবা সরকারের বিবেচনার জন্য কোন বিষয় বা অবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করার রূপে; কিংবা অধ্যক্ষ অন্য যে রূপ উচিত মনে করেন সেইরূপে হইতে পারিবে।

সঙ্কল্পের রূপ।

১৬৯। এই নিয়মাবলীর বিধানসমূহ বজায় রাখিয়া, যে-কোন সদস্য বা মন্ত্রী সাধারণ জনস্বার্থ সম্পর্কিত কোন বিষয়ে সঙ্কল্প উত্থাপন করিতে পারিবেন।

সঙ্কল্পের বিষয়বস্তু।

১৭০। কোন সঙ্কল্প যাহাতে গ্রাহ্য হইতে পারে সেজন্য নিম্নলিখিত শর্তাবলী পালন করিতে হইবে, যথা :-

সঙ্কল্প গ্রাহ্য হইবার শর্তাবলী।

- (i) ইহা সুস্পষ্ট ও সঠিকভাবে ব্যক্ত করিতে হইবে;
- (ii) ইহাতে বস্তুত একটি নির্দিষ্ট বিষয় উত্থাপন করিতে হইবে;
- (iii) ইহাতে যুক্তি-তর্ক, অনুমাননির্ভর সিদ্ধান্ত, শ্লেষাত্মক উক্তি, দোষারোপ বা মানহানিকর উক্তি থাকিবে না;
- (iv) সরকারী কার্যরত অথবা জনস্বার্থ সম্পর্কিত পদাধিকার অবস্থায় ছাড়া অন্য কোন অবস্থায় ব্যক্তির আচরণ বা চরিত্র সম্পর্কে ইহাতে কিছু উল্লেখ করা যাইবে না; এবং
- (v) ইহা আদালতে বিচারাধীন কোন বিষয় সম্পর্কিত হইবে না।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Speaker to decide admissibility of resolution.

**171.** The Speaker shall decide whether a resolution or a part thereof is or is not admissible under these rules and may disallow any resolution or a part thereof when in his opinion it is an abuse of the right of moving a resolution or calculated to obstruct or prejudicially affect the procedure of the House or is in contravention of these rules.

Raising discussion on matters before tribunals, commissions, etc.

**172.** No resolution which seeks to raise discussion on a matter pending before any statutory tribunal or statutory authority performing any judicial or quasi-judicial functions or any commission of court of enquiry appointed to enquire into, or investigate, any matter shall ordinarily be permitted to be moved:

Provided that the Speaker may, in his discretion, allow such matter being raised in the House as it concerned with the procedure or subject or stage of enquiry, if the Speaker is satisfied that it is not likely to prejudice the consideration of such matter by the statutory tribunal, statutory authority, commission or court of enquiry.

Moving of resolution.

**173.** (1) A member in whose name a resolution stands in the list of business shall, except when he wishes to withdraw it, when called upon, move the resolution, and shall commence his speech by a formal motion in the terms appearing in the list of business.

(2) A member may, with the permission of the Speaker, authorise any other member, in whose name the same resolution stands lower in the list of business, to move it on his behalf, and the member so authorised may move it accordingly.

(3) If a member other than a Minister when called on is absent, any other member authorised by him in writing in his behalf may, with the permission of the Speaker, move the resolution standing in his name.

Amendment.

**174.** (1) After a resolution has been moved, any member may, subject to the rules relating to resolutions, move an amendment to the resolution.

(2) If notice of such amendment has not been given one day previous to the day on which the resolution is moved, any member may object to the moving of the amendment, and such objection shall prevail, unless the Speaker allows the amendment to be moved.

(3) The Principal Secretary shall, if time permits, make available to members from time to time list of amendments of which notices have been received.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১৭১। কোন সঙ্কল্প বা উহার কোন অংশ এই নিয়মাবলীমতে গ্রহণযোগ্য কি না সে সম্পর্কে অধ্যক্ষ সিদ্ধান্ত করিবেন এবং তিনি যদি মনে করেন যে, কোন সঙ্কল্প বা উহার কোন অংশবিশেষ দ্বারা সঙ্কল্প উত্থাপনের অধিকারের অপব্যবহার করা হইতেছে অথবা সভার কার্যপ্রণালীতে বাধা সৃষ্টি করা হইতেছে অথবা কার্যপ্রণালীর পক্ষে হানিকর হইতেছে অথবা উহা দ্বারা এই নিয়মাবলী লঙ্ঘিত হইতেছে, তবে তিনি ঐ সঙ্কল্প বা উহার অংশবিশেষ অগ্রাহ্য করিতে পারিবেন।

সঙ্কল্প গ্রাহ্য কি না  
অধ্যক্ষ কর্তৃক  
তাহার স্থিরীকরণ।

১৭২। বিচারবিভাগীয় বা আধা-বিচারবিভাগীয় দায়িত্ব পালনকারী সংবিধিবদ্ধ কোন ট্রাইব্যুনাল, কোন বিষয়ে অনুসন্ধান বা তদন্ত করার জন্য কোন কমিশনের সম্মুখে নিষ্পত্তির অপেক্ষায় আছে এরূপ কোন বিষয় সম্পর্কিত প্রস্তাবে সাধারণত অনুমতি দেওয়া হইবে না :

ট্রাইব্যুনাল বা  
কমিশন প্রভৃতির  
বিবেচনামূলক  
বিষয়ের উত্থাপন।

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ যদি মনে করেন বিষয়টি সংবিধিবদ্ধ ট্রাইব্যুনাল, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ কমিশন বা তদন্ত আদালত কর্তৃক বিবেচনার পক্ষে হানিকর হইবে না তবে তিনি স্ববিবেকানুসারে তদন্তের প্রণালী, বিষয় বা পর্যায় সম্পর্কিত বিষয় সভায় উপস্থাপিত করিবার অনুমতি দিতে পারিবেন।

১৭৩। (১) কার্যতালিকায় যে সদস্যের নামে কোন সঙ্কল্প থাকে সেই সদস্য ঐ সঙ্কল্প প্রত্যাহার করিতে না চাহিলে, যখন তাঁহাকে আহ্বান করা হইবে তখন তিনি ঐ সঙ্কল্প উত্থাপন করিবেন এবং কার্যতালিকা অনুযায়ী নিয়মমাফিক প্রস্তাব উত্থাপনপূর্বক তাঁহার ভাষণ শুরু করিবেন।

সঙ্কল্প উত্থাপন।

(২) কোন সদস্য, অধ্যক্ষের অনুমতিক্রমে, অন্য যে সদস্যের নামে একই সঙ্কল্প কার্যতালিকার নীচের দিকে আছে সে-কোন সদস্যকে, তাঁহার পক্ষ হইতে ঐ সঙ্কল্প উত্থাপন করিবার প্রাধিকার দিতে পারিবেন এবং ঐরূপ প্রাধিকারপ্রাপ্ত সদস্য তদনুসারে উহা উত্থাপন করিতে পারিবেন।

(৩) মন্ত্রী ভিন্ন অন্য কোন সদস্যকে যখন আহ্বান করা হয় তখন তিনি অনুপস্থিত থাকিলে, তাঁহার নামে যে সঙ্কল্প আছে সেই সঙ্কল্প তাঁহার নিকট হইতে লিখিতভাবে প্রাধিকারপ্রাপ্ত অন্য যে-কোন সদস্য তাঁহার পক্ষ হইতে অধ্যক্ষের অনুমতিক্রমে উত্থাপন করিতে পারিবেন।

১৭৪। (১) কোন সঙ্কল্প উত্থাপিত হইবার পর যে-কোন সদস্য, সঙ্কল্প সম্পর্কিত নিয়মাবলী বজায় রাখিয়া ঐ সঙ্কল্প সম্পর্কে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন।

সংশোধন।

(২) যে তারিখে সঙ্কল্প উত্থাপিত হইবে সেই তারিখের এক দিন পূর্বে ঐরূপ সংশোধন সম্পর্কে নোটিশ দেওয়া না হইয়া থাকিলে, যে-কোন সদস্য ঐ সংশোধনী প্রস্তাব উত্থাপনে আপত্তি জানাইতে পারিবেন এবং অধ্যক্ষ ঐ সংশোধনী প্রস্তাব উত্থাপন করিবার অনুমতি না দিলে ঐ আপত্তি বহাল থাকিবে।

(৩) প্রধান সচিব যে সকল সংশোধনী প্রস্তাব সম্পর্কে নোটিশ দেওয়া হয় সেই সকল সংশোধনী প্রস্তাবের তালিকা যাহাতে সদস্যগণ মাঝে মাঝে পাইতে পারেন সময় থাকিলে তাহার ব্যবস্থা করিবেন।

## RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Time-limit for speeches.

**175.** No speech on a resolution shall, except with the permission of the Speaker, exceed fifteen minutes in duration:

Provided that the mover of a resolution when moving the same and the Minister concerned when speaking for the first time, may speak for thirty minutes or for such longer time as the Speaker may permit.

**176.** [*Procedure for taking resolution out of turn.—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, paragraph 368.*]

Scope of discussion.

**177.** The discussion on a resolution shall be strictly relevant to and within the scope of the resolution.

Withdrawal of resolution and amendment.

**178.** (1) A member in whose name a resolution stands in the list of business may, when called upon, withdraw the resolution and shall confine himself to a mere statement to that effect.

(2) A member who has moved a resolution or amendment to a resolution shall not withdraw the same except by leave of the House.

Repetition of resolution.

**179.** (1) When a resolution had been moved, no resolution or amendment raising substantially the same question shall be moved during the same session.

(2) When a resolution has been withdrawn with the leave of the House, no resolution raising substantially the same question shall be moved during the same session.

Copy of resolution passed to be sent to Minister.

**180.** A copy of every resolution which has been passed by the House shall be forwarded to the Minister concerned.

## CHAPTER XIII

### RESOLUTION ON RATIFICATION OF AMENDMENT OF CONSTITUTION

Message regarding ratification of amendment of Constitution.

**181.** (1) If a message from a House of Parliament for the ratification of an amendment of the Constitution under the proviso to Article 368 of the Constitution is received by the Principal Secretary when the House is in session he shall report the message to the House at the earliest opportunity after its receipt and lay the same on the Table.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১৭৫। কোন সঙ্কল্প সম্পর্কে কোন ভাষণ, অধ্যক্ষের অনুমতি ব্যতিরেকে, পনের বক্তৃতার মিনিটের বেশি সময় চলিবে না : সময়সীমা।

তবে শর্ত থাকে যে, কোন সঙ্কল্পের উত্থাপক যখন ঐ সঙ্কল্প উত্থাপন করিবেন এবং সংশ্লিষ্ট মন্ত্রী প্রথমবার যখন ভাষণ দিবেন তখন তাঁহার ত্রিশ মিনিট বা তদতিরিক্ত যে সময় অধ্যক্ষ মঞ্জুর করিবেন, সেই সময় পর্যন্ত ভাষণ দিতে পারিবেন।

১৭৬। [২৯শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]

১৭৭। কোন সঙ্কল্প সম্পর্কীয় আলোচনা, ঐ সঙ্কল্পের সহিত সঠিক সঙ্গতি রাখিয়া আলোচনার পরিধি। এবং ঐ সঙ্কল্পের বিষয়পরিধির মধ্যে করিতে হইবে।

১৭৮। (১) যে সদস্যের নামে কার্যতালিকায় কোন সঙ্কল্প থাকে সেই সদস্যকে সঙ্কল্প ও তৎসম্পর্কিত যখন আহ্বান করা হয় তখন তিনি ঐ সঙ্কল্প প্রত্যাহার করিতে পারিবেন, এবং সেরূপ সংশোধন ক্ষেত্রে তিনি শুধু ঐ মর্মে একটি বিবৃতি দিবেন। প্রত্যাহার।

(২) যে সদস্য কোন সঙ্কল্প বা সঙ্কল্প সম্পর্কে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপন করিয়াছেন তিনি, সভার অনুমতি ছাড়া ঐ সঙ্কল্প সম্পর্কীয় সংশোধন প্রত্যাহার করিতে পারিবেন না।

১৭৯। (১) কোন সঙ্কল্প উত্থাপন করা হইয়া থাকিলে, মূলত ঐ একই বিষয় সঙ্কল্পের তুলিয়া অন্য কোন সঙ্কল্প বা সংশোধন ঐ একই অধিবেশনে উত্থাপন করা যাইবে না। পুনরাবৃত্তি।

(২) সভার অনুমতিক্রমে কোন সঙ্কল্প প্রত্যাহার করা হইয়া থাকিলে মূলত ঐ একই বিষয় তুলিয়া কোন সঙ্কল্প ঐ একই অধিবেশনে উত্থাপন করা যাইবে না।

১৮০। সভা কর্তৃক গৃহীত প্রত্যেকটি সঙ্কল্পের একটি করিয়া প্রতিলিপি সংশ্লিষ্ট গৃহীত সঙ্কল্পের মন্ত্রীর নিকট পাঠাইতে হইবে। প্রতিলিপি মন্ত্রীর নিকট প্রেরণ।

## অধ্যায় ১৩

### সংবিধান সংশোধনের অনুসমর্থন সম্পর্কে সঙ্কল্প

১৮১। (১) সংবিধানের ৩৬৮ অনুচ্ছেদের অনুবিধি অনুসারে সংবিধানের সংশোধন অনুসমর্থনের জন্য সংসদের কোন সভা হইতে সভার অধিবেশন চলাকালীন সংশোধনের প্রধান সচিব বার্তা পাইলে, তিনি ঐরূপ বার্তা পাইবার পর যতশীঘ্র সম্ভব উহা অনুসমর্থন সম্পর্কে বার্তা। বিধানসভায় জ্ঞাপন করিবেন এবং টেবিলে উপস্থাপিত করিবেন।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

(2) If the House is not in session at the time the message is received, a copy of the message shall, as soon as it is received by the Principal Secretary, be forwarded by him to every member and the Principal Secretary shall report the message to the House and lay the same on the Table on the first day of the next session or as soon as may be thereafter.

(3) The Principal Secretary shall forward a copy of the message to the State Government at the first convenient opportunity after its receipt.

(4) Copies of the Bill as passed by the Houses of Parliament making provision for the proposed amendment to the Constitution received with the message shall be forwarded to the State Government and shall be made available for use of members.

Notice of resolution.

**182.** After the message has been laid on the Table under Rule 181, any member may, after giving seven days' notice or with the consent of the Speaker at shorter notice move a resolution that the amendment to the Constitution proposed by the Bill be ratified:

Provided that any member may object to the resolution being moved if copies of the Bill have not been made available for the use of members for three days before the resolution is moved and such objection shall prevail unless the Speaker allows the resolution to be moved.

Discussion on resolution.

**183.** (1) The Speaker shall, in consultation with the Leader of the House, fix a date for a discussion on the resolution.

(2) No amendment shall be proposed to such a resolution.

(3) The Speaker may, if he thinks fit, prescribe a time-limit for speeches.

Communication of decision on resolution.

**184.** (1) If the resolution is passed by the House a message shall be sent to the House of Parliament from which the message referred to in Rule 181 was received, that the Assembly ratifies the amendment.

(2) If the resolution is rejected by the House a message shall be sent as aforesaid, that the Assembly does not ratify the amendment.

(3) If no resolution is moved during the session in which the message of the House of Parliament is laid on the Table, the Principal Secretary shall send information to that effect to the Secretary of the House of Parliament from which the message was received.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(২) বার্তাটি পাইবার সময় সভার অধিবেশন না চলিলে প্রধান সচিব ঐ বার্তা পাইবার সঙ্গে সঙ্গে উহার একটি করিয়া প্রতিলিপি প্রত্যেক সদস্যের কাছে পাঠাইয়া দিবেন এবং পরবর্তী অধিবেশনের প্রথম দিন কিংবা তাহার পর যতশীঘ্র সম্ভব ঐ বার্তার বিষয় সভায় জ্ঞাপন করিবেন এবং উহা টেবিলে উপস্থাপিত করিবেন।

(৩) প্রধান সচিব ঐ বার্তা পাইবার পর প্রথম সুযোগেই যতশীঘ্র সম্ভব উহার একটি প্রতিলিপি রাজ্য সরকারের নিকট পাঠাইবেন।

(৪) সংবিধানের প্রস্তাবিত সংশোধন অন্তর্ভুক্ত করিয়া সংসদের উভয় সভা কর্তৃক বিধেয়ক যে আকারে গৃহীত হইয়াছে, বার্তাসহ প্রাপ্ত ঐ বিধেয়কের প্রতিলিপি রাজ্য সরকারের নিকট প্রেরিত হইবে এবং সদস্যগণ যাহাতে উহা ব্যবহারের জন্য পান সে ব্যবস্থা করিতে হইবে।

১৮২। ১৮১ নিয়মমতে বার্তাটি টেবিলে উপস্থাপিত হইবার পর যে-কোন সদস্য, সঙ্কল্পের নোটিশ। সাত দিনের নোটিশ দিয়া কিংবা অধ্যক্ষের সম্মতিক্রমে স্বল্পতর সময়ের নোটিশে, বিধেয়কে সংবিধানের যে সংশোধন সম্পর্কে প্রস্তাব করা হইয়াছে তাহা অনুসমর্থিত হইক বলিয়া সঙ্কল্প উত্থাপন করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, সঙ্কল্পটি উত্থাপিত হইবার পূর্বে বিধেয়কটির প্রতিলিপি সদস্যগণ ব্যবহারের জন্য তিন দিন আগে না পাইয়া থাকিলে যে-কোন সদস্য ঐ সঙ্কল্প উত্থাপনে আপত্তি জানাইতে পারিবেন এবং অধ্যক্ষ সঙ্কল্পটি উত্থাপনের অনুমতি না দিলে ঐ আপত্তি বহাল থাকিবে।

১৮৩। (১) অধ্যক্ষ সভার নেতার সহিত পরামর্শক্রমে ঐ সঙ্কল্প সম্পর্কে সঙ্কল্পের উপর আলোচনার জন্য একটি তারিখ স্থির করিবেন। আলোচনা।

(২) ঐরূপ সঙ্কল্প সম্পর্কে কোন সংশোধনের প্রস্তাব করা চলিবে না।

(৩) অধ্যক্ষ, উচিত মনে করিলে, ভাষণের জন্য একটি সময়সীমা নির্দিষ্ট করিয়া দিতে পারিবেন।

১৮৪। (১) সভা কর্তৃক সঙ্কল্প গৃহীত হইলে, সংসদের যে সভা হইতে ১৮১ নিয়মে উল্লিখিত বার্তাটি পাওয়া গিয়াছিল সেই সভার নিকট এই মর্মে একটি বার্তা প্রেরণ করিতে হইবে যে বিধানসভা ঐ সংশোধন অনুসমর্থন করিয়াছেন। সঙ্কল্পের উপর সিদ্ধান্ত জ্ঞাপন।

(২) সভা সঙ্কল্পটি বাতিল করিয়া দিলে, পূর্বলিখিত বর্ণনামত এই মর্মে একটি বার্তা প্রেরণ করিতে হইবে যে সভা ঐ সংশোধন অনুসমর্থন করেন নাই।

(৩) সংসদের সভা কর্তৃক প্রেরিত বার্তাটি যে অধিবেশনে টেবিলে উপস্থাপিত করা হয় সেই অধিবেশনকালে কোন সঙ্কল্প উত্থাপন করা না হইলে প্রধান সচিব সংসদের যে সভা হইতে বার্তাটি পাওয়া গিয়াছিল সেই সভার সচিবের নিকট উক্ত বিষয় জ্ঞাপন করিয়া সংবাদ প্রেরণ করিবেন।



Procedure for ratification when communication received direct by Government.

**184A.** (1) If instead of a message referred to in Rule 181, a communication for the ratification of an amendment of the Constitution proposed by a Bill passed by Parliament is received by the State Government, any Minister may, notwithstanding anything contained in this chapter, after giving seven days' notice or with the consent of the Speaker at shorter notice, move a resolution that the amendment to the Constitution proposed by the Bill be ratified.

(2) The provisions contained in the proviso to Rule 182, and Rule 183 shall apply to such resolution.

(3) If the resolution is passed by the House a copy shall be forwarded to the Minister.

## CHAPTER XIV

### MOTIONS

Discussion on a matter of public interest.

**185.** Save in so far as is otherwise provided in the Constitution or in these rules, no discussion of a matter of general public interest shall take place except on a motion made with the consent of the Speaker.

Notice of motion.

**186.** Notice of a motion shall be given in writing addressed to the Principal Secretary.

Conditions of admissibility of motion.

**187.** In order that a motion may be admissible it shall satisfy the following conditions, namely:—

- (i) it shall raise substantially one definite issue;
- (ii) it shall not contain arguments, inferences, ironical expressions, imputations or defamatory statements;
- (iii) it shall not refer to the conduct or character of persons except in their public capacity;
- (iv) it shall be restricted to a matter of recent occurrence;
- (v) it shall not raise a question of privilege;
- (vi) it shall not revive discussion of a matter which has been discussed in the same session;
- (vii) it shall not anticipate discussion of a matter which is likely to be discussed in the same session;
- (viii) it shall not relate to any matter which is under adjudication by a court of law;

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১৮৪ক। (১) ১৮১ নিয়মে উল্লিখিত বার্তার পরিবর্তে রাজ্য সরকার সংসদ কর্তৃক গৃহীত কোন বিধেয়কে প্রস্তাবিত সংবিধান সংশোধনের অনুসমর্থনের জন্য সংবাদ পাইলে এই অধ্যায়ে যাহা কিছু থাকুক না কেন কোন মন্ত্রী সাত দিনের নোটিশ দিয়া অথবা অধ্যক্ষের সম্মতিক্রমে স্বল্পতর সময়ের নোটিশে বিধেয়কে সংবিধানের যে সংশোধন সম্পর্কে প্রস্তাব করা হইয়াছে তাহা অনুসমর্থিত হউক বলিয়া সঙ্কল্প উত্থাপন করিতে পারিবেন।

সরকার কর্তৃক  
সরাসরি সংবাদ  
জ্ঞাপনের ক্ষেত্রে  
অনুসমর্থনের  
পদ্ধতি।

(২) ১৮২ নিয়মের অনুবিধিতে ও ১৮৩ নিয়মে যে সমস্ত বিধান আছে তাহা এই সকল সঙ্কল্পের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) সভা কর্তৃক সঙ্কল্পটি গৃহীত হইলে তাহার একটি প্রতিলিপি মন্ত্রীর নিকট প্রেরণ করিতে হইবে।

## অধ্যায় ১৪

### প্রস্তাব

১৮৫। সংবিধান বা এই নিয়মাবলীতে লিপিবদ্ধ অন্যান্য নিয়ম ব্যতীত অধ্যক্ষের সম্মতিক্রমে উত্থাপিত কোন প্রস্তাব ব্যতিরেকে জনস্বার্থের কোন বিষয় সম্পর্কে কোন আলোচনা অনুষ্ঠিত হইবে না।

জনস্বার্থ সম্পর্কিত  
বিষয়ের উপর  
আলোচনা।

১৮৬। প্রধান সচিবকে সম্বোধন করিয়া প্রস্তাব সম্পর্কে নোটিশ লিখিতভাবে করিয়া দিতে হইবে।

প্রস্তাবের নোটিশ।

১৮৭। কোন প্রস্তাব যাহাতে গ্রাহ্য হইতে পারে সেজন্য নিম্নলিখিত শর্তাবলী পালন করিতে হইবে, যথা :—

প্রস্তাব গ্রাহ্য  
হওয়ার শর্তাবলী।

- (i) ইহাতে বস্তুত একটি নির্দিষ্ট বিষয় উত্থাপন করিতে হইবে;
- (ii) ইহাতে যুক্তিতর্ক, অনুমাননির্ভর সিদ্ধান্ত, শ্লেষপূর্ণ উক্তি, দোষারোপ বা মানহানিকর উক্তি থাকিবে না;
- (iii) সরকারী কার্যরত অবস্থায় ছাড়া অন্য কোন অবস্থায় কোন ব্যক্তির আচরণ বা চরিত্র সম্পর্কে ইহাতে কিছু উল্লেখ করা যাইবে না;
- (iv) ইহা সাম্প্রতিক ঘটনাসংক্রান্ত কোন বিষয়ে সীমাবদ্ধ থাকিবে;
- (v) ইহাতে বিশেষাধিকারের কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না;
- (vi) একই অধিবেশনে পূর্বে আলোচিত বিষয়ের উপর পুনরালোচনার সূত্রপাত করা যাইবে না;
- (vii) একই অধিবেশনে পরে যে বিষয় আলোচিত হইবার সম্ভাবনা আছে সেসকল কোন বিষয়ের আলোচনার পূর্বাভাস থাকিবে না;
- (viii) ইহা আদালতে বিচারাধীন কোন বিষয় সম্পর্কিত হইবে না।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

- (ix) if it contains a statement the member shall make himself responsible for the accuracy of the statement;
- <sup>1</sup>(x) it shall not seek discussion on a paper or document laid on the Table by a private member;
- (xi) it shall not ordinarily relate to matters which are under consideration of an Assembly Committee;
- (xii) it shall not ask for an expression of opinion or the solution of an abstract legal question or of a hypothetical proposition;
- (xiii) it shall not relate to a matter with which a Minister is not officially concerned;
- (xiv) it shall not refer discourteously to a friendly foreign country;
- (xv) it shall not refer to or seek disclosure of information about matters which are in their nature secret such as Cabinet discussions or advice given to the Governor in relation to any matter in respect of which there is a constitutional, statutory or conventional obligation not to disclose information; and
- (xvi) it shall not relate to a trivial matter.]

Speaker to  
decide  
admissibility.

**188.** The Speaker shall decide whether a motion or a part thereof is or is not admissible under these rules and may disallow any motion or a part thereof when in his opinion it is an abuse of the right of moving a motion or is calculated to obstruct or prejudicially affects the procedure of the House or is in contravention of these rules.

Matters  
before  
tribunals,  
commissions,  
etc.

**189.** No motion which seeks to raise discussion on a matter pending before any statutory tribunal or statutory authority performing any judicial or quasi-judicial functions or any commission or court of enquiry appointed to enquire into, or investigate, any matter shall ordinarily be permitted to be moved:

Provided that the Speaker may, in his discretion, allow such matter being raised in the House as it concerned with the procedure or subject or stage of enquiry if the Speaker is satisfied that it is not likely to prejudice the consideration of such matter by the statutory tribunal, statutory authority, commission or court of enquiry.

---

<sup>1</sup>Added by Assembly Bulletin–Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

- (ix) ইহাতে কোন বিবৃতি থাকিলে সংশ্লিষ্ট সদস্য বিবৃতির সঠিকতার জন্য দায়ী থাকিবেন।
- †[(x) কোন বেসরকারি সদস্য দ্বারা টেবিলে উপস্থাপিত কোন দস্তাবেজ বা কাগজ সম্পর্কে আলোচনা চাওয়া যাইবে না;
- (xi) ইহা সাধারণত বিধানসভার কোন কমিটির বিবেচনাধীন কোন বিষয় সম্পর্কিত হইবে না;
- (xii) ইহাতে কোন মতামত প্রকাশের দাবি করা, অথবা আইনের কোন তত্ত্বগত প্রশ্নের মীমাংসা বা কোন কল্পিত সমস্যার সমাধান চাওয়া যাইবে না;
- (xiii) ইহা সরকারি ভাবে যে কার্যের সহিত মন্ত্রী সংশ্লিষ্ট নহেন এরূপ কোন বিষয় সম্পর্কিত হইবে না;
- (xiv) বন্ধুভাবাপন্ন বৈদেশিক রাষ্ট্র সম্পর্কে অসৌজন্যমূলক উক্তি করা চলিবে না;
- (xv) ইহা গোপনীয় কোন বিষয়, যথা মন্ত্রিসভার আলোচনা অথবা এমন কোন বিষয়ে রাজ্যপালকে প্রদত্ত পরামর্শ যা সাংবিধানিক, বিধিবদ্ধ বা প্রচলিত বাধ্যবাধকতায় প্রকাশ করা সম্ভব নহে, সে সম্পর্কে কোন উল্লেখ করা বা তথ্য চাওয়া যাইবে না; এবং
- (xvi) ইহা তুচ্ছ বিষয় সম্পর্কিত হইবে না।]

১৮৮। কোন প্রস্তাব বা উহার কোন অংশ এই নিয়মাবলীমতে গ্রহণযোগ্য কি না সে সম্পর্কে অধ্যক্ষ সিদ্ধান্ত করিবেন এবং তিনি যদি মনে করেন যে, কোন প্রস্তাব বা উহার কোন অংশবিশেষ দ্বারা প্রস্তাব উত্থাপনের অধিকারের অপব্যবহার করা হয় অথবা সভার কার্যপ্রণালীতে বাধা সৃষ্টি করা হয় অথবা কার্যপ্রণালীর পক্ষে হানিকর হয় কিংবা উহা দ্বারা এই নিয়মাবলী লঙ্ঘিত হইতেছে, তবে তিনি ঐ প্রস্তাব বা উহার ঐ অংশবিশেষ অগ্রাহ্য করিতে পারিবেন।

অধ্যক্ষ কর্তৃক  
গ্রাহ্যতা স্থিরীকরণ।

১৮৯। বিচারবিভাগীয় বা আধা-বিচারবিভাগীয় দায়িত্বপালনকারী সংবিধিবদ্ধ কোন ট্রাইব্যুনাল, কোন বিষয় অনুসন্ধান বা তদন্ত করার জন্য কমিশনের সম্মুখে নিষ্পন্নের অপেক্ষায় আছে এরূপ কোন বিষয় সম্পর্কিত প্রস্তাবে সাধারণত অনুমতি দেওয়া হইবে না :

ট্রাইব্যুনাল,  
কমিশন, প্রভৃতির  
বিবেচনাধীন  
বিষয়।

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ যদি মনে করেন যে, বিষয়টি সংবিধিবদ্ধ ট্রাইব্যুনাল, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ, কমিশন বা তদন্ত আদালত কর্তৃক বিবেচনার পক্ষে হানিকর হইবে না তবে তিনি স্ববিবেকানুসারে তদন্তের প্রণালী, বিষয় বা পর্যায় সম্পর্কিত বিষয় সভায় উপস্থাপিত করিবার অনুমতি দিতে পারিবেন।

†২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী সংযুক্ত।

## RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Publication of admitted motions.

**190.** If the Speaker admits notice of a motion and no date is fixed for the discussion of such motion, it shall be immediately notified in the Bulletin with the heading: 'No-Day-Yet-Named Motions'.

Allotment of time and discussion of motions.

**191.** The Speaker may, after considering the state of business in the House and in consultation with the Leader of the House or on the recommendation of the Business Advisory Committee, allot a day or days or part of a day for discussion of any such motion.

Speaker to put question at the appointed time.

**192.** The Speaker shall at the appointed hour on the allotted day or the last of the allotted days, as the case may be, forthwith put every question necessary to determine the decision of the House on the original question.

Time-limit for speeches.

**193.** The Speaker may, if he thinks fit, prescribe a time-limit for speeches.

## CHAPTER XV

### DISCUSSION ON MATTER OF URGENT PUBLIC IMPORTANCE FOR SHORT DURATION

Notice of raising discussion.

**194.** Any member desirous of raising discussion on a matter of urgent public importance may give notice in writing to the Principal Secretary specifying clearly and precisely the matter to be raised:

Provided that the notice shall be accompanied by an explanatory note stating reasons for raising discussion on the matter in question:

Provided further that the notice shall be supported by the signatures of at least two other members.

Speaker to decide admissibility.

**195.** If the Speaker is satisfied, after calling for such information from the member who has given notice and from the Minister as he may consider necessary, that the matter is urgent and is of sufficient importance to be raised in the House at an early date, he may admit the notice and fix the date on which such matter may be taken up for discussion and allow such time for discussion, not exceeding two and a half hours, as he may consider appropriate in the circumstances:

Provided that if an early opportunity is otherwise available for the discussion of the matter, the Speaker may refuse to admit the notice.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১৯০। অধ্যক্ষ কোন প্রস্তাব সম্পর্কে নোটিশ গ্রহণ করিলে এবং এরূপ প্রস্তাবের আলোচনার জন্য কোন তারিখ নির্দিষ্ট না হইলে, উহা “দিন নির্দিষ্ট-না হওয়া প্রস্তাব” (No-Day-Yet-Named Motion) এই শিরোনামায় অবিলম্বে বুলেটিন প্রকাশ করা হইবে।

অনুমোদিত  
প্রস্তাবের প্রকাশন।

১৯১। অধ্যক্ষ সভার করণীয় কার্যাদির অবস্থা বিবেচনা করিবার পর ও সভার নেতার সহিত পরামর্শক্রমে অথবা কার্য উপদেষ্টা কমিটির সুপারিশ অনুযায়ী এরূপ কোন প্রস্তাব সম্পর্কে আলোচনার জন্য এক বা একাধিক দিন কিংবা দিনের অংশ নির্দিষ্ট করিতে পারিবেন।

সময় বন্টন এবং  
প্রস্তাব আলোচনা।

১৯২। অধ্যক্ষ নির্দিষ্ট দিনে কিংবা ক্ষেত্রবিশেষে নির্দিষ্ট দিনগুলির শেষ দিনে নির্ধারিত সময়ে মূল প্রস্তাব সম্পর্কে সভা যাহাতে সিদ্ধান্ত করিতে পারেন তজ্জন্য প্রয়োজনীয় প্রত্যেকটি বিষয় অবিলম্বে মতামত গ্রহণের জন্য তুলিবেন।

অধ্যক্ষ কর্তৃক  
নির্দিষ্ট সময়ে  
মতামত।

১৯৩। অধ্যক্ষ, যদি উচিত মনে করেন তবে, বক্তৃতার সময়সীমা স্থির করিয়া দিতে পারিবেন।

বক্তৃতার  
সময়সীমা।

## অধ্যায় ১৫

### জনস্বার্থে গুরুত্বপূর্ণ জরুরী বিষয় সম্পর্কে স্বল্পকালীন আলোচনা

১৯৪। জনস্বার্থে গুরুত্বপূর্ণ কোন জরুরী বিষয় সম্পর্কে আলোচনার সূত্রপাত করিতে ইচ্ছুক কোন সদস্য, আলোচনার বিষয়টি সুস্পষ্ট ও সঠিকভাবে উল্লেখ করিয়া প্রধান সচিবকে লিখিত নোটিশ দিতে পারিবেন :

আলোচনা করার  
নোটিশ।

তবে শর্ত থাকে যে, উক্ত বিষয় সম্পর্কে আলোচনা করিবার কারণসমূহ বিবৃত করিয়া একটি ব্যাখ্যামূলক টীকা নোটিশের সহিত জুড়িয়া দিতে হইবে :

তবে আরও শর্ত থাকে যে, উক্ত নোটিশে অন্তত অপর দুই জন সদস্য স্বাক্ষর দ্বারা সমর্থন জানাইবেন।

১৯৫। অধ্যক্ষ যেরূপ তথ্য প্রয়োজন মনে করিবেন সেরূপ তথ্য নোটিশ প্রদানকারী সদস্যের এবং মন্ত্রীর নিকট হইতে জানিতে চাহিবার পর, যদি অধ্যক্ষ সন্তুষ্ট হন যে বিষয়টি শীঘ্র সভায় উত্থাপন করিবার পক্ষে জরুরী ও যথেষ্ট গুরুত্বপূর্ণ তবে তিনি নোটিশটি গ্রহণ করিতে পারিবেন এবং যে তারিখে ঐ বিষয়টি আলোচনার জন্য লওয়া হইবে, সেই তারিখ স্থির করিয়া দিতে এবং উহা আলোচনার জন্য অবস্থা অনুযায়ী আড়াই ঘণ্টার অনধিক যেরূপ সময় তিনি উচিত মনে করিবেন সেরূপ সময় মঞ্জুর করিতে পারিবেন :

নোটিশ গ্রাহ্য কি না  
অধ্যক্ষ কর্তৃক  
তাহার স্থিরীকরণ।

তবে শর্ত থাকে যে, উক্ত বিষয় আলোচনা করিবার সুযোগ অন্যভাবে শীঘ্র পাওয়া গেলে অধ্যক্ষ নোটিশটি গ্রহণ করিতে অস্বীকার করিতে পারিবেন।

No formal motion.

**196.** There shall be no formal motion before the House nor voting. The member who has given notice may make a short statement and the Minister shall reply in short. Any member who has previously intimated to the Speaker may be permitted to take part in the discussion.

Time-limit for speeches.

**197.** The Speaker may, if he thinks fit, prescribe a time-limit for the speeches.

## CHAPTER XVI

### CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Calling attention to matters of urgent public importance.

**198.** (1) A member may, with the previous permission of the Speaker, call the attention of a Minister to any matter of urgent public importance and the Minister may make a brief statement or ask for time to make a statement at a later hour or date.

(1A) A member wishing to call such attention shall give a notice in writing to the Principal Secretary at least one hour before the commencement of the sitting on the day.

The notice received after the stipulated hour shall be deemed to have been received for the next sitting of the House.

(2) There shall be no debate on such statement at the time it is made but each member in whose name the item stands in the list of business may, with the permission of the Speaker, ask a clarificatory question and the Minister shall reply at the end to all such questions:

Provided that names of not more than four members shall be shown in the list of business.

*Explanations.*—(i) Where a notice is signed by more than one member, it shall be deemed to have been given by the first signatory only.

(ii) In case the number of members giving notices on a subject that is admitted by the Speaker, is four or less, their *inter-se* priority shall be determined with reference to the date and time of receipt of notices.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১৯৬। সভায় আনুষ্ঠানিক কোন প্রস্তাব বা ভোট হইবে না। নোটিশ প্রদানকারী কোন আনুষ্ঠানিক প্রস্তাব উত্থাপন নয়। সদস্য একটি সংক্ষিপ্ত বিবৃতি দিতে পারিবেন এবং মন্ত্রী সংক্ষেপে তাহার জবাব দিবেন। কোন সদস্য অধ্যক্ষকে আগে জানাইয়া থাকিলে তাঁহাকে ঐ আলোচনায় অংশগ্রহণ করিবার অনুমতি দেওয়া যাইতে পারে।

১৯৭। অধ্যক্ষ, যদি উচিত মনে করেন তবে, বক্তৃতার সময়সীমা স্থির করিয়া দিতে পারিবেন। বক্তৃতার সময়সীমা।

## অধ্যায় ১৬

### জনস্বার্থে গুরুত্বপূর্ণ জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ

১৯৮। (১) কোন সদস্য পূর্বে অধ্যক্ষের অনুমতি লইয়া জনস্বার্থে গুরুত্বপূর্ণ কোন জরুরী বিষয়ের প্রতি কোন মন্ত্রীর মনোযোগ আকর্ষণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট মন্ত্রী একটি সংক্ষিপ্ত বিবৃতি দিতে পারিবেন কিংবা পরবর্তী কোন সময় বা তারিখে বিবৃতি দিবার জন্য সময় চাহিতে পারিবেন। জনস্বার্থে গুরুত্বপূর্ণ জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ।

(১ক) যে সদস্য এইরূপ দৃষ্টি আকর্ষণ করিতে চাহেন তিনি বৈঠক আরম্ভ হইবার একঘণ্টা পূর্বে প্রধান সচিবের নিকট নোটিশ দিবেন। নির্দিষ্ট সময় উত্তীর্ণ হইবার পর প্রাপ্ত নোটিশ পরের দিনের সভার অধিবেশনের জন্য গণ্য করা হইবে।

(২) যে সময় ঐরূপ বিবৃতি দেওয়া হইবে সেই সময় ঐ সম্পর্কে কোন বিতর্ক চলিবে না তবে নোটিশ প্রদানকারী হিসাবে যে সদস্যগণের নাম কার্যসূচীর তালিকায় লিপিবদ্ধ থাকিবে তাঁহারা প্রত্যেকে অধ্যক্ষের অনুমতিসাপেক্ষে একটি করিয়া ব্যাখ্যামূলক প্রশ্ন করিতে পারিবেন এবং শেষে মন্ত্রী ঐরূপ সকল প্রশ্নের উত্তর দিবেন :

তবে শর্ত থাকে যে, চার জনের অধিক সদস্যের নাম কার্যসূচীর তালিকায় উল্লেখিত হইবে না।

ব্যাখ্যা—(i) নোটিশে একাধিক সদস্যের স্বাক্ষর থাকিলে উহা প্রথম স্বাক্ষরকারী কর্তৃক প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

(ii) অধ্যক্ষ কর্তৃক অনুমোদিত কোন বিষয়ে নোটিশ প্রদানকারী সদস্যের সংখ্যা চার বা চারের কম হইলে নোটিশ প্রাপ্তির দিন ও সময়ের ভিত্তিতে তাঁহাদের মধ্যে অগ্রাধিকার নির্ধারিত হইবে।



(3) Not more than one such matter shall be raised at the same sitting.

(4) In the event of more than one matter being presented for the same day, priority shall be given to the matter which is, in the opinion of the Speaker, more urgent and important.

(5) The proposed matter shall be raised after the questions and before the list of business is entered upon and at no other time during the sitting of the House.

## CHAPTER XVII

### MOTION OF NO-CONFIDENCE IN MINISTERS AND STATEMENT BY A MINISTER WHO HAS RESIGNED

Motion of no-confidence in Ministers.

**199.** (1) A motion expressing want of confidence in the Council of Ministers or a motion disapproving the policy of the Council of Ministers in a particular respect may be made subject to the following restrictions, namely:—

(a) leave to make the motion shall be asked for after questions and before the list of business for the day is entered upon;

<sup>1</sup>(b) the member asking for leave shall, at least one hour before the commencement of the sitting for that day, give to the Principal Secretary a written notice of the Motion, which he proposes to move:

Provided that notices, received after the stipulated hour, shall be deemed to have been received for the next sitting of the House.]

(2) If the Speaker is of opinion that the motion is in order, he shall read the motion to the House and shall request those members who are in favour of leave being granted to rise in their places, and if not less than thirty members rise accordingly, the Speaker shall declare that leave is granted and that the motion will be taken up on such day, not being more than ten days from the date on which the leave is asked for, as he may appoint. If less than thirty members rise, the Speaker shall inform the member that he has not the leave of the House.

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin–Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(৩) একটির বেশি ঐরূপ বিষয় একই বৈঠকে তোলা যাইবে না।

(৪) একটির বেশি ঐরূপ বিষয় একই দিনে তোলা হইলে, যে বিষয়টি অধ্যক্ষের মতে অধিকতর জরুরী ও গুরুত্বপূর্ণ সেই বিষয়কে অগ্রাধিকার দেওয়া হইবে।

(৫) প্রশ্নসমূহের পর ও কার্যতালিকার কাজ আরম্ভ করিবার পূর্বে প্রস্তাবিত বিষয়টি তুলিতে হইবে কিন্তু সভার বৈঠক চলাকালে অন্য কোন সময় উহা তোলা চলিবে না।

## অধ্যায় ১৭

### মন্ত্রিগণের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এবং যে মন্ত্রী পদত্যাগ করিয়াছেন তাহার বিবৃতি

১৯৯। (১) মন্ত্রী পরিষদের প্রতি অনাস্থা ব্যক্ত করিয়া কিংবা কোন নির্দিষ্ট বিষয় সম্পর্কে মন্ত্রী পরিষদের নীতি অনুমোদন না করিয়া কোন প্রস্তাব নিম্নলিখিত বাধানিষেধের অধীনে করা যাইবে, যথা :—

মন্ত্রিগণের বিরুদ্ধে  
অনাস্থা প্রস্তাব।

(ক) প্রশ্নসমূহের পর ও ঐদিনের কার্যতালিকার কাজ আরম্ভ করিবার পূর্বে উক্ত প্রস্তাব উত্থাপন করিবার অনুমতি চাহিতে হইবে;

(খ) যে সদস্য উক্ত অনুমতি চাহিবেন তিনি, ঐ দিনের বৈঠক আরম্ভ হইবার অন্তত এক ঘণ্টা পূর্বে, যে প্রস্তাব তিনি উত্থাপন করিতে ইচ্ছা করেন তৎসম্পর্কে একটি লিখিত নোটিশ প্রধান সচিবকে দিবেন :

তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় উত্তীর্ণ হইবার পর প্রাপ্ত নোটিশগুলি পরের দিনের সভার বৈঠকের জন্য গণ্য করা হইবে।

(২) অধ্যক্ষ যদি মনে করেন যে প্রস্তাবটি নিয়মসম্মত হইয়াছে তবে তিনি সভায় উক্ত প্রস্তাব পাঠ করিবেন এবং যে সকল সদস্য অনুমতি মঞ্জুর করিবার পক্ষে থাকেন তাহাদিগকে তিনি নিজ নিজ স্থানে উঠিয়া দাঁড়াইতে অনুরোধ করিবেন, এবং অন্যান্য তিরিশ জন সদস্য তদনুসারে উঠিয়া দাঁড়াইলে অধ্যক্ষ ঘোষণা করিবেন যে অনুমতি দেওয়া হইল এবং যে তারিখে অনুমতি চাওয়া হয় সেই তারিখ হইতে অনধিক দশ দিনের মধ্যে যে তারিখ অধ্যক্ষ নির্দিষ্ট করিবেন সেই তারিখে প্রস্তাবটি আলোচনার জন্য গ্রহণ করা হইবে। তিরিশ জনের কম সদস্য উঠিয়া দাঁড়াইলে, অধ্যক্ষ উক্ত সদস্যকে জানাইবেন যে তিনি সভার অনুমতি পান নাই।

\*২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

## RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

(3) If leave is granted under sub-rule (2), the Speaker may, after considering the state of business in the House, allot a day or days or part of a day for the discussion of the motion.

(4) The Speaker shall, at the appointed hour on the allotted day or the last of the allotted days, as the case may be, forthwith put every question necessary to determine the decision of the House on the motion.

(5) The Speaker may, if he thinks fit, prescribe a time-limit for speeches.

Statement by  
a Minister  
who has  
resigned.

**200.** (1) A member who has resigned the office of Minister may, with the consent of the Speaker, make a personal statement in explanation of his resignation.

(2) A copy of the statement shall be forwarded to the Speaker and the Leader of the House one day in advance of the day on which it is made:

Provided that in the absence of a written statement, the points or the gist of such statement shall be conveyed to the Speaker and the Leader of the House one day in advance of the day on which it is made.

(3) Such statement shall be made after the questions and before the list of business for the day is entered upon.

(4) There shall be no debate on such statement, but after it has been made, a Minister may make a statement pertinent thereto.

## CHAPTER XVIII

### RESOLUTION FOR REMOVAL OF SPEAKER OR DEPUTY SPEAKER FROM OFFICE

Notice of  
resolution for  
removal of  
Speaker or  
Deputy  
Speaker.

**201.** (1) A member wishing to give notice of a resolution, under clause (c) of Article 179 of the Constitution, for the removal of the Speaker or the Deputy Speaker shall do so in writing to the Principal Secretary and shall furnish full text of such resolution.

(2) On receipt of a notice under sub-rule (1) a motion for leave to move the resolution shall be entered in the list of business in the name of the member concerned on a day fixed by the Speaker, provided that the day so fixed shall be any day after fourteen days from the date of the receipt of notice of the resolution.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(৩) (২) উপনিয়ম মতে অনুমতি দেওয়া হইলে, অধ্যক্ষ সভার করণীয় কার্যাদির অবস্থা বিবেচনা করিয়া উক্ত প্রস্তাব আলোচনার জন্য কোন এক বা একাধিক দিন বা দিনের অংশ নির্দিষ্ট করিতে পারিবেন।

(৪) অধ্যক্ষ, নির্দিষ্ট দিনে কিংবা ক্ষেত্রবিশেষে নির্দিষ্ট দিনগুলির শেষ দিনে নির্ধারিত সময়ে, প্রস্তাব সম্পর্কে সভা যাহাতে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারেন তজ্জন্য প্রয়োজনীয় প্রত্যেকটি বিষয় সঙ্গে সঙ্গে মতামত গ্রহণের জন্য তুলিবেন।

(৫) অধ্যক্ষ, উচিত মনে করিলে, বক্তৃতার সময়সীমা নির্দিষ্ট করিয়া দিতে পারিবেন।

২০০। (১) যে সদস্য মন্ত্রী পদত্যাগ করিয়াছেন তিনি অধ্যক্ষের সম্মতিক্রমে তাহার পদত্যাগের কারণ ব্যাখ্যা করিয়া একটি ব্যক্তিগত বিবৃতি দিতে পারিবেন। পদত্যাগী মন্ত্রীর বিবৃতি।

(২) যে তারিখে ঐ বিবৃতি দেওয়া হইবে তাহার একদিন পূর্বে ঐ বিবৃতির একটি প্রতিলিপি অধ্যক্ষ ও সভার নেতার নিকট প্রেরণ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, লিখিত বিবৃতি না দেওয়ার ক্ষেত্রে উক্ত বিবৃতির মূল বিষয়গুলি বা সারাংশ, যে তারিখে বিবৃতি দেওয়া হইবে সেই তারিখের একদিন পূর্বে অধ্যক্ষ ও সভার নেতাকে জানাইতে হইবে।

(৩) ঐরূপ বিবৃতি, প্রশ্নসমূহের পর ও ঐ দিনের কার্যতালিকার কাজ আরম্ভ হইবার পূর্বে দিতে হইবে।

(৪) ঐ বিবৃতি সম্পর্কে কোন বিতর্ক চলিবে না, তবে ঐরূপ বিবৃতি দেওয়ার পর কোন মন্ত্রী তৎসম্পর্কে বিবৃতি দিতে পারিবেন।

## অধ্যায় ১৮

### অধ্যক্ষ বা উপাধ্যক্ষকে পদ হইতে অপসারণের সঙ্কল্প

২০১। (১) সংবিধানের ১৭৯ অনুচ্ছেদের (গ) খণ্ডমতে কোন সদস্য অধ্যক্ষ বা উপাধ্যক্ষকে অপসারণের জন্য কোন সঙ্কল্প সম্পর্কে নোটিশ দিতে চাহিলে প্রধান সচিবের নিকট লিখিতভাবে সঙ্কল্পের সম্পূর্ণ মূলপাঠসহ নোটিশ প্রদান করিতে হইবে। অধ্যক্ষ ও উপাধ্যক্ষকে অপসারণের সঙ্কল্পের নোটিশ।

(২) উপনিয়ম (১) মতে নোটিশ পাইবার পর সঙ্কল্প উত্থাপন করিবার জন্য অনুমতি চাহিয়া কোন প্রস্তাব, সংশ্লিষ্ট সদস্যের নামে অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে কার্যতালিকার অন্তর্ভুক্ত করা হইবে, কিন্তু ঐরূপ নির্ধারিত তারিখ, উক্ত সঙ্কল্প সম্পর্কিত নোটিশ পাওয়ার তারিখ হইতে চৌদ্দ দিনের পর যে-কোন তারিখ হইবে।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Admissibility of resolution.

**201A.** In order that such a resolution may be admissible, it shall satisfy the following conditions, namely:—

- (i) it shall be specific with respect to charges;
- (ii) it shall be clearly and precisely expressed; and
- (iii) it shall not contain arguments, inferences, ironical expressions, imputations or defamatory statements.

Leave of House to take up resolution.

**202.** (1) Subject to the provisions of Article 181 of the Constitution, the Speaker or the Deputy Speaker or such other person as is referred to in clause (2) of Article 180 of the Constitution shall preside when a motion under sub-rule (2) of Rule 201 is taken up for consideration.

(2) The member in whose name the motion stands in the list of business shall, except when he wishes to withdraw it, move the motion when called upon to do so, but no speech shall be permitted at this stage.

(3) The Speaker or the Deputy Speaker or the person presiding, as the case may be, shall thereupon place the motion before the House and shall request those members who are in favour of leave being granted to rise in their places. If not less than thirty members rise accordingly, the Speaker or the Deputy Speaker or the person presiding, as the case may be, shall declare that leave has been granted and that the resolution will be taken up on such day, not being more than ten days from the date on which leave is asked for, as he may appoint. If less than thirty members rise the Speaker or the Deputy Speaker or the person presiding, as the case may be, shall inform the member that he has not the leave of the House.

Inclusion of resolution in the list of business.

**203.** On the appointed day the resolution shall be included in the list of business to be taken up after the questions and before any other business for the day is entered upon.

Scope of discussion.

**203A.** The discussion on the resolution shall be strictly confined to the charges preferred in the resolution.

Time-limit for speeches.

**204.** Except with the permission of the Speaker, Deputy Speaker or the person presiding, a speech on the resolution shall not exceed fifteen minutes in duration:

Provided that the mover of the resolution, when moving the same, may speak for such longer time as the Speaker, Deputy Speaker or the person presiding may permit.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২০১ক। ঐরূপ সঙ্কল্পের গ্রাহ্যতা নিম্নলিখিত শর্তগুলি পূরণের উপর নির্ভর সঙ্কল্পের গ্রাহ্যতা করিবে :

- (i) ইহাতে অভিযোগের ক্ষেত্রগুলি সুনির্দিষ্ট থাকিবে;
- (ii) ইহা সুস্পষ্টরূপে ও সংক্ষিপ্তভাবে বিবৃত হইবে; এবং
- (iii) ইহাতে কোন যুক্তিতর্ক, অনুমাননির্ভর সিদ্ধান্ত, শ্লেষাত্মক উক্তি, দোষারোপ বা মানহানিকর উক্তি থাকিবে না।

২০২। (১) ২০১ নিয়মের (২) উপনিয়মমতে কোন প্রস্তাব বিবেচনার জন্য গ্রহণ করা হইলে, সংবিধানের ১৮১ অনুচ্ছেদের বিধানাবলীর অধীনে অধ্যক্ষ বা উপাধ্যক্ষ অথবা সংবিধানের ১৮০ অনুচ্ছেদের (২) খণ্ডে যে রূপে উল্লিখিত সেরূপ অন্য কোন ব্যক্তি সভাপতিত্ব করিবেন।

সঙ্কল্প উত্থাপনের জন্য সভার অনুমতি।

(২) যে সদস্যের নামে প্রস্তাব কার্যতালিকায় আছে সেই সদস্য, যেক্ষেত্রে তিনি উহা প্রত্যাহার করিয়া লইতে চাহিবেন সেক্ষেত্রে ছাড়া, প্রস্তাবটি উত্থাপন করিবার জন্য আহূত হইলে তিনি উহা উত্থাপন করিবেন, তবে এই পর্যায়ে কোন বক্তৃতা দেওয়ার অনুমতি দেওয়া হইবে না।

(৩) অধ্যক্ষ বা উপাধ্যক্ষ বা ক্ষেত্রবিশেষে সভাপতিত্বকারী ব্যক্তি অতঃপর প্রস্তাবটি সভাসমক্ষে রাখিবেন এবং যে সকল সদস্য অনুমতি প্রদানের পক্ষে থাকেন তাহাদিগকে স্ব-স্ব স্থানে উঠিয়া দাঁড়াইতে অনুরোধ করিবেন। অন্যান্য তিরিশ জন সদস্য তদনুসারে উঠিয়া দাঁড়াইলে অধ্যক্ষ বা উপাধ্যক্ষ অথবা স্থলবিশেষে সভাপতিত্বকারী ব্যক্তি, ঘোষণা করিবেন যে অনুমতি দেওয়া হইল এবং যে তারিখে অনুমতি চাওয়া হয় সেই তারিখ হইতে অনধিক দশ দিনের মধ্যে যে তারিখ তিনি নির্ধারিত করিবেন সেই তারিখে উক্ত সঙ্কল্প আলোচনার জন্য গ্রহণ করা যাইবে। তিরিশ জনের কম সংখ্যক সদস্য উঠিয়া দাঁড়াইলে, অধ্যক্ষ বা উপাধ্যক্ষ অথবা সভাপতিত্বকারী ব্যক্তি ঐ সদস্যকে জানাইয়া দিবেন যে তিনি সভার অনুমতি পান নাই।

২০৩। নির্ধারিত তারিখে ঐ সঙ্কল্প কার্যতালিকাভুক্ত করা হইবে এবং প্রশ্নসমূহের পর ও ঐ দিনের অন্য কোন কাজ আরম্ভ করিবার পূর্বে উহা আলোচনার জন্য গ্রহণ করা হইবে।

কার্যতালিকায় সঙ্কল্পের অন্তর্ভুক্তি।

২০৩ক। সঙ্কল্পের উপর আলোচনা সঙ্কল্পে উল্লিখিত অভিযোগের ক্ষেত্রগুলিতেই কঠোরভাবে সীমাবদ্ধ থাকিবে।

আলোচনার সুযোগ।

২০৪। অধ্যক্ষ, উপাধ্যক্ষ বা সভাপতিত্বকারী ব্যক্তির অনুমতি ব্যতিরেকে উক্ত সঙ্কল্প সম্পর্কিত কোন বক্তৃতা পনের মিনিটের বেশি সময় দেওয়া হইবে না :

বক্তৃতার সময়সীমা।

তবে শর্ত থাকে যে, সঙ্কল্পের উত্থাপক যখন তাঁহার সঙ্কল্প উত্থাপন করিবেন তখন অধ্যক্ষ, উপাধ্যক্ষ বা সভাপতিত্বকারী ব্যক্তি দীর্ঘতর যে সময় মঞ্জুর করিবেন সেই সময় পর্যন্ত তিনি বক্তৃতা দিতে পারিবেন।

CHAPTER XIX

PROCEDURE IN FINANCIAL MATTERS

*(a) The Budget*

Presentation  
of Budget.

**205.** (1) The Annual Financial Statement or the Statement of the Estimated Receipts and Expenditure of the State Government in respect of each financial year (hereinafter referred to as “the Budget”) shall be presented to the House on such day as the Governor may direct.

(2) The Budget shall be presented to the House in such form as the Finance Minister may, after considering the suggestions, if any, of the Estimates Committee, settle.

No discussion  
on day of  
presentation.

**206.** There shall be no discussion of the Budget on the day on which it is presented to the House.

*(b) Demands for Grants*

Demands for  
Grants.

**207.** (1) A separate demand shall ordinarily be made in respect of the grant proposed for each Department provided that the Finance Minister may include in one demand grants proposed for two or more Departments or make a demand in respect of expenditure which cannot readily be classified under particular Departments.

(2) Each demand shall contain first statement of the total grant proposed and then a statement of the detailed estimate under each grant divided into items.

General  
discussion on  
the Budget.

**208.** (1) On a day to be appointed by the Speaker subsequent to the day on which the Budget is presented and for such time as the Speaker may allot for this purpose, the House shall be at liberty to discuss the Budget as a whole or any question of principle involved therein, but no motion shall be moved nor shall the Budget be submitted to the vote of the House.

(2) The Finance Minister shall have a general right of reply at the end of the discussion.

(3) The Speaker may, if he thinks fit, prescribe a time-limit for speeches.

অধ্যায় ১৯

অর্থবিষয়ক কার্যপ্রণালী

(ক) বাজেট

২০৫। (১) বার্ষিক আর্থিক বিবরণ কিংবা প্রত্যেক আর্থিক বৎসর সম্পর্কে রাজ্য বাজেট পেশ। সরকারের অনুমিত (Estimated) আয় ও ব্যয়ের বিবরণ (অতঃপর বাজেট বলিয়া উল্লিখিত) রাজ্যপাল যে তারিখ নির্দেশ করিবেন সেই তারিখে সভায় পেশ করা হইবে।

(২) এস্টিমেট কমিটির কোন মতামত থাকিলে তাহা বিবেচনা করার পর অর্থমন্ত্রী যেরূপ স্থির করিবেন সেরূপ বাজেট পেশ করিবেন।

২০৬। যেদিন বাজেট সভায় পেশ করা হইবে সেই দিন ঐ বাজেটের উপর কোন আলোচনা হইবে না। বাজেট পেশের দিনে আলোচনা নিষেধ।

(খ) ব্যয়বরাদ্দের দাবি (ডিমান্ডস ফর গ্রান্টস)

২০৭। (১) প্রত্যেক বিভাগের জন্য প্রস্তাবিত ব্যয়বরাদ্দ সম্পর্কে সাধারণত পৃথক পৃথক দাবি করিতে হইবে, কিন্তু অর্থমন্ত্রী দুই বা ততোধিক বিভাগের জন্য প্রস্তাবিত ব্যয়বরাদ্দ একটি দাবির অন্তর্ভুক্ত করিয়া লইতে পারিবেন কিংবা কোন নির্দিষ্ট বিভাগসমূহের অধীনে সহজে শ্রেণীভুক্ত করা যায় না এরূপ ব্যয় সম্পর্কে একটি দাবি করিতে পারিবেন। ব্যয়বরাদ্দের দাবি।

(২) প্রত্যেক দাবিতে প্রথমে, প্রস্তাবিত মোট ব্যয়বরাদ্দের বিবরণ থাকিবে এবং তাহার পর, বিভিন্ন দফায় ভাগ-করা প্রত্যেক ব্যয়বরাদ্দ সম্পর্কে বিস্তৃত সম্ভাব্য আয়ব্যয়ের হিসাবের (Estimate) বিশদ বিবরণ থাকিবে।

২০৮। (১) বাজেট পেশ করার পরবর্তীকালে অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত যে-কোন দিনে এবং এতদুদ্দেশ্যে তিনি যে সময় নির্দিষ্ট করিয়া দিবেন সেই সময়ের জন্য বাজেটটি সামগ্রিকভাবে বা উহার সহিত জড়িত নীতি সংক্রান্ত কোন প্রশ্ন সম্পর্কে আলোচনা করিবার অধিকার সভার থাকিবে। তবে কোন প্রস্তাব উত্থাপন করা কিংবা ঐ বাজেট সভায় ভোট গ্রহণের জন্য দেওয়া যাইবে না। বাজেটের উপর সাধারণ আলোচনা।

(২) আলোচনার শেষে অর্থমন্ত্রীর উত্তর দেবার সাধারণ অধিকার থাকিবে।

(৩) অধ্যক্ষ উচিত মনে করিলে, বক্তৃতা দিবার সময়সীমা নির্ধারণ করিয়া দিতে পারিবেন।



Reference of Demands for Grants to the Standing Committees.

**208A.** At the conclusion of the general discussion on the Budget under Rule 208, the Demands for Grants of all the Departments falling under the purview of the Standing Committees shall stand referred to the appropriate Standing Committees for scrutiny and report.

Voting of Demands for Grants.

**209.** (1) The Speaker shall, in consultation with the Leader of the House, allot so many days as may be compatible with the public interest for the discussion and voting of demands for grants:

Provided, however that the voting of demands for grants which stand referred to the Standing Committees as mentioned in rule 208A shall take place on such days as the Speaker may appoint after the Standing Committees have presented their reports.

(2) Of the days so appointed not more than two days shall be allotted to the discussion of any one demand. As soon as the maximum limit of time for discussion is reached, the Speaker shall forthwith put every question necessary to dispose of the demand under discussion.

(3) On the last day of the days appointed under sub-rule (1) one hour before the time fixed for adjournment for the day, the Speaker shall forthwith put every question necessary to dispose of all the outstanding matters in connection with the demand for grants, and the consideration thereof shall not be anticipated by any motion for adjournment or interrupted in any manner whatsoever not shall any dilatory motion be moved in regard thereto.

(4) On a day appointed under sub-rule (1) for the voting of grants, no other business shall, except with the consent of the Speaker, be taken up earlier than one hour before the time fixed for adjournment for the day; but nothing herein shall prevent the asking and answering of questions during the time allowed for the purpose under these rules.

(5) No demand for grant shall be made except on the recommendation of the Governor.

(6) Motions may be made at this stage to reduce any grant but not to increase or alter the destination of a grant.

<sup>1</sup>[(7) No amendment to motions to reduce any demand for grant shall be permissible.]

---

<sup>1</sup>Added by Assembly Bulletin–Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২০৮ক। নিয়মাবলীর ২০৮ ধারায় বর্ণিত বাজেটের বিষয়ে আলোচনা সমাপ্ত হইবার পর যে সমস্ত বিভাগ স্ট্যান্ডিং কমিটির অন্তর্ভুক্ত, সেই সব বিভাগগুলির ব্যয়-বরাদ্দের দাবি সংশ্লিষ্ট কমিটিতে পুঙ্খানুপুঙ্খভাবে নিরীক্ষণ এবং প্রতিবেদনের উদ্দেশ্যে প্রেরিত হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে।

ব্যয়বরাদ্দের দাবি (ডিমান্ড ফর গ্রান্টস) স্ট্যান্ডিং কমিটিকে প্রেরণের বিষয়।

২০৯। (১) অধ্যক্ষ সভার নেতার সহিত পরামর্শ করিয়া ব্যয়বরাদ্দের দাবির উপর আলোচনার জন্য ততগুলি দিন নির্দিষ্ট করিবেন যাহা জনস্বার্থের সহিত সঙ্গতিপূর্ণ :

ব্যয়বরাদ্দের উপর ভোট গ্রহণ।

তবে শর্ত থাকে যে, ২০৮ক নিয়ম অনুসারে যে ব্যয়বরাদ্দের দাবিগুলি স্ট্যান্ডিং কমিটিতে প্রেরণ করা হইবে, সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটি তাহাদের প্রতিবেদন পেশ করিবার পর অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত দিনে সেগুলি ভোট গ্রহণের জন্য লওয়া হইবে।

(২) এইরূপ নির্ধারিত দিনের মধ্যে, অনধিক দুই দিন যে-কোন একটি দাবি সম্পর্কিত আলোচনার জন্য নির্দিষ্ট করিয়া রাখা যাইবে। আলোচনার জন্য নির্দিষ্ট সময় শেষ সীমায় পৌঁছিবার সঙ্গে সঙ্গে অধ্যক্ষ, আলোচনাধীন দাবি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় প্রত্যেকটি বিষয় অবিলম্বে মতামত গ্রহণের জন্য তুলিবেন।

(৩) উপনিয়ম (১) মতে নির্ধারিত দিনগুলির সর্বশেষ দিনে, ঐ দিনের অধিবেশন মূলতুবী হওয়ার নির্দিষ্ট সময়ের এক ঘণ্টা পূর্বে অধ্যক্ষ, ব্যয়বরাদ্দ দাবি সম্পর্কিত সমুদয় বাকি বিষয় নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় প্রতিটি প্রশ্ন অবিলম্বে মতামত গ্রহণের জন্য তুলিবেন এবং উহার বিবেচনা সম্পর্কে পূর্ব হইতে কোন মূলতুবী প্রস্তাব তুলিয়া অথবা অন্য কোনভাবেই বাধা দেওয়া যাইবে না কিংবা তৎসম্পর্কে কোন বিলম্বকারী প্রস্তাব উত্থাপন করা চলিবে না।

(৪) ব্যয়বরাদ্দ সম্পর্কে ভোট গ্রহণের জন্য (১) উপনিয়মমতে নির্ধারিত দিনে, ঐ দিনের অধিবেশন মূলতুবী হওয়ার নির্দিষ্ট সময়ের এক ঘণ্টা পূর্বে অধ্যক্ষের সম্মতি ব্যতিরেকে অন্য কোন কাজ বিবেচনার জন্য গ্রহণ করা চলিবে না; কিন্তু ইহার কোন কিছুই এই নিয়মাবলীমতে প্রশ্ন করিবার এবং উত্তর দিবার জন্য যে সময় দেওয়া হয় তাহার পক্ষে বাধাস্বরূপ হইবে না।

(৫) রাজ্যপালের সুপারিশ ব্যতিরেকে ব্যয়বরাদ্দের জন্য কোন দাবি করা চলিবে না।

(৬) কোন ব্যয়বরাদ্দ হ্রাস করিবার জন্য এই পর্যায়ে প্রস্তাব উত্থাপন করা চলিবে, কিন্তু ব্যয়বরাদ্দ বৃদ্ধির জন্য বা উহার উদ্দেশ্য পরিবর্তনের জন্য তাহা করা চলিবে না।

\*[(৭) কোন ব্যয়বরাদ্দের দাবি হ্রাস করার প্রস্তাবের কোন সংশোধনী গ্রাহ্য হইবে না।]

\*২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী সংযুক্ত।

Motions for reduction of grant.

**210.** A motion may be moved to reduce the amount of a demand in any of the following ways:—

- (a) “that the amount of the demand be reduced to Re. 1” representing disapproval of the policy underlying the demand. Such a motion shall be known as “Disapproval of Policy Cut”. A member giving notice of such a motion shall indicate in precise terms the particulars of the policy which he proposes to discuss. The discussion shall be confined to the specific point or points mentioned in the notice and it shall be open to members to advocate an alternative policy;
- (b) “that the amount of the demand be reduced by a specified amount” representing the economy that can be effected. Such specified amount may be either a lump sum reduction in the demand or omission or reduction of an item in the demand. The motion shall be known as “Economy Cut”. The notice shall indicate briefly and precisely the particular matter on which discussion is sought to be raised and speeches shall be confined to the discussion as to how economy can be effected;
- (c) “that the amount of the demand be reduced by Rs. 100 (in the case of a demand being less than Rs. 100—by such amount as may fixed by the Speaker)” in order to ventilate a specific grievance which is within the sphere of the responsibility of the State Government. Such a motion shall be known as “Token Cut” and the discussion thereon shall be confined to the particular grievance specified in the motion.

<sup>1</sup>[Admissibility of Cut Motions.

**210A.** In order that notice of motion for reduction of the amount of demand may be admissible; it shall satisfy the following conditions, namely:—

- (i) It shall relate to one demand only;
- (ii) It shall be clearly expressed and shall not contain arguments, inferences, ironical expressions, imputations, epithets or defamatory statements;
- (iii) It shall be confined to one specific matter which shall be stated in precise terms;
- (iv) It shall not reflect on the character or conduct of any person whose conduct can only be challenged on a substantive motion;]

---

<sup>1</sup>Inserted by Assembly Bulletin Part-II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২১০। কোন দাবির পরিমাণ হ্রাসের জন্য নিম্নলিখিত যে-কোন প্রকারে প্রস্তাব অনুদান হ্রাসের উত্থাপন করা যাইবে :— প্রস্তাব।

- (ক) দাবির অন্তর্নিহিত নীতির প্রতি অননুমোদন-জ্ঞাপক এরূপ কোন প্রস্তাব, যথা “দাবির পরিমাণ কমাওয়া এক টাকা করা হউক।”—এইরূপ প্রস্তাব “নীতি অননুমোদন ছাঁটাই” (Disapproval of Policy) বিষয়ক রূপে অভিহিত হইবে। এরূপ প্রস্তাব সম্পর্কে নোটিশ প্রদানকারী সদস্য, যে নীতির বিষয় তিনি আলোচনা করিতে চাহেন তৎসম্পর্কিত বিশেষ বিবরণ সঠিকভাবে উল্লেখ করিবেন। নোটিশে উল্লিখিত নির্দিষ্ট বিষয় বা বিষয়সমূহের মধ্যে আলোচনা সীমিত থাকিবে এবং সদস্যগণ বিকল্প কোন নীতির সমর্থনে বলিতে পারিবেন;
- (খ) ব্যয়সঙ্কোচ সাধিত হইতে পারে এরূপ কোন প্রস্তাব, যথা “দাবির পরিমাণ হইতে নির্দিষ্ট পরিমাণ কোন টাকা কমাওয়া দেওয়া হউক।”—এরূপ নির্দিষ্ট পরিমাণ, দাবির পরিমাণ হইতে থোক টাকা কাটয়া কিংবা দাবির কোন দফা বাদ দিয়া বা কমাওয়া করা যাইতে পারিবে। এরূপ প্রস্তাব “ব্যয়সঙ্কোচমূলক ছাঁটাই” (Economy Cut) এই নামে অভিহিত হইবে। যে নির্দিষ্ট বিষয় সম্পর্কে আলোচনা করিতে চাওয়া হয় সেই বিষয়টি সংক্ষেপে ও সঠিকভাবে উক্ত নোটিশে উল্লেখ করিতে হইবে এবং কীভাবে ব্যয়সঙ্কোচ কার্যকর হইতে পারে শুধু তাহার আলোচনা করিয়াই বক্তৃতা দেওয়া চলিবে;
- (গ) রাজ্য সরকারের দায়িত্বের মধ্যে পড়ে এরূপ কোন সুনির্দিষ্ট অভাব অভিযোগ ব্যক্ত করার উদ্দেশ্যে কোন প্রস্তাব, যথা “দাবির পরিমাণ হইতে ১০০ টাকা (কোন দাবি ১০০ টাকার কম হইলে তাহার বেলা, অধ্যক্ষ যে পরিমাণ নির্দিষ্ট করিবেন সেই পরিমাণ টাকা) কমাওয়া দেওয়া হউক।”—এরূপ প্রস্তাব “নমুনা ছাঁটাই” (Token Cut) এই নামে অভিহিত হইবে এবং এই সম্বন্ধে আলোচনা উক্ত প্রস্তাবে উল্লিখিত নির্দিষ্ট অভাব অভিযোগের বিষয়ের মধ্যেই সীমাবদ্ধ থাকিবে।

২১০ক। কোন অনুদান হ্রাসের প্রস্তাব যাহাতে গ্রাহ্য হইতে পারে, সেই জন্য নিম্নলিখিত শর্তাবলী পালন করিতে হইবে, যথা :— ব্যয়বরাদ্দ হ্রাসের প্রস্তাবের গ্রাহ্যতা।

- (i) ইহা কেবলমাত্র একটি দাবি সম্পর্কিত হইবে;
- (ii) ইহা স্পষ্টভাবে বিবৃত হইবে এবং ইহাতে যুক্তি-তর্ক, অনুমান নির্ভর সিদ্ধান্ত, শ্লেষপূর্ণ উক্তি, দোষারোপ, বিশেষণাত্মক বা মানহানিকর উক্তি থাকিবে না;
- (iii) ইহা একটি নির্দিষ্ট বিষয়ে সীমাবদ্ধ থাকিবে যা সংক্ষিপ্তরূপে বিবৃত হইবে;
- (iv) যে সকল ব্যক্তির আচরণ সম্পর্কে অভিযোগ কেবলমাত্র মৌল প্রস্তাবের মাধ্যমে করা যাইতে পারে, তাহাদের চরিত্র বা আচরণ সম্পর্কে কোন কটাক্ষ করা চলিবে না;]

২০১৭ সালে ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী অন্তর্ভুক্ত।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

- <sup>1</sup>(v) It shall not make suggestions for the amendment or repeal of existing laws;
- (vi) It shall not refer to a matter which is not primarily the concern of the State Government;
- (vii) It shall not relate to expenditure charged on the Consolidated Fund of the State;
- (viii) It shall not relate to a matter which is under adjudication by a court of law;
- (ix) It shall not raise a question of privilege;
- (x) It shall not revive discussion on a matter which has been discussed in the same session and on which a decision has been taken;
- (xi) It shall not anticipate a matter which has been previously appointed for consideration in the same session;
- (xii) It shall not ordinarily seek to raise a discussion on a matter pending before any statutory tribunal or statutory authority performing any judicial or quasi-judicial functions or any commission or court of enquiry appointed to enquire into, or investigate any matter:  
Provided that the Speaker may in his discretion allow such matter being raised in the House as is concerned with the procedure or stage of enquiry, if the Speaker is satisfied that it is not likely to prejudice the consideration of such matter by the statutory tribunal, statutory authority, commission or court of enquiry; and
- (xiii) It shall not relate to a trivial matter.]

Speaker to decide admissibility of motions for reduction of grant.

**211.** The Speaker shall decide whether a motion to reduce any demand for grant is or is not admissible and may disallow any such motion when in his opinion it is an abuse of the right of moving motions for such reduction.

Notice of motion for reduction of grant.

**212.** Notice of a motion to reduce any demand for grant shall be given within such time as the Speaker may appoint.

Presentation of Budget in parts.

**213.** Nothing hereinbefore contained shall be deemed to prevent the presentation of the Budget to the House in two or more parts and when such presentation takes place, each part shall be dealt with in accordance with these rules as if it were the Budget.

Vote on account.

**214.** (1) A motion for vote on account shall state the total sum required and the various amounts needed for each Department or item of expenditure which compose that sum shall be stated in a Schedule appended to the motion.

---

<sup>1</sup>Inserted by Assembly Bulletin Part-II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

- \*(v) বর্তমান আইনের সংশোধনী বা রহিতকরণের জন্য কোন প্রস্তাব থাকিবে না;
- (vi) রাজ্য সরকার মুখ্যত সংশ্লিষ্ট নয় এরূপ কোন বিষয় সম্পর্কে উল্লেখ করা যাইবে না;
- (vii) রাজ্যের সঞ্চিত নিধির উপর প্রভাবিত ব্যয় সম্পর্কে উল্লেখ করা যাইবে না;
- (viii) ইহাতে আদালতের বিচারধীন কোন বিষয় সম্পর্কে উল্লেখ করা যাইবে না;
- (ix) ইহাতে বিশেষাধিকারের কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না;
- (x) একই অধিবেশনে পূর্বে আলোচিত বিষয় অথবা যে বিষয়ে সিদ্ধান্ত হইয়াছে সেই বিষয়ের উপর পুনরালোচনার সূত্রপাত করা যাইবে না;
- (xi) একই অধিবেশনে যে বিষয় বিবেচনা করা যাইবে বলিয়া পূর্বে নির্ধারিত হইয়াছে সেরূপ কোন বিষয়ের বিবেচনার পূর্বাভাস থাকিবে না;
- (xii) বিচার বিভাগীয় বা আধা-বিচার বিভাগীয় দায়িত্বপালনকারী সংবিধিবদ্ধ কোন ট্রাইব্যুনাল বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের অথবা কোন বিষয়ে অনুসন্ধান বা তদন্ত করিবার জন্য নিযুক্ত কোন কমিশন বা তদন্ত আদালতের সম্মুখে নিষ্পন্ন হইবার অপেক্ষায় রহিয়াছে এমন কোন বিষয় সম্পর্কে সাধারণত জানিতে চাওয়া যাইবে না :

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ যদি মনে করেন যে, বিষয়টি সংবিধিবদ্ধ ট্রাইব্যুনাল, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ, কমিশন বা তদন্ত আদালত কর্তৃক বিবেচনার পক্ষে হানিকর হইবে না তবে তিনি স্ব-বিবেকানুসারে তদন্তের প্রণালী, বিষয় বা পর্যায় সম্পর্কিত বিষয় সভায় উপস্থাপিত করিবার অনুমতি দিতে পারিবেন; এবং

- (xiii) ইহা তুচ্ছ বিষয় সম্পর্কিত হইবে না;]

২১১। কোন ব্যয়বরাদ্দের দাবি হ্রাস করার প্রস্তাব গ্রহণযোগ্য কিনা তাহা অধ্যক্ষ স্থির করিবেন এবং অধ্যক্ষ যদি মনে করেন যে, এরূপ প্রস্তাব দ্বারা ব্যয়বরাদ্দ হ্রাসের প্রস্তাব উত্থাপন করিবার অধিকারের অপব্যবহার করা হইবে তবে তিনি এরূপ প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

ব্যয়বরাদ্দ হ্রাসের প্রস্তাব গ্রাহ্য কিনা তা অধ্যক্ষ কর্তৃক স্থিরীকরণ।

২১২। কোন ব্যয়বরাদ্দের দাবি হ্রাস করার প্রস্তাবের নোটিশ, অধ্যক্ষ যেরূপ সময় স্থির করিয়া দিবেন সেরূপ সময়ের মধ্যে দিতে হইবে।

ব্যয়বরাদ্দ হ্রাসের প্রস্তাবের নোটিশ।

২১৩। ইতঃপূর্বে ইহাতে উল্লিখিত কোন কিছুই, সভায় দুই বা ততোধিক ভাগে বাজেট পেশ করার পক্ষে বাধা বলিয়া গণ্য হইবে না এবং এরূপে পেশ করা হইলে প্রত্যেক ভাগ সম্পর্কে, যেন উহা বাজেট এইভাবে, এই নিয়মাবলী অনুসারে ব্যবস্থা অবলম্বন করা হইবে।

ভাগে ভাগে বাজেট পেশ।

২১৪। (১) হিসাবসাপেক্ষে ব্যয়বরাদ্দ সম্পর্কিত প্রস্তাবে, মোট যত টাকার প্রয়োজন তাহা এবং প্রত্যেক বিভাগের জন্য ভিন্ন ভিন্ন যে পরিমাণ টাকার প্রয়োজন তাহা অথবা ব্যয়ের যে সব দফা বাবদ এরূপ পরিমাণ টাকা হয় সেই সমস্ত দফা উক্ত প্রস্তাবের সহিত সংলগ্ন অনুসূচীতে উল্লেখ করিতে হইবে।

হিসাবসাপেক্ষে ব্যয়বরাদ্দ।

\*২০১৭ সালে ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী অন্তর্ভুক্ত।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

(2) Amendments may be moved for the reduction of the whole grant or for the reduction or omission of the items whereof the grant is composed.

(3) Discussion of a general character shall be allowed on the motion or any amendment moved thereto, but the details of the grant shall not be discussed further than is necessary to develop the general points.

(4) In other respects, a motion for vote on account shall be dealt with in the same way as if it were a demand for grant.

Supplementary, additional, excess and exceptional grants and votes of credit.

**215.** Supplementary, additional, excess and exceptional grants and votes of credit shall be regulated by the same procedure as is applicable in the case of demands for grants subject to such adaptations, whether by way of modification, addition or omission, as the Speaker may deem necessary or expedient.

Scope of discussion on supplementary grants.

**216.** The debate on the supplementary grants shall be confined to the items constituting the same and no discussion may be raised on the original grants nor policy underlying them save in so far as it may be necessary to explain or illustrate the particular items under discussion.

Token grant.

**217.** When funds to meet proposed expenditure on a new service can be made available by reappropriation, a demand for the grant of a token sum may be submitted to the vote of the House and, if the House assents to the demand, funds may be so made available.

*(c) Appropriation Bill*

<sup>1</sup>[Procedure regarding Appropriation Bill.

**218.** (1) Subject to the provisions of the Constitution, the procedure in regard to an Appropriation Bill shall be the same as for Bills generally with such modifications as the Speaker may consider necessary.

(2) The debate on an Appropriation Bill shall be restricted to matters of public importance or administrative policy implied in the grants covered by the Bill which have not already been raised while the relevant demands for grants were under consideration.]

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part-II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(২) সমগ্র ব্যয়বরাদ্দ হ্রাস করিবার জন্য কিংবা যে সকল দফা বাবদ ব্যয়বরাদ্দ স্থির করা হয় সেই দফাসমূহ কমাওয়া দিবার বা বাদ দিবার জন্য সংশোধনী প্রস্তাব উত্থাপন করা যাইবে।

(৩) উক্ত প্রস্তাব বা তৎসম্পর্কে উত্থাপিত কোন সংশোধনী প্রস্তাবের উপর সাধারণভাবে আলোচনা করিতে দেওয়া যাইবে, কিন্তু প্রস্তাবের সাধারণ বিষয়গুলি সুস্পষ্ট করিবার জন্য যতটুকু দরকার, ব্যয়বরাদ্দের খুঁটিনাটি বিষয় লইয়া তাহার বেশি আলোচনা করিতে দেওয়া হইবে না।

(৪) অন্যান্য বিষয়ে, হিসাবসাপেক্ষে ব্যয়বরাদ্দ প্রস্তাব সম্পর্কে যেন উহা ব্যয়বরাদ্দের দাবি—এইভাবে ব্যবস্থা অবলম্বন করা হইবে।

২১৫। ব্যয়বরাদ্দ দাবির ক্ষেত্রে প্রযোজ্য পদ্ধতিতে অধ্যক্ষ কর্তৃক প্রয়োজনীয় বা সুবিধাজনক বলিয়া বিবেচিত পরিবর্তন, পরিবর্ধন বা পরিবর্জনপূর্বক গৃহীত পদ্ধতি দ্বারাই সম্পূরক, অতিরিক্ত, অধিক ও অসাধারণ ব্যয়বরাদ্দ এবং ঋণের উপর ভোট নিয়ন্ত্রণ হইবে।

সম্পূরক, অতিরিক্ত, অধিক ও অসাধারণ ব্যয়বরাদ্দ এবং ঋণের উপর ভোট।

২১৬। সম্পূরক ব্যয়বরাদ্দ সম্পর্কিত বিতর্ক যে সকল দফায় ব্যয়বরাদ্দের দাবি প্রস্তাব করা হয় সেই সমস্ত দফার মধ্যে সীমাবদ্ধ থাকিবে এবং মূল ব্যয়বরাদ্দ বা তদন্তগত নীতি সম্পর্কে আলোচনাধীন কোন বিশেষ দফা ব্যাখ্যা বা বিশদ করিবার জন্য যতটুকু আবশ্যিক হয় তাহার অতিরিক্ত কোন আলোচনা করা যাইবে না।

সম্পূরক ব্যয়বরাদ্দের উপর আলোচনার পরিধি।

২১৭। যে ক্ষেত্রে কোন নূতন কর্ম-বিভাগের জন্য প্রস্তাবিত ব্যয়নির্বাহকল্পে পুনর্নির্দিষ্টকরণ করিয়া অর্থ দেওয়া হয় সেক্ষেত্রে একটি প্রতীকস্বরূপ অর্থ ব্যয়বরাদ্দের দাবি হিসাবে সভায় ভোটের জন্য পেশ করা যাইবে এবং সভা সম্মতি দিলে ঐরূপ অর্থের ব্যবস্থা করা যাইবে।

প্রতীক ব্যয়বরাদ্দ।

### (গ) উপযোজন বিধেয়ক

২১৮। (১) সংবিধানের বিধানাবলীর অধীনে, উপযোজন বিধেয়ক সম্পর্কে যে পদ্ধতি অনুসৃত হইবে, তাহা অধ্যক্ষ যেরূপ পরিবর্তন আবশ্যিক বিবেচনা করিবেন সেরূপ পরিবর্তনের দ্বারা সাধারণ বিধেয়ক সমূহ সম্পর্কে যে পদ্ধতি অনুসৃত হয় তদনুরূপ হইবে।

উপযোজন বিধেয়ক সম্পর্কে পদ্ধতি।

(২) কোন উপযোজন বিধেয়ক সম্পর্কে বিতর্ক, উক্ত বিধেয়কে অন্তর্ভুক্ত ব্যয়বরাদ্দের মধ্যে জনস্বার্থে গুরুত্বপূর্ণ বা প্রশাসনিক নীতি সংক্রান্ত যে সমস্ত বিষয় নিহিত থাকে ও যাহা সংশ্লিষ্ট ব্যয়বরাদ্দের দাবি বিবেচনাধীন থাকাকালে ইতঃপূর্বে তোলা হয় নাই সেই সমস্ত বিষয়ের মধ্যে সীমিত থাকিবে।]

<sup>১</sup>২০১৭ সালে ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।



RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

<sup>1</sup>[(3) If an Appropriation Bill is in pursuance of a supplementary grant in respect of an existing service, the discussion shall be confined to the items constituting the same, and no discussion shall be raised on the original grant nor the policy underlying it save in so far as it may be necessary to explain or illustrate a particular item under discussion.]

(4) The Speaker may, if he thinks fit, prescribe a time limit for speeches.]

(d) *General*

<sup>2</sup>[Business that can be taken up on a day allotted for financial business.]

**219.** Notwithstanding that a day has been allotted for financial business under Rules 208, 209 or 218 a motion or motions for leave to introduce a Bill or Bills may be made and a Bill or Bills may be introduced and motions under Rule 75 and 92 in respect of Government Bills may also be made on such day before the House enters on the business for which the day has been allotted.]

Time-limit for disposal of financial business.

**220.** In addition to the powers exercisable under these rules, the Speaker may exercise all such powers as are necessary for the purpose of the timely completion of all financial business including allotment of time for the disposal of various kinds of such business, and where time is so allotted, he shall, at the appointed hour, put every question necessary to dispose of all the outstanding matters in connection with the stage or stages for which time has been allotted.

*Explanation.*—Financial business includes any business which the Speaker holds as coming within this category under the Constitution.

(e) *Accounts*

Reference of accounts and reports to Committee on Public Accounts.

**221.** The accounts of the State and the reports of the Comptroller and Auditor-General thereon and any other accounts and the reports of the Comptroller and Auditor-General thereon shall, as soon as they are laid before the Assembly, stand referred to the Committee on Public Accounts constituted under Rule 302.

Publication of accounts and reports.

**222.** When the accounts of the State and the report of the Comptroller and Auditor-General thereon have been laid before the Assembly, the Principal Secretary shall cause them to be published and a copy of the accounts and the reports shall be made available for the use of each member.

Prohibition of discussion.

**223.** (1) No discussion of the accounts of the State and the reports of the Comptroller and Auditor-General thereon shall take place in the Assembly until the report of the Committee on Public Accounts on such accounts and reports has been presented to the Assembly under Rule 303.

---

<sup>1</sup> & <sup>2</sup>Substituted by Assembly Bulletin Part-II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

১[(৩) কোনো উপযোজন বিধেয়ক বর্তমান কোন কর্মবিভাগ সম্পর্কিত সম্পূরক ব্যয়বরাদ্দের জন্য আনীত হইলে উক্ত বিধেয়ক যে সকল দফা লইয়া রচিত সেই সকল দফার আলোচনাতেই সীমিত থাকিবে এবং মূল ব্যয়বরাদ্দ বা তদন্তগত নীতি সম্পর্কে আলোচনাধীন কোন বিশেষ দফা ব্যাখ্যা বা বিশদ করিবার জন্য যতটুকু আবশ্যিক তদতিরিক্ত কোন আলোচনা করা যাইবে না।

(৪) অধ্যক্ষ, উচিত মনে করিলে, বক্তৃতার সময়সীমা নির্দিষ্ট করিয়া দিতে পারিবেন।

### (ঘ) সাধারণ

২১৯। ২০৮, ২০৯ বা ২১৮ নিয়ম মতে অর্থ-বিষয়ক কার্যের জন্য কোন দিন নির্দিষ্ট হইয়া থাকিলেও, ঐরূপ দিনে যে কার্যের জন্য ঐ দিন নির্দিষ্ট করা হইবে, সভায় সেই কার্য আরম্ভ হইবার পূর্বে, এক বা একাধিক বিধেয়ক উত্থাপনের অনুমতির জন্য এক বা একাধিক প্রস্তাব এবং এক বা একাধিক বিধেয়ক উত্থাপন এবং সরকারি বিধেয়কের ক্ষেত্রে প্রযোজ্য ৭৫ এবং ৯২ নিয়মমতে কোন প্রস্তাব উত্থাপন করা যাইতে পারিবে।

অর্থ-বিষয়ক কার্যের জন্য নির্দিষ্ট দিনে বিবেচনামোগ্য কার্য।

২২০। অধ্যক্ষ এই সকল নিয়মমতে যে সমস্ত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন তাহা ছাড়াও, তিনি অর্থবিষয়ক বিভিন্ন প্রকার কার্য সম্পন্ন করিবার জন্য সময় ভাগ সমেত অর্থ বিষয়ক যাবতীয় কার্য সময়মত শেষ করিবার উদ্দেশ্যে যেরূপ প্রয়োজন হইবে সেরূপ ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন এবং যে স্থলে ঐরূপ সময় ভাগ করিয়া দেওয়া হইবে সে স্থলে তিনি নির্ধারিত সময়ে, যে পর্যায়ে বা পর্যায়সমূহের জন্য সময় নির্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে সে পর্যায় বা পর্যায়সমূহ সম্পর্কিত যাবতীয় বাকি বিষয় নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় প্রতিটি প্রশ্ন মতামত গ্রহণের জন্য তুলিবেন।

অর্থ-বিষয়ক কার্য সম্পন্ন করার সময়সীমা।

ব্যাখ্যা—অর্থ বিষয়ক কার্য বলিতে অধ্যক্ষ যে কার্য সংবিধানমতে এই শ্রেণীর মধ্যে পড়ে বলিয়া মনে করেন সেইরূপ যে-কোন কার্য বুঝাইবে।

### (ঙ) হিসাব

২২১। রাজ্যের হিসাব ও তৎসম্পর্কে মহা-হিসাব নিয়ামক ও নিরীক্ষক (কম্পট্রোলার অ্যান্ড অডিটর-জেনারেল)-এর প্রতিবেদন এবং অন্য কোন হিসাব ও ঐ সম্পর্কে মহা-হিসাব নিয়ামক ও নিরীক্ষকের প্রতিবেদন বিধানসভার নিকট উপস্থাপিত হওয়ার পরই, সেগুলি ৩০২ নিয়মমতে গঠিত সরকারী হিসাব-কমিটিতে (পাবলিক অ্যাকাউন্টস কমিটি) প্রেরিত হইয়াছে বলিয়া ধরা হইবে।

হিসাব এবং রিপোর্ট সরকারী হিসাব কমিটিতে (পাবলিক অ্যাকাউন্টস কমিটি) প্রেরণ।

২২২। রাজ্যের হিসাব ও তৎসম্পর্কে মহা-হিসাব নিয়ামক ও নিরীক্ষকের প্রতিবেদন বিধানসভার নিকট উপস্থাপিত করা হইলে, প্রধান সচিব ঐগুলি প্রকাশ করিবেন এবং ঐ হিসাব ও প্রতিবেদনের একটি করিয়া কপি যাহাতে প্রত্যেক সদস্য ব্যবহারের জন্য পান তাহার ব্যবস্থা করিবেন।

হিসাব এবং রিপোর্ট প্রকাশ।

২২৩। (১) রাজ্যের হিসাব ও সেই বিষয়ে মহা-হিসাব নিয়ামক ও নিরীক্ষকের প্রতিবেদন সম্পর্কে সরকারী হিসাব কমিটির প্রতিবেদন ৩০৩ নিয়মমতে বিধানসভায় পেশ না করা পর্যন্ত ঐরূপ হিসাব ও প্রতিবেদন সম্পর্কে সভায় কোন আলোচনা চলিবে না।

আলোচনার নিয়ন্ত্রণ।

১ এবং ২২০১৭ সালে ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

(2) No discussion of the other accounts mentioned in Rule 221 and the reports of the Comptroller and Auditor-General thereon, shall take place in the House unless the report of the Committee on Public Accounts thereon, if any, has been presented to the House.

(For rules relating to Committee on Public Accounts see Chapter XXV of these rules.)

<sup>1</sup>[Reference of audit reports of Examiner of Local Accounts, West Bengal on Panchyati Raj Institution and Urban Local Bodies along with the action taken reports as also the report of the comptroller and Auditor General in respect of the Urban Local Bodies to the Committee on Local Fund Accounts.

**223A.** The audit reports of the Examiner of Local Accounts, West Bengal on the Panchayati Raj Institutions and the Urban Local Bodies along with the action taken reports as also the Report of the Comptroller and Auditor General in respect of the Urban Local Bodies shall, as soon as they are laid before the Assembly stand referred to the Committee on Local Fund Accounts constituted under Rule 303J.]

## CHAPTER XX PRIVILEGES

### (a) Questions of Privilege

Question of Privilege.

**224.** Any member may, with the consent of the Speaker, raise a question involving a breach of privilege either of a member or of the House or of any Committee thereof.

Time for raising question of privilege.

**225.** A question of privilege must be raised immediately after questions and before the list of business for the day is entered upon.

<sup>2</sup>[Notice of question of privilege.

**226.** A member wishing to raise a question of privilege shall give notice in writing to the Principal Secretary at least one hour before the commencement of the sitting on the day on which the question is proposed to be raised. If the question proposed to be raised, based on a document, the notice shall be accompanied by the document;

Provided that notices, recieved after the stipulated hour shall be deemed to have been received for the next sitting of the House.]

Procedure on notice.

**227.** If the Speaker is satisfied that there is a *prima facie* case that a breach of privilege has been committed and that the matter is being raised at the earliest opportunity he may allow the member to raise matter as a question of privilege.

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part-II, dated 16th February, 2017, paragraph 231.

<sup>2</sup>Substituted, *ibid*

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(২) ২২১ নিয়মে উল্লিখিত অন্যান্য হিসাব এবং সেই বিষয়ে মহা-হিসাব নিয়ামক ও নিরীক্ষকের প্রতিবেদন সম্পর্কে সরকারী হিসাব কমিটির যদি কোন প্রতিবেদন থাকে তাহা সভায় পেশ করা না হইলে ঐরূপ হিসাব ও প্রতিবেদন সম্পর্কে সভায় কোন আলোচনা চলিবে না।

(সরকারী হিসাব কমিটি সম্পর্কিত নিয়মাবলীর জন্য  
এই নিয়মাবলীর ২৫ অধ্যায় দ্রষ্টব্য।)

১[২২৩ক। পঞ্চায়েতী রাজ সংস্থা এবং পৌরসংস্থা সমূহের উপর স্থানীয় হিসাব পরীক্ষক, পশ্চিমবঙ্গ-এর নিরীক্ষা প্রতিবেদন ও তার উপর ব্যবস্থা গ্রহণের প্রতিবেদন এবং পৌরসংস্থা সমূহের ক্ষেত্রে মহাহিসাব নিয়ামক ও নিরীক্ষক-এর প্রতিবেদন বিধানসভায় উপস্থাপিত হওয়ার পরই সেগুলি ৩০৩এ৪-এর নিয়মমতে গঠিত স্থানীয় তহবিল হিসাব কমিটিতে প্রেরিত হইয়াছে বলিয়া ধরা হইবে।]

পঞ্চায়েতী রাজ সংস্থা এবং পৌরসংস্থা সমূহের উপর স্থানীয় হিসাব পরীক্ষক, পশ্চিমবঙ্গ-এর নিরীক্ষা প্রতিবেদন ও তার উপর ব্যবস্থা গ্রহণের প্রতিবেদন এবং পৌরসংস্থা সমূহের ক্ষেত্রে মহাহিসাব নিয়ামক ও নিরীক্ষকের প্রতিবেদন স্থানীয় তহবিল হিসাব কমিটিতে প্রেরণ।

## অধ্যায় ২০

### বিশেষাধিকারসমূহ

#### (ক) বিশেষাধিকারগত প্রশ্ন

২২৪। যে-কোন সদস্য অধ্যক্ষের সম্মতিক্রমে, কোন সদস্যের অথবা সভা অথবা উহার কোন কমিটির বিশেষাধিকার লঙ্ঘনজনিত প্রশ্ন তুলিতে পারিবেন।

বিশেষাধিকারগত প্রশ্ন।

২২৫। বিশেষাধিকারগত কোন প্রশ্ন, প্রশ্নসমূহের অব্যবহিত পরে এবং ঐ দিনের কার্যতালিকার কাজ আরম্ভ করিবার পূর্বে অবশ্যই তুলিতে হইবে।

বিশেষাধিকারগত প্রশ্ন উত্থাপনের সময়।

১[২২৬। কোন সদস্য বিশেষাধিকারগত কোন প্রশ্ন তুলিতে ইচ্ছা করিলে তিনি, যেদিনে ঐ প্রশ্ন তুলিতে চাহিবেন সেইদিন বৈঠক বসিবার অন্তত এক ঘণ্টা পূর্বে প্রধান সচিবের নিকট লিখিতভাবে নোটিশ দিবেন। উক্ত প্রশ্নটি কোন দস্তাবেজের উপর ভিত্তি করিয়া করা হইলে, ঐ নোটিশের সঙ্গে সেই দস্তাবেজও জুড়িয়া দিতে হইবে :]

বিশেষাধিকারগত প্রশ্নের নোটিশ।

তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় উত্তীর্ণ হইবার পর প্রাপ্ত নোটিশগুলি পরের দিনের সভার অধিবেশনের জন্য গণ্য করা হইবে।]

২২৭। অধ্যক্ষ যদি সুনিশ্চিত হন যে, বিশেষাধিকার ভঙ্গ করা হইয়াছে দৃষ্টত এরূপ একটি বিষয় রহিয়াছে এবং ঐ বিষয়টি প্রথম সুযোগেই তোলা হইয়াছে তবে, তিনি ঐ সদস্যকে বিষয়টি বিশেষাধিকারগত প্রশ্নরূপে তুলিবার অনুমতি দিতে পারিবেন।

নোটিশের পদ্ধতি।

১২০১৭ সালে ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

২ উক্ত বুলেটিন অনুযায়ী প্রতিস্থাপিত।

Consideration of matters of privilege.

**228.** On a motion being made for the purpose, the House may consider the matter and come to a decision or may refer it to the Committee of Privileges.

Precedence on matters of privilege arising during sitting.

**229.** A motion on a matter of privilege arising during the sitting of the House shall be entitled to immediate precedence over all other business.

Reference of question of privilege to Committee by Speaker.

**230.** Notwithstanding anything contained in these rules the Speaker may refer any question of privilege to the Committee of Privileges for examination, investigation or report.

<sup>1</sup>[Power of Speaker to give direction.

**230A.** The Speaker may issue such directions as may be necessary for regulating the procedure in connection with all matters connected with the consideration of the question of privilege either in the Committee of Privileges or in the House.]

(For rules relating to Committee of Privileges  
*see* Chapter XXV of these rules.)

*(b) Intimation to Speaker of arrest, detention, etc., and release of a member*

Intimation to Speaker by Magistrate of arrest, detention, etc. of a member.

**231.** When a member is arrested on a criminal charge or for a criminal offence or is sentenced to imprisonment by a court or is detained under an executive order, the committing judge, magistrate or executive authority, as the case may be, shall immediately intimate such fact to the Speaker indicating the reasons for the arrest, detention or conviction, as the case may be, as also the place of detention or imprisonment of the member in the appropriate form set out in the *Third Schedule*.

Intimation to Speaker on release of a member.

**232.** When a member is arrested and after conviction released on bail pending an appeal or otherwise released, such fact shall also be intimated to the Speaker by the authority concerned in the appropriate form set out in the *Third Schedule*.

Treatment of communications received from Magistrate.

**233.** As soon as may be, the Speaker shall, after he has received a communication referred to in Rule 231 or Rule 232, read it out in the House if in session, or if the House is not in session, direct that it may be published in the Bulletin for the information of the members:

---

<sup>1</sup>Inserted by Assembly Bulletin Part-II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২২৮। বিশেষাধিকারগত বিষয় সম্পর্কে বিবেচনার জন্য কোন প্রস্তাব করা হইলে, সভা ঐ বিষয় বিবেচনা করিতে এবং কোন সিদ্ধান্তে উপনীত হইতে পারিবেন অথবা বিশেষাধিকার (প্রিভিলেজ) কমিটিতে উহা প্রেরণ করিতে পারিবেন।

বিশেষাধিকারগত বিষয়ের বিবেচনা।

২২৯। সভার বৈঠক চলাকালে বিশেষাধিকারগত বিষয় সম্পর্কে কোন প্রস্তাব তোলা হইলে ঐ প্রশ্নটি অবিলম্বে অন্যান্য সমস্ত কার্যের উপর অগ্রাধিকার লাভ করিবে।

অধিবেশন চলাকালে উদ্ভূত বিশেষাধিকারগত বিষয়ের অগ্রাধিকার।

২৩০। এই বিধানাবলীতে যাহাই থাকুক না কেন, অধ্যক্ষ বিশেষাধিকারগত যে-কোন প্রশ্ন বিশেষাধিকার কমিটির নিকট পরীক্ষা বা তদন্ত করিবার জন্য অথবা ঐ সম্পর্কে প্রতিবেদন দিবার জন্য প্রেরণ করিতে পারিবেন।

অধ্যক্ষ কর্তৃক বিশেষাধিকারগত প্রশ্ন কমিটিতে প্রেরণ।

২৩০ক। বিশেষাধিকার কমিটিতে অথবা সভায় বিশেষাধিকারগত প্রশ্ন বিবেচনা সম্পর্কিত সমস্ত বিষয়ের কার্যপ্রণালী নিয়ন্ত্রণ করিবার জন্য যেরূপ প্রয়োজন হইবে অধ্যক্ষ সেরূপ নির্দেশ দিতে পারিবেন।

অধ্যক্ষের নির্দেশ দিবার ক্ষমতা।

### (বিশেষাধিকার কমিটি সম্পর্কিত নিয়মাবলীর জন্য এই নিয়মাবলীর ২৫ অধ্যায় দ্রষ্টব্য।)

(খ) কোন সদস্যের গ্রেপ্তার, আটক ইত্যাদি এবং তাঁহার মুক্তির বিষয়  
অধ্যক্ষকে জ্ঞাপন

২৩১। যখন কোন সদস্যকে ফৌজদারি অভিযোগ বা ফৌজদারি অপরাধের জন্য গ্রেপ্তার করা হয় বা কোন আদালত কর্তৃক কারাদণ্ডে দণ্ডিত করা হয় কিংবা নির্বাহিক আদেশবলে আটক করা হয়, তখন সোপর্দকারী বিচারক, শাসক (ম্যাজিস্ট্রেট) বা স্থলবিশেষে নিবাহী প্রাধিকারী উক্ত সদস্যের গ্রেপ্তার, নিরোধ বা স্থলবিশেষে দোষী সাব্যস্ত হওয়ার কারণ প্রদর্শন করিয়া ঐরূপ ঘটনার বিষয়ে অবিলম্বে অধ্যক্ষকে জ্ঞাপন করিবেন এবং সেই সঙ্গে সদস্যের আটক বা কারাবরণের স্থানও, তৃতীয় অনুসূচীতে বর্ণিত যথাযথ ফরমে জ্ঞাপন করিবেন।

কোন সদস্যের গ্রেপ্তার, আটক ইত্যাদি বিষয়ে অধ্যক্ষকে জ্ঞাপন।

২৩২। কোন সদস্যকে গ্রেপ্তার করা হইলে এবং দোষী সাব্যস্ত হওয়ার পর আপীলসাপেক্ষে তিনি জামিনে বা অন্য কোনভাবে মুক্তিলাভ করিলে ঐরূপ ঘটনাও সংশ্লিষ্ট প্রাধিকার তৃতীয় অনুসূচীতে বর্ণিত যথাযথ ফরমে অধ্যক্ষকে জ্ঞাপন করিবেন।

কোন সদস্যের মুক্তির বিষয়ে অধ্যক্ষকে জ্ঞাপন।

২৩৩। ২৩১ বা ২৩২ নিয়মে উল্লিখিত কোন সংবাদ পাইবার পর অধ্যক্ষ, যতশীঘ্র সম্ভব ঐ সংবাদ, সভার অধিবেশন চলিতে থাকিলে, সভায় পড়িয়া শুনাইবেন অথবা সভার অধিবেশন চলিতে না থাকিলে, সদস্যগণের অবগতির জন্য উহা বুলেটিনে প্রকাশিত করিবার নির্দেশ দিবেন :

দণ্ডাধিকারীর (ম্যাজিস্ট্রেটের) নিকট হইতে প্রাপ্ত সংবাদের উপর ব্যবস্থা গ্রহণ।

<sup>১</sup>২০১৭ সালে ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী অন্তর্ভুক্ত।

Provided that if the intimation of the release of a member either on bail or by discharge on appeal is received before the House has been informed of the original arrest, the fact of his arrest, or his subsequent release or discharge may not be intimated to the House by the Speaker.

*(c) Procedure regarding service of legal process and arrest within the precincts of the House*

Arrest within the precincts of the House.

**234.** No arrest shall be made within the precincts of the House without obtaining the permission of the Speaker.

Service of legal process.

**235.** A legal process, civil or criminal, shall not be served within the precincts of the House without obtaining the permission of the Speaker.

CHAPTER XXI

SUBORDINATE LEGISLATION

<sup>1</sup>[Laying of regulation, rule etc., on the Table.

**236.** (1) Where a regulation, rule, sub-rule, bye-law, etc. framed in pursuance of the Constitution or of the Legislative functions delegated, by Parliament/Assembly to a subordinate authority is laid before the House, the period specified in the Constitution or the relevant Act for which it is required to be laid shall be completed before the House is adjourned *sine die* and later prorogued, unless otherwise provided in the Constitution or the relevant Act.

(2) Where the specified period is not so completed the regulation, rule, sub-rule, bye-law, etc. shall be relaid in the succeeding session or sessions until the said period is completed in one session.]

Allotment of time for discussion of amendment.

**237.** The Speaker shall, in consultation with the Leader of the House, fix a day or days or part of a day as he may think fit for the consideration and passing of an amendment to such regulation, rule, sub-rule, bye-law, etc. of which notice may be given by a member:

Provided that notice of the amendment shall be in such form as the Speaker may consider appropriate and shall comply with these rules.

**238.** [*Transmission of amendment to Council.—Omitted by Assembly Bulletin—Part-II, dated 29th January, 1970, item no. 368.*]

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part-II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

তবে শর্ত থাকে যে, কোন সদস্যের জামিনে মুক্তিলাভ বা আপীলে খালাস পাওয়া বা অন্য উপায়ে মুক্তিলাভের সংবাদ, যদি প্রথম গ্রেপ্তারের সংবাদ সভায় জ্ঞাপন করিবার পূর্বেই পাওয়া যায়, তাহা হইলে, অধ্যক্ষ ঐ সদস্যের গ্রেপ্তারের ঘটনা বা তৎপরে তাঁহার মুক্তিলাভের অথবা খালাস পাওয়ার ঘটনা সভায় জ্ঞাপন না করিতেও পারিবেন।

(গ) বিধানসভা ভবনের পরিসরের মধ্যে বৈধ পরোয়ানা জারি ও গ্রেপ্তার সম্পর্কে কার্যপ্রণালী

২৩৪। অধ্যক্ষের অনুমতি না লইয়া, বিধানসভা ভবনের পরিসরের মধ্যে কাহাকেও গ্রেপ্তার করা চলিবে না।

বিধানসভা ভবনের পরিসরের মধ্যে গ্রেপ্তার।

২৩৫। অধ্যক্ষের অনুমতি না লইয়া, বিধানসভা ভবনের পরিসরের মধ্যে দেওয়ানী বা ফৌজদারী কোন পরোয়ানা জারি করা চলিবে না।

বিধি অনুযায়ী পরোয়ানা জারি।

## অধ্যায় ২১

### উপবিধান

২৩৬। (১) সংবিধান অথবা সংসদ বা রাজ্য বিধানসভা কর্তৃক কোন অধীনস্থ কর্তৃপক্ষের নিকট অর্পিত বিধানিক কৃত্যসমূহের অনুসরণক্রমে রচিত কোন প্রনিয়ম, নিয়ম, উপ-নিয়ম, উপ-বিধি ইত্যাদি সংবিধানে অথবা সংশ্লিষ্ট আইনে উল্লেখিত নির্দিষ্ট কোনকালের জন্য সভায় উপস্থাপিত করিবার আবশ্যিক হইলে, সংবিধান বা সংশ্লিষ্ট আইনে যদি অন্যরূপ উল্লেখ না থাকে তাহা হইলে সভা অনির্দিষ্টকালের জন্য মুলতুবী এবং পরবর্তীকালে সমাপ্তি হইবার পূর্বে উক্ত কাল পূর্ণ হইতে হইবে।

প্রনিয়ম, নিয়ম ইত্যাদি টেবিলে উপস্থাপিত করা।

(২) যদি নির্দিষ্টকাল পূর্ণ না হয় তাহা হইলে প্রনিয়ম, নিয়ম, উপ-নিয়ম, উপ-বিধি ইত্যাদি, যে পর্যন্ত না উক্ত কাল এক অধিবেশন কালে পূর্ণ হয়, সে পর্যন্ত পরবর্তী অধিবেশন বা অধিবেশন সমূহে পুনরায় উপস্থাপিত করিতে হইবে।]

২৩৭। কোন সদস্য ঐরূপ যে প্রনিয়ম, নিয়ম, উপনিয়ম, উপবিধি ইত্যাদির সংশোধন সম্পর্কে নোটিশ দিবেন সেই সংশোধন বিবেচনার জন্য গ্রহণ করিবার জন্য অধ্যক্ষ বিধানসভার নেতার সহিত পরামর্শক্রমে যেরূপ উচিত মনে করিবেন সেরূপ এক বা একাধিক দিন কিংবা দিনের অংশ নির্দিষ্ট করিবেন :

সংশোধন সম্পর্কে আলোচনার জন্য সময় আবণ্টন।

তবে শর্ত থাকে যে, সংশোধন সম্পর্কিত নোটিশ, অধ্যক্ষ যেরূপ উপযুক্ত বিবেচনা করিবেন সেই আকারে দিতে হইবে এবং উহা এই নিয়মাবলীসম্মত হইতে হইবে।

২৩৮। [২০শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে]

২০১৭ সালে ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।



**239.** [*Amendment returned by Council.—Omitted by Assembly Bulletin—Part-II, dated 29th January, 1970, item no. 368.*]

**240.** [*Disagreement between Houses.—Omitted by Assembly Bulletin—Part-II, dated 29th January, 1970, item no. 368.*]

Copies of regulations, etc. to be supplied to members.

**241.** (1) Copies of all regulations, rules, sub-rules, bye-laws, etc., framed by the State Government from time to time in pursuance of a power conferred by the Constitution or an Act of Parliament or of the State Legislature or any law in force shall, whether the Constitution or the relevant Act or law does not require them to be laid before the House of the State Legislature, be made available for the use of every member in such manner as the Speaker may, from time to time, direct:

Provided that nothing in this sub-rule shall apply to any regulation, rule, sub-rule, bye-law, etc. if such regulation, rule, sub-rule, bye-law, etc. are about matters which are of confidential or secret nature and are, in the opinion of the State Government, not to be disclosed in the public interest.

(2) Any member may, with the previous permission of the Speaker, place his point of view in the House as to the propriety or otherwise of any such regulation, rule, sub-rule, bye-law, etc. immediately after the questions and before the list of business of the day is entered upon. The Minister-in-charge of the Department to which such regulation, rule, sub-rule, bye-law, etc. relates, shall, within seven days from the day on which such views are placed before the House or at any other time as the Speaker may direct, reply to the points so placed before the House:

Provided that the Speaker may, if he so thinks fit, require the member to table a notice in writing specifying therein the point or points he intends to place before the House.

(3) Nothing in this rule shall apply to a regulation, rule, sub-rule, bye-law, etc.—

- (a) if the same was laid before the House under Rule 236; or
- (b) if a session has elapsed after copies of the same were made available to the members under sub-rule (1).

Laying of regulation, rule, etc. as amended on Table.

**241A.** If a regulation, rule, sub-rule, bye-law etc. is modified in accordance with the amendment passed by the House, the amended regulation, rule, sub-rule, bye-law etc. shall be laid on the Table.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৩৯। এবং ২৪০। [২০শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে]

২৪১। (১) সংবিধান দ্বারা প্রদত্ত কোন ক্ষমতা অনুসরণক্রমে অথবা সংসদে বা রাজ্য বিধানসভায় গৃহীত কোন আইন বা তৎকালে বলবৎ কোন বিধি অনুসরণক্রমে, ঐ সংবিধান বা সংশ্লিষ্ট আইন বা বিধি রাজ্য বিধানসভার অধিবেশনে উপস্থাপিত করা আবশ্যিক হউক বা না হউক, রাজ্য সরকার কর্তৃক সময় সময় রচিত প্রনিয়ম, নিয়ম, উপনিয়ম, উপবিধি ইত্যাদির প্রতিলিপি, অধ্যক্ষ সময় সময় যেরূপ নির্দেশ দিবেন সেরূপ রীতিতে প্রত্যেক সদস্যকে ব্যবহারের জন্য দিতে হইবে :

প্রনিয়ম ইত্যাদির  
প্রতিলিপি সদস্য-  
দিগকে প্রেরণ।

তবে শর্ত থাকে যে, কোন প্রনিয়ম, নিয়ম, উপনিয়ম, উপবিধি ইত্যাদি যদি এরূপ কোন বিষয় সম্পর্কিত হয় যাহা অপ্রকাশ্য বা গোপনীয় ধরনের এবং রাজ্য সরকারের মতে যাহা জনস্বার্থে প্রকাশ করা যায় না, তবে ঐরূপ কোন প্রনিয়ম, নিয়ম, উপবিধি ইত্যাদি সম্পর্কে এই উপনিয়মের কোন কিছুই প্রযুক্ত হইবে না।

(২) অধ্যক্ষের অনুমতি পূর্বে লইয়া যে-কোন সদস্য, প্রশ্নসমূহের অব্যবহিত পরে এবং ঐ দিনের কার্যতালিকার কাজ আরম্ভ হইবার পূর্বে, এরূপ প্রনিয়ম, নিয়ম, উপ-নিয়ম, উপবিধি ইত্যাদির 'উচিত্য বা অনৌচিত্য' সম্পর্কে তাঁহার অভিমত সভায় জানাইতে পারিবেন। ঐ সকল প্রনিয়ম, নিয়ম, উপনিয়ম, উপবিধি ইত্যাদি যে বিভাগের সহিত সম্পর্কিত সেই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, ঐরূপ অভিমত সভায় যেদিন জ্ঞাপন করা হয় সেইদিন হইতে সাত দিনের মধ্যে অথবা অধ্যক্ষ যেরূপ নির্দেশ দিবেন সেরূপ অন্য কোন সময়ে, সভার নিকট জ্ঞাপিত ঐরূপ অভিমত সম্পর্কে উত্তর প্রদান করিবেন :

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ যদি উচিত মনে করেন তবে, উক্ত সদস্য যে নির্দিষ্ট বিষয় বা বিষয়সমূহ সভার নিকট জ্ঞাপন করিতে চাহেন তাহা স্পষ্ট উল্লেখ করিয়া লিখিতভাবে একটি নোটিশ দিবার জন্য তাঁহাকে বলিতে পারিবেন।

(৩) এই নিয়মের কোন কিছুই, কোন প্রনিয়ম, নিয়ম, উপনিয়ম, উপবিধি ইত্যাদির ক্ষেত্রে প্রযুক্ত হইবে না—

(ক) যদি ২৩৬ নিয়মমতে উহা সভায় উপস্থাপিত করা হয়; অথবা

(খ) উপনিয়ম (১) মতে সদস্যদিগকে ঐ প্রনিয়ম, নিয়ম, উপনিয়ম, উপবিধি ইত্যাদির প্রতিলিপি দিবার পর যদি অধিবেশন অবসান হইয়া যায়।

২৪১ক। সভায় গৃহীত সংশোধনী অনুসারে কোন প্রনিয়ম, নিয়ম, উপনিয়ম, উপবিধি প্রভৃতি পরিবর্তিত হইলে সেই সংশোধিত প্রনিয়ম, নিয়ম, উপনিয়ম, উপবিধি প্রভৃতি টেবিলে উপস্থাপিত করিতে হইবে।

সংশোধিত প্রনিয়ম,  
নিয়ম ইত্যাদি  
টেবিলে উপস্থাপন।

CHAPTER XXIA

**RESIGNATION AND VACATION OF SEATS IN THE HOUSE**

Resignation of  
seats in  
House.

**241B.** (1) A member who desires to resign his seat in the House shall intimate in writing under his hand addressed to the Speaker, his intention to resign his seat in the House in the following form and shall not give any reason for his resignation:

‘To  
The Speaker,  
West Bengal Legislative Assembly,  
Kolkata.

Sir,

I hereby tender my resignation of my seat in the House with effect  
from .....

Place.....

Yours faithfully,

Date .....

Member of the House.’

Provided that where any member gives any reason or introduces any extraneous matter the Speaker may, in his discretion, omit such words, phrases or matter and the same shall not be read out in the House.

(1A) If a member hands over the letter of resignation to the Speaker personally and informs him that the resignation is voluntary and genuine and the Speaker has no information or knowledge to the contrary, the Speaker may accept the resignation immediately.

(1B) If the Speaker receives the letter of resignation either by post or through someone else, the Speaker may make such inquiry as he thinks fit to satisfy himself that the resignation is voluntary and genuine. If the Speaker, after making a summary enquiry either himself or through the agency of Assembly Secretariat or through such other agency, as he may deem fit, is satisfied that the resignation is not voluntary or genuine, he shall not accept the resignation.

(1C) A member may withdraw his letter of resignation at any time before it is accepted by the Speaker.

(2) The Speaker shall, as soon as may be, after he has accepted the resignation of a member, inform the House that the member has resigned his seat in the House and he has accepted the resignation.

*Explanation.*—When the House is not in session, the Speaker shall inform the House immediately after the House reassembles.

(3) The Principal Secretary shall, as soon as may be, after the Speaker has accepted the resignation of a member, cause the information to be published in the Bulletin as well as in the Gazette and forward a copy of the notification to the Election Commission for taking steps to fill the vacancy thus caused:

Provided that where the resignation is to take effect from a future date, the information shall be published in the Bulletin and the Gazette not earlier than the date from which it is to take effect.

অধ্যায় ২১ক

পদত্যাগ এবং সভায় আসনশূন্যতা

২৪১খ। (১) সভার আসন হইতে ইস্তফা দিতে ইচ্ছুক কোন সদস্য অধ্যক্ষকে সম্বোধন করিয়া নিম্নলিখিত নিদর্শে স্বহস্তে লিখিতভাবে সভার আসন হইতে তাঁহার ইস্তফার ইচ্ছার কথা জানাইবেন এবং তাঁহার পদত্যাগের কোন কারণ উল্লেখ করিবেন না :

অধ্যক্ষ,  
পশ্চিমবঙ্গ বিধানসভা,  
কলকাতা। সমীপে—

মহাশয়,  
আমি এই মর্মে সভার আসন হইতে আমার ইস্তফা দিতেছি যাহা .....  
..... তারিখ হইতে কার্যকরী হইবে।

ভবদীয়-

স্থান :

তারিখ :

সদস্য, পশ্চিমবঙ্গ বিধানসভা :

তবে শর্ত থাকে যে, কোন সদস্য কোন কারণ উল্লেখ করিলে অথবা কোন অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করিলে অধ্যক্ষ তাঁহার বিবেচনা অনুযায়ী সেই শব্দ বা শব্দবন্ধগুলি বা বিষয়টি বাদ দিতে পারিবেন এবং এইগুলি সভায় পাঠ করা হইবে না।

(১ক) যদি কোন সদস্য নিজে অধ্যক্ষের হাতে ইস্তফাপত্র তুলিয়া দেন এবং এই ইস্তফা স্বতঃপ্রণোদিত ও প্রকৃত বলিয়া তাঁহাকে অবহিত করেন এবং অধ্যক্ষের নিকট যদি অন্যরূপ কোন তথ্য বা নিজস্ব ধারণা না থাকে তাহা হইলে তিনি তৎক্ষণাৎ এই ইস্তফা গ্রহণ করিতে পারিবেন।

(১খ) অধ্যক্ষ ডাকযোগে বা অন্য কাহারও মাধ্যমে ইস্তফাপত্র পাইলে এই ইস্তফা স্বতঃপ্রণোদিত ও প্রকৃত কি না তাহা নিশ্চিত হইবার জন্য তিনি যথোপযুক্ত তদন্ত করিতে পারিবেন। অধ্যক্ষ স্বয়ং অথবা বিধানসভা সচিবালয় বা তাঁহার মতে উপযুক্ত অন্য কোন সংস্থা কর্তৃক সংক্ষিপ্ত তদন্তের পর যদি অধ্যক্ষ নিশ্চিত হন যে এই ইস্তফা স্বতঃপ্রণোদিত বা প্রকৃত নহে তাহা হইলে তিনি এই ইস্তফা গ্রহণ করিবেন না।

(১গ) অধ্যক্ষ কর্তৃক গৃহীত হইবার পূর্বে যে-কোন সময় একজন সদস্য তাঁহার পদত্যাগপত্র প্রত্যাহার করিয়া লইতে পারিবেন।

(২) কোন সদস্যের ইস্তফা গ্রহণ করিবার পর যথাশীঘ্র সম্ভব অধ্যক্ষ সভাকে অবহিত করিবেন যে উক্ত সদস্য সভার আসন হইতে ইস্তফা দিয়াছেন এবং তিনি এই ইস্তফা গ্রহণ করিয়াছেন।

**ব্যাখ্যা**—সংশ্লিষ্ট সময়ে সভার অধিবেশন না থাকিলে সভার পরবর্তী অধিবেশন শুরু হইবার অব্যবহিত পর অধ্যক্ষ সভাকে এই মর্মে অবহিত করিবেন।

(৩) অধ্যক্ষ কর্তৃক কোন সদস্যের ইস্তফা গৃহীত হইবার পর যথাশীঘ্র সম্ভব প্রধান সচিব তথ্যটি বুলেটিন এবং তৎসহ গেজেটে প্রকাশ করিবার জন্য ব্যবস্থা গ্রহণ করিবেন এবং এই কারণে সৃষ্ট শূন্যপদ পূরণ করিবার নিমিত্ত পদক্ষেপ গ্রহণের জন্য উক্ত বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি নির্বাচন কমিশনের নিকট প্রেরণ করিবেন :

তবে শর্ত থাকে যে, যদি ইস্তফা ভবিষ্যতের কোন তারিখ হইতে কার্যকরী হয় তাহা হইলে কার্যকরী হইবার তারিখের পূর্বে বিষয়টি বুলেটিন এবং গেজেটে প্রকাশ করা যাইবে না।

Vacation  
of seats  
in House.

**241C.** (1) The seat of a member shall be declared vacant under clause (4) of Article 190 of the Constitution on a motion by the Leader of the House or by such other member to whom he may delegate his functions in this behalf.

(2) If the motion referred to in sub-rule (1) is carried, the Principal Secretary shall cause the information to be published in the Gazette and forward a copy of the notification to the Election Commission for taking steps to fill the vacancy thus caused.

## CHAPTER XXII

### LEAVE OF ABSENCE FROM THE SITTINGS OF THE HOUSE

Application  
for leave of  
absence.

**242.** (1) A member desiring permission of the House to remain absent from the sittings thereof under clause (4) of Article 190 of the Constitution shall make an application in writing to the Speaker.

(2) An application under sub-rule (1) shall specify the period for which leave of absence is required indicating also the date of commencement and of termination of such leave of absence and the grounds for it:

Provided that leave of absence applied for at any one time shall not exceed a period of sixty days.

(3) All applications under sub-rule (1) shall as soon as possible after receipt be placed in the list of business after questions.

Decision of  
House.

**243.** (1) On the day on which such application appears in the list of business the Speaker shall read out the application to the Assembly and ask whether the member has the permission of the Assembly asked for by him.

(2) If no dissentient voice is heard, the Speaker shall declare that the member has the permission of the Assembly to remain absent for the number of days stated in the application. If there is any dissentient voice, the Speaker shall take the sense of the House and declare the result.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৪১গ। (১) সভার নেতা অথবা এই ক্ষেত্রে তাঁহার কার্য সম্পাদনার দায়িত্ব তিনি সভার আসন শূন্যতা।  
যাঁহার উপর অর্পণ করিবেন সেই সদস্য কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে সংবিধানের ১৯০ অনুচ্ছেদের ৪ খণ্ড অনুসারে কোন সদস্যের আসন শূন্য বলিয়া ঘোষণা করা যাইবে।

(২) (১) উপনিয়মে উল্লিখিত প্রস্তাব গৃহীত হইলে প্রধান সচিব বিষয়টি গেজেটে প্রকাশ করিবার জন্য ব্যবস্থা গ্রহণ করিবেন এবং বিজ্ঞপ্তিটির একটি প্রতিলিপি এইরূপে সৃষ্ট শূন্য আসন পূরণের নিমিত্ত পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাচন কমিশনের নিকট প্রেরণ করিবেন।

## অধ্যায় ২২

### সভার অধিবেশনে অনুপস্থিত থাকিবার অনুমতি

২৪২। (১) কোন সদস্য সংবিধানের ১৯০ অনুচ্ছেদের (৪) খণ্ড অনুসারে সভার বৈঠকে অনুপস্থিত থাকিবার জন্য অনুমতি চাহিলে তাঁহাকে অধ্যক্ষের নিকট লিখিতভাবে আবেদন করিতে হইবে।  
অনুপস্থিত থাকিবার অনুমতির জন্য আবেদন।

(২) (১) উপনিয়ম অনুসারে যে সময়ের অনুপস্থিতির জন্য অনুমোদন প্রয়োজন তাহা ঐ সময়ের শুরু ও শেষের তারিখ এবং কারণসহ নির্দিষ্টভাবে আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, কোন এক সময়ে অনুপস্থিতির অনুমোদনের জন্য আবেদন ষাট দিনের অধিক হইবে না।

(৩) (১) উপনিয়ম অনুসারে সকল আবেদনপত্র পাইবার পর যথাশীঘ্র সম্ভব সেগুলি কার্যসূচীর তালিকায় প্রমোক্তরের পর সন্নিবেশিত হইবে।

২৪৩। (১) ঐরূপ দরখাস্ত যে দিনের কার্যতালিকায় রাখা হয়, সেইদিন অধ্যক্ষ ঐ সভার সিদ্ধান্ত।  
দরখাস্ত বিধানসভায় পাঠ করিবেন এবং ঐ সদস্য বিধানসভার নিকট যে অনুমতি চাহিয়াছেন তাহা পাইলেন কি না জিজ্ঞাসা করিবেন।

(২) যদি কোন বিরুদ্ধমত শোনা না যায় তবে অধ্যক্ষ ঘোষণা করিবেন যে, ঐ সদস্য যতদিন অনুপস্থিত থাকিবেন বলিয়া দরখাস্তে উল্লেখ করিয়াছেন ততদিন অনুপস্থিত থাকিবার জন্য তিনি বিধানসভার অনুমতি পাইয়াছেন। যদি উহার বিরুদ্ধে কোন মত থাকে তবে অধ্যক্ষ সভার মতামত লইবেন এবং ফলাফল ঘোষণা করিবেন।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Lapse of unexpired portion of leave.

**243A.** If a member who has been granted leave of absence under these rules attends the session of the House during the period for which the leave of absence has been granted to him, the unexpired portion of the leave from the date of his resumed attendance shall lapse.

CHAPTER XXIII

COMMUNICATION BETWEEN THE GOVERNOR  
AND THE HOUSE

Communications from the Governor to House.

**244.** Communications from the Governor to the House shall be made to the Speaker by written message signed by the Governor or, if the Governor is absent from the place of sitting of the House, his message shall be conveyed to the Speaker through a Minister.

Communications from House to the Governor.

**245.** (1) Communications from the House to the Governor shall be made—

- (i) by formal address, after motion made and carried in the House; and
- (ii) through the Speaker.

CHAPTER XXIV

SECRET SITTING OF THE HOUSE

Secret sitting.

**246.** (1) On a request made by the Leader of the House, the Speaker shall fix a day or part thereof for sitting of the House in secret.

(2) When the House sits in secret no stranger shall be permitted to be present in the Chamber, Lobby or Galleries:

Provided that persons authorised by the Speaker may be present in the Chamber, Lobby or Galleries.

Report of the proceedings.

**247.** The Speaker may cause a report of the proceedings of secret sitting to be issued in such manner as he thinks fit, but no other person present shall keep a note or record of any proceedings or decisions of a secret sitting, whether in part or full, or issue any report of, purport to describe, such proceedings.

Procedure in other respects.

**248.** The procedure in all other respects in connection with a secret sitting shall be in accordance with such directions as the Speaker may give.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৪৩ক। এই নিয়মাবলী অনুসারে কোন সদস্যকে অনুপস্থিতির জন্য অনুমতি দেওয়া হইলে তিনি যদি তাঁহাকে অনুমোদন করা অনুপস্থিতির মেয়াদের মধ্যে সভার অধিবেশনে উপস্থিত হন তাহা হইলে তাঁহার উপস্থিতির তারিখ হইতে তাঁহার অনুমোদিত অনুপস্থিতির অব্যবহৃত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

ছুটির অব্যবহৃত অংশ বাতিল।

### অধ্যায় ২৩

#### রাজ্যপাল এবং সভার মধ্যে সংবাদ আদানপ্রদান

২৪৪। রাজ্যপালের নিকট হইতে সভায় যে সংবাদ প্রেরণ করা হইবে তাহা রাজ্যপাল কর্তৃক স্বাক্ষরিত লিখিত বার্তার মাধ্যমে অধ্যক্ষের নিকট দিতে হইবে অথবা যে স্থানে অধিবেশন অনুষ্ঠিত হয় সেই স্থানে রাজ্যপাল উপস্থিত না থাকিলে তাঁহার বার্তা কোন মন্ত্রীর মারফত অধ্যক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

রাজ্যপালের নিকট হইতে সভায় সংবাদ প্রেরণ।

২৪৫। সভা হইতে রাজ্যপালের নিকট সংবাদ—

সভা হইতে রাজ্যপালের নিকট সংবাদ প্রেরণ।

- (i) সভায় প্রস্তাব উপস্থাপিত ও গৃহীত হইবার পর আনুষ্ঠানিক সম্ভাষণ সহকারে এবং
- (ii) অধ্যক্ষ মারফত প্রেরণ করিতে হইবে।

### অধ্যায় ২৪

#### সভার গোপন বৈঠক

২৪৬। (১) সভার নেতা অনুরোধ জানাইলে অধ্যক্ষ সভার গোপন বৈঠকের জন্য কোন দিন বা দিনের অংশ স্থির করিয়া দিবেন।

গোপন বৈঠক।

(২) যখন সভার গোপন বৈঠক বসিবে তখন কক্ষে, লবিতে বা গ্যালারীতে কোন আগন্তুককে উপস্থিত থাকিবার অনুমতি দেওয়া হইবে না :

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ কর্তৃক প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিগণ কক্ষে, লবিতে বা গ্যালারীতে উপস্থিত থাকিতে পারিবেন।

২৪৭। অধ্যক্ষ, কোন গোপন বৈঠকের কার্যাবলীর কোন প্রতিবেদন তিনি যেভাবে উচিত মনে করিবেন সেইভাবে প্রচার করাইতে পারিবেন, কিন্তু উপস্থিত অন্য কোন ব্যক্তি গোপন বৈঠকের কার্যাবলী বা সিদ্ধান্তসমূহ সম্পূর্ণভাবে বা আংশিকভাবে লিখিয়া রাখিতে বা ঐগুলির কোন লেখা রাখিতে পারিবেন না অথবা উহার কোন প্রতিবেদন প্রচার করিতে পারিবেন না বা ঐরূপ কার্যাবলী বুঝায় এরূপ কোন বিবরণ দিতে পারিবেন না।

কার্যাবলীর প্রতিবেদন।

২৪৮। কোন গোপন বৈঠকের সহিত সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্পর্কে কার্যপ্রণালী, অধ্যক্ষ যেরূপ নির্দেশ দিবেন সেরূপ নির্দেশানুসারে হইবে।

অন্যান্য বিষয় সম্পর্কে কার্যপ্রণালী।



RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Lifting ban of secrecy.

**249.** (1) When it is considered that the necessity for maintaining secrecy in regard to the proceedings of a secret sitting has ceased to exist and subject to the consent of the Speaker, a motion may be moved by the Leader of the House or any member authorised by him that the proceedings in the House during a secret sitting be no longer treated as secret.

(2) On adoption by the House of the motion under sub-rule (1), the Principal Secretary shall cause to be prepared a report of the proceedings of the secret sitting, and shall, as soon as practicable, publish it in such form and manner as the Speaker may direct.

Disclosure of proceedings or decisions.

**250.** Subject to the provisions of Rule 249 disclosure of proceedings or decisions of a secret sitting by any person in any manner shall be treated as a gross breach of privilege of the House.

CHAPTER XXV

ASSEMBLY COMMITTEES

*(A) General*

Committee to include Assembly Committee.

**251.** In this Chapter, unless the context otherwise requires, “Committee” means and includes “Assembly Committee” as defined in sub-rule (1) of Rule 2.

Appointment of Committee.

**252.** (1) The members of a Committee shall be appointed or elected by the House on a motion made, or nominated by the Speaker, as the case may be.

(2) No member shall be appointed or elected to a Committee if he is not willing to serve on it. The proposer shall ascertain whether the member whose name is proposed by him is willing to serve on the Committee.

(3) A casual vacancy in a Committee shall be filled as soon as possible after it occurs by nomination by the Speaker from, whenever possible, the party to which the member in whose place the vacancy has occurred belonged, and any person nominated to fill such a vacancy shall hold office for the unexpired portion of the term for which the member in whose place he is nominated would have normally held office.

Term of office of Committee nominated by the Speaker.

**253.** A Committee nominated by the Speaker shall, unless otherwise specified in the rules contained in this Chapter, hold office for the period specified by him or until a new Committee is nominated.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৪৯। (১) যখন কোন গোপন বৈঠকের কার্যাবলী সম্পর্কে গোপনীয়তা রক্ষা করিবার প্রয়োজনীয়তা আর নাই এরূপ বিবেচনা করা হয়, তখন অধ্যক্ষের সম্মতি-সাপেক্ষে, সভার নেতা অথবা তাঁহার নিকট হইতে প্রাধিকার প্রাপ্ত কোন সদস্য ঐ মর্মে একটি প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন যে, গোপন বৈঠককালে সভার কার্যাবলী আর গোপনীয় বলিয়া গণ্য হইবে না।

গোপনীয়তা সম্পর্কে বাধানিষেধ অপসারণ।

(২) উপনিয়ম (১) মতে সভা কর্তৃক প্রস্তাব গৃহীত হইবার পর প্রধান সচিব ঐ গোপন বৈঠকের কার্যাবলীর একটি প্রতিবেদন প্রস্তুত করাইবেন এবং উহা যতশীঘ্র সম্ভব, অধ্যক্ষ যে ফর্মে ও যেভাবে নির্দেশ দেন সেইভাবে প্রকাশ করিবেন।

২৫০। ২৪৯ নিয়মের বিধানসাপেক্ষে, কোন গোপন বৈঠকের কার্যবিবরণী বা সিদ্ধান্তসমূহ কোন ব্যক্তি কর্তৃক কোনভাবে প্রকাশিত হইলে, উহা গুরুতরভাবে সভার বিশেষাধিকার লঙ্ঘনের ব্যাপার বলিয়া গণ্য হইবে।

কার্যবিবরণী বা সিদ্ধান্তসমূহের প্রকাশন।

## অধ্যায় ২৫

### বিধানসভা কমিটি

#### (ক) সাধারণ

২৫১। এই অধ্যায়ে, প্রাসঙ্গিক কারণে অন্য কোন অর্থ না বুঝাইলে ‘কমিটি’ বলিতে ২ নিয়মের (১) উপনিয়মে সংজ্ঞায় বর্ণিত ‘বিধানসভার কমিটি’ বুঝাইবে।

কমিটি অর্থ বিধানসভা কমিটি।

২৫২। (১) সভায় কোন কমিটির সদস্যগণ কোন প্রস্তাব দ্বারা সভা কর্তৃক নিয়োগ অথবা নির্বাচিত হইবেন বা ক্ষেত্রবিশেষে অধ্যক্ষ কর্তৃক মনোনীত হইবেন।

কমিটি নিয়োগ।

(২) কোন সদস্য কমিটিতে কাজ করিতে ইচ্ছুক না হইলে, তাঁহাকে নিয়োগ বা নির্বাচিত করা চলিবে না। প্রস্তাবকারী যে সদস্যের নাম প্রস্তাব করিবেন সেই সদস্য কমিটিতে কাজ করিতে ইচ্ছুক কি না তাহা প্রস্তাবকারীকে জানিয়া লইতে হইবে।

(৩) কমিটিতে কোন সদস্যপদ আকস্মিক শূন্য হইলে যতশীঘ্র সম্ভব অধ্যক্ষ, যে সদস্যের স্থলে ঐ পদ শূন্য ঘটিয়াছে সেই সদস্য যে দলভুক্ত সম্ভব হইলে সেই দল হইতে ঐ শূন্যপদ পূরণ করিবেন; এবং ঐরূপ শূন্যপদ পূরণের জন্য মনোনীত ব্যক্তি, যে ব্যক্তির স্থলে তিনি মনোনীত হইয়াছেন সেই ব্যক্তি সাধারণ নিয়মে যে কাল পর্যন্ত কাজ করিতেন সেই কালের বাকি অংশের জন্য পদে অধিষ্ঠিত থাকিবেন।

২৫৩। অধ্যক্ষ কর্তৃক মনোনীত কোন কমিটি, এই অধ্যায়ে অন্তর্ভুক্ত নিয়মাবলীর জন্য কোন নিয়মসাপেক্ষে, অধ্যক্ষ দ্বারা নির্ধারিত মেয়াদের জন্য অথবা নূতন কমিটি গঠিত না হওয়া পর্যন্ত কাজ করিবেন।

অধ্যক্ষ কর্তৃক মনোনীত কমিটির মেয়াদ।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Resignation  
from  
Committee.

**254.** (1) A member may resign his seat from a Committee by writing under his hand, addressed to the Speaker, in the following form:—

‘To

The Speaker,  
West Bengal Legislative Assembly,  
Kolkata.

Sir,

I hereby tender my resignation from the membership of the Committee on ..... with effect from .....

Place.....

Yours faithfully,

Date .....

(Name of the Member)’

(2) The resignation shall take effect from the date of resignation specified in the letter of resignation.

(3) If the date from which the resignation should take effect is not specified in the letter, the resignation shall take effect from the date of the letter.

(4) If the letter of resignation does not bear any date, the resignation shall take effect from the date of receipt of the letter in the Assembly Secretariat.

Chairman of  
Committee.

**255.** (1) The Chairman of a Committee shall be appointed by the Speaker from amongst the members of the Committee:

Provided that if the Deputy Speaker is a member of the Committee, he shall be appointed Chairman of the Committee.

(2) If the Chairman is for any reason unable to act, the Speaker may appoint another Chairman in his place.

(3) If the Chairman is absent from any sitting the Committee shall choose another member to act as Chairman for that sitting.

কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৫৪। (১) কোন সদস্য নিম্নলিখিত নিদর্শে অধ্যক্ষকে সম্বোধন করিয়া স্বহস্তে কমিটি হইতে  
লিখিতভাবে কোন কমিটি হইতে ইস্তফা দিতে পারিবেন :

অধ্যক্ষ,  
পশ্চিমবঙ্গ বিধানসভা,  
কলকাতা। সমীপে—

মহাশয়,  
আমি এতদ্বারা .....  
..... কমিটির সদস্যপদ হইতে ইস্তফা দিতেছি যাহা  
..... তারিখ হইতে কার্যকরী হইবে।

ভবদীয়—

স্থানঃ  
তারিখঃ (সদস্যের নাম)

(২) ইস্তফা পত্রে উল্লিখিত ইস্তফার তারিখ হইতে ইস্তফা কার্যকরী হইবে।

(৩) ইস্তফা কোন তারিখ হইতে কার্যকরী হইবে পত্রে নির্দিষ্টভাবে তাহার উল্লেখ না থাকিলে ইস্তফাপত্রের তারিখ হইতে উক্ত ইস্তফা কার্যকরী হইবে।

(৪) ইস্তফাপত্রে কোন তারিখ না থাকিলে বিধানসভা সচিবালয়ে উক্ত পত্র প্রাপ্তির তারিখ হইতে উক্ত ইস্তফা কার্যকরী হইবে।

২৫৫। (১) অধ্যক্ষ কমিটির সদস্যগণের মধ্য হইতে কমিটির সভাপতি (চেয়ারম্যান) কমিটির সভাপতি।  
নিয়োগ করিবেন :

তবে শর্ত থাকে যে, উপাধ্যক্ষ যদি কোন কমিটির সদস্য হন তবে তিনিই কমিটির সভাপতি নিযুক্ত হইবেন।

(২) সভাপতি কোন কারণে কাজ করিতে অসমর্থ হইলে, অধ্যক্ষ তাঁহার স্থলে অন্য একজন সভাপতি নিয়োগ করিতে পারিবেন।

(৩) সভাপতি কোন বৈঠকে অনুপস্থিত থাকিলে, কমিটি ঐ বৈঠকে সভাপতি হিসাবে কাজ করিবার জন্য অন্য একজন সদস্যকে স্থির করিবেন।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Quorum.

**256.** (1) The quorum to constitute a sitting of a Committee shall be, as near as may be, one-third of the total number of members of the Committee.

(2) If at any time fixed for any sitting of the Committee, or if at any time during any such sitting, there is no quorum the Chairman of the Committee shall either suspend the sitting until there is a quorum or adjourn the sitting to some future day.

(3) When the Committee has been adjourned in pursuance of sub-rule (2) on two successive dates fixed for sittings of the Committee, the Chairman shall report the fact to the House:

Provided that where the Committee has been nominated by the Speaker, the Chairman shall report the fact of such adjournment to the Speaker.

Discharge of members absent from sittings of Committee.

**257.** If a member is absent from two or more consecutive sittings of a Committee without the permission of the Chairman, a motion may be moved in the House for the discharge of such member from the Committee:

Provided that where the members of the Committee are nominated by the Speaker such member may be discharged by the Speaker.

Voting in Committee.

**258.** All questions at any sitting of a Committee shall be determined by a majority of votes of the members present and voting.

Casting vote of Chairman.

**259.** In the case of an equality of votes on any matter, the Chairman or the person acting as such, shall have a second or casting vote.

Power to appoint sub-committee.

**260.** (1) A Committee may appoint one or more sub-committees, each having the powers of the undivided Committee, to examine any matters that may be referred to them, and the reports of such sub-Committees shall be deemed to be the reports of the whole Committee, if they are approved at a sitting of the whole Committee.

(2) The order of reference to a sub-Committee shall clearly state the point or points for investigation. The report of the sub-committee shall be considered by the whole Committee.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৫৬। (১) কোন কমিটির বৈঠক অনুষ্ঠিত হইতে হইলে সদস্যদের কোরাম, সেই কোরাম। কমিটির মোট সদস্য সংখ্যার এক-তৃতীয়াংশের কাছাকাছি যতজন সম্ভব ততজন সদস্যের উপস্থিতিতে হইবে।

(২) কমিটির বৈঠকের জন্য নির্দিষ্ট সময়ে বা ঐরূপ বৈঠক চলাকালে কোন সময়ে কোরাম পূর্ণ না হইলে কমিটির সভাপতি, যতক্ষণ পর্যন্ত না কোরাম পূর্ণ হয় ততক্ষণ বৈঠক স্থগিত রাখিবেন অথবা আগামী কোন দিনের জন্য উহা মুলতুবী রাখিবেন।

(৩) উপনিয়ম (২) অনুসারে, কমিটির বৈঠকের জন্য নির্ধারিত পর পর দুইটি দিন বৈঠক মুলতুবী রাখা হইলে, সভাপতি ঐ বিষয় সম্পর্কে সভায় রিপোর্ট করিবেন :

তবে শর্ত থাকে যে, কমিটি অধ্যক্ষ কর্তৃক মনোনীত হইয়া থাকিলে সভাপতি ঐরূপ মুলতুবীর ঘটনা সম্পর্কে অধ্যক্ষের নিকট রিপোর্ট করিবেন।

২৫৭। কোন সদস্য, সভাপতির অনুমতি ছাড়া কমিটির পর পর দুটি বা তাহার বেশী বৈঠকে অনুপস্থিত থাকিলে, ঐ সদস্যকে কমিটির কার্যভার হইতে মুক্ত করিবার জন্য সভায় একটি প্রস্তাব আনা যাইতে পারে :

কমিটির বৈঠকে অনুপস্থিত সদস্যদিগকে কার্যভার মুক্ত করা।

তবে শর্ত থাকে যে, কমিটির সদস্যগণ অধ্যক্ষ কর্তৃক মনোনীত হইয়া থাকিলে, অধ্যক্ষ ঐরূপ সদস্যকে কার্যভার হইতে মুক্তি দিতে পারিবেন।

২৫৮। কমিটির কোন বৈঠকে উত্থাপিত যাবতীয় প্রশ্ন, উপস্থিত এবং ভোটদানকারী সদস্যগণের অধিকাংশের ভোটের দ্বারা নির্ধারিত হইবে।

কমিটিতে ভোট গ্রহণ।

২৫৯। কোন বিষয়ে সমসংখ্যক ভোট প্রদত্ত হইলে, সভাপতি বা সভাপতিরূপে যিনি কাজ করিতেছেন তাঁহার দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে।

সভাপতির নির্ণায়ক ভোট।

২৬০। (১) কোন কমিটি এক বা একাধিক সাবকমিটি নিয়োগ করিতে পারিবেন। ঐরূপ সাবকমিটিতে প্রেরিত যে-কোন বিষয় পরীক্ষা করিবার জন্য প্রতিটি সাবকমিটি অবিভক্ত কমিটির ক্ষমতার অধিকারী হইবেন এবং ঐরূপ সাবকমিটির প্রতিবেদনসমূহ সমগ্র কমিটির কোন বৈঠকে অনুমোদিত হইলে উহা সমগ্র কমিটির প্রতিবেদন বলিয়া গণ্য হইবে।

সাবকমিটি নিয়োগের ক্ষমতা।

(২) সাবকমিটির নিকট কোন বিষয় প্রেরণ সংক্রান্ত আদেশে তদন্তের বিষয় বা বিষয়সমূহ সুস্পষ্ট আকারে উল্লেখ করিয়া দিতে হইবে। উক্ত সাবকমিটির প্রতিবেদন সমগ্র কমিটি কর্তৃক বিবেচিত হইবে।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Sittings of  
Committee.

**261.** The sittings of a Committee shall be held on such days and at such hour as the Chairman of the Committee may fix:

Provided that if the Chairman of the Committee is not readily available, the Principal Secretary may fix the date and time of a sitting:

Provided further that in the case of a Select Committee on a Bill, if the Chairman of the Committee is not readily available, the Principal Secretary may, in consultation with the Minister concerned with the Bill, fix the date and time of a sitting.

Committee  
may sit whilst  
House is  
sitting.

**262.** A Committee may sit whilst the House is sitting provided that on a division being called in the House, the Chairman of the Committee shall suspend the proceedings in the Committee for such time as will in his opinion enable the members to vote in a division.

Sittings of  
Committee  
in private.

**263.** The sittings of a Committee shall be held in private.

Venue of  
sittings.

**264.** The sittings of a Committee shall be held within the precincts of the House, and if it becomes necessary to change the place of sitting outside the precincts of the House, the matter shall be referred to the Speaker whose decision shall be final.

Stranger to  
withdraw  
when  
Committee  
deliberates.

**265.** All persons other than members of the Committee and officers of the Assembly Secretariat shall withdraw whenever the Committee is deliberating.

Power to take  
evidence or  
call for  
documents.

**266.** (1) A witness may be summoned by an order signed by the Principal Secretary and shall produce such documents as are required for the use of a Committee.

(2) It shall be in the discretion of the Committee to treat any evidence tendered before it as secret or confidential.

(3) No document submitted to the Committee shall be withdrawn or altered without the knowledge and approval of the Committee.

Power to send  
for persons,  
papers and  
records.

**267.** A Committee shall have power to send for persons, papers and records:

Provided that if any question arises whether the evidence of a person or the production of a document is relevant for the purposes of the Committee, the question shall be referred to the Speaker whose decision shall be final:

Provided further that Government may decline to produce a document on the ground that its disclosure would be prejudicial to the safety or interest of the State.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৬১। কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত দিন ও সময়ে কমিটির বৈঠক অনুষ্ঠিত হইবে। কমিটির বৈঠক।  
হইবে :

তবে শর্ত থাকে যে, কমিটির সভাপতিকে সময়মত পাওয়া না গেলে প্রধান সচিব বৈঠকের তারিখ ও সময় স্থির করিতে পারিবেন :

তবে আরও শর্ত থাকে যে, কোন বিধেয়ক সম্পর্কিত সিলেক্ট কমিটির সভাপতিকে সময়মত পাওয়া না গেলে প্রধান সচিব ঐ বিধেয়কের সহিত সংশ্লিষ্ট মন্ত্রীর সহিত পরামর্শ করিয়া বৈঠকের তারিখ ও সময় স্থির করিতে পারিবেন।

২৬২। সভার বৈঠক চলাকালে কোন কমিটির বৈঠক অনুষ্ঠিত হইতে পারিবে, কিন্তু সভার বৈঠক চলাকালে কমিটির সভায় পক্ষভাগের (ডিভিশান) আহ্বান জানানো হইলে, উক্ত কমিটির সভাপতি যে বৈঠক অনুষ্ঠিত হইতে পারিবে।  
সময়ের মধ্যে সদস্যগণ পক্ষভাগে ভোট দিতে পারিবেন বলিয়া তিনি মনে করেন সেই সময়ের জন্য কমিটির কার্যাবলী স্থগিত রাখিবেন।

২৬৩। কমিটির বৈঠক গোপনে অনুষ্ঠিত হইবে।

গোপনে কমিটির বৈঠক।

২৬৪। কমিটির বৈঠক বিধানসভা ভবনের পরিসরের মধ্যে অনুষ্ঠিত হইবে এবং বিধানসভা ভবনের পরিসরের বাহিরে বৈঠকের স্থান পরিবর্তন করিবার প্রয়োজন হইলে, বিষয়টি অধ্যক্ষের নিকট প্রেরণ করিতে হইবে এবং তাঁহার সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।  
বৈঠক অনুষ্ঠানের স্থান।

২৬৫। কমিটির সদস্যগণ ও বিধানসভা সচিবালয়ের আধিকারিকগণ ছাড়া অন্য সকল ব্যক্তি কমিটিতে আলোচনা চলিবার সময় চলিয়া যাইবেন।  
কমিটিতে আলোচনা চলিবার সময়

২৬৬। (১) প্রধান সচিব কর্তৃক স্বাক্ষরিত আদেশ দ্বারা সাক্ষীকে সমন দেওয়া যাইবে এবং যে সকল দস্তাবেজ কমিটির ব্যবহারের জন্য আবশ্যিক হইবে তাহা তিনি উপস্থাপিত করিবেন।  
আগন্তুকগণের প্রস্থান।  
সাক্ষা লইবার অথবা দস্তাবেজ দাখিল করিতে বলার ক্ষমতা।

(২) কমিটি স্বীয় বিবেচনায় প্রদত্ত যে-কোন সাক্ষ্য-বিষয়কে গোপনীয় বা একান্ত বিবেচনা করিতে পারিবেন।

(৩) কমিটির নিকট পেশ করা কোন দস্তাবেজই কমিটির অজ্ঞাতসারে বা অনুমোদন না লইয়া প্রত্যাহার বা পরিবর্তন করা চলিবে না।

২৬৭। রেকর্ড, কাগজপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তিকে ডাকিয়া পাঠাইবার ক্ষমতা কমিটির থাকিবে :  
কোন ব্যক্তিকে উপস্থিত হইতে বা কাগজপত্র ও রেকর্ড দাখিল করিতে বলার ক্ষমতা।

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তির সাক্ষ্যগ্রহণ কিংবা কোন দস্তাবেজ উপস্থাপিত করা কমিটির উদ্দেশ্যের পক্ষে প্রয়োজনীয় কি না সে বিষয়ে কোন প্রশ্ন উঠিলে, বিষয়টি অধ্যক্ষের নিকট প্রেরণ করা হইবে যাঁহার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে :

তবে আরও শর্ত থাকে যে, কোন দস্তাবেজ সংক্রান্ত তথ্য প্রকাশ করা রাজ্যের নিরাপত্তা অথবা স্বার্থের পক্ষে হানিকর হইবে এই কারণে সরকার উহা উপস্থাপিত করিতে অস্বীকার করিতে পারিবেন।



RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Oath or affirmation by witness.

**268.** (1) A Committee may administer oath or affirmation to a witness examined before it.

(2) The form of the oath or affirmation shall be as follows:

“I, A.B., do swear in the name of God/solemnly affirm that the evidence which I shall give in this case shall be true, that I will conceal nothing, and that no part of my evidence shall be false.”

Procedure for examining witnesses.

**269.** The examination of witnesses before a Committee shall be conducted as follows:

- (i) The Committee shall, before a witness is called for examination, decide the mode of procedure and the nature of questions that may be asked of the witness.
- (ii) The Chairman of the Committee may first ask the witness such question or questions as he may consider necessary with reference to the subject matter under consideration or any subject connected therewith according to the mode of procedure mentioned in clause (i) of this rule.
- (iii) The other members of the Committee may then ask the witness such question or questions as they may consider necessary.
- (iv) A witness may be asked to place before the Committee any other relevant points that have not been covered and which a witness thinks are essential to be placed before the Committee.
- (v) A verbatim record of the proceedings of the Committee shall, when a witness is summoned to give evidence, be kept.
- (vi) The evidence tendered before the Committee may be made available to all members of the Committee.

Record of decisions of Committee.

**270.** A record of the decisions of a Committee shall be maintained and circulated to members of the Committee under the direction of the Chairman.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৬৮। (১) কমিটি কোন সাক্ষীকে পরীক্ষা করিবার পূর্বে ঐ সাক্ষীকে শপথ বা প্রতিজ্ঞা বাক্য পাঠ করাইতে পারিবেন।

সাক্ষী কর্তৃক শপথ বা প্রতিজ্ঞা।

(২) শপথ বা প্রতিজ্ঞাপত্রের ফর্ম নিম্নরূপ হইবে :

“আমি ক.খ., ঈশ্বরের নামে শপথ করিতেছি/নিষ্ঠার সহিত প্রতিজ্ঞা করিতেছি যে, এক্ষেত্রে আমি যে সাক্ষ্য দিব তাহা সত্য, আমি কিছুই গোপন করিব না এবং আমার সাক্ষ্যের কোন অংশই মিথ্যা হইবে না।”

২৬৯। কমিটির সম্মুখে সাক্ষীদের সাক্ষ্যগ্রহণ নিম্নরূপে পরিচালিত হইবে :— সাক্ষ্যগ্রহণ পদ্ধতি।

- (i) কোন সাক্ষীকে সাক্ষ্যগ্রহণ করিবার জন্য আহ্বান করিবার পূর্বে কমিটি, প্রশ্ন করার পদ্ধতি কীরূপ হইবে এবং সাক্ষীকে কী ধরনের প্রশ্ন করা হইবে তাহা স্থির করিবেন।
- (ii) কমিটির সভাপতি, বিবেচনাধীন বিষয় সম্বন্ধে বা উহার সহিত সংশ্লিষ্ট অন্য যে-কোন বিষয় সম্বন্ধে যেরূপ প্রশ্ন বা প্রশ্নসমূহ সাক্ষীকে জিজ্ঞাসা করা আবশ্যিক মনে করিবেন সেই প্রশ্ন বা প্রশ্নসমূহ, এই নিয়মের (i) খণ্ডে উল্লিখিত প্রশ্ন করিবার পদ্ধতি অনুসারে তিনি প্রথমে সাক্ষীকে জিজ্ঞাসা করিতে পারিবেন।
- (iii) কমিটির অন্যান্য সদস্যগণ অতঃপর যেরূপ প্রশ্ন বা প্রশ্নসমূহ আবশ্যিক মনে করিবেন সেরূপ প্রশ্ন বা প্রশ্নসমূহ জিজ্ঞাসা করিতে পারিবেন।
- (iv) অন্য যে সকল প্রাসঙ্গিক তথ্য পূর্বে অন্তর্ভুক্ত হয় নাই এবং যাহা কমিটির নিকট উপস্থাপিত করা সাক্ষী অত্যাবশ্যিক বলিয়া মনে করেন তাহা কমিটির নিকট উপস্থাপিত করিবার জন্য সাক্ষীকে বলা যাইতে পারে।
- (v) সাক্ষীকে সাক্ষ্য প্রদানের জন্য আহ্বান করা হইলে তৎসংক্রান্ত কমিটির কার্যাবলীর আক্ষরিক বিবরণ রেকর্ড রাখিতে হইবে।
- (vi) কমিটির নিকট প্রদত্ত সাক্ষ্য কমিটির সকল সদস্য যাহাতে পান তাহার ব্যবস্থা করা যাইতে পারে।

২৭০। কোন কমিটির সিদ্ধান্তসমূহের বিবরণ লিপিবদ্ধ হইবে এবং সভাপতির নির্দেশক্রমে কমিটির সদস্যগণের নিকট বিতরণ করিতে হইবে।

কমিটির সিদ্ধান্তের রেকর্ড।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Evidence,  
report and  
proceedings  
treated as  
confidential.

**271.** (1) A Committee may direct that the whole or a part of the evidence or a summary thereof may be laid on the Table.

(2) No part of the evidence, oral or written, report or proceedings of a Committee which has not been laid on the Table shall be open to inspection by any one other than a member <sup>1</sup>[of that Committee] except under the authority of the Speaker.

(3) The evidence given before a Committee shall not be published by any member of the Committee or by any other person until it has been laid on the Table:

Provided that the Speaker may, in his discretion, direct that such evidence be confidentially made available to members before it is formally laid on the Table.

Special  
reports.

**272.** A Committee may, if it thinks fit, make a special report on any matter that arises or comes to light in the course of its work which it may consider necessary to bring to the notice of the Speaker or the House, notwithstanding that such matter is not directly connected with, or does not fall within, or is not incidental to, its terms of reference.

Report of  
Committee.

**273.** (1) Where the House has not fixed any time for the presentation of a report of a Committee, the report shall be presented within one month of the date on which reference to the Committee was made:

Provided that if the House is not in session at that time the report shall be presented in the next session as soon as possible:

Provided further that the House may at any time, on a motion being made, direct that the time for the presentation of the report by the Committee be extended to a date specified in the motion.

(2) Reports may be either preliminary or final.

(3) The report of the Committee shall be signed by the Chairman on behalf of the Committee:

Provided that in case the Chairman is absent or is not readily available the Committee shall choose another member to sign the report on behalf of the Committee.

**274.** [*Note of dissent—Omitted by Assembly Bulletin—Part II, dated 29th January, 1970, item No. 368.*]

Availability of  
report to  
Government  
before  
presentation.

**275.** A Committee may, if it thinks fit, make available to Government any completed part of its report before presentation to the House. Such reports shall be treated as confidential until presented to the House.

---

<sup>1</sup>Inserted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৭১। (১) কমিটি নির্দেশ দিতে পারিবেন যে সম্পূর্ণ সাক্ষ্যবিবরণ বা উহার অংশবিশেষ অথবা উহার সংক্ষিপ্তসার সভার টেবিলে উপস্থাপিত করিতে হইবে।

সাক্ষ্য, প্রতিবেদন  
এবং কার্য-বিবরণী  
গোপনীয় বলিয়া  
গণ্য।

(২) মৌখিক বা লিখিত সাক্ষ্যের কোন অংশ অথবা কোন কমিটির প্রতিবেদন বা কার্যবিবরণী যাহা টেবিলে উপস্থাপিত করা হয় নাই তাহা <sup>১</sup>[এই কমিটির] সদস্য ছাড়া অপর কাহাকেও অধ্যক্ষের অনুমতি ব্যতীত দেখার জন্য দেওয়া হইবে না।

(৩) কমিটির নিকট প্রদত্ত সাক্ষ্যবিবরণ সভার টেবিলে উপস্থাপিত না হওয়া পর্যন্ত কমিটির কোন সদস্য বা অন্য কোন ব্যক্তি তাহা প্রকাশ করিতে পারিবেন না :

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ তাঁহার স্ববিবেকানুসারে ঐরূপ সাক্ষ্যবিবরণ সভার টেবিলে নিয়মাত্মক উপস্থাপিত হওয়ার পূর্বে, তাহা সদস্যগণকে গোপনীয়ভাবে দেওয়ার জন্য নির্দেশ দিতে পারিবেন।

২৭২। কমিটির কার্য পরিচালিত হওয়ার সময়ে যদি এমন কোন বিষয় উদ্ভূত হয় বা প্রকাশ পায় যাহা অধ্যক্ষ বা সভার গোচরে আনা কমিটি প্রয়োজন বলিয়া মনে করেন তবে উক্ত বিষয়, বিচার্য বিষয়ের সহিত উহার প্রত্যক্ষ যোগ না থাকিলেও বা বিচার্য বিষয়ের মধ্যে না পড়িলেও কিংবা উহা প্রাসঙ্গিক না হইলেও, তৎসম্পর্কে কমিটি, উচিত মনে করিলে, একটি বিশেষ প্রতিবেদন দিতে পারিবেন।

বিশেষ প্রতিবেদন।

২৭৩। (১) সভা, কোন কমিটি কর্তৃক প্রতিবেদন উপস্থাপনের জন্য যে স্থলে কোন সময় নির্দিষ্ট করিয়া না দেন সে স্থলে, যে তারিখে উক্ত কমিটির নিকট বিষয়টি পাঠানো হইয়াছিল সেই তারিখ হইতে এক মাসের মধ্যে উক্ত প্রতিবেদন উপস্থাপিত করিতে হইবে :

কমিটির  
প্রতিবেদন।

তবে শর্ত থাকে যে, ঐ সময় সভার বৈঠক চলিতে না থাকিলে, উক্ত প্রতিবেদন যতশীঘ্র সম্ভব, পরবর্তী অধিবেশনে উপস্থাপিত করিতে হইবে :

তবে আরও শর্ত থাকে যে, সভা যে-কোন সময়, প্রস্তাব উত্থাপনপূর্বক ঐ প্রস্তাবে যে তারিখ নির্দিষ্ট করা হয় সেই তারিখ পর্যন্ত কমিটির প্রতিবেদন উপস্থাপনের সময় বাড়াইয়া দিবার নির্দেশ দিতে পারিবেন।

(২) প্রতিবেদনসমূহ প্রাথমিক বা চূড়ান্ত হইতে পারে।

(৩) কমিটির প্রতিবেদন কমিটির পক্ষে সভাপতি কর্তৃক স্বাক্ষরিত হইবে :

তবে শর্ত থাকে যে, সভাপতি অনুপস্থিত থাকিলে অথবা সময়মত তাঁহাকে না পাওয়া গেলে, কমিটি অপর কোন সদস্যকে কমিটির পক্ষে ঐ প্রতিবেদন স্বাক্ষর করিবার জন্য স্থির করিবেন।

২৭৪। [২৯শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন—দ্বিতীয় খণ্ডের অনুচ্ছেদ নং ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]

২৭৫। কোন কমিটি, উচিত মনে করিলে সভায় প্রতিবেদন পেশ করিবার পূর্বে প্রতিবেদন পেশ প্রতিবেদনের যে-কোন পূর্ণাঙ্গ অংশ সরকার যাহাতে পাইতে পারেন তাহার ব্যবস্থা করার পূর্বে সরকারের পাওয়ার ব্যবস্থা করিবেন। ঐ প্রতিবেদন সভায় পেশ না করা পর্যন্ত গোপনীয় বলিয়া গণ্য করা হইবে।

<sup>১</sup>২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী অন্তর্ভুক্ত।

Presentation of report.

**276.** (1) The report of a Committee shall be presented to the House by the Chairman or in his absence by any member of the Committee.

(2) In presenting the report the Chairman or, in his absence, the member presenting the report shall, if he makes any remarks, confine himself to a brief statement of fact, but there shall be no debate on that statement at this stage.

<sup>1</sup>[Action taken on Recommendations of Committee.

**276A.** The Department(s) concerned shall furnish to the Committee, within three months from the date of presentation of the Report to the House, a statement showing action taken by the Government on the recommendations contained in the report. The Statement shall also contain the views of Government on all the recommendations including those which are not accepted by the Government.]

Printing, publication or circulation of report prior to its presentation to House.

**277.** The Speaker may, on a request being made to him and when the House is not in session, order the printing, publication or circulation of a report of a Committee although it has not been presented to the House. In that case the report shall be presented to the House during its next session at the first convenient opportunity.

Power to make suggestions on procedure.

**278.** A Committee shall have power to pass resolutions on matters of procedure relating to that Committee for the consideration of the Speaker, who may make such variations in procedure as he may consider necessary.

Power of Committee to make detailed rules.

**279.** A Committee may with the approval of the Speaker make detailed rules of procedure to supplement the provisions contained in the rules in this Chapter.

Power of Speaker to give directions.

**280.** (1) The Speaker may from time to time issue such directions to the Chairman of a Committee as he may consider necessary for regulating its procedure and the organisation of its work.

(2) If any doubt arises on any point of procedure or otherwise, the Chairman may, if he thinks fit, refer the point to the Speaker whose decision shall be final.

Business before Committee not to lapse on prorogation of House.

**281.** Any business pending before a Committee shall not lapse by reason only of the prorogation of the House and the Committee shall continue to function notwithstanding such prorogation.

---

<sup>1</sup>Inserted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৭৬। (১) কোন কমিটির প্রতিবেদন, সভাপতি কিংবা তাঁহার অনুপস্থিতিতে প্রতিবেদন পেশ। কমিটির যে-কোন সদস্য সভায় পেশ করিবেন।

(২) সভাপতি বা তাঁহার অনুপস্থিতিতে যে সদস্য ঐ প্রতিবেদন পেশ করিবেন তিনি প্রতিবেদন পেশ করিবার কালে কোন মন্তব্য করিলে, ঐ মন্তব্য ঘটনার সংক্ষিপ্ত বিবরণ দানের মধ্যেই সীমিত রাখিতে হইবে এবং ঐ বিবরণের উপর ঐ পর্যায়ে কোন বিতর্ক চলিবে না।

২৭৬ক। সভায় প্রতিবেদন পেশ হওয়ার তিন মাসের মধ্যে সংশ্লিষ্ট বিভাগ, কমিটির নিকট উক্ত প্রতিবেদনে উল্লেখিত সুপারিশসমূহের উপর সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিবরণ প্রেরণ করিবে। ঐ বিবরণে যে সকল সুপারিশ সরকার কর্তৃক গৃহীত হয় নাই সেই সকল সুপারিশসহ সমস্ত সুপারিশের উপর সরকারের মতামত থাকিবে ॥

কমিটির সুপারিশের উপর ব্যবস্থা গ্রহণ।

২৭৭। অধ্যক্ষের নিকট কোন অনুরোধ করা হইলে এবং যখন সভার অধিবেশন না চলিতে থাকে তখন অধ্যক্ষ, কমিটির কোন প্রতিবেদন, যদিও উহা সভায় পেশ করা হয় নাই তবুও তাহা মুদ্রিত, প্রকাশিত বা প্রচারিত করিবার নির্দেশ দিতে পারিবেন। সেক্ষেত্রে প্রতিবেদন পরবর্তী অধিবেশনে প্রথমেই সুবিধামত যে সুযোগ পাওয়া যাইবে সেই সময়ে সভায় পেশ করিতে হইবে।

সভায় পেশ করিবার পূর্বে প্রতিবেদন মুদ্রিত, প্রকাশিত অথবা প্রচারিত করা।

২৭৮। কোন কমিটি, ঐ কমিটির কার্যপ্রণালী সংক্রান্ত বিষয়ে কোন সংকল্প (Resolution) অধ্যক্ষের বিবেচনার জন্য গ্রহণ করিতে পারিবেন। অধ্যক্ষ যেরূপ আবশ্যিক বিবেচনা করিবেন কার্যপ্রণালীতে সেরূপ পরিবর্তন করিতে পারিবেন।

কার্যপ্রণালী সম্পর্কে প্রস্তাব করিবার ক্ষমতা।

২৭৯। কোন কমিটি, অধ্যক্ষের অনুমোদন লইয়া, এই অধ্যায়ের নিয়মাবলীর অন্তর্ভুক্ত নিয়মসমূহের অনুপূরক হিসাবে কার্যপ্রণালী সংক্রান্ত বিস্তৃত নিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন।

বিস্তৃত নিয়মাবলী প্রণয়নে কমিটির ক্ষমতা।

২৮০। (১) অধ্যক্ষ, সময় সময়, কমিটির কার্যপ্রণালী এবং সংগঠন নিয়ন্ত্রণ করিবার জন্য যেরূপ আবশ্যিক বিবেচনা করিবেন, কমিটির সভাপতিকে সেরূপ নির্দেশ দিতে পারিবেন।

অধ্যক্ষের নির্দেশ দিবার ক্ষমতা।

(২) কার্যপ্রণালীর কোন বিষয় বা অন্য কোন কিছু সম্পর্কে কোন সন্দেহ উপস্থিত হইলে সভাপতি, সমীচীন মনে করিলে, ঐ বিষয়টি অধ্যক্ষের নিকট পাঠাইবেন এবং অধ্যক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

২৮১। কমিটির নিকট অনিষ্পন্ন কোন কার্য থাকিলে, সভার অধিবেশন সমাপ্ত হইয়াছে শুধু এই কারণে অতিক্রান্ত হইয়া যাইবে না এবং এরূপ অধিবেশন সমাপ্ত হওয়া সত্ত্বেও কমিটি কাজ করিতে থাকিবেন।

কমিটির নিকট অনিষ্পন্ন কার্যসমূহ সভার অধিবেশনের সমাপ্তির ফলে অতিক্রান্ত না হওয়া।

২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী অন্তর্ভুক্ত।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Unfinished work of Committee.

**282.** A Committee which is unable to complete its work before the expiration of its term or before the dissolution of the House may report to the House, or if the House is not in session, to the Speaker, that the Committee has not been able to complete its work. Any preliminary report, memorandum or note that the Committee may have prepared or any evidence that the Committee may have taken shall be made available to the new Committee.

Applicability of general rules to Committees.

**283.** Except for matters for which special provision is made in the rules relating to any particular Committee, the general rules in this Chapter shall apply to all committees; and if and so far as any provision in the special rules relating to a Committee is inconsistent with the general rules, the former rules shall prevail.

*(b) Business Advisory Committee*

Constitution.

**284.** At the commencement of the House or from time to time, as the case may be, the Speaker may nominate a Committee called the Business Advisory Committee consisting of <sup>1</sup>[not more than twenty members] including the Speaker who shall be the Chairman of the Committee.

Functions.

**285.** (1) It shall be the function of the Committee to recommend the time that should be allocated for the discussion of the stage or stages of such Government Bills and other business as the Speaker, in consultation with the Leader of the House, may direct for being referred to the Committee.

(2) The Committee shall have the power to indicate in the proposed time-table the different hours at which the various stages of the Bill or other business shall be completed.

(3) The Committee shall have such other functions as may be assigned to it by the Speaker from time to time.

*Explanation.*—The expression “other business” referred to in this rule and rules 288 and 289 means business other than private members’ Bills under rule 67 and private members’ resolutions under rule 166.

Report.

**286.** The recommendations of the Committee shall be presented to the House in the form of a report.

Motion in the House after presentation of Report.

**287.** At any time after the report has been presented to the House a motion may be moved that the House agrees or agrees with amendments or disagrees with the report:

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৮২। কোন কমিটি উহার মেয়াদ শেষ হইবার পূর্বে বা সভা ভাঙ্গিয়া যাইবার পূর্বে উহার কাজ শেষ করিতে অক্ষম হইলে উক্ত কমিটি সভাকে অথবা সভার অধিবেশন না থাকিলে অধ্যক্ষকে জানাইতে পারেন যে, কমিটি উহার কাজ শেষ করিতে পারেন নাই। অনুরূপ কমিটি প্রাথমিক কোন প্রতিবেদন, স্মারকলিপি বা মন্তব্যলিপি প্রণয়ন করিয়া থাকিলে বা কোন সাক্ষ্যপ্রমাণ থাকিলে উহা নূতন কমিটিকে দেওয়া হইবে।

কমিটির অসমাপ্ত কাজ।

২৮৩। যে সব বিষয়ের জন্য কোন নির্দিষ্ট কমিটি সংক্রান্ত নিয়মাবলীতে বিশেষ বিধান করা হইয়াছে, সেই সব বিষয় ব্যতীত এই অধ্যায়ে বর্ণিত সাধারণ নিয়মগুলি সকল কমিটির ক্ষেত্রেই প্রযোজ্য হইবে এবং কোন কমিটি সংক্রান্ত বিশেষ নিয়মাবলীর কোন বিধান সাধারণ নিয়মের সঙ্গে পরস্পর-বিরোধী হইলে প্রথমোক্ত নিয়মাবলী প্রযোজ্য হইবে।

কমিটির ক্ষেত্রে সাধারণ নিয়মাবলীর প্রযোজ্যতা।

### (খ) কার্য-উপদেষ্টা কমিটি

২৮৪। সভার অধিবেশন আরম্ভকালে বা ক্ষেত্রবিশেষ সময় সময়, অধ্যক্ষ কার্য-উপদেষ্টা কমিটি নামে একটি কমিটি মনোনীত করিতে পারিবেন। ঐ কমিটিতে অধ্যক্ষসহ [কুড়ি জনের অনধিক সদস্য] থাকিবেন এবং অধ্যক্ষ ঐ কমিটির সভাপতি হইবেন।

গঠন।

২৮৫। (১) অধ্যক্ষ, সভার নেতার সহিত পরামর্শক্রমে, যে সমস্ত সরকারী বিষয়ক বা অন্যান্য কার্য কমিটির নিকট প্রেরণ করিবার জন্য নির্দেশ দিবেন সেই সমস্ত সরকারী বিষয়ক বা অন্যান্য কার্যের কোন পর্যায় বা বিভিন্ন পর্যায় সম্পর্কে আলোচনার জন্য যেরূপ সময় ভাগ নির্দিষ্ট করিতে হইবে তৎসম্পর্কে সুপারিশ করা এই কমিটির কাজ হইবে।

কার্যাবলী।

(২) বিধেয়কের বা অন্যান্য কার্যের বিভিন্ন পর্যায় যে যে সময়ের মধ্যে শেষ করিতে হইবে তাহা প্রস্তাবিত সময়-তালিকায় উল্লেখ করিয়া দিবার ক্ষমতা কমিটির থাকিবে।

(৩) অধ্যক্ষ সময় সময় কমিটিকে অন্য যে সকল কাজ নির্দিষ্ট করিয়া দিবেন, কমিটি সে সকল কাজ সম্পাদন করিবেন।

ব্যাখ্যা—এই নিয়মে এবং ২৮৮ ও ২৮৯ নিয়মে উল্লিখিত “অন্যান্য কার্য” বলিতে, ৬৭ নিয়মমতে বেসরকারী সদস্যের বিধেয়কসমূহ এবং ১৬৬ নিয়মমতে বেসরকারী সদস্যের সঙ্কল্প ছাড়া অন্য সকল কার্য বুঝাইবে।

২৮৬। কমিটির সুপারিশসমূহ প্রতিবেদনের আকারে সভায় পেশ করিতে হইবে।

প্রতিবেদন।

২৮৭। সভায় প্রতিবেদন পেশ করিবার পর যে-কোন সময় এরূপ একটি প্রস্তাব সভায় উত্থাপন করা চলিবে যে, সভা ঐ প্রতিবেদন মানিয়া লইতেছেন বা সংশোধনসহ মানিয়া লইতেছেন অথবা মানিয়া লইতেছেন না :

প্রতিবেদন পেশের পর সভায় প্রস্তাব।

২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।



RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Provided that an amendment may be moved that the report be referred back to the Committee either without limitation or with reference to any particular matter:

Provided further that not more than half an hour shall be allotted for the discussion of the motion and no member shall speak for more than five minutes on such motion.

Notification of allocation of time order.

**288.** The allocation of time in respect of Bills and other business as approved by the House shall take effect as if it were an Order of the House and shall be notified in the Bulletin.

Disposal of outstanding matters at the appointed hour.

**289.** At the appointed hour, in accordance with the Allocation of Time Order for the completion of a particular stage of a Bill or other business the Speaker shall forthwith put every question necessary to dispose of all the outstanding matters in connection with that stage of the Bill or other business.

Variation in the allocation of time order.

**290.** No variation in the Allocation of Time Order shall be made except on a motion made, with the consent of the Speaker, and accepted by the House:

Provided that the Speaker may, after taking the sense of the House, increase the time, not exceeding one hour, without any motion being moved.

*(c) Select Committee on Bills*

Constitution.

**291.** The members of a Select Committee on a Bill shall be appointed by the House when a motion that the Bill be referred to a Select Committee is made.

Presence of other members at sittings.

**292.** Members who are not members of the Select Committee may be present during the deliberations of the Committee but shall not address the Committee nor sit in the body of the Committee:

Provided that a Minister may with the permission of the Chairman address the Committee of which he may not be a member.

Notice of amendments and procedure generally.

**293.** (1) If notice of a proposed amendment has not been given before the day on which the Bill is taken up by the Select Committee, any member may object to the moving of the amendment and such objection shall prevail unless the Chairman allows the amendment to be moved.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

তবে শর্ত থাকে যে, এরূপ কোন সংশোধন প্রস্তাব উত্থাপন করা চলিবে যে, কোন সীমা নির্দেশ না করিয়া কিংবা কোন বিশেষ বিষয়ের উল্লেখ করিয়া প্রতিবেদনটি কমিটির নিকট পুনরায় প্রেরণ করা হউক :

তবে আরও শর্ত থাকে যে, ঐ প্রস্তাব আলোচনার নিমিত্ত আধ ঘণ্টার বেশি সময় নির্দিষ্ট করা হইবে না, এবং কোন সদস্যই ঐ প্রস্তাবের উপর পাঁচ মিনিটের বেশি সময় বলিতে পারিবেন না।

২৮৮। সভায় অনুমোদিত বিধেয়কসমূহ এবং অন্যান্য কার্যসম্পর্কে যে সময়-সূচী, সময় বণ্টন সূচীর তাহা যেন সভার আদেশ এইভাবে কার্যকর হইবে এবং উহা বুলেটিনে প্রকাশ করা হইবে। বিজ্ঞপ্তি।

২৮৯। সময়-সূচী সম্পর্কিত আদেশ অনুযায়ী, নির্ধারিত সময়ে বিধেয়কের কোন বিশেষ পর্যায় অথবা অন্যান্য কার্য শেষ করিবার জন্য অধ্যক্ষ, বিধেয়কের ঐ পর্যায় অথবা অন্যান্য কার্য সংক্রান্ত সমস্ত বকেয়া বিষয় নিষ্পত্তি করিবার জন্য, সঙ্গে সঙ্গে প্রয়োজনীয় সকল প্রশ্ন উত্থাপন করিবেন। নির্ধারিত সময়ে বকেয়া বিষয়সমূহ সম্পন্ন করা।

২৯০। অধ্যক্ষের সম্মতিক্রমে উত্থাপিত এবং সভা কর্তৃক গৃহীত প্রস্তাব ছাড়া, সময়-সূচী সম্পর্কিত আদেশে কোন পরিবর্তন করা চলিবে না : সময় বণ্টন সম্পর্কিত আদেশের পরিবর্তন।

তবে শর্ত থাকে যে, অধ্যক্ষ, সভার অভিমত জানিয়া লইয়া, কোনও প্রস্তাব উত্থাপন না করা হইলেও, অনধিক এক ঘণ্টা সময় বাড়াইয়া দিতে পারিবেন।

### (গ) বিধেয়ক সম্পর্কিত সিলেক্ট কমিটি

২৯১। কোন বিধেয়ক সিলেক্ট কমিটিতে প্রেরণ করা হউক বলিয়া যখন কোন প্রস্তাব করা হয় তখন সভা ঐ বিধেয়ক সম্পর্কে সিলেক্ট কমিটির সদস্যদিগকে নিযুক্ত করিবেন। গঠন।

২৯২। সিলেক্ট কমিটির সদস্য নহেন এরূপ সদস্যগণ, কমিটিতে আলোচনা চলিতে থাকাকালে উপস্থিত থাকিতে পারিবেন, কিন্তু কমিটিতে ভাষণ দিতে পারিবেন না কিংবা কমিটির সদস্যমণ্ডলীতে আসন গ্রহণ করিতে পারিবেন না : বৈঠকে অন্যান্য সদস্যের উপস্থিতি।

তবে শর্ত থাকে যে, কোন মন্ত্রী, যে কমিটির তিনি সদস্য নহেন সেই কমিটিতে, সভাপতির অনুমতি লইয়া ভাষণ দিতে পারিবেন।

২৯৩। (১) সিলেক্ট কমিটিতে যেদিন কোন বিধেয়ক বিবেচনার জন্য গ্রহণ করা হয় সেই দিনের পূর্বে ঐ সম্পর্কে সংশোধন প্রস্তাবের কোন নোটিশ প্রদান করা না হইলে, যে-কোন সদস্য সংশোধন প্রস্তাব উত্থাপনে আপত্তি জানাইতে পারিবেন এবং সভাপতি সংশোধন প্রস্তাব উত্থাপন করার অনুমতি না দিলে ঐ আপত্তিই বহাল থাকিবে। সংশোধন সম্পর্কে নোটিশ এবং সিলেক্ট কমিটির সাধারণ কার্যপ্রণালী।

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

(2) In other respects, the procedure in a Select Committee shall, as far as practicable, be the same as is followed in the House during the consideration stage of a Bill, with such adaptations whether by way of modification, addition or omission, as the Speaker may consider necessary or convenient.

Notice of amendments by other members.

**294.** When a Bill has been referred to a Select Committee, any notice given by a member for any amendment to a clause in the Bill shall stand referred to the Committee provided that where notice of amendment is received from a member who is not a member of the Select Committee such amendment shall not be taken up by the Committee unless moved by a member of the Committee.

Power of Committee to take evidence.

**295.** A Select Committee may hear expert evidence and representatives of special interest affected by the measure before them.

Report.

**296.** (1) As soon as may be after a Bill has been referred to a Select Committee, the Select Committee shall meet from time to time in accordance with rule 261 to consider the Bill and shall make a report thereon within the time fixed by the House:

Provided that where the House has not fixed any time for the presentation of the report by a Select Committee, the report shall be presented before the expiry of three months from the date on which the House adopted the motion for the reference of the Bill to the Select Committee:

Provided further that the House may at any time, on a motion being made, direct that the time for the presentation of the report by the Select Committee be extended to a date specified in the motion.

(2) The Select Committee shall in their report state whether the publication of the Bill directed by these rules has taken place, and the date on which the publication has taken place.

(3) Where a Bill has been altered, the Select Committee may, if they think fit, include in their report a recommendation to the member-in-charge of the Bill that his next motion should be a motion for circulation, or, where the Bill has already been circulated, for re-circulation.

(4) Any member of the Select Committee may record a minute of dissent on any matter or matters connected with the Bill or dealt with in the report.

(5) A minute of dissent shall be couched in temperate and decorous language and shall not refer to any discussion in the Select Committee nor cast aspersion on the Committee.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(২) অন্যান্য বিষয়ে সিলেক্ট কমিটির কার্যপদ্ধতি, অধ্যক্ষ সামান্য পরিবর্তন, যোগ করিয়া বা বাদ দিয়া যেরূপ আবশ্যিক বা সুবিধাজনক বলিয়া মনে করিবেন সেরূপ অভিযোজন সমেত সভায় কোন বিধেয়কের বিবেচনা পর্যায়ে যে কার্যপদ্ধতি অনুসরণ করা হয়, যত দূর সম্ভব সেইভাবে হইবে।

২৯৪। কোন বিধেয়ক সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করা হইলে, কোন সদস্য যদি উহার কোন খণ্ড সংশোধনের জন্য নোটিশ প্রদান করেন তবে তাহা কমিটিতে প্রেরিত হইয়াছে বলিয়া গণ্য হইবে, কিন্তু সিলেক্ট কমিটির সদস্য নহেন এরূপ কোন সদস্যের নিকট হইতে কোন সংশোধন প্রস্তাবের নোটিশ পাওয়া গেলে, এরূপ প্রস্তাব, কমিটির কোন সদস্য কর্তৃক উত্থাপিত না হইলে উহা বিবেচনার জন্য গ্রহণ করা হইবে না।

অন্যান্য সদস্য কর্তৃক সংশোধনী প্রস্তাবের নোটিশ।

২৯৫। কোন সিলেক্ট কমিটি বিশেষজ্ঞ ব্যক্তির সাক্ষ্য গ্রহণ করিতে এবং প্রস্তাবিত ব্যবস্থার দ্বারা যাঁহাদের বিশেষ স্বার্থ ক্ষুণ্ণ হয় তাঁহাদের প্রতিনিধিগণের বক্তব্য শুনিতে পারিবেন।

কমিটির সাক্ষ্য গ্রহণের ক্ষমতা।

২৯৬। (১) সিলেক্ট কমিটির নিকট কোন বিধেয়ক প্রেরিত হইবার পর, যতশীঘ্র সম্ভব, সিলেক্ট কমিটি ঐ বিধেয়ক বিবেচনা করিবার জন্য ২৬১ নিয়ম অনুসারে সময় সময় বৈঠকে মিলিত হইবেন এবং সভা কর্তৃক স্থিরীকৃত সময়ের মধ্যে তৎসম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করিবেন :

প্রতিবেদন।

তবে শর্ত থাকে যে, সভা সিলেক্ট কমিটি কর্তৃক প্রতিবেদন পেশ করিবার কোন সময়-সীমা স্থির করিয়া না দিলে, সভা যে তারিখে সিলেক্ট কমিটির নিকট বিধেয়ক প্রেরণের জন্য প্রস্তাব গ্রহণ করিয়াছিলেন সেই তারিখ হইতে তিন মাসের মধ্যে ঐ প্রতিবেদন পেশ করিতে হইবে :

তবে আরও শর্ত থাকে যে, সভা যে-কোন সময় কোন প্রস্তাব উত্থাপনপূর্বক নির্দেশ দিতে পারিবেন যে, সিলেক্ট কমিটি কর্তৃক প্রতিবেদন পেশ করার সময়, প্রস্তাবে নির্দিষ্ট তারিখ পর্যন্ত বাড়িয়া দেওয়া হউক।

(২) বিধেয়কটি নিয়মাবলীতে নির্দেশিত নিয়মে প্রকাশিত হইয়াছে কি না এবং কোন তারিখে প্রকাশিত হইয়াছে তাহা সিলেক্ট কমিটি তাঁহাদের প্রতিবেদনে উল্লেখ করিবেন।

(৩) কোন বিধেয়কে কোন পরিবর্তন করা হইলে, সিলেক্ট কমিটি যদি উচিত মনে করেন তবে তাঁহাদের প্রতিবেদনে বিধেয়কের ভারপ্রাপ্ত সদস্যকে এই মর্মে সুপারিশ করিতে পারিবেন যে, তাঁহার পরবর্তী প্রস্তাবটি প্রচারের জন্য অথবা বিধেয়কটি ইতঃপূর্বে প্রচারিত হইয়া থাকিলে, উহা পুনঃপ্রচারের জন্য প্রস্তাব হওয়া উচিত।

(৪) সিলেক্ট কমিটির যে-কোন সদস্য, বিধেয়ককে সহিত সংশ্লিষ্ট অথবা প্রতিবেদনে আলোচিত যে-কোন বিষয় বা বিষয়সমূহ সম্পর্কে তাঁহার মতানৈক্য সংক্রান্ত বিবরণ লিপিবদ্ধ করিতে পারিবেন।

(৫) মতানৈক্য সংক্রান্ত বিবরণ সংযত ও শোভন ভাষায় লিখিতে হইবে এবং কমিটিতে আলোচিত কোন বিষয় সম্পর্কে উহাতে উল্লেখ থাকিবে না কিংবা কমিটির উপর কোন দোষারোপ করা চলিবে না।

(6) If in the opinion of the Speaker a minute of dissent contains words, phrases or expressions which are unparliamentary or otherwise inappropriate, he may order such words, phrases or expressions to be expunged from the minute of dissent.

Presentation of report.

**297.** The report of the Select Committee on a Bill together with the minutes of dissent, if any, shall be presented to the House by the Chairman or in his absence by any member of the Committee.

Printing and publication of report.

**298.** The Principal Secretary shall cause every report of a Select Committee to be printed, and a copy of the report shall be made available for the use of every member of the House. The report and the Bill, as reported by the Select Committee, shall be published in the Kolkata Gazette.

*(cc) Committee on Papers Laid on the Table*

Constitution.

**298A.** (1) There shall be a Committee on Papers Laid on the Table consisting of not more than <sup>1</sup>[twenty] members.

(2) The Committee shall be nominated by the Speaker and shall hold office for a term not exceeding one year:

Provided that a Minister shall not be nominated as a member of the Committee and that if a member, after his nomination to the Committee is appointed as Minister, he shall cease to be member of the Committee from the date of such appointment.

Functions.

**298B.** (1) The functions of the Committee shall be to examine all papers laid on the Table of the House by Ministers and to report to the House on—

(a) Whether there has been compliance of the provisions of the Constitution, Act, rule or regulation under which the papers has been laid;

(b) Whether there has been any unreasonable delay in laying the paper; and

(c) If there has been such delay, whether a statement explaining the reasons for delay has been laid on the Table of the House and whether those reasons are satisfactory.

(2) The Committee shall perform such other functions in respect of the papers laid on the Table as may be assigned to it by the Speaker from time to time.

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 27th November, 2006, Paragraph 201A.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(৬) অধ্যক্ষের মতে মতানৈক্য সংক্রান্ত বিবরণে যদি এমন কোন শব্দ, বাক্যাংশ বা উক্তি থাকে যাহা সংসদীয় রীতিবিরুদ্ধ বা অন্যভাবে যথোচিত নহে তবে তিনি মতানৈক্য সংক্রান্ত ঐ বিবরণ হইতে ঐরূপ শব্দ, বাক্যাংশ বা উক্তি বাদ দিবার আদেশ দিতে পারিবেন।

২৯৭। কোন বিধেয়ক সম্পর্কে সিলেক্ট কমিটির প্রতিবেদন এবং সেই সঙ্গে প্রতিবেদন পেশ। মতানৈক্য সংক্রান্ত কোন বিবরণ থাকিলে তাহা, কমিটির সভাপতি অথবা তাঁহার অনুপস্থিতিতে কমিটির কোন সদস্য সভায় পেশ করিবেন।

২৯৮। প্রধান সচিব সিলেক্ট কমিটির প্রতিটি প্রতিবেদন মুদ্রিত করাইবেন এবং প্রতিবেদনের প্রতিলিপি প্রত্যেক সদস্য ব্যবহারের জন্য যাহাতে পান তাহার ব্যবস্থা করিবেন। উক্ত প্রতিবেদন এবং সিলেক্ট কমিটি যে বিধেয়ক সম্পর্কে প্রতিবেদন দিয়াছেন সেই বিধেয়ক গেজেটে প্রকাশ করিতে হইবে। প্রতিবেদন মুদ্রণ ও প্রকাশন।

### (গগ) কমিটি অন পেপার্স লেড অন দি টেবিল

২৯৮ক। (১) অনধিক ১[কুড়ি] জন সদস্য লইয়া গঠিত কমিটি অন পেপার্স লেড গঠন। অন দি টেবিল নামে একটি কমিটি থাকিবে।

(২) কমিটিটি অধ্যক্ষ কর্তৃক মনোনীত হইবে এবং কমিটির কার্যকাল এক বৎসরের অধিক হইবে না :

তবে শর্ত থাকে যে, কোন মন্ত্রী কমিটির সদস্য মনোনীত হইবেন না এবং কোন সদস্য কমিটিতে মনোনয়নের পর মন্ত্রীরূপে নিযুক্ত হইলে তিনি এইরূপ নিয়োগের পর আর কমিটির সদস্য থাকিবেন না।

২৯৮খ। (১) কমিটির কাজ হইবে মন্ত্রিগণ কর্তৃক বিধানসভায় উপস্থাপিত সমুদয় কার্যাবলী কাগজপত্র পরীক্ষা করা এবং নিম্নলিখিত বিষয়গুলির উপর বিধানসভায় প্রতিবেদন পেশ করা :—

(ক) কাগজপত্রগুলি সংশ্লিষ্ট আইন, নিয়ম, প্রনিয়ম বা সংবিধানের সহিত সংগতিপূর্ণভাবে উপস্থাপিত হইয়াছে কি না;

(খ) কাগজপত্রগুলি উপস্থাপনে অযৌক্তিক বিলম্ব হইয়াছে কি না; এবং

(গ) ঐরূপ বিলম্ব হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া কোনো বিবৃতি বিধানসভায় উপস্থাপিত হইয়াছে কি না এবং ঐ ব্যাখ্যা সন্তোষজনক কি না।

(২) বিধানসভায় উপস্থাপিত কাগজপত্র সম্পর্কিত অন্যান্য কাজ যা অধ্যক্ষ কর্তৃক সময় সময় কমিটির জন্য নির্দিষ্ট হইবে সেই কাজগুলি কমিটি করিবে।

২০০৬ সালের ২৭শে নভেম্বর তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২০১এ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

Restriction on raising matters in House about papers laid.

**298C.** A member wishing to raise any of the matters referred to in sub-rule (1) of rule 298B shall refer it to the Committee and not raise it in the House.

*(d) Committee on Petitions*

<sup>1</sup>[Constitution.

**299.** At the commencement of the House, or from time to time, as the case may be, the Speaker shall nominate a Committee on Petitions consisting of not more than twenty members:

Provided that a Minister shall not be nominated a member of the Committee, and that if a member, after his nomination to the Committee is appointed a Minister he shall cease to be a member of the Committee from the date of such appointment.]

Functions.

**300.** (1) The Committee shall examine every petition referred to it, and if the petition complies with these rules, the Committee may direct that it be circulated. Where circulation of the petition has not been directed, the Speaker may at any time direct that the petition be circulated.

(2) Circulation of the petition shall be *in extenso* or in summary form as the Committee or the Speaker, as the case may be, may direct.

(3) It shall also be the duty of the Committee to report to the House on specific complaints made in the petition referred to it after taking such evidence as it deems fit and to suggest remedial measures either in a concrete form applicable to the case under review or to prevent such cases in future.

*(e) Committee on Public Accounts*

Functions.

**301.** (1) There shall be a Committee on Public Accounts for the examination of accounts showing the appropriation of sums granted by the House for the expenditure of the State Government, the Annual Finance Accounts of the State Government and such other accounts laid before the House as the Committee may think fit.

(2) In scrutinising the Appropriation Accounts of the State Government and the report of the Comptroller and Auditor-General thereon, it shall be the duty of the Committee to satisfy itself—

- (a) that the moneys shown in the accounts as having been disbursed were legally available for, and applicable to, the service or purpose to which they have been applied or charged;

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, Paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২৯৮গ। কোন সদস্য ২৯৮গ নিয়মের (১) উপনিয়মে উল্লিখিত কোন বিষয় উত্থাপন করিতে ইচ্ছুক হইলে তাহা বিধানসভায় উত্থাপন না করিয়া এই কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

বিধানসভায়  
কাজপত্র  
উত্থাপন  
সম্পর্কিত বিষয়  
উত্থাপনে নিয়ন্ত্রণ।

### (ঘ) পিটিশন কমিটি

২৯৯। সভার অধিবেশন আরম্ভকালে বা ক্ষেত্রবিশেষে সময় সময়, অধ্যক্ষ অনধিক কুড়ি জন সদস্যযুক্ত একটি পিটিশন কমিটি মনোনীত করিবেন :

তবে শর্ত থাকে যে, কোনো মন্ত্রী কমিটির সদস্য মনোনীত হইতে পারিবেন না এবং কোনো সদস্য কমিটিতে মনোনীত হইবার পর মন্ত্রীরূপে নিযুক্ত হইলে তিনি এইরূপ নিয়োগের তারিখ হইতে আর কমিটির সদস্য থাকিবেন না ॥

৩০০। (১) কমিটির নিকট প্রেরিত পিটিশন, কমিটি পরীক্ষা করিবেন এবং ঐরূপ পিটিশন এই নিয়মাবলীসম্মত হইলে, ঐ কমিটি উহা প্রচার করা হউক বলিয়া নির্দেশ দিতে পারিবেন। যেক্ষেত্রে পিটিশন প্রচারের নির্দেশ দেওয়া হয় নাই সেক্ষেত্রে অধ্যক্ষ যে-কোন সময় ঐ পিটিশন প্রচার করা হউক বলিয়া নির্দেশ দিতে পারিবেন।

(২) কমিটি বা ক্ষেত্রবিশেষে অধ্যক্ষ যেরূপ নির্দেশ দিবেন সেরূপ নির্দেশানুযায়ী পিটিশনটি সবিস্তারে বা সংক্ষিপ্ত আকারে প্রচার করা হইবে।

(৩) কমিটির নিকট প্রেরিত পিটিশনে উল্লিখিত নির্দিষ্ট অভিযোগের উপর কমিটির বিবেচনানুযায়ী উপযুক্ত সাক্ষ্য গ্রহণের পর এই বিষয়ে সভাকে অবহিত করা এবং বিবেচনাধীন বিষয়ের ক্ষেত্রে নির্দিষ্টভাবে প্রযোজ্য অথবা ভবিষ্যতে এইরূপ বিষয়গুলি প্রতিরোধ করিবার জন্য প্রতিকারমূলক ব্যবস্থার সুপারিশ করাও কমিটির কর্তব্য হইবে।

### (ঙ) সরকারী হিসাব কমিটি

৩০১। (১) রাজ্য সরকারের ব্যয়নির্বাহের জন্য সভা কর্তৃক মঞ্জুরীকৃত অর্থের বিনিয়োগ দেখাইয়া যে হিসাব দেওয়া হয় সেই হিসাব, রাজ্য সরকারের বার্ষিক অর্থ সংক্রান্ত হিসাব এবং সভায় উপস্থাপিত অন্য যেসব হিসাব কমিটি উচিত মনে করিবেন সেইসব হিসাব, পরীক্ষা করিবার জন্য একটি সরকারী হিসাব কমিটি থাকিবে।

(২) রাজ্য সরকারের বিনিয়োগ হিসাব এবং তৎসম্পর্কে মহাহিসাব-নিয়ামক ও নিরীক্ষকের প্রতিবেদন সমীক্ষা করিবার সময় কমিটির কর্তব্য হইবে এই বিষয়ে সম্বন্ধ হওয়া যে—

(ক) হিসাবে যে অর্থ ব্যয়িত হইয়াছে বলিয়া দেখানো হইয়াছে তাহা, যে কার্যে বা যে উদ্দেশ্যে প্রয়োগ করা হইয়াছে বা ব্যয় ধার্য করা হইয়াছে সেই কার্যে বা উদ্দেশ্যে বিধিসম্মতভাবে পাওয়া গিয়াছে এবং প্রযোজ্য হইয়াছে;

২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২০১এ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।



- (b) that the expenditure conforms to the authority which governs it; and
  - (c) that every re-appropriation has been made in accordance with such rules as may be prescribed by the Governor or by the Finance Minister, as the case may be.
- (3) It shall also be the duty of the Committee—
- (a) to examine the statement of accounts showing the income and expenditure of State corporations, trading and manufacturing schemes, concerns and projects together with the balance sheets and statements of profit and loss accounts which the Governor may have required to be prepared or are prepared under the provisions of the statutory rules regulating the financing of a particular corporation, trading or manufacturing scheme or concern or project and the report of the Comptroller and Auditor-General thereon;
<sup>1</sup>[(d) If a member finds that he has voted by mistake in the wrong Lobby, he may be allowed to correct his mistake, provided he brings it to the notice of the Speaker before the result of the Division is announced.]

(e) If any member having entered a Division Lobby to record his vote does not pass by the Division Clerk before the time when the Division is declared to be closed, his vote will be reckoned as given in that Lobby.

(f) A Division is closed when all the members who desire to vote have entered the Division Lobbies or when the Speaker has declared the Division to be closed.

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৩৪২। (১) ৩৪১ নিয়মের (৫) উপনিয়ম অনুসারে অধ্যক্ষের নির্দেশে সদস্যদের লবিতে প্রবেশের মাধ্যমে ভোট গ্রহণ করা হইলে তিনি লবিগুলি খালি করিবার আদেশ দিবেন।

লবিতে প্রবেশের দ্বারা ভোট গ্রহণ।

(২) (ক) অতঃপর অধ্যক্ষ দ্বিতীয়বার মত গ্রহণের জন্য বিষয়টি সভায় তুলিবেন ও তাঁহার মতে উহা ‘হ্যাঁ’-জ্ঞাপকদের পক্ষে বা ‘না’-জ্ঞাপকদের পক্ষে গিয়াছে সে সম্পর্কে ঘোষণা করিবেন।

(খ) এরূপে অভিমত ঘোষিত হইবার অব্যবহিত পরে পুনরায় ভোট গ্রহণের দাবি করা হইলে, অধ্যক্ষ “হ্যাঁ-জ্ঞাপকদের” ‘হ্যাঁ’ পক্ষের লবিতে ও “না-জ্ঞাপকদের” ‘না’ পক্ষের লবিতে যাইবার নির্দেশ দিবেন।

(৩) (ক) ভোট দিতে ইচ্ছুক সদস্যগণ তারপর তাঁহাদের নিজ নিজ লবির দিকে অগ্রসর হইবেন এবং লবির দরজায় যেখানে পক্ষভাগ করণিকরা সদস্যদের ভোট লিপিবদ্ধ করিবার জন্য বসিয়া থাকেন তাঁহার পাশ দিয়া সারি বাঁধিয়া এক-একজন করিয়া চলিয়া যাইবেন এবং তাঁহাদের ভোট যে যথাযথভাবে লিপিবদ্ধ করা হইয়াছে তাহা দেখিবেন।

(খ) ভোট দিতে ইচ্ছুক সকল সদস্য পক্ষভাগের লবিতে প্রবেশ করিলে অথবা সদস্যদের ভোট গ্রহণের লবিতে প্রবেশ করিবার জন্য যুক্তিসঙ্গত সময় দেওয়া হইয়াছে বলিয়া অধ্যক্ষ মনে করিলে তিনি পক্ষভাগের লবিতে যাইবার দরজাগুলি বন্ধ করিয়া দিবার ও সভাকক্ষে প্রবেশ করিবার দরজাগুলি খুলিয়া দিবার আদেশ দিবেন। তারপর কোন সদস্যই আর ভোট গ্রহণের লবিতে প্রবেশ করিবেন না।

(গ) যে সদস্য অসুস্থতা বা শারীরিক অক্ষমতার জন্য পক্ষভাগের লবিতে যাইতে অসমর্থ হইবেন তিনি, অধ্যক্ষের অনুমতি লইয়া পক্ষভাগের ফল ঘোষিত হইবার পূর্বে প্রস্তাবটির পক্ষে অথবা বিপক্ষে তাহা জানাইয়া তাঁহার ভোট লিপিবদ্ধ করাইতে পারিবেন।

[(ঘ) যদি কোনো সদস্য দেখেন যে তিনি ভুলবশত অন্য লবিতে ভোট প্রদান করিয়াছেন, তাহা হইলে তাঁহাকে তাঁহার ভুল সংশোধন করিবার অনুমতি দেওয়া যাইতে পারিবে যদি তিনি পক্ষভাগে ফলাফল ঘোষিত হইবার পূর্বে ঐ বিষয়টি অধ্যক্ষের গোচরে আনেন।]

(ঙ) কোন সদস্য যদি পক্ষভাগের সমাপ্তি ঘোষণার পূর্বে ভোট লিপিবদ্ধ করাইবার জন্য পক্ষভাগের কোন লবিতে প্রবেশ করিয়া পক্ষভাগে নিযুক্ত করণিকের পাশ দিয়া না যান, তাহা হইলে তাঁহার ভোট সেই লবিতেই দেওয়া হইয়াছে বলিয়া গণনা করা হইবে।

(চ) ভোট দিতে ইচ্ছুক সকল সদস্য পক্ষভাগের লবিগুলিতে প্রবেশ করিলে অথবা অধ্যক্ষ ভোট গ্রহণের সমাপ্তি হইয়াছে বলিয়া ঘোষণা করিলে পক্ষভাগ সমাপ্ত হইবে।

<sup>১</sup>২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

(g) The Principal Secretary shall then have a count made of the “Ayes” and the “Noes” and shall hand over the result of the Division to the Speaker who shall declare the numbers and state the determination of the Assembly on the question proposed.

*Papers quoted to be laid on the Table*

Papers quoted to be laid on the Table.

**343.** If the Minister quotes in the House a despatch or other State paper which has not been presented to the House, he shall lay the relevant paper on the Table:

Provided that this rule shall not apply to any documents which are stated by the Minister to be of such a nature that their production would be inconsistent with public interest:

Provided further that where a Minister gives in his own words a summary or gist of such despatch or State paper it shall not be necessary to lay the relevant papers on the Table.

Treatment of papers laid on the Table.

**344.** (1) A paper or document to be laid on the Table shall be duly authenticated by the member presenting it.

(2) All papers and documents laid on the Table shall be considered public.

*Procedure when a Minister discloses source of advice or opinion given to him*

Procedure when a Minister discloses source of advice or opinion given to him.

**345.** If, in answer to a question or during debate, a Minister discloses the advice or opinion given to him by any officer of the Government or by any other person or authority, he shall ordinarily lay the relevant document or parts of document containing that opinion or advice, or a summary thereof on the Table.

*Statement made by a Minister*

Statement made by a Minister.

**346.** A statement may be made by a Minister on a matter of public importance with the consent of the Speaker but no question shall be asked at the time the statement is made.

*Withdrawal and Suspension of Members*

Withdrawal of member.

**347.** The Speaker may direct any member whose conduct is, in his opinion, grossly disorderly to withdraw immediately from the House, and any member so ordered to withdraw shall do so forthwith and shall absent himself during the remainder of the day's sitting.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(ছ) সচিব তখন 'হ্যাঁ' এবং 'না'-জ্ঞাপক ভোটগুলি গণনা করিয়া পক্ষভাগের ফলাফল অধ্যক্ষের নিকট অর্পণ করিবেন। অধ্যক্ষ সংখ্যাগুলি ঘোষণা করিবেন ও প্রস্তাবিত প্রশ্ন সম্পর্কে বিধানসভার সিদ্ধান্ত জানাইয়া দিবেন।

### উদ্ধৃতিদানের কাগজপত্র টেবিলে উপস্থাপন

৩৪৩। যদি কোন মন্ত্রী, সভায় পেশ করা হয় নাই এরূপ কোন সরকারী পত্র বা রাজ্য সংক্রান্ত পত্র হইতে সভায় কিছু উদ্ধৃত করেন তবে, তিনি সংশ্লিষ্ট পত্র সভার টেবিলে উপস্থাপিত করিবেন :

উদ্ধৃতিদানের  
কাগজপত্র টেবিলে  
উপস্থাপন।

তবে শর্ত থাকে যে, মন্ত্রী যদি বলেন যে, দস্তাবেজগুলি এরূপ ধরনের যে সেগুলি পেশ করা জনস্বার্থের প্রতিকূল হইবে, তাহা হইলে এই নিয়ম ঐসব দস্তাবেজ সম্পর্কে প্রযুক্ত হইবে না :

তবে আরও শর্ত থাকে যে, যে ক্ষেত্রে মন্ত্রী তাঁহার নিজের ভাষায় এরূপ সরকারী কাগজপত্র বা রাজ্য সংক্রান্ত কাগজপত্রের সারাংশ বা সংক্ষিপ্তসার দেন, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কাগজপত্র আর টেবিলে উপস্থাপিত করিতে হইবে না।

৩৪৪। (১) যে কাগজপত্র বা দস্তাবেজ টেবিলে উপস্থাপিত করা হইবে তাহা, যে সদস্য উহা পেশ করেন সেই সদস্য কর্তৃক যথাযথভাবে প্রমাণীকৃত হইবে।

টেবিলে উপস্থাপিত  
কাগজপত্রাদি  
সম্পর্কে ব্যবস্থা।

(২) টেবিলে উপস্থাপিত কাগজপত্রাদি এবং দস্তাবেজসমূহ সর্বজনপ্রকাশ্যরূপে গণ্য হইবে।

### কোন মন্ত্রী কর্তৃক তাঁহাকে প্রদত্ত পরামর্শ বা অভিমতের সূত্র প্রকাশ করিবার কার্যপ্রণালী

৩৪৫। বিতর্কের সময়ে বা কোন প্রশ্নের উত্তরদানকালে কোন মন্ত্রী, সরকারের কোন আধিকারিক বা অন্য কোন ব্যক্তি বা প্রাধিকারীর নিকট হইতে যে পরামর্শ বা অভিমত পাইয়া থাকেন তাহা যদি প্রকাশ করেন তাহা হইলে তিনি সাধারণত উক্ত উপদেশ বা অভিমতসম্বলিত সংশ্লিষ্ট দস্তাবেজ বা দস্তাবেজের অংশ অথবা তাহার সারমর্ম টেবিলে উপস্থাপিত করিবেন।

কোন মন্ত্রী কর্তৃক  
তাঁহাকে প্রদত্ত  
পরামর্শ বা  
অভিমতের সূত্র  
প্রকাশ করিবার  
কার্যপ্রণালী।

### মন্ত্রী কর্তৃক বিবৃতিদান

৩৪৬। কোন মন্ত্রী অধ্যক্ষের অনুমতিক্রমে, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ কোন বিষয় সম্পর্কে বিবৃতি দিতে পারিবেন, কিন্তু যখন বিবৃতি দেওয়া হয় সে সময় কোন প্রশ্ন করা যাইবে না।

মন্ত্রী কর্তৃক বিবৃতি  
প্রদান।

### সদস্যদের বহিষ্কার এবং যোগদানের অধিকার হইতে সাময়িকভাবে অপসারণ

৩৪৭। কোন সদস্যের আচরণ অধ্যক্ষের নিকট অত্যন্ত উচ্ছৃঙ্খল মনে হইলে সেই সদস্যকে তিনি সভাকক্ষ হইতে অবিলম্বে চলিয়া যাইতে নির্দেশ দিতে পারিবেন এবং এরূপ যে সদস্যকে চলিয়া যাইবার আদেশ দেওয়া হইবে সেই সদস্য সঙ্গে সঙ্গে চলিয়া যাইবেন এবং ঐদিনের অধিবেশনের অবশিষ্ট সময় উপস্থিত থাকিবেন না।

সদস্যদের বহিষ্কার।



RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

Suspension of member.

**348.** (1) The Speaker may, if he deems it necessary, name a member who disregards the authority of the Chair or abuses the rules of the House by persistently and wilfully obstructing the business thereof.

(2) If a member is so named by the Speaker, the Speaker shall, on a motion being made forthwith put the question that the member (naming him) be suspended from the service of the House for a period not exceeding the remainder of the session:

Provided that the House may, at any time, on a motion being made, resolve that such suspension be terminated.

*Suspension of Sitting*

Power of Speaker to adjourn House or suspend sitting.

**349.** In the case of a grave disorder arising in the House, the Speaker may, if he thinks it necessary to do so, adjourn the House or suspend any sitting for a time to be named by him.

*Points of Order*

Points of order and decisions thereon.

**350.** (1) A point of order shall relate to the interpretation or enforcement of these rules or such Articles of the Constitution as regulate the business of the House and shall raise a question which is within the cognizance of the Speaker.

(2) A point of order may be raised in relation to the business before the House at the moment:

Provided that the Speaker may permit a member to raise a point of order during the interval between the termination of one item of business and the commencement of another if it relates to maintenance of order in, or arrangement of business before, the House.

(3) Subject to conditions referred to in sub-rules (1) and (2), a member may formulate a point of order and the Speaker shall decide whether the point raised is a point of order and if so give his decision thereon, which shall be final.

(4) No debate shall be allowed on a point of order, but the Speaker may, if he thinks fit, hear members before giving his decision.

(5) A point of order is not a point of privilege.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৩৪৮। (১) অধ্যক্ষ যদি প্রয়োজন মনে করেন তবে, যে সদস্য অধ্যক্ষের কর্তৃত্বের প্রতি অবজ্ঞা প্রদর্শন করেন বা ক্রমাগত এবং ইচ্ছাপূর্বক সভার কার্যে বাধা দিয়া উহার নিয়মাবলী লঙ্ঘন করেন সেই সদস্যের নাম উল্লেখ করিতে পারিবেন।

সদস্যদের সাময়িক  
অপসারণ।

(২) কোন সদস্যের নাম যদি অধ্যক্ষ সেইরূপে উল্লেখ করেন তাহা হইলে তিনি উত্থাপিত একটি প্রস্তাবের ভিত্তিতে অবিলম্বে বিষয়টি এই মর্মে মতামত গ্রহণের জন্য তুলিবেন যে অধিবেশনের অবশিষ্ট কালের অধিক হইবে না এইরূপ কোন কালের জন্য উক্ত সদস্যকে (সদস্যের নাম উল্লেখ করিয়া) সভার কার্য হইতে সাময়িকভাবে বিরত করা হউক :

তবে শর্ত থাকে যে, সভা যে কোন সময় প্রস্তাব উত্থাপন করিয়া এই মর্মে স্থির করিতে পারিবে যে ঐরূপ সাময়িকভাবে বিরত করার অবসান করা হউক।

### বৈঠক স্থগিতকরণ

৩৪৯। সভায় গুরুতর বিশৃঙ্খলা দেখা দিলে অধ্যক্ষ যদি প্রয়োজন মনে করেন তবে সভা মূলতুবী রাখিতে পারিবেন এবং যে সময়ের উল্লেখ করিবেন সে সময়ের জন্য সভার কোন অধিবেশন স্থগিত রাখিতে পারিবেন।

সভা মূলতুবী এবং  
অধিবেশন  
স্থগিতকরণ  
সম্পর্কে  
অধ্যক্ষের ক্ষমতা।

### বৈধতার প্রশ্ন

৩৫০। (১) বৈধতার প্রশ্নকে এই নিয়মাবলীর ও সভার কার্যাবলী নিয়ন্ত্রণকারী সংবিধানের অনুচ্ছেদসমূহের ব্যাখ্যা ও কার্যকারিতা সম্পর্কিত এবং অধ্যক্ষের ক্ষমতার আওতাভুক্ত বিষয় হইতে হইবে।

বৈধতার প্রশ্ন এবং  
তৎসম্পর্কে সিদ্ধান্ত।

(২) কোন নির্দিষ্ট সময়ে সভার বিবেচনাধীন বিষয়ের উপর বৈধতার প্রশ্ন উত্থাপন করা যাইতে পারে :

তবে শর্ত থাকে যে, কোন বৈধতার প্রশ্ন যদি সভার শৃঙ্খলা রক্ষা বা সভার কাজের ব্যবস্থাপনার সহিত সম্বন্ধযুক্ত হয় তাহা হইলে অধ্যক্ষ কোন সদস্যকে কার্যসূচীর কোন বিষয়ের আলোচনার শেষে এবং অন্য একটি বিষয়ের আলোচনা আরম্ভ হওয়ার মধ্যবর্তী সময়ে বৈধতার প্রশ্ন তুলিবার অনুমতি দিতে পারিবেন।

(৩) এই নিয়মের (১) ও (২) উপনিয়মে উল্লিখিত শর্তাধীনে কোন সদস্য বৈধতার প্রশ্ন উত্থাপন করিতে পারিবেন। উত্থাপিত প্রশ্নটি বৈধতার প্রশ্ন কি না অধ্যক্ষ তাহা স্থির করিবেন এবং যদি উহা বৈধতার প্রশ্ন হয়, তাহা হইলে, তৎসম্পর্কে তিনি তাঁহার সিদ্ধান্ত জানাইবেন এবং তাঁহার সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

(৪) কোন বৈধতার প্রশ্নের উপর বিতর্কের অনুমতি দেওয়া হইবে না তবে অধ্যক্ষ সংগত মনে করিলে, তাঁহার সিদ্ধান্ত দেওয়ার পূর্বে সদস্যদিগের বক্তব্য শুনিতে পারিবেন।

(৫) বৈধতার প্রশ্ন বিশেষাধিকারের প্রশ্ন নহে।

- (6) A member shall not raise a point of order—
- (a) to ask for information; or
  - (b) to explain his position; or
  - (c) when a question on any motion is being put to the House; or
  - (d) which may be hypothetical; or
  - (e) that Division Bells did not ring or were not heard.

Raising a matter which is not a point of order.

**351.** A member who wishes to bring to the notice of the House any matter which is not a point of order shall give notice to the Principal Secretary in writing stating briefly the point which he wishes to raise in the House together with reasons for wishing to raise it, and he shall be permitted to raise it only after the Speaker has given his consent and at such time and date as the Speaker may fix.

*Maintenance of Order*

Speaker to preserve order and enforce decisions.

**352.** The Speaker shall preserve order and shall have all powers necessary for the purpose of enforcing his decisions.

*Report of Proceedings*

Report of proceedings of House.

**353.** The Principal Secretary shall cause to be prepared a full report of the proceedings of the House at each of its sittings and shall, as soon as practicable, publish it in such form and manner as the Speaker may, from time to time, direct.

Journal.

**354.** (1) The Principal Secretary shall keep a journal in which a short record of the proceedings of the House for each day shall be fairly entered.

(2) The journal shall be submitted after each meeting to the Speaker for his confirmation and signature, and when so signed shall be the record of the proceedings of the House.

Expunction of words from debates.

**355.** (1) If the Speaker is of opinion that words have been used in debate which are defamatory or indecent or unparliamentary or undignified or otherwise inappropriate, he may, in his discretion, order that such words be expunged from the proceedings of the House.

(2) Words ordered to be expunged shall not be printed in the proceedings but the portion of the proceedings so expunged shall be marked by asterisks and an explanatory footnote shall be inserted in the proceedings as follows:

‘EXPUNGED AS ORDERED BY THE CHAIR’.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(৬) কোন সদস্য—

- (ক) তথ্য জানিবার জন্য, বা
- (খ) তাঁহার বক্তব্য ব্যাখ্যার জন্য, বা
- (গ) সভায় কোন প্রস্তাব ভোটে দিবার সময়, বা
- (ঘ) অনুমানসিদ্ধ বিষয় লইয়া, বা
- (ঙ) পক্ষভাগের ঘটনা বাজে নাই বা শোনা যায় নাই বলিয়া কোন বৈধতার প্রশ্ন উত্থাপন করিতে পারিবেন না।

৩৫১। কোন সদস্য বৈধতার প্রশ্নের অন্তর্ভুক্ত নহে এরূপ কোন বিষয় সম্পর্কে সভার দৃষ্টি আকর্ষণ করিতে চাহিলে, যে নির্দিষ্ট বিষয়টি তিনি উত্থাপন করিতে চাহেন তাহা সংক্ষেপে বিবৃত করিয়া ও তৎসহ তিনি কেন উক্ত বিষয়টি তুলিতে চাহেন তাহার কারণ প্রদর্শন করিয়া প্রধান সচিবকে লিখিতভাবে একটি নোটিশ দিবেন এবং অধ্যক্ষ যদি সম্মতি দান করেন তবে, এবং যে দিন ও যে সময় অধ্যক্ষ স্থির করিয়া দিবেন সেই দিনে ও সেই সময়ে উক্ত সদস্যকে বিষয়টি উত্থাপন করিতে দেওয়া হইবে।

বৈধতার প্রশ্নের অন্তর্ভুক্ত নহে এরূপ বিষয় উত্থাপন করা।

### নিয়মশৃঙ্খলা রক্ষা

৩৫২। অধ্যক্ষ নিয়মশৃঙ্খলা রক্ষা করিবেন এবং তাঁহার সিদ্ধান্ত কার্যকর করার উদ্দেশ্যে প্রয়োজনীয় সকল ক্ষমতা অধ্যক্ষের থাকিবে।

অধ্যক্ষ কর্তৃক নিয়মশৃঙ্খলা রক্ষা এবং তাঁহার সিদ্ধান্ত কার্যকর করা।

### কার্যাবলীর প্রতিবেদন

৩৫৩। প্রধান সচিব, সভার প্রত্যেক বৈঠকের কার্যাবলী সম্পর্কিত পূর্ণ প্রতিবেদন প্রস্তুত করাইবেন এবং যতশীঘ্র সম্ভব, অধ্যক্ষ সময় সময় যেরূপ নির্দেশ দিবেন সেরূপ ফর্মে ও রীতিতে ঐ প্রতিবেদন প্রকাশিত করিবেন।

সভার কার্যাবলীর প্রতিবেদন।

৩৫৪। (১) প্রধান সচিব, একটি বিবরণলিপি (জার্নাল) রাখিবেন, যাহাতে সভার প্রতিদিনের কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ মোটামুটি ঠিকভাবে লিপিবদ্ধ করা হইবে।

সভার বিবরণলিপি (জার্নাল)।

(২) দিনের বৈঠকের পর অধ্যক্ষের নিকট ঐ বিবরণলিপি, তাঁহার অনুমোদন ও স্বাক্ষরের জন্য পেশ করা হইবে এবং এরূপ স্বাক্ষরিত হইবার পর উহা সভার কার্যাবলীর লেখ্যরূপে গণ্য হইবে।

৩৫৫। (১) যদি অধ্যক্ষ মনে করেন যে, বিতর্ককালে যে শব্দসমূহ ব্যবহৃত হইয়াছে তাহা অশিষ্ট বা অশোভন, বা সংসদীয় রীতিবিরোধী বা অবমাননাসূচক অথবা অপ্রযোজ্য তবে তিনি স্ববিবেকানুসারে আদেশ দিতে পারিবেন যে, এরূপ শব্দসমূহ সভার কার্যবিবরণী হইতে কাটিয়া বাদ দেওয়া হউক।

বিতর্ক হইতে শব্দ অপসারণ।

(২) যে শব্দসমূহ এরূপ বাদ দেওয়ার আদেশ দেওয়া হয় সেগুলি কার্যবিবরণীতে ছাপা হইবে না, কিন্তু কার্যবিবরণী হইতে বাদ দেওয়া এরূপ অংশ নিম্নরূপ পাদটীকাসহ তারকাচিহ্ন দ্বারা প্রদর্শিত হইবে :

‘অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হইল।’

## RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

### *Printing and Publication of Assembly Papers*

Printing and publication of Assembly papers.

**356.** (1) The Speaker may authorise printing, publication, distribution or sale of any paper, document or report in connection with the business of the House or any paper, document or report laid on the Table or presented to the House or a Committee thereof.

(2) A paper, document or report printed, published, distributed or sold in pursuance of sub-rule (1) shall be deemed to have been printed, published, distributed or sold under the authority of the House within the meaning of clause (2) of Article 194 of the Constitution.

(3) If a question arises whether a paper, document or report is in connection with the business of the House or not, the question shall be referred to the Speaker whose decision shall be final.

### *Custody of Papers*

Custody of papers.

**357.** The Principal Secretary shall have custody of all records, documents and papers belonging to the House or any of its Committee or Secretariat and he shall not permit any such records, documents or papers to be taken from the precincts of the House without the permission of the Speaker.

### *Chamber of the House*

Restriction on use of Chamber of House.

**358.** (1) The Chamber of the House shall not be used for any purpose other than the sittings of the Legislature or any business of the Legislature.

(2) Any other portion of the Legislative Building or any building within the precincts of the House shall not be used for any purpose other than business connected with the Legislature except with the permission of the Speaker.

**359.** [*Officers of the Council entitled to admission to sitting of House.—Omitted by Assembly Bulletin —Part II, dated 29th January, 1970, item No. 368*]

### *Admission of Strangers*

Admission of strangers.

**360.** The admission of strangers during the sittings of the House to those portions of the Legislative Building which are not reserved for the exclusive use of members shall be regulated in accordance with directions made by the Speaker.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

### বিধানসভার কাগজপত্র মুদ্রণ এবং প্রকাশন

৩৫৬। (১) অধ্যক্ষ সভার কার্যাবলী সংক্রান্ত যে-কোন কাগজপত্র, দস্তাবেজ বা প্রতিবেদন কিংবা সভার টেবিলে উপস্থাপিত কিংবা সভার নিকট বা সভার কোন কমিটির নিকট পেশ করা যে-কোন কাগজপত্র, দস্তাবেজ বা প্রতিবেদন মুদ্রণ, প্রকাশন, বিতরণ বা বিক্রয় সম্পর্কে প্রাধিকার দিতে পারিবেন।

বিধানসভার  
কাগজপত্র মুদ্রণ  
এবং প্রকাশন।

(২) কোন কাগজপত্র, দস্তাবেজ বা প্রতিবেদন উপনিয়ম (১) অনুসরণে মুদ্রিত, প্রকাশিত, বিতরিত বা বিক্রীত হইয়া থাকিলে তাহা সংবিধানের ১৯৪ অনুচ্ছেদের (২) খণ্ডের অর্থমতে সভার প্রাধিকার অনুসারে মুদ্রিত, প্রকাশিত, বিতরিত বা বিক্রীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) কোন কাগজপত্র, দস্তাবেজ বা প্রতিবেদন সভার কার্যাবলী সম্পর্কিত কি না তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপিত হইলে, বিষয়টি অধ্যক্ষের নিকট প্রেরিত হইবে এবং ঐ সম্পর্কে অধ্যক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

### কাগজপত্রাদির হেপাজত

৩৫৭। সভার কিংবা সভার কোন কমিটির বা সচিবালয়ের যাবতীয় লেখ্য, দস্তাবেজ এবং কাগজপত্র প্রধান সচিবের হেপাজতে থাকিবে এবং তিনি ঐরূপ কোন লেখ্য, দস্তাবেজ বা কাগজপত্র অধ্যক্ষের অনুমতি ব্যতীত সভার এলাকা-সীমার বাহিরে লইয়া যাইতে দিবেন না।

কাগজপত্রাদির  
হেপাজত।

### সভাকক্ষ

৩৫৮। (১) সভার কক্ষ, বিধানসভার অধিবেশন বা বিধানসভার কোন কার্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইতে পারিবে না।

সভাকক্ষ ব্যবহার  
সম্পর্কে বাধা-  
নিষেধ।

(২) বিধান ভবনের অন্য কোন অংশ কিংবা সভার এলাকা-সীমার অন্তর্গত অন্য কোন ভবন, অধ্যক্ষের অনুমতি ছাড়া, বিধানসভার কার্যের সহিত সংশ্লিষ্ট নহে এরূপ কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইতে পারিবে না।

৩৫৯। [২৯শে জানুয়ারী, ১৯৭০ তারিখের বিধানসভা বুলেটিন দ্বিতীয় ভাগের অনুচ্ছেদ ৩৬৮ অনুযায়ী বাদ দেওয়া হয়েছে।]

### আগন্তুকদের প্রবেশাধিকার

৩৬০। বিধান ভবনের যে সকল অংশ একান্তভাবে সদস্যগণের ব্যবহারের জন্য সংরক্ষিত নহে সেসকল অংশে, সভার অধিবেশনকালে আগন্তুকদের প্রবেশ অধ্যক্ষের নির্দেশানুসারে নিয়ন্ত্রিত হইবে।

আগন্তুকদের  
প্রবেশাধিকার।

Withdrawal of strangers.

**361.** The Speaker may, whenever he thinks fit, order the withdrawal of strangers from any part of the Legislative Building.

Removal and taking into custody of strangers.

**362.** An officer of the Secretariat authorised in this behalf by the Speaker shall remove from the precincts of the House or take into custody, any stranger whom he may see, or who may be reported to him to be, in any portion of the precincts of the House which is reserved for the exclusive use of members, and also any stranger who, having been admitted into any portion of the precincts of the House, misconducts himself or wilfully infringes the directions made by the Speaker under Rule 360 or does not withdraw when the strangers are directed to withdraw under Rule 361 while the House is sitting.

#### *Suspension of Rules*

Suspension of Rules.

**363.** Any member may, with the consent of the Speaker, move that any rule may be suspended in its application to a particular motion before the House and if the motion is carried the rule in question shall be suspended for the time being.

#### *Residuary Powers*

Residuary Powers.

**364.** All matters not specifically provided for in these rules and all questions relating to the detailed working of these rules shall be regulated in such manner as the Speaker may, from time to time, direct.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

৩৬১। অধ্যক্ষ যখনই উচিত মনে করিবেন তখনই বিধান ভবনের যে-কোন অংশে হইতে আগন্তুকদের চলিয়া যাইবার জন্য আদেশ দিতে পারিবেন।

আগন্তুকদের  
অপসারণ।

৩৬২। অধ্যক্ষের নিকট হইতে এতদুদ্দেশ্যে প্রাধিকারপ্রাপ্ত সচিবালয়ের কোন আধিকারিক, একান্তভাবে সদস্যদের ব্যবহারের জন্য সংরক্ষিত বিধানসভা এলাকাভুক্ত কোন অংশে কোন আগন্তুককে দেখিতে পাইলে কিংবা কোন আগন্তুক ঐরূপ অংশে আছেন বলিয়া তাঁহাকে জানানো হইলে, ঐরূপ আগন্তুককে এবং কোন আগন্তুক বিধানসভা এলাকা-সীমার কোন অংশে প্রবেশ লাভ করিয়া যদি কোন অন্যান্য আচরণ করেন, কিংবা অধ্যক্ষ কর্তৃক ৩৬০ নিয়মমতে প্রদত্ত নির্দেশাবলী ইচ্ছাপূর্বক ভঙ্গ করেন অথবা সভার অধিবেশন চলিতে থাকাকালে ৩৬১ নিয়মমতে আগন্তুকদের স্থানত্যাগের নির্দেশ দেওয়া সত্ত্বেও যদি স্থানত্যাগ না করেন তবে ঐরূপ আগন্তুককেও বিধানসভার এলাকা-সীমা হইতে অপসারিত করিতে অথবা হেপাজতে লইয়া যাইতে পারিবেন।

আগন্তুকদের  
অপসারণ এবং  
তাহাদিগকে  
হেপাজতে লইয়া  
যাওয়া।

### নিয়মাবলীর স্থগিতকরণ

৩৬৩। অধ্যক্ষের সম্মতিক্রমে যে-কোন সদস্য, সভায় উপস্থাপিত বিশেষ কোন প্রস্তাবের ক্ষেত্রে কোন নিয়মের প্রয়োগ স্থগিত রাখা হউক—এই মর্মে প্রস্তাব উত্থাপন করিতে পারিবেন এবং যদি প্রস্তাবটি গৃহীত হয় তবে সংশ্লিষ্ট নিয়মের প্রয়োগ ঐ সময়ের জন্য স্থগিত রাখা হইবে।

নিয়মাবলীর  
স্থগিতকরণ।

### অবশিষ্ট ক্ষমতা

৩৬৪। এই নিয়মাবলীতে যে সমস্ত বিষয় সম্পর্কে নির্দিষ্টভাবে ব্যবস্থা করা হয় নাই এবং এই নিয়মাবলীর প্রয়োগ সংক্রান্ত বিস্তারিত বিষয়ে যে সব প্রশ্ন দেখা দিবে সেগুলি, অধ্যক্ষ সময় সময় যেরূপ নির্দেশ দিবেন সেরূপ রীতিতে নিয়ন্ত্রিত হইবে।

অবশিষ্ট ক্ষমতা।



FIRST SCHEDULE

(See Rule 157)

FORM OF PETITION

To

The West Bengal Legislative Assembly

The humble petition of

*[Here insert name and designation or description of petitioner(s) in concise form, e.g., "A.B. and others" or "the inhabitants of ....." or "the municipality of ....." etc.]*

sheweth

*[Here insert concise statement of case]*

and accordingly your petitioner(s) pray that

*[Here insert "that the Bill be or be not proceeded with" or "that special provision be made in the Bill to meet the case of your petitioner(s)" or any other appropriate prayer regarding the Bill or matter before the House or a matter of general public interest]*  
and your petitioner(s) as in duty bound will ever pray.

Name of Petitioner	Address	Signature or Thumb Impression

.....  
*Countersignature of member presenting.*

কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

প্রথম অনুসূচী

(১৫৭ নিয়ম দ্রষ্টব্য)

দরখাস্তের নিদর্শ

পশ্চিমবঙ্গ বিধানসভা

সমীপে—

[এখানে দরখাস্তকারীর বা দরখাস্তকারীদের নাম ও পদনাম বা বিবরণ সংক্ষেপে দিতে হইবে, যথা ‘ক, খ এবং অন্যান্য’ কিংবা ‘..... এর অধিবাসীগণ’ অথবা ‘..... পৌর সংঘের অধিবাসীগণ’ ইত্যাদি।]

এই দরখাস্তে বিনীত নিবেদন করিতেছেন যে—

[এখানে প্রার্থিত বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ দিতে হইবে] এবং তদনুসারে সভা সমীপে দরখাস্তকারী (বা দরখাস্তকারীগণ) প্রার্থনা করিতেছেন যে,

[“বিধেয়ক সংক্রান্ত কার্য চলিতে থাকুক বা আর না চলুক” বা “দরখাস্তকারীর (দরখাস্তকারীগণের) প্রার্থিত বিষয় পূরণের জন্য বিধেয়কে বিশেষ বিধান অন্তর্ভুক্ত করা হউক” অথবা সভাসমক্ষে উপস্থাপিত বিধেয়ক বা কোন বিষয় অথবা জনসাধারণের স্বার্থ সংক্রান্ত কোন বিষয় সম্পর্কে অন্য কোন যথাযোগ্য প্রার্থনা এখানে জানাইতে হইবে ] এবং দরখাস্তকারী (বা দরখাস্তকারীগণ) কর্তব্যানুরোধে এজন্য চিরকৃতজ্ঞ থাকিবে।

দরখাস্তকারীর নাম	ঠিকানা	স্বাক্ষর বা টিপসহি

.....  
যে সদস্য পেশ করিবেন তাঁহার প্রতিস্বাক্ষর

RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

SECOND SCHEDULE

(See Rule 163)

FORM OF REPORT ON PETITION BY THE PRINCIPAL SECRETARY

Sir,

Under rule ..... of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have to report that ..... petitions as per statement laid on the Table have been received relating to ..... (in case of Bills) the Bill to provide for ....., which was introduced in the House on the .....20 , by Shri ..... or published in the Gazette.

STATEMENT

Petitions relating to.....(in case of Bills) the Bill to provide for.....which was introduced in the House on the.....20..... for published in the Gazette on the.....20.....

Number of Signature	District or Town	State

কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

দ্বিতীয় অনুসূচী

(১৬৩ নিয়ম দ্রষ্টব্য)

দরখাস্ত সম্পর্কে প্রধান সচিব যে রিপোর্ট দিবেন তাহার নিদর্শ

মহাশয়,

পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলীর.....নিয়মমতে আমি রিপোর্ট করিতেছি যে, .....সম্পর্কে (বিধেয়কের ক্ষেত্রে) শ্রী/শ্রীমতী..... কর্তৃক যে বিধেয়ক সভায় .....২০..... তারিখে ..... ব্যবস্থা করার জন্য উত্থাপিত হইয়াছে সেই বিধেয়ক সম্পর্কে, টেবিলে ন্যস্ত বিবরণমত ..... দরখাস্ত পাওয়া গিয়াছে।

বিবরণ

..... সম্পর্কে (বিধেয়কের ক্ষেত্রে) .....২০..... তারিখে সদনে ..... বিষয়ে ব্যবস্থা করার জন্য উত্থাপিত বিধেয়ক সম্পর্কে দরখাস্তসমূহ।

স্বাক্ষর সংখ্যা	জিলা বা শহর	রাজ্য

THIRD SCHEDULE

(See Rules 231 and 232)

**Form of communication regarding arrest, detention, conviction or release, as the case may be, of a member.**

Place .....

Date .....

To  
The Speaker,  
West Bengal Legislative Assembly,

Dear Mr. Speaker,

**A**

I have the honour to inform you that I have found it my duty, in the exercise of my powers under Section.....of the.....(Act), to direct that Shri/Srimati....., Member of the West Bengal Legislative Assembly, be arrested/detained for.....

(reasons for the arrest or detention, as the case may be).

Shri/Srimati....., M.L.A., was accordingly arrested/taken into custody at..... (time) on..... (date) and is at present lodged in the..... Jail.....(place).

**B**

I have the honour to inform you that Shri/Srimati....., Member of the West Bengal Legislative Assembly, was tried at the..... Court before me on a charge (or charges) of.....

(reasons for the conviction).

On.....(date) after a trial lasting for.....days, I found him guilty of.....and sentenced him to imprisonment for.....(period).

(His application for leave to appeal to \*.....is pending consideration.)

---

\*Name of the Court.

কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

তৃতীয় অনুসূচী

(২৩১ ও ২৩২ নিয়ম দ্রষ্টব্য)

কোন সদস্যের গ্রেপ্তার, আটক, বা স্থলবিশেষে মুক্তি সম্পর্কিত

সংবাদ প্রদানের নিদর্শ

স্থান.....

তারিখ.....

অধ্যক্ষ,

পশ্চিমবঙ্গ বিধানসভা

সমীপে,

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

(ক)

আমি আপনাকে জানাইতেছি যে .....আইনের.....ধারামতে আমার ক্ষমতা প্রয়োগক্রমে আমি কর্তব্যবোধে এরূপ নির্দেশ দিতেছি যে, পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য শ্রী/শ্রীমতী ..... কে.....(গ্রেপ্তার বা স্থলবিশেষে আটকের কারণসমূহ) কারণে গ্রেপ্তার/নিরুদ্ধ করা হউক।

শ্রী/শ্রীমতী.....এম.এল.এ. কে তদনুসারে.....(তারিখ).....(সময়) গ্রেপ্তার করা হইয়াছে/হেপাজতে লইয়া যাওয়া হইয়াছে এবং বর্তমানে..... কারাগারে, .....(স্থান) রাখা হইয়াছে।

(খ)

আমি আপনাকে জানাইতেছি যে, আমার.....আদালতে.....(দোষী সাব্যস্ত করার কারণ) অভিযোগে (বা অভিযোগসমূহে) পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য শ্রী/শ্রীমতী.....-এর বিচার হয়। .....দিন মামলা চলার পর .....(তারিখ), তিনি.....দোষে দোষী প্রতিপন্ন হওয়ায় আমি তাঁহার প্রতি.....(কাল)-এর জন্য কারাদণ্ডের আদেশ দিয়াছি।

(.....এ আপীলের অনুমতির জন্য তাঁহার দরখাস্ত বিবেচনাধীন আছে।)

আদালতের নাম।

C

I have the honour to inform you that Shri/Srimati....., Member of the West Bengal Legislative Assembly, who was arrested/detained/convicted on.....(date) and imprisoned for.....(period) for.....(reasons for arrest/ detention/conviction) was released on bail pending appeal (or released on the sentence being set aside on appeal, as the case may be) on the.....(date) on..... (grounds for release).

Yours faithfully,

*(Judge, Magistrate or  
Executive Authority.)*

কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

(গ)

আমি আপনাকে জানাইতেছি যে বিধানসভার সদস্য শ্রী/শ্রীমতী.....  
যাঁহাকে..... তারিখে গ্রেপ্তার/আটক করা হইয়াছিল/দোষী সাব্যস্ত  
হইয়াছিলেন এবং.....(গ্রেপ্তার/আটক/দোষী সাব্যস্ত হইবার কারণ)  
হেতু..... (কাল) এর জন্য কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিলেন। তিনি  
আপীলসাপেক্ষে..... তারিখে..... কারণে মুক্তি পাইয়াছেন। (অথবা  
ক্ষেত্রবিশেষে) তিনি আপীল করার ফলে দণ্ডাদেশ নাকচ হওয়ায়.....তারিখে মুক্তি  
পাইয়াছেন।

ভবদীয়—

[ বিচারক, সম্মহর্তা (ম্যাজিস্ট্রেট) অথবা  
নির্বাহী আধিকারিক ]



## FOURTH SCHEDULE

[See Rule 310ZG(2)]

### Departments under jurisdiction of the Standing Committees

Sl. No.	Name of the Standing Committee	Departments
(1)	(2)	(3)
Committee I	The Standing Committee on Home, Personnel & Administrative Reforms, Correctional Administration, Law and Judicial	Home (Police) & Hill Affairs, Personnel & Administrative Reforms, Correctional Administration, Law and Judicial
Committee II	The Standing Committee on Finance and Planning	Finance, Planning & Statistics, Programme Monitoring, Paschimanchal Unnayan Affairs and North Bengal Development
Committee III	The Standing Committee on Higher Education	Higher Education, Science & Technology and Bio-Technology
Committee IV	The Standing Committee on School Education	School Education and Mass Education Extension & Library Services
Committee V	The Standing Committee on Health & Family Welfare	Health & Family Welfare
Committee VI	The Standing Committee on Panchayats and Rural Development and Sunderban Affairs	Panchayats and Rural Development and Sunderban Affairs
Committee VII	The Standing Committee on Irrigation & Waterways and Water Resources Investigation & Development	Irrigation & Waterways and Water Resources Investigation & Development
Committee VIII	The Standing Committee on Environment, Forests and Tourism	Environment, Forests and Tourism
Committee IX	The Standing Committee on Power & Non-Conventional Energy Sources	Power & Non-Conventional & Renewable Energy Sources
Committee X	The Standing Committee on Women & Child Development and Social Welfare	Women & Child Development and Social Welfare
Committee XI	The Standing Committee on Agriculture, Agricultural Marketing and Food Processing Industries & Horticulture	Agriculture, Agricultural Marketing and Food Processing Industries & Horticulture
Committee XII	The Standing Committee on Urban Development and Municipal Affairs	Urban Development & Municipal Affairs
Committee XIII	The Standing Committee on Industry, Commerce & Enterprises	Industry, Commerce & Enterprises, Public Enterprises & Industrial Reconstruction and Micro, Small & Medium Enterprises & Textiles

কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

চতুর্থ অনুসূচী

[ নিয়মাবলী ৩১০যছ(২) দ্রষ্টব্য ]

স্ট্যান্ডিং কমিটির পরিধির অন্তর্ভুক্ত বিভাগসমূহ

ক্রমিক সংখ্যা	স্ট্যান্ডিং কমিটির নাম	বিভাগ
(১)	(২)	(৩)
কমিটি-১	স্বরাষ্ট্র, কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার, সংশোধন প্রশাসন, আইন ও বিচার সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	স্বরাষ্ট্র (আরক্ষা) এবং পার্বত্য বিষয়ক, কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার, সংশোধন-প্রশাসন, আইন এবং বিচার
কমিটি-২	অর্থ ও পরিকল্পনা সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	অর্থ, পরিকল্পনা এবং পরিসংখ্যান, কর্মসূচী রূপায়ণ, পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক এবং উত্তরবঙ্গ উন্নয়ন
কমিটি-৩	উচ্চশিক্ষা সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি
কমিটি-৪	বিদ্যালয় শিক্ষা সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	বিদ্যালয় শিক্ষা এবং জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা
কমিটি-৫	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ।
কমিটি-৬	পঞ্চায়ত ও গ্রামোন্নয়ন এবং সুন্দরবন বিষয়ক স্ট্যান্ডিং কমিটি	পঞ্চায়ত ও গ্রামোন্নয়ন এবং সুন্দরবন বিষয়ক
কমিটি-৭	সেচ ও জলপথ এবং জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	সেচ ও জলপথ এবং জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন
কমিটি-৮	পরিবেশ, বন এবং পর্যটন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	পরিবেশ, বন এবং পর্যটন
কমিটি-৯	বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	বিদ্যুৎ এবং অচিরাচরিত ও পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎস
কমিটি-১০	নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ
কমিটি-১১	কৃষি, কৃষিজ বিপণন এবং খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	কৃষি, কৃষিজ বিপণন এবং খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন
কমিটি-১২	নগর উন্নয়ন এবং পৌর বিষয়ক স্ট্যান্ডিং কমিটি	নগর উন্নয়ন এবং পৌর বিষয়ক
কমিটি-১৩	শিল্প, বাণিজ্য ও উদ্যোগ সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	শিল্প, বাণিজ্য ও উদ্যোগ, রাষ্ট্রায়ত্ত্ব উদ্যোগ ও শিল্প পুনর্গঠন এবং ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ ও বস্ত্র

<b>Sl. No.</b>	<b>Name of the Standing Committee</b>	<b>Departments</b>
(1)	(2)	(3)
Committee XIV	The Standing Committee on Labour	Labour
Committee XV	The Standing Committee on Fisheries and Animal Resources Development	Fisheries and Animal Resources Development
Committee XVI	The Standing Committee on Backward Classes Welfare	Backward Classes Welfare and Tribal Development
Committee XVII	The Standing Committee on Minority Affairs	Minority Affairs & Madrasah Education
Committee XVIII	The Standing Committee on Transport	Transport
Committee XIX	The Standing Committee on Public Works and Public Health Engineering	Public Works and Public Health Engineering
Committee XX	The Standing Committee on Food & Supplies	Food & Supplies
Committee XXI	The Standing Committee on Self Help Group & Self Employment	Self Help Group & Self Employment
Committee XXII	The Standing Committee on Information Technology and Technical Education	Information Technology & Electronics and Technical Education, Training & Skill Development
Committee XXIII	The Standing Committee on Housing, Fire & Emergency Services and Disaster Management	Housing, Fire & Emergency Services and Disaster Management & Civil Defence
Committee XXIV	The Standing Committee on Information & Cultural Affairs and Youth Services & Sports	Information & Cultural Affairs and Youth Services & Sports
Committee XXV	The Standing Committee on Land and Land Reforms	Land & Land Reforms and Refugee Relief & Rehabilitation
Committee XXVI	The Standing Committee on Co-operation and Consumer Affairs	Co-operation and Consumer Affairs

কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

ক্রমিক সংখ্যা	স্ট্যান্ডিং কমিটির নাম	বিভাগ
(১)	(২)	(৩)
কমিটি-১৪	শ্রম সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	শ্রম
কমিটি-১৫	মৎস্য এবং প্রাণীসম্পদ বিকাশ সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	মৎস্য এবং প্রাণীসম্পদ বিকাশ
কমিটি-১৬	অনগ্রসর শ্রেণীকল্যাণ সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	অনগ্রসর শ্রেণীকল্যাণ এবং আদিবাসী উন্নয়ন
কমিটি-১৭	সংখ্যালঘু বিষয়ক সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা
কমিটি-১৮	পরিবহন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	পরিবহন
কমিটি-১৯	পূর্ত এবং জনস্বাস্থ্য কারিগরী সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	পূর্ত এবং জনস্বাস্থ্য কারিগরী
কমিটি-২০	খাদ্য ও সরবরাহ সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	খাদ্য ও সরবরাহ
কমিটি-২১	স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি
কমিটি-২২	তথ্য প্রযুক্তি এবং কারিগরী শিক্ষা সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	তথ্য প্রযুক্তি ও বৈদ্যুতিন এবং কারিগরী শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন
কমিটি-২৩	আবাসন, অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা এবং বিপর্যয় ব্যবস্থাপন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	আবাসন, অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা এবং বিপর্যয় ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা
কমিটি-২৪	তথ্য ও সংস্কৃতি বিষয়ক এবং যুবকল্যাণ ও ক্রীড়া সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	তথ্য ও সংস্কৃতি বিষয়ক এবং যুবকল্যাণ ও ক্রীড়া
কমিটি-২৫	ভূমি ও ভূমি সংস্কার সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি	ভূমি ও ভূমি সংস্কার এবং শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন
কমিটি-২৬	সমবায় এবং উপভোক্তা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি	সমবায় এবং উপভোক্তা বিষয়ক

*APPENDIX - I*

**Rules relating to Committees not mentioned in the Rules of Procedure**

*House Committee*

- Constitution.           **1.** (1) There shall be a House Committee consisting of not more than twenty members including the Chairman.  
(2) The Committee shall be nominated by the Speaker and shall hold office for a term not exceeding one year. A member may be re-nominated by the Speaker to the new House Committee.
- <sup>1</sup>[Quorum.               **2.** The quorum to constitute a sitting of the Committee shall be, as near as may be, one-third of the total number of members of the Committee.]
- Functions.              **3.** The functions of the House Committee shall be—  
(i) to deal with all questions relating to residential accommodation for members of the House;  
(ii) to exercise general supervision over the State Legislators' Hostel, Kolkata, including facilities for accommodation, food, medical and other amenities; and  
(iii) to make rules and implement the same for such supervision.
- Record of Proceedings and minutes of Committee.           **4.** (1) Record of the proceedings of the sittings of the House Committee shall be maintained.  
(2) The draft minutes shall be prepared and approved by the Chairman.  
(3) The minutes of each sitting shall be circulated to members of the Committee. Relevant extracts therefrom may be forwarded to appropriate authorities for necessary action.
- Appeal.                 **5.** An appeal against the decision of the House Committee shall lie to the Speaker whose decision shall be final.
- Provisions applicable in other respects.               **6.** In other respects, the general rules applicable to Assembly Committees mentioned in Chapter XXV of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly shall apply with such adaptation, whether by way of modification, addition or omission, as the Speaker may consider necessary or convenient.

*Library Committee*

- Constitutions.        **1.** In each year, the Speaker may nominate a Committee called the Library Committee consisting of not more than <sup>2</sup>[twenty] members including the Deputy Speaker who shall be the Chairman of the Committee.

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

<sup>2</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 27th November, 2006, paragraph 201A.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

### পরিশিষ্ট ১

## কার্যপ্রণালী ও নিয়মাবলীতে অনুল্লিখিত কমিটিসমূহ সম্পর্কে নিয়ম

### আবাসন কমিটি

১। (১) সভাপতি সমেত অনধিক কুড়ি জন সদস্য লইয়া একটি বিধায়ক-আবাসন গঠন। সংক্রান্ত কমিটি গঠিত হইবে।

(২) এই কমিটি অধ্যক্ষ কর্তৃক মনোনীত হইবে এবং ইহার কার্যকাল এক বৎসরের অধিক হইবে না। অধ্যক্ষ নূতন আবাসন কমিটিতে একজন সদস্যকে পুনরায় মনোনীত করিতে পারিবেন।

২। কমিটির কোনো বৈঠক অনুষ্ঠিত হইতে হইলে সদস্যদের কোরাম, কমিটির কোরাম। মোট সদস্য সংখ্যার এক-তৃতীয়াংশের কাছাকাছি যতজন সম্ভব ততজন সদস্যের উপস্থিতিতে হইবে।

৩। কমিটির কাজ হইবে—

কার্যাবলী।

- (১) সভার সদস্যগণের বাসস্থান সংক্রান্ত যাবতীয় বিষয়ের পর্যালোচনা করা;
- (২) কলকাতাস্থিত রাজ্য বিধায়ক হস্টেলে সদস্যগণকে দেয় আবাসিক ব্যবস্থা, খাদ্য, চিকিৎসা ও অন্যান্য সুযোগ-সুবিধা ও অন্যান্য সুবিধার উপর তত্ত্বাবধান করা; এবং
- (৩) ঐরূপ তত্ত্বাবধানের নিমিত্ত নিয়মসমূহ প্রণয়ন ও প্রবর্তন করা।

৪। (১) আবাসন কমিটির অধিবেশনের কার্যবাহের রেকর্ড রাখিতে হইবে।

কমিটির কার্যবাহের

(২) বৈঠকে কার্যবিবরণের খসড়া সভাপতি কর্তৃক রচিত ও অনুমোদিত হইবে।

রেকর্ড ও কার্য-বিবরণ।

(৩) প্রত্যেক বৈঠকে কার্যবিবরণ কমিটির সদস্যগণের মধ্যে বিতরণ করিতে হইবে।

ঐ সকল কার্যবিবরণ হইতে প্রাসঙ্গিক উদ্ধৃতাংশ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত যথোপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা যাইবে।

৫। আবাসন কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে অধ্যক্ষের নিকট আপীল করা যাইবে এবং আপীল। অধ্যক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

৬। অন্যান্য বিষয়ে, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলীর অন্যান্য বিষয়ে ২৫তম অধ্যায়ে উল্লিখিত সাধারণ নিয়মাবলী যাহা বিধানসভার অন্যান্য কমিটিতে প্রযোজ্য তাহা এই কমিটিতেও প্রযোজ্য হইবে তবে অধ্যক্ষ পরিবর্তন, সংযোজন বা পরিবর্তনসূত্রে যেরূপ রদবদল আবশ্যিক বা সুবিধাজনক বলিয়া বিবেচনা করিবেন তাহা করিতে পারিবেন।

### গ্রন্থাগার কমিটি

১। প্রতি বৎসর অধ্যক্ষ গ্রন্থাগার কমিটি নামে একটি কমিটি মনোনীত করিতে গঠন। পারিবেন, যাহা উপাধ্যক্ষ সমেত অনধিক ১০ কুড়ি জন সদস্য লইয়া গঠিত হইবে এবং উপাধ্যক্ষই এই কমিটির সভাপতি হইবেন।

<sup>১</sup>২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

<sup>২</sup>২০০৬ সালের ২৭শে নভেম্বর তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২০১এ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

- Functions.                   **2.** The functions of the Committee shall be—
- (a) to consider and advise on such matters concerning the Library as may be referred to it by the Speaker from time to time;
  - (b) to consider suggestions for the improvement of the Library; and
  - (c) to assist members of the Assembly in fully utilising the services provided by the Library.

Provisions applicable in other respects.

**3.** In other respects the general rules applicable to Assembly Committees mentioned in Chapter XXV of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly shall apply with such adaptations, whether by way of modification, addition or omission, as the Speaker may consider necessary or convenient.

*Committee on Reforms and Functioning of the  
Committee System*

- Constitution.               (1) (a) There shall be a Committee to be called Committee on Reforms and Functioning of the Committee System consisting of not more than <sup>1</sup>[fifteen] members.

(b) The Committee shall be nominated by the Speaker and shall hold office for a term not exceeding one year. A member may be re-nominated by the Speaker to a new Committee on Reforms and Functioning of the Committee System.

- <sup>2</sup>[Quorum.                   (2) The quorum to constitute a sitting of the Committee shall be, as near as may be, one third of the total number of members of the Committee.]

Functions of the Committee.

(3) The functions of the Committee shall be to monitor, co-ordinate, advise and guide all the Committees/Standing Committees in their smooth-functioning and to recommend modifications etc. from time to time as and when required in a way as the Committee thinks fit and proper.

(4) In other respects, the general rules applicable to the Assembly Committees contained in Chapter XXV of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly shall apply with such adaptations whether by way of modifications, additions or omissions as the Speaker may consider necessary from time to time.

---

<sup>1</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 27th November, 2006, paragraph 201A.

<sup>2</sup>Substituted by Assembly Bulletin Part II, dated 16th February, 2017, paragraph 231.

## কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলী

২। কমিটির কাজ হইবে—

কার্যাবলী।

- (ক) অধ্যক্ষ সময় সময় গ্রন্থাগার সংক্রান্ত যে সকল বিষয় কমিটির গোচরে আনিবেন সেই সকল বিষয় বিবেচনা করিয়া দেখা এবং তৎসম্পর্কে পরামর্শ দেওয়া;
- (খ) গ্রন্থাগারের উন্নতিসাধনকল্পে যে সমস্ত অভিমত জ্ঞাপন করা হয় সেগুলি বিবেচনা করিয়া দেখা; এবং
- (গ) গ্রন্থাগার কর্তৃক প্রদত্ত সুযোগ-সুবিধার পূর্ণ সদ্ব্যবহারের ব্যাপারে সদস্যগণকে সাহায্য করা।

৩। অন্যান্য বিষয়ে, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলীর ২৫তম অধ্যায়ে উল্লিখিত সাধারণ নিয়মাবলী যাহা বিধানসভার অন্যান্য কমিটিতে প্রযোজ্য তাহা এই কমিটিতেও প্রযোজ্য হইবে তবে অধ্যক্ষ পরিবর্তন, সংযোজন, পরিবর্জনসূত্রে যেরূপ রদবদল আবশ্যিক বা সুবিধাজনক বলিয়া বিবেচনা করিবেন তাহা করিতে পারিবেন।

### কমিটির প্রণালী বিষয়ক সংস্কারসাধন ও ক্রিয়াকলাপ সংক্রান্ত কমিটি

(১) (ক) কমিটি অন রিফরম্‌স অ্যান্ড ফাংশনিং অফ দি কমিটি সিস্টেম/কমিটির গঠন। গঠন প্রণালী বিষয়ক সংস্কারসাধন ও ক্রিয়াকলাপ সংক্রান্ত কমিটি অনধিক 'পনেরো] জন সদস্য লইয়া গঠিত হইবে।

(খ) এই কমিটি অধ্যক্ষ কর্তৃক মনোনীত হইবে এবং ইহার কার্যকাল এক বৎসরের অধিক হইবে না। অধ্যক্ষ নতুন সংস্কার ও ক্রিয়াকলাপ সংক্রান্ত কমিটিতে একজন সদস্যকে পুনরায় মনোনীত করিতে পারিবেন।

[(২) কমিটির কোনো বৈঠক অনুষ্ঠিত হইতে হইলে সদস্যদের কোরাম, কমিটির মোট সদস্য সংখ্যার এক-তৃতীয়াংশের কাছাকাছি যতজন সম্ভব ততজন সদস্যের উপস্থিতিতে হইবে।]

(৩) কমিটির কাজ হইবে সমস্ত কমিটি এবং স্ট্যান্ডিং কমিটিগুলির কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন এবং সমন্বয়মূলকভাবে পরিচালনার উদ্দেশ্যে সময়ে সময়ে কমিটি যেরূপ উপযুক্ত বোধ করিবেন সেইরূপ সুপারিশ করা।

(৪) অন্যান্য বিষয়ে পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলীর ২৫তম অধ্যায়ে উল্লিখিত সাধারণ নিয়মাবলী যাহা বিধানসভার অন্যান্য কমিটিতে প্রযোজ্য তাহা এই কমিটিতেও প্রযোজ্য হইবে। তবে অধ্যক্ষ পরিবর্তন, সংযোজন, পরিবর্জনসূত্রে যেরূপ রদবদল আবশ্যিক বা সুবিধাজনক বলিয়া বিবেচনা করিবেন তাহা করিতে পারিবেন।

<sup>১</sup>২০০৬ সালের ২৭শে নভেম্বর তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২০১এ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।

<sup>২</sup>২০১৭ সালের ১৬ই ফেব্রুয়ারী তারিখে প্রকাশিত বুলেটিন দ্বিতীয় ভাগের ২৩১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিস্থাপিত।



RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS

<sup>1</sup>[*Committee on Bidhayak Elaka Unnayan Prakalpa*]

- Constitution.           **1.** (a) There shall be a Committee on Bidhayak Elaka Unnayan Prakalpa consisting of not more than twenty Members including the Chairman;  
                                  (b) The Committee shall be nominated by the Speaker and shall hold office for a term not exceeding one year;
- <sup>2</sup>[Quorum.               **2.** The quorum to constitute a sitting of the Committee shall be, as near as may be, one third of the total number of members of the Committee.]
- Functions.              **3.** The functions of the Committee shall be—  
                                  (a) to monitor and review implementation of the Bidhayak Elaka Unnayan Prakalpa; and  
                                  (b) to perform such other functions in respect of the Bidhayak Elaka Unnayan Prakalpa as may be assigned to it by the Speaker from time to time; and
- Provisions applicable in other respects.           **4.** In other respects, the general rules applicable to Assembly Committees mentioned in Chapter XXV of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly shall apply with such adaptations, whether by way of modification, addition or omission, as the Speaker may consider necessary or convenient.

---

